তমঃসুক অর্থাৎ যে টাকা রক্ষাপাওনের কি অবশেষে ফিরিয়া পাওয়া যাওনের নিমিত্তে যে তমঃসুক লেখা যায় সেই টাকার সংখ্যা অনিশ্চিত ও অনিরূপিত হইলে ঐ তমঃসুক যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। ...... ...... ...... ১৫০৲

সংখ্যার নিশ্চয় ও নিরূপণ থাকিলে।——————

তত টাকার তমঃসুকের ইষ্টাম্পকাগজের মূল্যের তুল্য মূল্য।

তমঃসুক অর্থাৎ হস্তান্তরকরণপত্রের কিম্বা টাকার তমঃসুকের নিমিত্তে তাহাতে লেখা যাও যা টাকার সংখ্যানুসারে নিরূপণহওয়া মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা কোন প্রতিজ্ঞা পত্র কি নিদর্শনপত্রের প্রতিপোষক হওনের নিমিত্তে আমানৎরূপে লওয়া তমঃসুক কিম্বা কোন টাকা পরিশোধ করিবার কি কোন বস্তু হস্তান্তরকরণের কি দাতব্য কোন টাকা দিতে হইবার অর্থে লিখিত পত্রব্যতিরেকে অন্য কোন চুক্তির কি নিয়মের কি একরারের কর্ম্ম করিবার নিমিত্তে জামিনস্বরূপ দেওয়া তমঃসুক।

তমঃসুক অর্থাৎ ক্ষতিপূরণের তমঃসুক। ৮৲

তমঃসুক অর্থাৎ কোন পদের কর্ম্ম কিম্বা অন্য কার্য্য উপযুক্তরূপে করিবার নিমিত্তে যে তমঃসুক লেখা যায় তাহা এবং নিরূপিত অন্য মূল্যের ইষ্টাম্পকাগজে লিখিতে হইবার কি ইষ্টাম্পকাগজে না লিখিতে হইবার তমঃসুকব্যতিরেকে আর সকল তমঃসুক।

---

বর্জ্জনীয়।

তমঃসুক অর্থাৎ সালিসনামা।

তমঃসুক অর্থাৎ পরস্পর রাজ্যের নীতিবিষয়ক পদসম্পর্কীয় কিম্বা নিজ রাজ্যশাসন কর্ত্তৃত্ব পদসম্পর্কীয় সরকারী কোন কার্য্যের কি বস্তুর নিমিত্তে সরকারের কর্ম্মকারি সাহেবদিগের নিকটে দেওয়া কি তাঁহারদিগের নিকটহইতে দেওয়া তমঃসুক।

সিকুরিটিবণ্ড অর্থাৎ জামিনীনামা এতাবতা কোন আদালতের সাহেব কি কালেক্টর সাহেব কি আদালত কি রাজস্বসম্পর্কীয় কোন কার্য্যকারক সাহেবের লওয়া কি তাঁহারদিগের হুকুমের দ্বারা লওয়া জামিনীপত্র এবং কোন আদালতে উপস্থিত হওয়া কোন মোকদ্দমাতে দাখিলহওয়া রাজীনামা ও সোলেনামা ও রফানামা তাহার নিমিত্তে এক্ষণকার চলিত আইনে কি ইহার পরে নির্দ্দিষ্টহওয়া আইনেতে যে মূল্যের নিরূপণ হইয়াছে কি হইবেক সেই মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক।



চার্ত্তরপার্ত্তি

চার্তরপার্তি অর্থাৎ কোন জাহাজ কি নৌকার ভাড়ার নিমিত্তে কোন একরারনামা কি চুক্তিপত্র কিম্বা জাহাজ কি নৌকার কাপ্তানের কি কর্ত্তার কি স্বামির অন্য কাহারু সহিত ঐ জাহাজ কি নৌকাযোগে কোন মুদ্রা কি দ্রব্য কি মাল বোঝাই করিবার ও অন্য স্থানে লইয়া যাইবার বিষয়ে যে কোন লেখাপড়া ও পত্রাদি হয় তাহা লিখিবার ইষ্টাম্পকাগজের মূল্য। ...... ...... ...... ..... ৮৲

বর্জ্জনীয়।

চার্তরপার্তি অর্থাৎ সিপাহীদিগকে কি সৈন্যসম্বন্ধীয় দ্রব্যজাত লইয়া যাইবার কিম্বা পরস্পর রাজ্যসম্পর্কীয় অন্য কোন কার্য্যের নিমিত্তে সরকারেতে ভাড়া লওয়া জাহাজ কি নৌকার বিষয়ে উভয়ের মধ্যে যে একরারনামা কি চুক্তিপত্র লেখা যায়।

কন্ত্রাক্ট অর্থাৎ চুক্তিপত্র কি প্রতিজ্ঞাপত্র তাহার কাগজের অন্য প্রকার মূল্যের নিরূপণ না হইয়া থাকিলে কিম্বা তাহা ইষ্টাম্পহইতে বর্জ্জিত না হইলে। ...... ...

কোপার্টনর্সিপ্‌ডীড অর্থাৎ প্রতিজ্ঞাপত্র এতাবতা যৌথা কারবারের লেখাপড়া অর্থাৎ সংসৃষ্টিপত্র। ..... ..... ... ..... ... ৮৲

কম্পোজিসনডীড অর্থাৎ সাধুখাতকা প্রতিজ্ঞাপত্র কিম্বা অশক্ত খাতক কি খাতকদিগের ও তাহার কি তাহারদের মহাজনেরদের মধ্যেতে রফাসূত্রে দেনা পরিশোধার্থে অন্য যে কোন লেখাপড়া হয় তাহা যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। ..... ..... ..... ..... .....

কনবেয়ন্স অর্থাৎ হস্তান্তরকরণপত্র এতাবতা তাহা দানপত্র হউক কি বিষয়বিশেষ অর্থ ব্যয়ের নিয়মপত্র হউক কি নিরূপণপত্র কি হস্তান্তরকরণপত্র কি ত্যাগপত্রই বা হউক কিম্বা কোন ভূমি কি ঘরবাটী কি খাজানা কি সালিয়ানাপ্রাপ্তি কি পৈতৃক কি স্বোপার্জ্জিত স্থাবর কি অস্থাবর অন্য কোন বস্তু বিক্রয়ের বিষয়ে কিম্বা কোন ভূমি কি ঘরবাটী কি খাজানা কি সালিয়ানা লাভ কি অন্য কোন বস্তুতে থাকা কোন স্বত্ব কি অধিকারিত্ব কি প্রাপ্য কিম্বা অন্য কোন প্রকার দাওয়ার বিষয় বিক্রয়ের বিষয়ে যে কোন প্রকার লেখাপড়া হয় অর্থাৎ যে মুখ্য কি অদ্বিতীয়পত্র কি নিদর্শনপত্র কি লেখাপড়ার দ্বারা বিক্রয়করা বস্তু ক্রয়কর্ত্তা কি ক্রয়কর্ত্তাদিগের কি তাহার কি তাহারদিগের অনুমতিক্রমে অন্য কোন জনের হস্তগত হয় কি অর্পণ করা যায় ঐ২ বিষয়ের পত্র তাহার মধ্যে লেখা ক্রয়ের মূল্য কি তদ্ভিন্ন অন্য বিষয়ের টাকা ৫০ পঞ্চাশের অধিক না হইলে যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। .... .... .... ৷৹

 পঞ্চাশের

পঞ্চাশের অধিক হইলে।

| যাহার উপর | যেপর্য্যন্ত | মূল্য। |
|---|---|---|
| ৫০৲ | ১০০৲ | ১৲ |
| ১০০৲ | ২০০৲ | ২৲ |
| ২০০৲ | ৫০০৲ | ৪৲ |
| ৫০০৲ | ১০০০৲ | ৮৲ |
| ১০০০৲ | ২০০০৲ | ১২৲ |
| ২০০০৲ | ৩০০০৲ | ১৬৲ |
| ৩০০০৲ | ৫০০০৲ | ২০৲ |
| ৫০০০৲ | ৮০০০৲ | ৩২৲ |
| ৮০০০৲ | ১২০০০৲ | ৪০৲ |
| ১২০০০৲ | ২০০০০৲ | ৫০৲ |
| ২০০০০৲ | ৩০০০০৲ | ৬৪৲ |
| ৩০০০০৲ | ৫০০০০৲ | ৮০৲ |
| ৫০০০০৲ | ১০০০০০৲ | ১০০৲ |
| ১০০০০০৲ | ২০০০০০৲ | ১৫০৲ |
| ২০০০০০৲ | দুই লক্ষের অধিক প্রত্যেক লক্ষের নিমিত্তে। | একং শত |

মন্তব্য—অনেক প্রতিজ্ঞাপত্রের কি নিদর্শনপত্রের কি লেখাপড়ার মধ্যে কোন পত্র মুখ্য ইহাতে সন্দেহ হইলে ঐ পত্রাদির কর্ত্তারা তাহার মধ্যে যে পত্র মুখ্য হয় তাহার স্থির করিতে এবং ঐ পত্রেতে লিখিত টাকার সংখ্যার দৃষ্টে উপযুক্ত মূল্যের ইষ্টাম্প যুক্ত কাগজে কি পাচমেণ্টে কি বেলমে তাহার নকল করাইতে পারে কিন্তু এই হুকুম মানিতে হইবেক যে একহইতে অধিক পত্রাদি থাকিলে ঐ মুখ্য পত্রভিন্ন অন্য অন্য সকল পত্র আট আট টাকা মূল্যের ইষ্টাম্পকাগজআদিতে লেখা যাইবেক এবং ঐ সকল পত্রেতে বস্তু হস্তান্তরহওনের মুখ্য পত্রের নিরূপণ এবং ঐ মুখ্যপত্র উপযুক্ত মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা গিয়া থাকনের কথা লেখা যাইবেক।

---

বর্জ্জনীয়।

যে সকল দানপত্র কি পাট্টা কি বিক্রয়পত্রাদিতে সরকার পরম্পর রাজ্যের নীতি বিষয়ক পদের কি স্বীয় রাজ্যশাসনকর্ত্তৃত্ব পদের কর্ত্তাভাবে একপক্ষ হন তাহা।

মন্তব্য—মালগুজারী কি খাজানার বাকী উসুল করিবার কিম্বা আদালতের ডিক্রীর লিখনমত কার্য্যকরণের নিমিত্তে যে ভূমি নীলামে বিক্রয় করা যায় তাহার বিক্রয়



পত্রেতে

পত্রেতে ঐ বর্জ্জনের কথা সম্পর্ক রাখিবেক না ও এমত নীলাম হইলে তাহার খরীদারের খরীদের টাকার সহিত ইষ্টাম্পকাগজের মূল্য দিতে হইবেক এবং যে কার্য্যকারক সাহেব ঐ নীলাম করেন তাঁহার নিকটহইতে ঐ খরীদার সেই মূল্যের ইষ্টাম্পকাগজেতে লিখিত বিক্রয়পত্র পাইবেক।

সরকারের লওয়া কার্য্যের খত কি সরকারের লিখিয়া দেওয়া অন্য প্রকার খত এবং বাঙ্কের অংশ হস্তান্তরকরণের পত্র।

---

নকল কোন প্রকার প্রমাণযুক্ত কিম্বা ঠিক নকলবোধক দস্তখৎযুক্ত কোন তমঃসুকের কি প্রতিজ্ঞাপত্রের কি একরারনামার কি চুক্তিপত্রের কি হস্তান্তরকরণপত্রের কিম্বা ইষ্টাম্প কাগজে লিখিতে হইবার আর কোন প্রতিজ্ঞাপত্রের কি নিদর্শনপত্রের যে কোন নকল প্রমাণস্বরূপে দাখিল করিবার নিমিত্তে প্রকৃতরূপে করা যায়।

ঐ একরারনামা কি চুক্তিপত্র কি তমঃসুক কি প্রতিজ্ঞাপত্র কি অন্য কোন নিদর্শনপত্রের যে নকল উভয় পক্ষের কোন পক্ষের হিতের নিমিত্তে করা যায় তাহার ইষ্টাম্পকাগজের মূল্য। ... ... ... ...

আসল পত্রের কাগজের মূল্যের তুল্য।

ঐ একরারনামা কি চুক্তিপত্র কি তমঃসুক কি প্রতিজ্ঞাপত্র কি অন্য কোন নিদর্শনপত্রের যে নকল উভয় পক্ষব্যতিরেকে অন্য জনের হিতের কি কার্য্যসাধনের নিমিত্তে করা যায় তাহার ইষ্টাম্পকাগজের মূল্য। ...... ...... ...... ৮৲

এবং পূর্ব্বোক্ত কোন একরারনামা কি চুক্তিপত্র কি তমঃসুক কি প্রতিজ্ঞাপত্র কি অন্য নিদর্শনপত্রের পৃষ্ঠের লেখা কি তাহার সঙ্গে গাঁথা কোন তফসীলের ফর্দ্দের কি রসীদের কি অন্য কোন লিখনের কোন প্রকার প্রমাণযুক্ত কি ঠিক নকলবোধক দস্তখৎযুক্ত কোন নকল লেখা যাইবার ইষ্টাম্পকাগজের মূল্য। ...... ..... ৮৲

বর্জ্জনীয়।

ঐ আসল পত্রাদি যাহার স্থানে থাকে তাহার কিম্বা তাহার উকীলের কি সলিসিটরের নিজ কর্ম্মের নিমিত্তে করা নকল।

কোন আইনের দ্বারা সরকারী কার্য্যকারক সাহেবদিগকে যে কোন কাগজের নকল করিতে কি চাহিতে কি অন্যেরে দিতে হুকুম আছে সেই নকল ইষ্টাম্পকাগজে লিখিবার নিমিত্তে বিশেষরূপে হুকুম না থাকিলে তাহা।

মন্তব্য—সরকারের কোন দফ্তরহইতে কোন ব্যক্তির প্রার্থিত কোন রিকার্ড কি



হিসাবের

হিসাবের কি অন্য কোন পত্রের নকল তাহা বিশেষ মূল্যের ইষ্টাম্পকাগজে লিখিতে হুকুম না থাকিলে কি বিশেষরূপে বর্জ্জিত না হইলে তাহা এবং আদালতের সকল ডিক্রী ও রুবকারীর নকল ইঙ্গরেজী ১৮১৪ সালের ১ আইনের ১৯ ধারার নিরূপিত মূল্যের ইষ্টাম্পকাগজে ঐ ধারার ও চলিত অন্য আইনের লিখিত কথানুসারে করা যাইবেক।

---

ডীড অর্থাৎ প্রতিজ্ঞাপত্র এতাবতা এই তফসীলেতে বিশেষরূপে যেং প্রতিজ্ঞাপত্রের প্রসঙ্গ না হইয়া থাকে সে সকল প্রতিজ্ঞাপত্রের ইষ্টাম্পকাগজের মূল্য। ... ... ... ৮৲

একসচেঞ্জ অর্থাৎ এওজনামা এতাবতা অন্য কোন প্রকার বস্তুর পরিবর্ত্তে স্থাবর কোন বস্তু যে প্রতিজ্ঞাপত্রের দ্বারা হস্তান্তর কি ত্যাগ হয় তাহা।

যদি ঐ এওজ সমান করিবার নিমিত্তে কিছু টাকা না দেওয়া যায় কি দিবার নিযম না হয় তবে যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবে তাহার মূল্য। ...... ..... ৮৲

যদি ঐ এওজ সমান করিবার নিমিত্তে কিছু টাকা দেওয়া যায় কি দিবার নিযম হয় তবে যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য।

তত টাকার বস্তু হস্তান্তরকরণপত্রের কাগজের মূল্যের তুল্য।

এঙ্গেজমেণ্ট অর্থাৎ প্রতিজ্ঞাপত্র এতাবতা দেওয়া দাদনপ্রযুক্ত নীল গাছের কৃষিকার্য্যকরণের কি তাহা যোগাইবার কি দাখিলকরণের কিম্বা বাণিজ্যব্যাপারের অন্য কোন বস্তু জন্মাইবার কি বানাইবার কি যোগাইবার কি দাখিল করিবার অর্থে যে কবুলিযৎ লিখিযা দেওয়া যায তাহা।

পত্রের তারিখহইতে তিন মাসের অধিক মিযাদে দাতব্য টাকা পরিশোধনার্থে লিখিত তমঃসুক কি অন্য খতের ইষ্টাম্পকাগজের মূল্যানুক্রমে দাদনের টাকার সংখ্যানুসারে নিরূপিত মূল্যের কাগজে লেখা যাইবেক।

লীস অর্থাৎ পাট্টা এতাবতা কতক টাকা আগাম পাইযা ইস্তমরারী পাট্টা কিম্বা এক জনের কি ততোধিক জনের পরমাযুর সংখ্যাপর্য্যন্ত মিযাদের কি অনিরূপিত অন্য কতক কাল মিযাদের নিমিত্তে যে পাট্টা দেওয়া যায় যদি খাজানা দিতে না হয তবে তাহার ইষ্টাম্পকাগজের মূল্য।

ঐ আগাম দেওয়া টাকার তুল্য মূল্যের বস্তু হস্তান্তর কি বিক্রয়করণের পত্রের কাগজের মূল্যের তুল্য।

আগাম কিছু টাকা পাওনব্যতিরেকে সনং খাজানা পাওনের কারণ ভূমি কি বাটীঘর কি অন্য স্থাবর বস্তুর যে পাট্টা লেখা যায় তাহার ইষ্টাম্পকাগজের মূল্য সালিয়ানা খাজানা ১২ টাকার উপর ২৪ টাকাপর্য্যন্ত হইলে। ॥৹



তাহার

তাহার অধিক হইলে।

| যাহার উপর | যে পর্য্যন্ত | মূল্য |
|---|---|---|
| ২৫ | ৫০ | ৸০ |
| ৫০ | ১০০ | ১ |
| ১০০ | ২৫০ | ২ |
| ২৫০ | ৫০০ | ৪ |
| ৫০০ | ১০০০ | ৮ |
| ১০০০ | ২০০০ | [illegible] |
| ২০০০ | ৪০০০ | ১৬ |
| ৪০০০ | ৬০০০ | ২০ |
| ৬০০০ | ১০০০০ | ৩২ |
| ১০০০০ | ৫০০০০ | ৬৪ |
| ৫০০০০ পঞ্চাশ হাজার টাকার উপর যত হয়। | | ৮০ |

আগাম টাকা পাওনপ্রযুক্ত বৎসরের খাজনা পাইবার কারণ দেওয়া ভূমি কি বাটী কি অন্য কোন স্থাবর বস্তুর পাট্টা।

উপরের উক্ত দুই প্রকার মূল্য একুন করিয়া যত হয় তত মূল্যের ইষ্টাম্পকাগজ আদিতে লেখা যাইবেক।

আট টাকার অধিক মূল্যের কাগজআদিতে লিখিত পাট্টার প্রতিরূপ কবুলিয়ৎ… চারি টাকা মূল্যের ইষ্টাম্পকাগজ কি বেলম কি পার্চমেণ্টে লেখা যাইবেক।

---

বর্জ্জনীয়।

সালিয়ানা খাজানা ১২ বার টাকার অধিক না হয় এমন ভূম্যাদির পাট্টা।

সরকারের কি বোর্ড রেবিনিউর সাহেবদিগের কি তৎক্ষমতাপন্ন অন্য সাহেবদিগের এবং কোর্ট ওয়ার্ডসের সাহেবদিগের হুকুমেতে দেওয়া সকল পাট্টা এবং কোন জমীদার কি তালুকদার কি ইজারদার কি অন্য সদর মালগুজার কিম্বা নিষ্কর ভূমির দখীলকার কি স্বত্বাধিকারী কিম্বা মফস্বলী তালুকদার কি ইজারদার কি কটকিনাদার কি অন্য পাট্টাদার কিম্বা পূর্ব্বোক্ত জমীদারইত্যাদির গোমাস্তা কি কর্ম্মকারী কি অন্য মোখ্তারেরদের প্রজাদিগকে যোত করিতে দেওয়া ভূম্যাদি সম্পর্কীয় পাট্টা ও কবুলিয়ৎ ও অন্য লেখাপড়া।

মন্তব্য—জমীদারেরদের কি তালুকদারদিগের কি ভূমির অন্য দখীলকার কি স্বত্বাধিকারিদিগের কি তাহারদিগের ভূমি সকর কি নিষ্কর হউক এবং ইজারদার কি



কটকিনাদার

কট্‌কিনাদার কি ভূমির অন্য দখীলকারদিগের ও সদর মালগুজার কি লাখেরাজ দারেরদের ও প্রজাদিগের মধ্যবর্ত্তি অন্য কোন তালুকদার কি কট্‌কিনাদার কি ইজারদার কি অন্য পাট্টাদারেরদের মধ্যে দেওয়া লওয়ার সকল পাট্টা ও কবুলিয়ৎ কি তদ্রূপ অন্য লেখাপড়া উপরের নিরূপিত মূল্যের ইষ্টাম্পকাগজআদিতে লেখা যাইবেক।

---

ওকালৎনামা অর্থাৎ ওকালুৎনামা কি তদ্রূপ মোখ্তারনামা কি তেজারতের কুঠীর কর্ম্মকারিদিগের কর্ম্মের সনদ।

কোন মোকদ্দমা কি বিষয় কি কার্য্যসম্পর্কীয় বিশেস কোন এক কর্ম্ম কি ঐ পত্রেতে বিশেষিয়া লিখিত করিতে হইবার অনেক কর্ম্ম করিবার ক্ষমতার্পণের পত্র যে ইষ্টাম্প কাগজে লেখা যাইবেক তাহার মূল্য। ..... ..... ...... ২৲

সামান্য ওকালৎনামাইত্যাদির নিমিত্তে কাগজআদির মূল্য। ...... ...... ৪৲

---

বর্জ্জনীয়।

সদর দেওয়ানী আদালতের কি তাহার তাবে কোন আদালতের সিরিশ্‌তার উকীল দিগকে ঐ২ আদালতে উপস্থিতহওয়া কোন মোকদ্দমার সওয়ালজওয়াব করিবার নিমিত্তে কিম্বা ইঙ্গরেজী ১৮১৪ সালের ১ আইনানুসারে ইষ্টাম্পকাগজে লিখিতে হইবার মুৎফরকা কোন আরজী কি দরখাস্তইত্যাদি আদালতে দাখিল করিবার নিমিত্তে ক্ষমতার্পণের ওকালৎনামা।

ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর লশকরী সিরিশ্‌তাসম্পর্কীয় মোকররী সৈন্যেরদিগের মধ্যগত কোন হদ্দাদার কি সিপাহীর দেওয়া মোখ্তারনামা।

লাইসেন্স লেটর অর্থাৎ অভয়পত্র এতাবতা খাতকদিগকে মহাজনদিগের দেওয়া অভয় পত্র যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। ..... ... ... ৮৲

মর্টগেজ অর্থাৎ বন্ধকপত্র এতাবতা পূর্ব্বের করা কর্জ্জের টাকা কি যে টাকা কর্জ্জ করিতে হইবেক তাহা আদায় করিবার মাতবরীর নিমিত্তে দখলদেওনের সহিত কি তাহাব্যতিরেকে কোন ভূমি কি জমীদারী কি অন্য স্থাবর কিম্বা অস্থাবর বস্তুর বন্ধকপত্র কি সনিয়ম বিক্রয়পত্র এবং পূর্ব্বের করা কর্জ্জের টাকা কি যে টাকা কর্জ্জ করিতে হইবেক তাহা আদায় হইবার মাতবরীর নিমিত্তে কোন বস্তুর স্বত্বজ্ঞাপক প্রতিজ্ঞাপত্রের সহিত দেওয়া বন্ধকইত্যাদিপত্রের ইষ্টাম্পকাগজের মূল্য।

বন্ধক না দিয়া কর্জ্জ লওয়া টাকার তমঃসুক লেখা যাইবার কাগজের নিরূপিত মূল্যের তুল্য।

বন্ধকপত্র অর্থাৎ কোম্পানির কাগজ হস্তান্তরকরণের কিম্বা নিরূপিত সময়পর্য্যন্ত



সালিয়ানা

সালিয়ানা টাকা দিবার কিম্বা মূল্যনিরূপণহওনযোগ্য কোন বস্তু উত্তর কালে কোন সময়ে অন্যের হস্তগতকরণের মাতবরীর নিমিত্তে দেওয়া বন্ধকপত্রইত্যাদি। * ——
ঐ বস্তুর পূর্ণ ও যথার্থ মূল্যানুসারে নিরূপিত ইষ্টাম্পকাগজআদিতে লেখা যাইবেক।

বন্ধকপত্র অর্থাৎ যাবজ্জীবনের ন্যায় অনিরূপিত সময়পর্য্যন্ত সালিয়ানা টাকা আদায় করিবার মাতবরীর নিমিত্তে যে বন্ধকপত্র দেওয়া যায় তাহার ইষ্টাম্পকাগজের মূল্য।

সনং দিতে হইবার টাকার দশগুণ টাকার খতের নিরূপিত কাগজের মূল্যের তুল্য।

যে বন্ধকপত্রের দ্বারা যে টাকা আদায়হওনের মাতবরী হয় সেই টাকার সংখ্যার নিরূপণ না থাকিলে ঐ বন্ধকপত্র লেখা যাইবার ইষ্টাম্পকাগজের মূল্য। ... .. ১৫০৲

যে বন্ধকপত্রের দ্বারা যে টাকা আদায় হইবার মাতবরী হয় সেই টাকা নিরূপিত কোন সংখ্যার অধিক না হইবার নিয়ম তাহাতে লেখা থাকিলে ঐ বন্ধকপত্র যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য।——

ঐ নিরূপিত টাকার নিদর্শনপত্র যে মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা যায় তাহার তুল্য।

মন্তব্য—সমুদয় টাকা পাওয়া যাইবার নিমিত্তে পূর্ব্বে কোন তমঃসুক লওয়া গিয়া থাকিলে তাহার কিম্বা অন্য কোন কারণপ্রযুক্ত উপযুক্ত ইষ্টাম্পকাগজে লেখা অন্য পত্রের সহিত কেবল প্রতিপোষকের নিমিত্তে বন্ধকপত্র দেওয়া যাইতে হইলে ঐ কথা ঐ বন্ধকপত্রে লেখা গেলে ঐ বন্ধকপত্র লেখা যাওনের ইষ্টাম্পকাগজের মূল্য। ... . . ৮৲

ও উভয় পক্ষের ইচ্ছামত বন্ধকপত্র পাকা করিবার নিমিত্তে একহইতে অধিক প্রতিজ্ঞাপত্রের আবশ্যক হইলে কেবল মুখ্য প্রতিজ্ঞাপত্র তাহার লিখিত টাকার সংখ্যার দৃষ্টে নিরূপিত মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা যাইবে এবং ঐ কার্য্যসম্বন্ধীয় অন্যং প্রতিজ্ঞাপত্রের ইষ্টাম্পকাগজের মূল্য। ... ... ... ... ...

রসীদ কি করারী তমঃসুক অর্থাৎ বাঙ্গালবাঙ্কের নিমিত্তে তথাকার খাজাঞ্চীসাহেবকে কিম্বা অন্য কর্ম্মকারিকে কিম্বা ঐ বাঙ্কব্যতিরেকে অন্য কোন বাঙ্কের মালিককে কি কর্ম্মকর্ত্তাকে কোম্পানির কাগজ কি ধাতুদ্রব্য কি রূপাইত্যাদির বাসন কি জওযাহর কি অন্য দ্রব্য বন্ধক রাখিয়া তারিখহইতে তিন মাসের মধ্যে পরিশোধ করিবার নিয়মে লওয়া কর্জ্জ কি আগাম লওয়া টাকার নিমিত্তে দেওয়া রসীদ কি করারী তমঃসুক করারী তমঃসুকের কাগজের মত মূল্যের কাগজে লেখা যাইবেক ও যদি ঐ টাকা তিন মাসের অধিক মিয়াদে পরিশোধকরণের নিয়ম হয় তবে বন্ধকপত্রের মত মূল্যের ইষ্টাম্পকাগজেতে লেখা যাইবেক।

বর্জ্জনীয়।

।রম্পর রাজ্যের নীতিবিষয়ক পদক্রমে কি নিজরাজ্য শাসনকর্তৃত্ব পদ
, কিম্বা সরকারের ঐ দুই পদসম্পর্কীয় কার্য্যের বিষয়ে সরকারের ঐ২ পদস্থ
ার্য্যকারকেরা সরকারের তরফহইতে যে২ বন্ধকপত্রেতে এক পক্ষথাকেন্ তাহা।

---

পার্টিসান অর্থাৎ বিভাগপত্র এতাবতা সাধারণ বিষয়ের অধিকারি কি অংশিদিগের পরস্পর একবাক্যতাক্রমে স্থাবর কি অস্থাবর কোন বস্তুর ভাগ নিরূপণহওনের পত্রের ইষ্টাম্পকাগজের মূল্য। ...... ...... ...... ..... ৮৲

ভাগ সমান হইবার নিমিত্তে যদি কিছু টাকা দেওয়া যায় কি দিবার নিয়ম হয় তবে।

ঐ টাকা দিবার বিষয়ে যে মুখ্য প্রতিজ্ঞাপত্র হয় তাহা তত্তুল্য টাকার বস্তু হস্তান্তরকরণ কি বিক্রয়পত্রের নিমিত্তে নিরূপিত মূল্যের কাগজে লেখা যাইবেক।

ভূমির মালগুজারীর কালেক্টরসাহেবদিগের দ্বারা কোন জমীদারী তাহার অধিকারিদিগের কিম্বা তাহারদিগের মধ্যে কোন২ জনের দরখাস্তকরাতে কিম্বা আদালতের ডিক্রীর হুকুম মতাচরণ করিবার নিমিত্তে বিভাগ করা গেলে ও তাহা বোর্ডরেবিনিউতে মঞ্জুর হইলে যদি ঐ এক২ ভাগির প্রাপ্য ভাগ আটশত টাকার অধিকের হয় তবে ঐ জমীদারীর অংশিরা তাহার বিভাগপত্রের যে প্রত্যেক নকল লয় তাহা কিম্বা ঐ২ অংশের অধিকারিত্বের বিষয়ে অন্য যে কোন প্রতিজ্ঞাপত্র লয় তাহারো প্রত্যেক নকল তাহার লিখিত টাকার সংখ্যানুসারে মূল্যের ইষ্টাম্পকাগজেতে লেখা যাইবেক।

ও প্রত্যেক ভাগির ভাগ আট শত টাকার অধিকের না হইলে নীচের লিখিতব্য নিরূপিত মূল্যের ইষ্টাম্পকাগজে বিভাগপত্র লেখা যাইবেক।

প্রত্যেক ভাগ ১০০ এক শত টাকার অধিকের না হইলে। ... ... ... ॥৹

অধিকের হইলে।

| যাহার উপর | যেপর্য্যন্ত | মূল্য |
|---|---|---|
| ১০০৲ | ২০০৲ | ১৲ |
| ২০০৲ | ৪০০৲ | ২৲ |
| ৪০০৲ | ৬০০৲ | ৪৲ |
| ৬০০৲ | ৮০০৲ | ৬৲ |

ইন্সুরান্স পলিসি অর্থাৎ বিমাপত্র এতাবতা বিমাপত্র কি অন্য যে কোন নামেতে খ্যাত অন্য যে কোন পত্রদ্বারা কোন জনের কি জনেরদের আয়ুর উপর বিমা কিম্বা



কোন

কোন জন কি জনেরদের আয়ুতে আর যে কোন বিষয়ের ঘটনা হইতে পারে তাহার উপর বিমা করা যায় তাহা বিমার নিরূপিত টাকা ৫০০০৲ পাঁচ হাজারের অধিক না হইলে যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। ...... ...... ...... ৪৲

অধিক হইলে।

| যাহার উপর | যেপর্য্যন্ত | মূল্য |
|---|---|---|
| ৫০০০৲ | ১০০০০৲ | ৮৲ |
| ১০০০০৲ | ২০০০০৲ | ১২৲ |
| ২০০০০৲ | ৫০০০০৲ | ১৬৲ |
| পঞ্চাশ হাজারের উপর যত হয়। | | ২০৲ |

বিমাপত্র অর্থাৎ কোন জাহাজ কি শ্লুপ কি ডড় কি নৌকাইত্যাদির উপর কিম্বা কোন জাহাজ কি শ্লুপ কি ডড় কি নৌকাইত্যাদিতে বোঝাইকরা মালের উপর কিম্বা ঐ জাহাজইত্যাদির ভাড়ার উপর কি তৎসম্পর্কীয় অন্য কোন বিষয়ের কিম্বা ঐ জাহাজ ইত্যাদি কি তাহাতে বোঝাইহওয়া মাল স্থানান্তরে পহুছনসম্পর্কীয় কোন বিষয়ের উপর যে বিমাপত্র হয় সেই পত্র বিমার টাকার উপর শতকরা যাহা দেওযা যায় তাহা ২ দুই টাকার অধিক না হইলে ও বিমার সমুদয় টাকা ১০০০ এক হাজারের অধিক না হইলে যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। ... .. . ॥৹

এক হাজার টাকার অধিক হইলে যত অধিক হয় তাহার প্রতিহাজারেতে এবং হাজারের উপর হাজারের ন্যূন যত টাকা থাকে তাহার নিমিত্তেও। ... ... ॥৹

বিমার নিমিত্তে শতকরা যাহা দিতে হয় তাহা ২ দুই টাকার অধিক হইলে ও বিমার সমুদয় টাকা এক হাজারের অধিক না হইলে তাহার পত্রের ইষ্টাম্পকাগজের মূল্য। ... ১৲

এক হাজারের অধিক হইলে যত অধিক হয় তাহার প্রতিহাজারেতে ও হাজারের উপর হাজারের ন্যূন যত থাকে তাহার নিমিত্তেও। ...... ...... ...... ১৲

প্রমিসোরি নোট অর্থাৎ করারী তমঃসুক এতাবতা চাহিবামাত্র কি দেখাইবামাত্র কি তমঃসুকের তারিখের পর তিন মাসের অথবা দেখাইবার পর নব্বই দিনের অধিক না হয় এমত নিরূপিত মিয়াদের মধ্যে তাহা আননিয়াকে টাকা দিতে হইবার করারী তমঃসুক। ——— - —— – ––

হুণ্ডীর কাগজের মত নিরূপিত মূল্য।

করারী তমঃসুক অর্থাৎ তারিখের পর তিন মাসের কি দেখাইবার পর নব্বই দিনের অধিক মিয়াদে টাকা দিতে হইবার করারী তমঃসুক। ——— ——— – —

তমঃসুকের কাগজের মত নিরূপিত মূল্য।

 করারী

## ইঙ্গরেজী ১৮২৪ সাল ১৬ ষোড়শ আইন।

করারী তমঃসুক অর্থাৎ মোটের সংখ্যা নিরূপণহওয়া টাকা কিস্তিবন্দীমতে কি তারিখ বিশেষে বিশেষ সংখ্যায় আদায় করিবার করারে যে করারী তমঃসুক হয় তাহার ইষ্টাম্পকাগজের মূল্য।——

ঐ মোট টাকার তমঃসুক যে মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা যায় সেই মূল্যের তুল্য।

রসীদ অর্থাৎ কোন বাঙ্কে কি কোন বাঙ্কের মালিকের কি মোখ্তারকারের নিকটে রাখা টাকার সকল রসীদ তাহাতে যদি ঐ রাখা টাকার সুদ দিবার করার থাকে তবে ঐ রসীদ করারী তমঃসুকের ন্যায় বোধ করা যাইবেক।

রসীদ অর্থাৎ কোন টাকা পাওনের যে রসীদ ও ফারখতী দেওয়া যায় তাহা ঐ টাকা ৩২ বত্রিশ টাকার অধিক না হইলে যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। ...... ...... ...... ...... ...... /০

অধিক হইলে।

| যাহার উপর। | যেপর্য্যন্ত। | মূল্য। |
|---|---|---|
| ৩২৲ | ১০০৲ | ৵০ |
| ১০০৲ | ২০০৲ | ।০ |
| ২০০৲ | ৫০০৲ | ।।০ |
| ৫০০৲ | ১০০০৲ | ৸০ |
| ১০০০৲ | ২০০০৲ | ১৲ |
| ২০০০৲ | ৩০০০৲ | ১।।০ |
| ৩০০০৲ | ৫০০০৲ | ২৲ |
| ৫০০০৲ | ৮০০০৲ | ২।।০ |
| ৮০০০ আট হাজারের অধিক যত হয়। | ...... ...... | ৪৲ |

পাওনা বেবাক টাকার রসীদের ইষ্টাম্পকাগজের মূল্য। ...... ...... ৪৲

এবং টাকা দিবার সময়ে দাতব্য সমুদয় টাকা কি তাহার কোন অংশ আদায়হওন কি পাওয়া যাওনের অন্য উপায় করা যাওন কি অন্য প্রকারে পরিশোধহওন বোধক কথাযুক্ত যে নিদর্শনপত্র কি স্মৃতিজনকপত্র কি অন্য লেখাপড়া দেওয়া যায় তাহা তাহার লিখিত টাকার রসীদস্বরূপ বোধ করা যাইবেক।

যদি ঐ নিদর্শনপত্র কি অন্য লেখাপড়াতে ঋণের টাকা কি হিসাবী টাকা কি আর কোন দেনার টাকার সংখ্যা লেখা না গিয়া ঐ দেনা কি হিসাবী টাকা পাওনের কি পাওনের উপায়ান্তরহওনের সামান্য অঙ্গীকার থাকে তবে ঐ নিদর্শনপত্র কি লেখাপড়া



বেবাক

## ইঙ্গরেজী ১৮২৪ সাল ১৬ ষোড়শ আইন।

বেবাক টাকা পাওনের রসীদের ন্যায় বোধ করা যাইবেক ও তাহারি মত নিরূপিত মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক।

এবং যদি হুণ্ডী কি বরাৎ কি করারী তমঃসুকইত্যাদি টাকা দিতে হইবার করারী অন্য কোন খতপত্র দেওনদ্বারা দেনা শোধ করা যায় তবে সেই পত্রাদি এই তফসীলের লিখিত রসীদ শব্দের অন্তর্গত বোধ করা যাইবেক।

বর্জ্জনীয়।

সরকারী কার্য্যের নিমিত্তে সরকারের কোন কার্য্যকারক সাহেবের দেওয়া কি লওয়াটাকার রসীদ।

কোন জমীদার কি তালুকদার কি ইজারদার কি অন্য সদর মালগুজার কি নিষ্কর ভূমির কোন দখীলকার কি স্বত্বাধিকারী অথবা কোন মফঃসলী তালুকদার কি ইজারদার কি কট্‌কিনাদার কি অন্য কোন পাট্টাদার কি পূর্ব্বোক্ত ঐ জমীদার ইত্যাদির গোমাস্তা কি কর্ম্মকারী কি অন্য মোখ্তারকার কোন প্রজাকে কি অন্য কৃষিকারককে তাহার কৃষিকরা ভূমির খাজানার জন্য যে রসীদ অর্থাৎ দাখিলা দেয় তাহা।

মন্তব্য—কোন জমীদার কি তালুকদার কি ভূমির অন্য দখীলকার কি স্বত্বাধিকারী কিম্বা কোন ইজারদার কি কট্‌কিনাদার কিম্বা অন্য পাট্টাদার প্রজাদিগের কি বাস্তব কৃষিকারকদিগের ও সদর মালগুজার কি লাখেরাজদারদিগের মধ্যবর্ত্তি অন্য কোন তালুকদার কি কট্‌কিনাদার কি ইজারদার কি অন্য কোন পাট্টাদারকে যে রসীদ কি টাকা পাওনের অন্য অঙ্গীকারপত্র দেয় তাহা উপরের লিখিত রসীদের নিমিত্তে নিরূপিত মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক।

কোম্পানির কোন কাগজ কিম্বা বাঙ্গাল বাঙ্কের কোন অংশক্রয়ের টাকা পাওনের রসীদ কি অঙ্গীকারপত্র।

কোন বাঙ্কে কি সওদাগরী কুঠীতে যে টাকা চাহিবামাত্র পুনর্ব্বার পাইবার নিমিত্তে রাখা যায় তাহার সুদ দিবার নিয়ম না থাকিলে ঐ টাকা পাওনের রসীদ কি অঙ্গীকার পত্র।

যদি সুদ দিবার নিয়ম থাকে তবে ঐ রসীদ করারী তমঃসুকের নিমিত্তে নিরূপিত মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক।



উপযুক্ত

উপযুক্ত ইষ্টাম্পকাগজে লেখা করারী তমঃসুক কি হুণ্ডী কি বরাৎ কি টাকা দিবার অন্য কোন অনুমতিপত্রের কোন স্থানে লিখিত রসীদ কি অঙ্গীকার।

কোন করারী তমঃসুক কি হুণ্ডী কি টাকা রক্ষাহওনার্থে অন্য কোন পত্র পাইবার অঙ্গীকারযুক্ত যে২ পত্র ডাকে পাঠান যায় তাহা।

উপযুক্ত ইষ্টাম্পকাগজে লেখা কোন তমঃসুক কি বন্ধকপত্র কি অন্য রক্ষাপত্র কি হস্তান্তর করণের কোন পত্র কি অন্য প্রতিজ্ঞাপত্রের মধ্যে কি উপরে তাহার লিখিত টাকা কিম্বা কোন আমল কি সুদের টাকা কি সালিয়ানা টাকা পাইবার রসীদ কি অঙ্গীকার।

সেল্টমেণ্ট অর্থাৎ নিরূপণপত্র এতাবতা যে কোন প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্রেতে সংখ্যা নিরূপিত কোন টাকা কিম্বা কোম্পানির কাগজ কি স্থাবর কি অস্থাবর কোন বস্তু কোন প্রকারে অন্য কোন জন কি জনেরদের হিতের নিমিত্তে সেই জন কি জনেরদিগকে দেওয়া যাওনের কি দিতে হইবার নিরূপণ থাকে তাহা।——

তাহাতে টাকার কি বস্তুর মূল্যের যে সংখ্যা লেখা থাকে তত টাকার তমঃসুক যে মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা যায় তত টাকার কাগজে লিখিতে হইবেক কিম্বা টাকার কি মূল্যের নিরূপণ না থাকিলে এক শত টাকা মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা যাইবেক।

দানপত্র কি কাবীননামা তাহা তৎক্ষণেই কি উত্তর কালে নিরূপিত কি অনিরূপিত কোন সময়ে সফল হইবার নিয়মযুক্ত হইলে নিরূপণপত্রের নিমিত্ত নিরূপিত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা যাইবেক।

---

বর্জ্জনীয়।

উইল অর্থাৎ ওসীয়ৎনামাইত্যাদি এবং পূর্ব্বের করা কোন নিরূপণপত্রের কি প্রতিজ্ঞাপত্রের কি ওসীয়ৎনামার অনুসারে তাহার লিখিত কার্য্যনির্ব্বাহকবোধক পত্র।

---

সাধারণ বর্জ্জনীয়।


যে সকল প্রকার প্রতিজ্ঞাপত্র এবং নিদর্শনপত্র এবং লেখাপড়াতে সরকার কি কোন বোর্ড কি কমিস্যন কি আদালত কিম্বা সরকারী কার্য্যকারক কোন জন সরকারের কর্ম্মের নিমিত্তে এক পক্ষ হন তেজারতের সিরিশ্তাসম্পর্কীয় কোন প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র কি লেখাপড়াব্যতিরেকে ঐ প্রতিজ্ঞাপত্রাদি লেখা যাইবার ইষ্টাম্পকাগজের মূল্য লাগিবেক না।

ইঙ্গরেজী ১৮২৪ সাল ১৬ ষোড়শ আইন।

## ২ দ্বিতীয় নম্বর।

যেং অনুমতিপত্র দিবার হুকুম আছে তাহার প্রকার।

কালেক্টরসাহেবের মোহরের স্থান।



কালেক্টরসাহেবের দস্তখতের স্থান।

যেহেতুক অমুক ইঙ্গরেজী ১৮২০ সালের অমুক আইনের অমুক ধারার অমুক প্রকরণেতে ইষ্টাম্পকাগজ বিক্রযকরণের অনুমতিপ্রাপ্ত জনেরদের ইহার নীচের লিখনমত যে কবুলিয়ৎ দাখিল করিতে হুকুম আছে সেইমত কবুলিযৎ দাখিল করিলেক এবং তাহার লিখিত কার্য্য করিবার নিমিত্তে উপযুক্ত জামিনী দাখিল করিলেক অতএব আমি অমুক অমুক জিলার কালেক্টর এই পত্রের দ্বারা ঐ অমুককে ইষ্টাম্পকাগজ বিক্রয় করিতে এবং আমার তাবে জিলার মধ্যগত অমুক পরগনার অমুক স্থানেতে ইষ্টাম্পকাগজ বিক্রয় করিবার আফীস করিতে অনুমতি দিতেছি অতএব সে যেং নিযমমতাচরণ করণের অঙ্গীকার করিযাছে যত্নপূর্ব্বক এবং উপযুক্তরূপে সেইং নিযমমত কার্য্য করুক ইতি—অমুক সনের অমুক মাসের অমুক তারিখে আমার দস্তখৎ ও মোহরযুক্তে এই অনুমতিপত্র দেওযা গেল।

উপরের উক্ত অনুমতিপত্রের প্রস্তাবিত যে কবুলিয়ৎ অমুক দাখিল করিলেক তাহার নকল।

এই স্থানে কবুলিয়ৎ লিখিতে হইবেক।

আসলের মত নকল।

অমুক কালেক্টর।

## ৩ তৃতীয় নম্বর।

ইষ্টাম্পকাগজ বিক্রয় করিবার নিমিত্তে যে লোকেরা নিযুক্ত হয় তাহারদিগের যে কবুলিয়ৎ দাখিল করিতে হইবেক তাহার প্রকার।

লিখিতং শ্রীঅমুক আমি অমুক জিলার অমুক পরগনার অমুক স্থানেতে ইষ্টাম্পকাগজ বিক্রয় করিবার নিমিত্তে নিযুক্ত হইয়া নীচের লিখিতব্য সকল নিয়মমত কার্য্য যত্নপূর্ব্বক করিবার নিমিত্তে একরার করিতেছি।

১ প্রথম। যেং ইষ্টাম্পকাগজ বিক্রয় করিবার নিমিত্তে আমাকে সমর্পণ করা যাইবেক তাহার প্রত্যেক কাগজ বিলক্ষণরূপে বিবেচনা করিয়া দেখিব এবং তাহার নিমিত্তে যেং রসীদ আমি দিই ঐ রসীদেতে ইহা লিখিব যে ঐং কাগজের উপর সরকারের ইষ্টাম্প ছাপা আছে এবং যেং কাগজে ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেবের দস্তখৎ থাকনের আবশ্যক থাকে সেইং কাগজ তাঁহার কি তাঁহার আসিষ্টাণ্টসাহেবের দস্তখতী বটে।

২ দ্বিতীয়। বিক্রয়ের নিমিত্তে যেং ইষ্টাম্পকাগজ আমাকে সমর্পণ করা যাইবেক তাহার নিমিত্তে তাহার ইষ্টাম্পের নিরূপিত মূল্যের অধিক কোন প্রকারে কাহারু স্থানে লইব না।

৩ তৃতীয়। আমি কোন কাগজের ইষ্টাম্পের নিরূপিত সম্পূর্ণ মূল্য না পাইলে কোন ইষ্টাম্পকাগজ কোন জনকে দিব না।

৪ চতুর্থ। আমার দ্বারা যত ইষ্টাম্পকাগজ বিক্রয় হয় আমি তাহার হিসাব প্রকৃত প্রস্তাবে প্রস্তুত করিয়া মাসং ইষ্টাম্পের দারোগার কি ঐ হিসাব লইবার নিমিত্তে অন্য যে লোক হুকুম পায় তাহার নিকটে দাখিল করিব এবং যত ইষ্টাম্পকাগজ আমার জিম্মাতে বাকী থাকে তাহাও ঐ হিসাবেতে বিশেষ করিয়া লিখিব।

৫ পঞ্চম। সরকারের নিমিত্তে বিক্রয় করিবার কারণ যত ইষ্টাম্পকাগজ আমার নিকটে সমর্পণ করা যাইবেক তাহার মূল্য যত টাকা পাইব তাহা দাখিল করিবার নিমিত্তে যেং সময় নিরূপণ হয় সেইং সময়ে সরকারের খাজানাদপ্তরে দাঁড়ামতে বিনাত্রুটিতে দাখিল করিব এবং আমাকে সমর্পণহওয়া সমস্ত ইষ্টাম্পকাগজ যাবৎ আমার নিকটে থাকে তাবৎ তাহা যত্নপূর্ব্বক সাবধান রাখিব এবং বিক্রয় না হওয়া সকল ইষ্টাম্পকাগজ কালেক্টরসাহেবের নিকটে ফিরিয়া দিবার নিমিত্তে সর্ব্বদা প্রস্তুত থাকিব।

৬ ষষ্ঠ। যে সকল ইষ্টাম্পকাগজ আমার নিকটে সমর্পণ করা যাইবেক তাহার সংখ্যা ও তাহার মূল্যের সংখ্যা ও প্রতিমাসে যত বিক্রয় হইবেক তাহার ও তাহার মূল্যের সংখ্যা এবং মাসের শেষে আমার নিকটে যত বাকী থাকে তাহার সংখ্যা যেরূপ হুকুম হইবেক সেই রূপে বিশেষিয়া লিখিয়া তাহার প্রকৃত প্রস্তাব হিসাব মাসং প্রস্তুত করিব এবং ঐ হিসাব আমি মাসং ইষ্টাম্পের দারোগার নিকটে কিম্বা ঐ হিসাব লইবার নিমিত্তে অন্য যে লোক হুকুম পায় তাহার নিকটে তদর্থে নিরূপণহওয়া সময়ে দাখিল করিব।

আমার হিসাবকিতাব এবং ঐ হিসাবের লিখিত সরকারের ইষ্টাম্পকাগজ কি টাকা

 যত

ইঙ্গরেজী ১৮২৪ সাল ১৬ ষোড়শ আন।

যত আমার নিকটে বাকী থাকে তাহা এবং আমার নিকটে থাকা সকল সনদ কি পর ও য়ানা কি অন্য লেখাপড়া দাখিল করিবার কিম্বা দেখাইবার নিমিত্তে যেং হুকুম হুজুর হইতে যায় সর্ব্বদা সেই সকল হুকুম মত কার্য্য করিব।

আমি যে সময়ে কোন ইষ্টাম্পকাগজ কোন জনের স্থানে বিক্রয় করি কি তাহাকে দিই ঐ সময়ে তাহার প্রত্যেক ফর্দ্দের পৃষ্ঠে তাহা বিক্রয়করণের কি দেওনের কথা ও তারিখ এবং অন্য যে বিশেষ কথা লিখিবার হুকুম পাইব তাহা যত্নপূর্ব্বক যথার্থরূপে লিখিব এবং তাহার নীচে আপন নাম দস্তখৎ করিব।

আমার অনুমতিপত্র এবং হুজুরহইতে আমি ইষ্টাম্পকাগজের মূল্যের তফসীলের যে ফর্দ্দ পাইব তাহা কাছারীতে কিম্বা অন্য যে স্থানে আমি ইষ্টাম্পকাগজ বিক্রয় করি তথায় সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানেতে সর্ব্বদা লটকাইয়া রাখিব এবং আমা কে অর্পণহওয়া কার্য্য সকল লোককে জানাইবার কারণ হুজুরহইতে অন্য যেং হুকুম পাইব তদনুসারে কার্য্য করিব।

যেং লোক ইষ্টাম্পকাগজ ক্রয় করিতে আমার নিকটে আইসে তাহারা যেং ইষ্টাম্পকা গজ চাহে তাহা তাহারদিগকে অনাবশ্যক বিলম্ব করণব্যতিরেকে দিব ও কেহ যদি আ মার নিকটে না থাকা কোন ইষ্টাম্পকাগজ চাহে তবে আমি বিনাবিলম্বে তাহা হুজুরে এত্তেলা করিব এবং ইষ্টাম্পকাগজ বিক্রয়ের আধিক্য হওনেতে এবং ঐ বিষয়েতে সর কারহইতে যেং হুকুম হয় তাহা আপন নিকটে থাকা লোকদিগকে জানাইতে যথাশ ক্তি যত্ন করিব ইতি।

 সত্যপ্ৰঃ

A True Translation,

W. Carey,

*Translator of Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৪ সালের আইনের খোলাসার মধ্যগত স্থূল২ বিষয়।

দস্ত ও জয়করা দেশ।
ফৌজদারীর কর্ত্তব্য কার্য্য।
ফর্‌রোখাবাদের টাক্‌শাল।
ভূমিইত্যাদি অন্য২ স্থাবর বস্তু।
মাজিষ্ট্রেট্‌সাহেবেরা।
রেজিষ্টরসাহেবেরা।
প্রতিজ্ঞাপত্রাদির রেজিষ্টরী।
মালগুজারীর বাকীদারেরা।
মদিরাইত্যাদি।
ইষ্টাম্পকাগজ।
সদর আমীন।
সরাসরী মোকদ্দমা।
নৌকাদি চলনের মামুল।
জিলার জজ ও মাজিষ্ট্রেট্‌সাহেবেরা।

ঐ স্থূল বিষয়ান্তর্গত বিষয়সকল।

| | |
|---|---|
| নালিস। | ভূমিইত্যাদি স্থাবর বস্তুর বিষয়ান্তর্গত। |
| বোর্ড কষ্টম ও নিমক ও আফীন। | ভূমিইত্যাদি স্থাবর বস্তুর বিষয়ান্তর্গত। |
| সিন্ধদেওন। | ফৌজদারী আদালতে ও মাজিষ্ট্রেট্‌সাহেবদিগের বিষয়ান্তর্গত। |
| বোর্ড রেবিনিউ। | মালগুজারীর বাকীদারেরদের ও মদিরাইত্যাদির ও ইষ্টাম্পকাগজ ও নৌকাদিচলনের মামুলের বিষয়ান্তর্গত। |
| বান্ধ। | নৌকাদিচলনের মামুলের বিষয়ান্তর্গত। |
| হুণ্ডী। | ইষ্টাম্পকাগজের বিষয়ান্তর্গত। |
| মুদ্রা ও রূপা এবং সোণা। | ফররোখাবাদের টাক্‌শালের বিষয়ান্তর্গত। |
| কোম্পানির চিহ্নিতচাকর। | প্রতিজ্ঞাপত্রের রেজিষ্টরীর বিষয়ান্তর্গত। |
| দায়েরসায়েরী আদালত। | ফৌজদারী আদালতের এবং মাজিষ্ট্রেট্‌সাহেবদিগের ও সরাসরী মোকদ্দমার বিষয়ান্তর্গত। |
| অনুমতিপত্র। | মদিরাইত্যাদির বিষয়ান্তর্গত। |



কোতওয়াল

# ইঙ্গরেজী ১৮২৪ সালের আইনের খোলাসা।


| | |
|---|---|
| কোতওয়াল ও দারোগা। | মদিরাইত্যাদির বিষয়ান্তর্গত। |
| চরস ও গাঞ্জা। | ঐ। |
| তেজারতের এলাকা। | ইষ্টাম্পকাগজের বিষয়ান্তর্গত। |
| ভাটী। | মদিরাইত্যাদির বিষয়ান্তর্গত। |
| দেওয়ানী আদালত। | নৌকাদি চলনের মামুলের বিষয়ান্তর্গত। |
| সরেজমীনে অনুসন্ধান করিতে যাওনের বেতন। | জিলার জজসাহেবদিগের বিষয়ান্তর্গত। |
| ডিক্রীজারী। | সরাসরী মোকদ্দমার বিষয়ান্তর্গত। |
| নিমকপোখ্তানীর জ্বালানী কাষ্ঠ। | ভূমিইত্যাদি অন্য স্থাবর বস্তুর বিষয়ান্তর্গত। |
| ফৌজদারী আদালত। | সরাসরী মোকদ্দমা ও নৌকাদি চলনের মামুলের বিষয়ান্তর্গত। |
| কৃত্রিম নোট ও মুদ্রাকরণ। | ফৌজদারী আদালতের বিষয়ান্তর্গত। |
| কৃত্রিম ইষ্টাম্পকাগজ। | ইষ্টাম্পকাগজের বিষয়ান্তর্গত। |
| অনুমতিপত্রের পাঠ। | ঐ। |
| কবুলিয়তের পাঠ। | ঐ। |
| গবর্ণমেণ্ট গেজেট্। | ইষ্টাম্পকাগজের বিষয়ান্তর্গত। |
| ডাকাইতী। | ফৌজদারীর কর্ত্তব্য কার্য্যের বিষয়ান্তর্গত। |
| গোড়কাটী। | ভূমিইত্যাদি অন্য স্থাবর বস্তুর বিষয়ান্তর্গত। |
| মাদক দ্রব্য। | মদিরার বিষয়ান্তর্গত। |
| ইশ্তিহার। | ভূমিইত্যাদি অন্য স্থাবর বস্তুর বিষয়ান্তর্গত। |
| সম্বাদদেওনিয়া। | মদিরার এবং ইষ্টাম্পকাগজের বিষয়ান্তর্গত। |
| জাইণ্ট মাজিষ্ট্রেট্। | রেজিষ্টরসাহেবদিগের বিষয়ান্তর্গত। |
| খালাড়ীর ভাড়া ও বারাকর্সাইত্যাদি। | ভূমিইত্যাদি অন্য স্থাবর বস্তুর বিষয়ান্তর্গত। |
| লাখেরাজ ভূমি। | ঐ। |
| ডাক্তরসাহেব। | মদিরাইত্যাদির বিষয়ান্তর্গত। |
| হত্যা। | ফৌজদারীর কর্ত্তব্য কার্য্যের বিষয়ান্তর্গত। |
| নিজামৎ আদালত। | ফৌজদারীর কর্ত্তব্য কার্য্যের বিষয়ান্তর্গত ও জিলার জজসাহেবদিগের বিষয়ান্তর্গত। |
| আফীন। | মদিরার বিষয়ান্তর্গত। |
| সরকারী সড়ক ও এমারৎইত্যাদি। | ভূমি এবং অন্য স্থাবর বস্তুর বিষয়ান্তর্গত। |
| চুরীকরা দ্রব্যের ক্রয়কারক ও গ্রাহকেরা। | মাজিষ্ট্রেট্সাহেবদিগের বিষয়ান্তর্গত। |
| পাটওয়ারীরা। | মদিরার বিষয়ান্তর্গত। |
| অপরাধক্ষমা। | ফৌজদারীর কর্ত্তব্য কার্য্যের বিষয়ান্তর্গত। |
| প্রমিসোরি নোট। | ইষ্টাম্পকাগজের বিষয়ান্তর্গত। |
| রাজীনামা। | সদর আমীনের বিষয়ান্তর্গত। |
| ইনাম। | মদিরার বিষয়ান্তর্গত। |
| সদর মালগুজার। | ভূমিইত্যাদি অন্য স্থাবর বস্তুর বিষয়ান্তর্গত। |
| নিমকমহাল। | ঐ। |

## ইঙ্গরেজী ১৮২৪ সালের আইনের খোলাসা।


বিশেষ হুকুম। .............................. মদিরার বিষযান্তর্গত।
সুপরবাইজর। .............................. নৌকাদিচলনের মামুলের বিষয়ান্তর্গত।
নৌকাদিচলনের মামুলের তফসীল। ............ নৌকাদিচলনের মামুলের বিষযান্তর্গত।
পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট। .................. ফৌজদারীর কর্ত্তব্য কার্য্যের বিষযান্তর্গত।
যোত্রহীনরূপের মোকদ্দমা। .................. সদর আমীনের বিষযান্তর্গত।
জামিনীনামা। ... ........................ .... ইষ্টাম্পকাগজের বিষযান্তর্গত।
ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্ট। .................. ঐ।
তালাশীর পরওয়ানা। ........................ ঐ।
প্রতিজ্ঞাপত্রের ইষ্টাম্পের মামূলের তফসীল। ..... ঐ।
সালিস। ................... .......... ..... ভূমিইত্যাদি স্থাবর বস্তুর বিষযান্তর্গত
উকীলেরা ও মোখ্তারেরা। .............. ..... ইষ্টাম্পকাগজের বিষযান্তর্গত।
ওয়াইন্ শরাব। .......................... মদিরার বিষযান্তর্গত।
জমীদার। ................................ ভূমিইত্যাদি স্থাবর বস্তুর বিষয়ান্তর্গত।

## ইঙ্গরেজী ১৮২৪ সালের আইনের খোলাসা।

### মতান্তরকরণ ও শুধরণ ও রদকরণ ও বিস্তারকরণইত্যাদির খোলাসা।

| মতান্তরইত্যাদি করা আইন। | | | | | যেং আইনের দ্বারা। | | |
|---|---|---|---|---|---|---|---|
| সন। | আইন। | ধারা। | প্রকরণ। | | আইন। | ধারা। | প্রকরণ। |
| ১৭৯৩ | ৪৯ | | | শুধরণ। .. .... .... | ১৫ | ২ | |
| ১৭৯৫ | ১৪ | | | | | | |
| ১৭৯৯ | ৭ | | | তথা। .... .... .... | ১৪ | ঐ | ১ |
| ১৮০০ | ৫ | | | | | | |
| ১৮০২ | ২ | | | খাটান। .... .... .... | ৭ | ঐ | ৪ |
| | ঐ | ১৬।১৭।১৮<br>১৯।২০।২১ | | বিস্তারকরণ। .... .... | ঐ | ৩ | ১ |
| ১৮০৩ | ৪৫ | ২৩।২৪ | | শুধরণ। .... .... .... | ২ | ঐ | |
| | ২৮ | | | তথা। ... .... .... | ১৪ | ২ | ১ |
| | ৩২ | | | তথা। .... .... .... | ১৫ | ঐ | |
| ১৮১০ | ১২ | ২।৩।৪ | | শুধরণ। .. .... .... | ৬ | ৫ | |
| | ১৪ | ৫ | | রদ। .... .... .... | ১০ | ২ | |
| | ১৩ | ১১ | ১।২ | তথা। .... .... .... | ১৩ | ৩ | ১ |
| ১৮১১ | ১ | ৯ | | তথা। ... .... .... | ১০ | ২ | |
| ১৮১২ | ৫ | ২৮ | ১ | তথা। .... .... .... | ১২ | ঐ | |
| | ঐ | | | শুধরণ। .. .... .... | ১৪ | ঐ | ১ |
| ১৮১৩ | ১০ | | | তথা। .... .... .... | ৭ | ৬ | |
| | ঐ | ১৯।২৭ | | কতক রদ। .... .... | ঐ | ৭ | |
| | ঐ | ৩ | | শুধরণ। .. .... .... | ঐ | ৯ | ৩।৪।( |
| | ঐ | ২১।২২<br>২৩।২৪ | | খাটান। .. .... .... | ঐ | ১০ | ২ |
| | ঐ | ১৫ | ২ | রদ। .... .... .... | ঐ | ১৫ | |



পরিবর্ত্ত

## ইঙ্গরেজী ১৮২৪ সালের আইনের খোলাসা।

| মতান্তরইত্যাদি করা আইন। | | | | | যেং আইনের দ্বারা। | | |
|---|---|---|---|---|---|---|---|
| সন। | আইন। | ধারা। | প্রকরণ। | | আইন। | ধারা। | প্রকরণ। |
| ১৮১৩ | ১০ | ৩০ | | পরিবর্ত্ত। .. .... .... | ৭ | ১৬ | ২ |
| | ৪ | | | রদ। .... .. .... | ৮ | ২ | ১ |
| | ৭ | | | শুধরণ। .. .... .... | ১৪ | ২ | ১ |
| | ৬ | | | তথা। .... .... .... | ১৫ | ২ | |
| ১৮১৪ | ১ | ৯।১১।১২ ১৮ ধারার কতক | | রদ। .... .... .... | ১৫ | ৩ | |
| | ঐ | ঐ২ ধারা | | কতক রদ। .... .... | ১৬ | ৯ | ১ |
| | ঐ | ৫ | | অধিক শুধরণ। .... .... | ১৬ | ঐ | ২ |
| | ঐ | ১০ | | কতক রদ। .... .... | ১৬ | ১০ | |
| | ঐ | ঐ | ৯ | শুধরণ। .. .... .... | ১৬ | ১৪ | |
| | ১৭ | | | খাটান। .. .... .... | ৭ | ৮ | ২ |
| | ২৩ | | | কতক রদ। .... .... | ১৩ | ২ | ১ |
| | ঐ | ২ | | তথা। .... .... .... | ১৩ | ৩ | |
| | ঐ | ৬৮ | | রদ। .... .... .... | ১৩ | ৪ | |
| | ঐ | ৭৬ | ২।৩।৪।৬ | প্রবলকরণ। .... .... | ১৩ | ৫ | |
| | ঐ | ঐ | ৫ | রদ। .... .... .... | ১৩ | ৫ | |
| | *২৬ | ৬ | | তথা। .... .... .... | ১৩ | ৪ | ১ |
| | ঐ | ঐ | | খাটান একবিষয়ব্যতিরেকে। .. | ১৩ | ৪ | ৩ |
| | ঐ | ৫ | | বিস্তারকরণ। .... .... | ঐ | ঐ | ৪ |
| | ঐ | ১৭।১৮এবং ১৯ ধারার কতক ও ২৬ | | রদ। .... .... .... | ১৫ | ৩ | |
| ১৮১৬ | ১৩ | ৪১ | | শুধরণ। .. .... .... | ৭ | ১৭ | ১ |

আরো

## ইঙ্গরেজী ১৮২৪ সালের আইনের খোলাসা।

| মতান্তরইত্যাদি করা আইন। | | | | | যেং আইনের দ্বারা। | | |
|---|---|---|---|---|---|---|---|
| সন। | আইন। | ধারা। | প্রকরণ। | | আইন। | ধারা। | প্রকরণ। |
| ১৮১৬ | ১৩ | ৪১ | | আরো শুধরণ। .... .... | ৭ | ২১ | |
| | ঐ | ৮১।৮২।৮৫ অবধি ৯০ ধারাপর্য্যন্ত | | খাটান। .. .... .... | ঐ | ১৬ | ৪ |
| ১৮১৭ | ৩ | ৪ | | কতক রদ। .... .... | ১৩ | ৩ | ১ |
| | ১৯ | | | শুধরণ। . .... .... | ১৪ | ২ | |
| ১৮১৮ | ১১ | | | রদ। .... .... .... | ৮ | ২ | ঐ |
| | ১২ | ২ | ২ | শুধরণ। .. .... .... | ৬ | ৩ | |
| | ঐ | ঐ | ৫ | শুধরণ। .. .... .... | ঐ | ২ | ঐ |
| | ঐ | ৩ | ৪ | শুধরণ। .. .... .... | ঐ | ঐ | ঐ |
| ১৮২০ | ৪ | ৪ | | খাটান। .. .... .... | ঐ | ৪ | |
| ১৮২১ | ২ | | | কতক রদ। .... .... | ১৩ | ২ | ১ |
| ১৮২২ | ৭ | ৩ অবধি সকল ধারা | | খাটান। .. .... .... | ৯ | ৪ | |
| ১৮২৩ | ৬ | | | বিস্তারকরণ। .... .... | ৫ | ২ | |

# ইঙ্গরেজী ১৮২৪ সালের আইনের খোলাসা।

| দত্ত ও জয়করা দেশের বিষয়। | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| কোনং বিষয় হইলে জয়করা দেশসকলের ও বুন্দেলখণ্ডের হাল বন্দোবস্ত আর পাঁচ বৎসর মিয়াদপর্য্যন্ত বহাল রাখা যাইবার কথা। .... .... .... .... .... .... | ৯ | ২ | ১ |
| যে জমীদারেরা অন্য মিয়াদের নিমিত্তে আপনং কবুলিয়ৎ বহাল রাখিতে না চাহে তাহারা আগামি ১৫ অক্তোবরে কি তাহার পূর্ব্বে মালগুজারী তহসীলকারি সাহেবদিগের নিকটে তাহা জানাইবার ও যাহারা তাহা জানাইতে কসুর করে তাহারা আর পাচ বৎসরপর্য্যন্ত হাল জমার দায়ী হইবার ও তাহা হইলে জমার ন্যূনাতিরেক না হইবার কথা। .... .... .... ... | ঐ | ঐ | ২ |
| বিশেষ কোন হেতু থাকিলে কোনং মহাল উপরের উক্ত হুকুমের বহির্ভূত করিতে কালেক্টরসাহেবের ক্ষমতার এবং ঐং মহালের বন্দোবস্ত পুনর্ব্বার করিতে কি অন্য মিয়াদের নিমিত্তে নূতন পাট্টা দিতে ক্ষমতা রাখিবার ও ঐ কার্য্য করা স্থিরকরণের সম্বাদ কালেক্টরসাহেবদিগের দিতে হইবার বিশেষ হুকুমের কথা। .... | ঐ | ঐ | ৩ |
| উপরের হুকুম ইহার পূর্ব্বে দেওয়া কবুলিয়তের কিছু হানি না করিবার কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ৪ |
| ঐং পাট্টার মিয়াদ গত হওনের পর যেং জমীদারইত্যাদির কবুলিয়ৎ বহাল রাখা যায় তাহারা পুনর্দৃষ্টিপূর্ব্বক বন্দোবস্ত স্থির না যাওনপর্য্যন্ত পূর্ব্বের জমা দিয়া আপনং ভূমি দখল করিবার ও উপযুক্ত সময়ে সম্বাদ না পাইলে জমীদারেরদের বেশী জমা দিতে না হইবার বিশেষ হুকুমের ও আদালতের হুকুম না হইলে ঐ সম্বাদ পাওনব্যতিরেকে ঐ লোকেরা আপনারদিগের ভূমির কর্ত্তৃত্বহইতে বেদখল না হইবার কথা। .... .... .... .... | ঐ | ঐ | ৫ |
| যেং জমীদারী এক্ষণে ইজারা বিলিতে আছে তাহার হাল পাট্টার মিয়াদ পূরা হইলে তাহার বন্দোবস্ত পুনর্ব্বার করিবার এবং যে জমীদারেরা ঐং মহালেতে সর্ব্বকালিক স্বত্ব রাখে তাহারা অগ্রগণ্য হইবার ও ঐং পাট্টার মিয়াদ ১২ বার বৎসরের অধিক না হইবার বিশেষ হুকুমের ও খাস তহসীলে থাকা মহালের সহিত উপরের উক্ত হুকুম সম্পর্ক রাখিবার ও জমীদারইত্যাদি আপনং কবুলিয়ৎ বহাল রাখিতে অসম্মত হইলে যাহা করিতে হইবেক তাহার ও যাহারা ইচ্ছাপূর্ব্বক আপনং ভূমি অপকৃষ্ট করে তাহারা তাহা হইতে বেদখল হইবার বিশেষ হুকুমের ও তাহা হইলে এবং | | | |

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| বিশেষ অবস্থাপ্রযুক্ত আবশ্যক হইলে ১৫ বৎসর মিয়াদে ঐ ভূমির পাট্টা দেওয়া যাইবার কথা। .... .... .... .... | ৯ | ৩ | ০ |
| ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনের ৩ ও তাহার পরের অন্যং ধারার হুকুম উপরের উক্ত শুধরণ ও মতান্তরের সহিত জয়করা দেশ ও বুন্দেলখণ্ডেরো সহিত সম্পর্ক রাখিবার ও বিশেষ অবস্থা হইলে ঐ আইনের ৯ ধারার ৩ প্রকরণের কোনং কথা যাহাতে খাটিবেক তাহার কথা। .... .... .... .... | ঐ | ৪ | ০ |
| ফৌজদারীর কর্ত্তব্য কার্য্যের বিষয়। | | | |
| ইঙ্গরেজী ১৮১৮ সালের ১২ আইনের ১ ও ২ ও ৩ ধারানুসারে দুই কি ততোধিক অপরাধকরণপ্রযুক্ত দণ্ডনীয় কোন জনের সকল মোকদ্দমার বিচার পূর্ণ না হইলে কোন মাজিষ্ট্রেট্সাহেব তাহার দণ্ডের হুকুম না দিবার কথা। .... .... .... .... | ৬ | ২ | ১ |
| দুই কি ততোধিক অপরাধের অপবাদ প্রমাণ হইলে যদি এক অপরাধের দণ্ডের অতিরিক্ত দণ্ড দিবার আবশ্যকতা বোধ না হয় তবে সে সকল অপরাধের নিমিত্তে মাজিষ্ট্রেট্সাহেব যে দণ্ডের হুকুম দিবেন তাহার কথা। .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| অপরাধী অতিরিক্ত দণ্ডের যোগ্য বোধ হইলে মাজিষ্ট্রেট্সাহেব ঐ প্রত্যেক অপরাধের মোকদ্দমার বিচার দওরার বৈঠকে হইবার নিমিত্তে অপরাধিকে কয়েদ রাখণের কথা। .. .... .... | ঐ | ঐ | ৩ |
| ইঙ্গরেজী ১৮১৮ সালের ১২ আইনের ২ ধারার ২ প্রকরণ শুধরণের কথা। .. .... .... .... .... .... | ঐ | ৩ | ০ |
| ইঙ্গরেজী ১৮২০ সালের ৪ আইনের ৪ ধারা চুরীর টাকা কি বস্তু তিন শত টাকার অধিক কি অধিকের হইলে তাহার খরীদার কি গ্রহণকর্ত্তার সহিত সম্পর্ক রাখিবার কথা। .. .... .... | ঐ | ৪ | ০ |
| ইঙ্গরেজী ১৮১৮ সালের ২ ও ৩ ও ৪ ধারা শুধরণের কথা। .. | ঐ | ৫ | ০ |
| ফররোখাবাদের টাক্শালের বিষয়। | | | |
| ফররোখাবাদের টাক্শাল উঠান যাইবার ও এই আইন জারী হইবার পূর্ব্বে ফররোখাবাদের টাক্শালে দাখিলহওয়া টাকাআদি ধাতুদ্রব্যের বিষয়ে বিশেষ হুকুমের কথা। .. .... .... | ২ | ২ | ০ |
| ফররোখাবাদের টাকা ও আধুলী ও সুকী নিরূপিত ওজনহইতে | | | |

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| কমী না হইলে এইঅবধি সরকারের কার্য্যে ও বাণিজ্যাদিতে চলিবার কথা। .... .... .... .... .... .... | ২ | ৩ | ০ |
| **ভূমিইত্যাদি অন্যং স্থাবর বস্তুর বিষয়।** | | | |
| ভূমির আবশ্যক হইলে সরকারের কার্য্যকারক সাহেবেরা ভূম্যধিকারিকে যে দরেতে ভূমি দিতে সম্মত হয় তাহা কিম্বা ভূমি দিতে সম্মত না হইলে তাহার কথা জানাইতে হুকুম দিবার কথা। .... | ১ | ২ | ০ |
| ভূম্যধিকারী ভূমি বিক্রয় করিতে অসম্মত হইলে সরকার সালিশী করিবার হুকুম দিতে পারিবার কথা। ... .... ... | ঐ | ৩ | ১ |
| যাহা হইলে সরকার সালিসীকরণের ক্ষমতা অর্পণের হুকুম দিতে পারিবেন তাহার কথা। .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| সালিসেরা যে মতে নিযুক্ত করা যাইবেক এবং আপনারদিগের অনুসন্ধান যেরূপে করিবেক তাহার কথা। .. .... .... | ঐ | ৪ | ১ |
| সরকারের তরফে দুই সালিস যে কর্ম্মকারি সাহেবের দ্বারা স্থির করা যাইবেক তাহার ও ভূম্যধিকারিরদের তরফে কার্য্যকরণের নিমিত্তে দুই সালিস পসন্দ করিতে হুকুম দিবার ও দুই ভূম্যধিকারির অধিক ভূম্যধিকারী হইলে তাহারা সালিসের নিমিত্তে যাহারদের নাম উপস্থিত করে তাহারদের মধ্যহইতে সালিসেরা যেরূপে পসন্দ করা যাইবেক তাহার ও কেবল দুই জনের নাম উপস্থিত করা গেলে যেরূপ কার্য্য করা যাইবেক তাহার ও কেবল এক জনের নাম উপস্থিত করা গেলে যেরূপ কার্য্য করা যাইবেক তাহার কথা। .. | ঐ | ঐ | ২ |
| সালিসেরা যে প্রতিজ্ঞা করিবেক তাহার কথা। .... .... | ঐ | ঐ | ৩ |
| তৃতীয় ব্যক্তি পসন্দ করিবার কথা। .... .... .... | ঐ | ঐ | ৪ |
| তৃতীয় ব্যক্তির কার্য্যের কথা। .. .... .... .... | ঐ | ঐ | ৫ |
| সালিসদিগকে হাজির করাইতে ও কার্য্য সিদ্ধ করাইয়া লইতে ঐ কর্ম্মের অধ্যক্ষ সাহেবের ক্ষমতার ও যাহা হইলে তৃতীয় ব্যক্তির প্রতি নিষ্পত্তির ভার অর্পণ করা যাইবেক তাহার কথা। .... | ঐ | ঐ | ৬ |
| সালিসেরা জিলার জজ কি কালেক্টর কি মাজিষ্ট্রেটের তাবে থাকিয়া কার্য্য করিবার কথা। .... .... .... .... | ঐ | ঐ | ৭ |
| সালিসেরদের নিকটে সাক্ষিদিগকে যিনি হাজির করাইবেন তাহার কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ৮ |



ঐ কার্য্যের

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| ঐ কার্য্যের অধ্যক্ষ সাহেব সালিসদিগকে বেওরা জানাইবার ও যাহা হইলে সালিসেরা ভূমি জরীব করিতে পারিবেক তাহার কথা। | ১ | ৫ | ০ |
| লাখেরাজ ভূমির পরিবর্ত্ত নিরূপণ করিবার কথা। .. .... | ঐ | ৬ | ১ |
| ঐ ভূমিতে ভিন্ন স্বত্ব প্রাপ্ত ভিন্ন অধিকারিরদের বিবাদ হইলে সালিসেরা যেরূপ করিবেক তাহার কথা। .... .... .... | ঐ | ঐ | ২ |
| খেরাজী ভূমির নিমিত্তে যেরূপ নিরূপণ করা যাইবেক তাহার কথা। .. .... .... .... .... .... .... | ঐ | ঐ | ৩ |
| সরকারের দখলকরা ভূমিতে যে লোক স্বত্বের দাওয়া করে তাহারদের স্বত্বের নিরূপণ যেরূপে করা যাইবেক তাহার কথা। .... | ঐ | ঐ | ৪ |
| ভূমির দখল সন্দিগ্ধ হইলে সালিসেরা যেরূপ কার্য্য করিবেক তাহার ও এই আইনানুসারে সরকারের প্রতি যে ভূমির স্বত্ব অর্পণ করা যায় পূর্ব্ব দখীলকারের স্বত্বের বিষয়ে যে কোন কথা উপস্থিত হয় তৎপ্রযুক্ত সরকার তাহাহইতে বেদখল না হইবার কথা। .... | ঐ | ঐ | ৫ |
| সালিসেরা যেরূপ নিষ্পত্তি করিবেক তাহার কথা। .. .... | ঐ | ৭ | ১ |
| যে কর্ম্মকারী সাহেব নিষ্পত্তিপত্র পান্ তিনি যেরূপ কার্য্য করিবেন তাহার কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| যেং কারণব্যতিরেকে নিষ্পত্তি রদ করা না যাইবেক তাহার কথা। .... .... .... .... .... .... | ঐ | ঐ | ৩ |
| সরকারের কার্য্যের নিমিত্তে মাজিষ্ট্রেট্‌সাহেব ভূমির স্বত্ব ত্যাগ করাইবার কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ৪ |
| উপরের লিখিত হুকুমানুসারে সালিসেরদের প্রতি অর্পিত কার্য্যের খরচ সরকারহইতে দিবার কথা। .. .... .... .... | ঐ | ঐ | ৫ |
| উপরের লিখিত হুকুম নদীতে নৌকাইত্যাদি গমনাগমনের বাধা দূরকরণের সহিত সম্পর্ক না রাখিবার কথা। .... .... | ঐ | ৮ | ০ |
| বিশেষ অন্য প্রকার না হইলে নিমকের সিরিশ্‌তার কার্য্যের আবশ্যক ভূমির সহিত উপরের লিখিত হুকুম সম্পর্ক না রাখণের কথা। .... .... .... .... .... .... | ঐ | ৯ | ১ |
| বিশেষ অনুসন্ধানেতে নিরূপিত জমীদারেরদের এবং নিমকের সিরিশ্‌তার কর্ম্মকারি সাহেবেরদের শক্তি নিরূপণের হুকুমের কথা। | ঐ | ঐ | ২ |
| কোম্পানি বাহাদুরের একাধিপত্য প্রথম স্থিরকরণের সময়ে | | | |



খালাড়ীর

## ইঙ্গরেজী ১৮২৪ সালের আইনের খোলাসা।


| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| খালাড়ীর নিমিত্তে জমায় যে কমী দেওয়া গিয়াছে সেই কমী যে প্রযুক্ত তাহার কথা। .... .... .... .... .... | ১ | ৯ | ৩ |
| ঐ কমী দেওয়া নিত্য বহালথাকনের কথা। .... .... | ঐ | ঐ | ৪ |
| সরকারের হুকুমব্যতিরেকে লোণা ভূমি কিম্বা জ্বালানী কাষ্ঠ উৎপন্নকরণের ভূমির নিমিত্তে জমায় আর কিছু মাফ করা কিম্বা কমী দেওয়া না যাইবার কথা। .... .... .... .... | ঐ | ঐ | ৫ |
| খালাড়ীর ভাড়ার নিমিত্তে জমীদারেরদের দাওয়ার নালিশ যেরূপ করা যাইবেক তাহার কথা। .. .... .... .... | ঐ | ঐ | ৬ |
| সরকারের হুকুমব্যতিরেকে মলঙ্গীরদের স্থানে খালাড়ীর ভাড়া লওয়া মৌকুফ হইবার কথা। .... ... . . .... | ঐ | ঐ | ৭ |
| জ্বালানী কাষ্ঠের উপর কর লওয়া মৌকুফ হইবার কথা . . . | ঐ | ঐ | ৮ |
| লবণ প্রস্তুতকরণের নিমিত্তে কবুলিয়তে যাহা২ লেখান যাইবেক তাহার কথা। .... .... .... .... ... | ঐ | ঐ | ৯ |
| লোণা ভূমির স্বত্ব কাহার এজেন্টসাহেব তাহা নিশ্চয় করিবার ও বহীতে লিখিবার কথা। .. .... .... .... | ঐ | ঐ | ১০ |
| যে২ ভূমি নিমকের সিরিশতার সাহেবেরা নিস্করে দখলে রাখিবেন এবং মালগুজারী তহসীলের ভারাক্রান্ত সাহেবেরা যাহার উপর শেষ কর লইতে পারিবেন ঐ২ ভূমির কথা। . .. .... | ঐ | ঐ | ১১ |
| যে২ ভূমিতে সরকারের স্বত্ব বোধ হইবেক তাহার কথা। .... | ঐ | ঐ | ১২ |
| যে২ ভূমি বিশেষ ভূম্যধিকারিরদের বোধ হইবেক তাহার ও খাজানা যেরূপে দিতে হইবেক তাহার কথা। .... .... | ঐ | ঐ | ১৩ |
| লোণা ভূমি নিমকের সিরিশ্তার কর্ম্মকারি সাহেবেরা যেরূপ দখল করিবেন তাহার কথা। ... .... .... .... | ঐ | ১০ | ১ |
| ঐ প্রকার দখলকরা ভূমির উপর যে২ দাওয়া উপস্থিত হয় তাহার মোকদ্দমা ও নিষ্পত্তি যেরূপ করা যাইবেক তাহার কথা। | ঐ | ঐ | ২ |
| কোন জমীদারের দাওয়াকরা ভূমি সরকারের বোধ হইলে যেরূপ করিতে হইবেক তাহার কথা। ... .... .... | ঐ | ঐ | ৩ |
| এক্ষণে যে২ দাওয়া উপস্থিত হয় তাহার নিষ্পত্তি যেরূপ করা যাইবেক তাহার কথা। .. .... .... .... .... | ঐ | ঐ | ৪ |




নিমকের

# ইঙ্গরেজী ১৮২৪ সালের আইনের খোলাসা।

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| নিমকের সিরিশ্তার দখলকরা ভূমির খাজানা যে সময়ে মৌকুফ হইবেক তাহার কথা। .. .... .... .... .... | ১ | ১১ | ০ |
| কষ্টম ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরদের অনুমতি ব্যতিরেকে লোণা চরে কৃষি করিতে নিষেধের কথা। .... .... | ঐ | ১২ | ০ |
| যেং চর ও লোণা ভূমিতে অন্য কাহারু স্বত্বাধিকার নাহি নিমকের সিরিশ্তার সাহেবেরা যেরূপে ঐ ভূমি দখল করিবেন তাহার কথা। .... .... .... .... .... .... | ঐ | ১৩ | ০ |
| জ্বালানী কাষ্ঠের ভূমিতে জমীদারের ও সরকারের পরস্পর স্বত্বের নিরূপণের নিয়মের কথা। .... .... .... .... | ঐ | ১৪ | ১ |
| বিশেষ কোন লেখাপড়া না থাকিলে নিমকের সিরিশ্তার সাহেবেরা জমায় কমী দেওয়া জমীদারের জঙ্গলা ভূমিহইতে বর্ত্তমান নিমকের কারখানায় যত জ্বালানী কাষ্ঠ আবশ্যক তাহার মূল্য দেওন ব্যতিরেকে লইতে পারিবার কথা। .... .... .... | ঐ | ঐ | ২ |
| বিশেষরূপে যেং স্বত্ব রাখা গিয়াছে উপরের লিখিত হুকুম তাহার হানি না করিবার এবং কৃসিকর্ম্ম বারণ করিতে নিমকের সিরিশ্তার কর্ম্মকারি সাহেবেরদের ক্ষমতাজনক না হইবার কথা। .... | ঐ | ঐ | ৩ |
| যাহা হইলে ৪ ধারার লিখিত হুকুমানুসারে কর্ম্ম করা যাইবেক তাহার কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ৪ |
| বাঙ্গলা ১১৮৮ সালের পূর্ব্বে তহসীলহওয়া খাজানার পরিবর্ত্তে জমায় কমী দেওনেতে নিমকের সিরিশ্তার যে অধিকার জন্মিযাছে তদতিরিক্ত খাজানা কি জমায় কমী দেওয়া গেলে ঐ অধিকার যে পর্য্যন্ত হয় তাহার কথা। .... .... .... .... | ঐ | ১৫ | ০ |
| **মাজিষ্ট্রেট্সাহেবদিগের বিষয়।** | | | |
| কোনং হুকুম রদ হওনের কথা। .... .... .... | ১০ | ২ | ০ |
| কোনং অপরাধ হইলে মাজিষ্ট্রেট্ ও জাইণ্টমাজিষ্ট্রেট্সাহেবদিগকে কাহারুং অপরাধ ক্ষমাকরণের অঙ্গীকার করিতে ক্ষমতা দিবার কথা। .... .... .... .... .... | ঐ | ৩ | ১ |
| দিব্যব্যতিরেকে ঐং লোকের জোবানবন্দী করা যাইবার কথা। | ঐ | ঐ | ২ |
| ক্ষমাকরণের অঙ্গীকারকরণের কারণের কথা রুবকারীতে লেখাইবার ও তাহার নকল পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেবের নিকটে পাঠাইবার কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ৩ |

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| সহায়ের সাক্ষ্য পাইবার নিমিত্তে তাহার অপরাধ ক্ষমা করা উপযুক্ত বোধ হইলে তদর্থে পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেবের সম্মতি পূর্ব্বে লইবার কথা। .... .... .... .... | ১০ | ৩ | ৪ |
| সহায জনের দিব্যব্যতিরেকে হওয়া জোবানবন্দীর নকল পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেবের নিকটে পাঠান যাইবার কথা। ... | ঐ | ঐ | ৫ |
| ঐ বিষয়েতে মাজিষ্ট্রেট্ কি জাইণ্টমাজিষ্ট্রেট্ কি পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেব যাহাতে সাবধান থাকিবেন তাহার কথা। ... | ঐ | ৪ | ১ |
| যাহা হইলে ক্ষমাকরণের অঙ্গীকার করিতে অনুমতি হইবেক না তাহার কথা। .. .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| মাজিষ্ট্রেট্ কি জাইণ্ট মাজিষ্ট্রেট্সাহেব প্রাপ্ত ক্ষমতাক্রমে অনুচিত কার্য্য করিলে পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেব তাহার রিপোর্ট করিবার কথা। .... .... .... ... .... | ঐ | ঐ | ৩ |
| যে জনকে ক্ষমাকরণের অঙ্গীকার করা যায সে জন ঐ অঙ্গীকারের নিয়ম পূর্ণ না করিলে দায়েরসায়েরসাহেব কি নিজামৎ আদালতের সাহেবেরা তাহাকে কয়েদকরণের হুকুম দিবার কথা। .... | ঐ | ৫ | ১ |
| কিম্বা আবশ্যক বুঝিলে ক্ষমাকরণের অঙ্গীকার করিতে মাজিষ্ট্রেট কি জাইণ্ট মাজিষ্ট্রেট্সাহেবকে অনুমতি দিবার কথা। . .... | ঐ | ঐ | ২ |
| অনুপযুক্তরূপে ক্ষমাকরণের অঙ্গীকার করা গেলে নিজামৎ আদালতের সাহেবেরা মাজিষ্ট্রেট্ কি জাইণ্টমাজিষ্ট্রেট্ ও পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেবের কৃত কার্য্যের পুনর্ব্বিচার ও হুকুম রদ করিবার কথা। .... .... .... .... .... .... | ঐ | ঐ | ৩ |
| এই আইনের দ্বারা মাজিষ্ট্রেট্সাহেবকে অর্পণহওয়া ক্ষমতা মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টসাহেবদিগের সহিত সম্পর্ক না রাখিবার কথা। .... .... .... .... .... .... | ঐ | ৬ | ০ |
| **রেজিষ্টরসাহেবদিগের বিষয়।** | | | |
| রেজিষ্টরসাহেব যে কোন জিলার যে কোন অংশেতে জাইণ্ট মাজিষ্ট্রেটের কর্ম্ম করেন সেই জিলার সেই অংশের জাবেতামতে উপস্থিতহওয়া মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি করিতে পারিবার কথা। .... .... .... ... .... .... | ৩ | ২ | ১ |
| চলিত আইনের হুকুম ঐং মোকদ্দমার সহিত সম্পর্ক রাখিবার কথা। .... .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |

 যে

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| যে জিলা কি শহরের সরহদ্দের মধ্যে মোকদ্দমার হেতু জন্মিয়াছে সেই জিলার জজসাহেবের নিকটে ঐ রেজিষ্টরসাহেব রিপোর্ট পাঠাইবার কথা। .. . .... .... .... .... | ৩ | ২ | ৩ |
| প্রতিজ্ঞাপত্রাদির রেজিষ্টরীর বিষয়। | | | |
| নিদর্শপত্রাদির রেজিষ্টরী কর্ম্ম জিলা কি শহরের আদালতের সদর মোকামে করা যাইবার ও ঐ কর্ম্ম রেজিষ্টরসাহেব নির্ব্বাহ করণের ও একহইতে অধিক রেজিষ্টরসাহেব ঐ সদর মোকামেতে কার্য্যপ্রাপ্ত হইলে যাহা করিতে হইবেক তাহার ও পীড়াইত্যাদিপ্রযুক্ত রেজিষ্টরসাহেব ঐ পদের কর্ম্ম নির্ব্বাহ করিতে না পারিলে নায়েব নিযুক্ত করিতে পারিবার ও জজসাহেবের সম্মতি লইয়া ঐ নায়েব নিযুক্তকরণের ও কোম্পানি বাহাদুরের চিহ্নিতচাকর নায়েব হইবার ও তাঁহার দিব্যকরণের কথা। .... .... .... | ৪ | ২ | ০ |
| ঐ পদপ্রাপ্ত রেজিষ্টরসাহেব সদর মোকামহইতে অন্যত্র গেলে ও নায়েব নিযুক্ত না করিলে জজসাহেব নায়েব নিযুক্তকরণের ক্ষমতা রাখিবার কথা। .... .... .... .... | ঐ | ৩ | ০ |
| রেজিষ্টরসাহেবের কর্ম্মস্থান খালী হওনপ্রযুক্ত নায়েব নিযুক্ত হইতে না পারিলে জজসাহেব নিদর্শনপত্রাদি কাগজপত্রে রেজিষ্টরীকরণের পদের কর্ম্ম করিতে কোম্পানি বাহাদুরের চিহ্নিত চাকর তৎকর্ম্মক্ষম এক সাহেবকে নিযুক্ত করিবার কথা। .... .... | ঐ | ৪ | ০ |
| ঐ মোকামেতে তৎকর্ম্মক্ষম কোন সাহেব না থাকিলে জজসাহেব স্বয়ং ঐ কর্ম্ম করিতে ক্ষমতা ও অনুমতিপ্রাপ্ত হওনের কথা। .... | ঐ | ৫ | ০ |
| রেজিষ্টরসাহেব মোকামহইতে অন্যত্র গেলে জজের অনুমতিতে সরকারের অন্য কোন চিহ্নিত চাকরের দ্বারা পূর্ব্বে যে নিদর্শনপত্রাদির রেজিষ্টরী হইয়া থাকে তাহা রেজিষ্টরসাহেব করিলে যেমত হইত সেই মত প্রবল হইবার কথা। .... .... .... | ঐ | ৬ | ০ |
| নায়েব কি আকটিঙ্গ রেজিষ্টরসাহেব ফীস্ পাইবার ও জজসাহেব নিদর্শনপত্রাদির রেজিষ্টরী করিলে আমলার উপযুক্ত খরচবাদে বাকী ফীস্ সরকারের নামে জমা করা যাইবার কথা। .. .... | ঐ | ৭ | ০ |
| মালগুজারীর বাকীদারেরদের বিষয়। | | | |
| ইঙ্গরেজী ১৮১২ সালের ৫ আইনের ২৮ ধারার ১ প্রকরণ রদ | | | |



হইবার

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| হইবার এবং ঐ প্রকরণের দ্বারা রদহওয়া দণ্ডের হুকুম পুনর্ব্বার বহাল হওনের কথা। .. .... .... .... .... | ১২ | ২ | ৩ |
| **মদিরাইত্যাদির বিষয়।** | | | |
| কালেক্টরসাহেবের অনুমতিপত্র না লইয়া মদিরা ও দ্রাক্ষারস ও সুরামণ্ডযোগে প্রস্তুতকরা সকল প্রকার শরাবের খুজরা বিক্রয় আইনবিরুদ্ধ হওনের ও করিলে দণ্ড হইবার কথা। ... . .... | ৭ | ২ | ১ |
| বৃটন দেশজাত প্রজাভিন্ন অন্য জনেরদের অনুমতিপত্রব্যতিরেকে মদ্যের ভাটী করিতে ও তাহাতে মদ্য প্রস্তুতের কার্য্য করিতে এবং মদ্য ও দ্রাক্ষারসাদি বিক্রয় করিতে নিষেধ হওনের কথা। .... | ঐ | ঐ | ২ |
| জিলার কালেক্টরের অনুমতিপত্রব্যতিরেকে বৃটনীয় দেশজাত প্রজারদিগকে কলিকাতাহইতে দশ মাইলের অধিক অন্তরে ভাটী বানাইতে ও তাহাতে তাহার কিছু কার্য্য করিতে ও কলিকাতার তাবে কোন দেশেতে মদিরা ও দ্রাক্ষারসাদি বিক্রয় করিতে নিষেধ হওনের কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ৩ |
| ঐ প্রকার লোকেরা উপরের লিখিত সরহদ্দের মধ্যে ইঙ্গলণ্ডের মত মদিরার ভাটী বানাইলে কি তাহাতে কার্য্য করিলে ইঙ্গরেজী ১৮০২ সালের ১ আইনের হুকুমের তাবে থাকিবার ও বিশেষ হুকুমের কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ৪ |
| মদিরা প্রস্তুতকরণিয়াদিগের আবকারী মহালের কর্ম্মকারি কালেক্টরইত্যাদি সাহেবের নিকটে ষ্টিলহেডের মাসুল দাখিল করিতে হইবার ও কালেক্টরইত্যাদি সাহেবেরা ইঙ্গরেজী ১৮০২ সালের ২ আইনের দ্বারা জুষ্টিস্ পীস সাহেবদিগকে অর্পণহওয়া ক্ষমতা রাখিবার কথা। .. .... .... .... .... .... | ঐ | ঐ | ৫ |
| বিশেষ কোন২ হুকুম মৌকুফ রাখা আবশ্যক বোধ হইলে ঐ বিষয়ে বিশেষ হুকুম হওনের ও তাহার পরিবর্ত্তে সময়ে২ অন্য যে২ হুকুম আবশ্যক বোধ হয় তাহা দিতে শ্রীযুতের ক্ষমতা থাকনের কথা। | ঐ | ঐ | ৬ |
| মদিরা এদেশহইতে রফ্তানীহওনের সময়ে তাহার মাসুল ফিরিয়া দিবার বিষয়ে যে২ হুকুম চলন আছে ঐ২ হুকুম যে২ প্রকার মদিরার সহিত সম্পর্ক রাখে তাহার কথা। ... .... .... | ঐ | ৩ | ১ |
| ভিন্নাধিকারেতে প্রস্তুতকরা মদিরার উপর ষ্টিলহেডের মাসুল যাবৎ না দেওয়া যায় তাবৎ ঐ মদিরা তথাহইতে বাহিরে না যাইতে পারিবার কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |



ইউরোপীয়

## ইঙ্গরেজী ১৮২৪ সালের আইনের খোলাসা।

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| ইউরোপীয় ভাটীতে প্রস্তুতকরা মদিরা খুজরা বিক্রয়ের অনুমতি পত্র যাহারা পায় তাহারদিগের সরকারেতে যে হারে মাসুল দিতে হইবেক তাহার কথা। .. .... .... .... .... | ৭ | ৪ | ১ |
| সমুদ্রপথে আমদানীহওয়া সকল মদিরা খুজরা বিক্রয়ের মাসুল দিতে হইবার কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| ওয়াইন্ শরাবেরো খুজরা বিক্রয়ের মাসুল দিতে হইবার কথা। | ঐ | ঐ | ৩ |
| ওয়াইন্ শরাব কি মদিরা খুজরা বিক্রয়করণিয়াদিগের অনুমতিপত্র পাইবার পূর্ব্বে খুজরা বিক্রয়ের মাসুল দিবার নিমিত্তে কবুলিয়ৎ ও জামিন দিতে হইবার ও ঐ কবুলিয়তের নিয়মলঙ্ঘনের জরীমানার কথা। .... .... .... .... .... .... | ঐ | ঐ | ৪ |
| অনুমতিপত্র পাওন বিনা কলিকাতার সরহদ্দের বাহিরে ওয়াইন্ শরাব কি মদিরা মোটে বিক্রয় করিতে নিষেধ হওনের ও ঐ অনুমতি পত্রের নিমিত্তে ফীস্ দিতে হইবার কথা। .... .... .... | ঐ | ৫ | ১ |
| ওয়াইন্ শরাব কি মদিরা দুই গ্যালনের কম বিক্রয় খুজরা বিক্রয় জ্ঞান যাইবার কথা। .... .... .... ... .... | ঐ | ঐ | ২ |
| সদর ভাটীতে কি তাহার সরহদ্দের বাহিরে প্রস্তুতকরা মদিরা খুজরা বিক্রয়ের অনুমতিপত্র পৃথক্মতে দেওয়া যাইবার ও বিশেষ হুকুমের কথা। .... .... .... .... .... | ঐ | ৬ | ০ |
| চলিত আইনের যেং কথাতে রাজস্ব তহসীলের ভারাক্রান্ত সাহেব দিগের মদিরাদি মাদক দ্রব্য প্রস্তুত ও বিক্রয়করণের অনুমতিপত্রের মিয়াদ নিরূপণকরণের বাধা জন্মে সেইং কথা রদ হইবার কথা। | ঐ | ৭ | ১ |
| সরকারের কি বোর্ড রেবিনিউর সাহেবদিগের অন্য প্রকার বিশেষ হুকুম হওনব্যতিরেকে মদিরার খুজরা বিক্রয়ের অনুমতিপত্র এক বৎসর মিয়াদের নিমিত্তে দেওয়া যাইবার কথা। .... .... | ঐ | ঐ | ২ |
| সময়েং যেমন উপযুক্ত বোধ হয় সেই মত অনুমতিপত্র ও কবুলিয়তের নিয়ম মতান্তর করিতে ও শুধরিতে বোর্ড রেবিনিউর সাহেব দিগকে ক্ষমতার্পণ হওনের কথা। .. .... .... .... | ঐ | ঐ | ৩ |
| সকল অনুমতিপত্র, ফিরিয়া লওয়া যাইতে পারিবার ও তাহা হইলে বোর্ড রেবিনিউর সাহেবদিগের নিকটে আপীল করিবার অনুমতিদেওনের বিশেষ হুকুমের ও ক্ষতিগ্রস্ত জন হঙ্গামা কি কোন আইনের বিরুদ্ধ কর্ম্ম না করিয়া থাকিলে ঐ সাহেবেরা তাহার | | | |

 ক্ষতিপূরণ

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| ক্ষতিপূরণ পাইবার হুকুম দিতে পারিবার ও আদালতের সাহেব দিগকে ঐ বিষয়ে হাত দিতে নিষেধ হওনের ও কোন২ অবস্থা হইলে বৎসরের শেষহওনের পনের দিন পূর্ব্বে সমাচার দিবার এবং তাহা না দিলে অনুমতিপত্র ও কবুলিয়ৎ বহাল থাকিবার কথা। .... | ৭ | ৭ | ৪ |
| বোর্ড রেবিনিউর সাহেবেরা যে২ মিয়াদ উপযুক্ত বুঝেন সেই২ মিয়াদের নিমিত্তে মদিরাদি প্রস্তুত ও বিক্রয়ের উপর যে মাসুল লওয়া যায় তাহা পাট্টার দ্বারা ইজারা দিবার হুকুম দিতে পারিবার কথা। .... .... .... .... .... .... | ঐ | ৮ | ১ |
| মদিরাইত্যাদি বিক্রয় কি প্রস্তুত করণিয়াদিগের স্থানে বাকীপড়া টাকা উসুল করিবার বিষয়ে যে২ হুকুম চলন আছে সেই২ হুকুম মাসুলের ইজারদারদিগের ও তাহারদিগের জামিনদিগের সহিত সেই মত সম্পর্ক রাখিবার ও মাসুলের ইজারদারদিগের প্রাপ্তব্য বাকী উসুলের নিমিত্তে তাহারদিগকে ক্ষমতার্পণ হওনের বিশেষ হুকুম। .... .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| শ্রীযুতের হজুর কৌন্সেলের অনুমতিবিনা পাঁচ বৎসরের অধিক মিয়াদে দেওয়া অনুমতিপত্র কি পাট্টা অসিদ্ধ হইবার কথা। .... | ঐ | ৯ | ১ |
| বোর্ড রেবিনিউর সাহেবেরা চলিত হুকুমেতে দৃষ্টি রাখিয়া আপনারদিগের তাবে কোন জিলাতে পচুই ও অন্য মদিরাদির কারখানা করিবার হুকুম দিতে পারিবার ও আবশ্যক হইলে ঐ২ হুকুম রদ করিতে ও মতান্তর করিতে পারিবার কথা। .... .... .... | ঐ | ঐ | ৩ |
| বোর্ড রেবিনিউর সাহেবেরা আবশ্যক বুঝিলে স্থাপিত কোন সদর ভাটী মৌকুফ রাখিবার হুকুম দিতে পারিবার ও তাহা হইলে সামান্য হুকুম যে২ বিষয়েতে খাটিবেক তাহার কথা। .. .... | ঐ | ঐ | ৪ |
| বোর্ড রেবিনিউর সাহেবেরা সদর ভাটীতে প্রস্তুতহওয়া মদিরা যে সীমার মধ্যে বিক্রয় হইবেক সেই সীমানিরূপণ করিতে পারিবার কথা। .... .... .... .... .... .... | ঐ | ঐ | ৫ |
| কলিকাতা শহরহইতে দশ মাইলের মধ্যে অনুমতিপত্রবিনা মদিরা কি দ্রাক্ষারসাদি খুজরা বিক্রয়করণনিমিত্তে ব্রিটন দেশজাত প্রজারা যে জরীমানার যোগ্য হইবেক তাহার কথা। .... .... | ঐ | ১০ | ১ |
| দণ্ডের বিষয়ে চলিত হুকুম ব্রিটন দেশজাত এবং অন্য যে সকল লোক কলিকাতাহইতে দশ মাইলের অধিক অন্তর কোন স্থানে অনুমতিপত্রবিনা মদিরা কি দ্রাক্ষারসাদি খুজরা বিক্রয় করে সে | | | |

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| সকল লোকের সহিত সম্পর্ক রাখিবার এবং বৃটন দেশজাতভিন্ন অন্য যে সকল লোক কলিকাতার বাহিরে কোন স্থানে কোন মদিরা খুজরা বিক্রয় করে তাহারদিগেরো সহিত সম্পর্ক রাখিবার কথা। | ৭ | ১০ | ২ |
| নিরূপিত মামুল দেওয়া গিয়া থাকনবোধক পাসব্যতিরেকে নিজ খরচের নিমিত্তভিন্ন বিদেশী কি অন্য কোন মদিরা স্থানান্তর করণিয়াবদের জরীমানার ও বিশেষ হুকুমের কথা। .... .... | ঐ | ১১ | ০ |
| ষ্টিল্‌হেড ডুটি দেওয়া গিয়া থাকনবোধক সর্টিফিকট কালেক্টর সাহেব কেবল এক বৎসরের কারণ দিবার ও দরখাস্ত করিলে তাহার পরিবর্ত্তে আর এক বৎসর মিযাদের নিমিত্তে অন্য সর্টিফিকট দেওয়া যাইবার ও নূতন সর্টিফিকট লওনের নিমিত্তে ফীস্ দিতে হইবার কথা। .... .... .... .... .... | ঐ | ১২ | ১ |
| মদিরার ব্যাপারিরা এক সর্টিফিকটে লিখিত মদিরা অংশক্রমে চালান করিতে মনস্থ করিয়া আসল সর্টিফিকট ফিরিয়া দিলে ও হৃদ্বোধজনক প্রমাণ দিলে যত অংশের নিমিত্তে চাহে তত অংশের নিমিত্তে সর্টিফিকট পাইবার ও তাহা লওনের সময়ে ফীস্ দিতে হইবার কথা। .... .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| কপটক্রমে বিশ্বাসঘাতকতাকরণ প্রমাণ হইলে সদর ভাটীর কার্য্য ভারাক্রান্ত জনেরদের যে জরীমানা হইবেক তাহার কথা। .... | ঐ | ১৩ | ১ |
| অনুমতিপত্র পাওনবিনা দোকান করার সহায়তাকরণ এদেশীয় কোন কার্য্যকারকের প্রতি প্রমাণ হইলে তাহারদিগের যে দণ্ড হইবেক তাহার কথা। . .... .... ... .... | ঐ | ঐ | ২ |
| সম্বাদদেওনিযারা এদেশীয় কার্য্যকারকের অপরাধ প্রমাণ হইলে তাহার জরীমানার অর্দ্ধেক পাইবার ও দ্বেষপ্রযুক্ত ঐ সম্বাদ দিয়া থাকিলে যে জরীমানা হইবেক তাহার কথা। .. .... .... | ঐ | ১৪ | ০ |
| যে নিষেধবিধিক্রমে গাঁজাইত্যাদি বিক্রয় হয় সেই নিষেধবিধিক্রমে চরসও খুজরা বিক্রয় করা যাইতে পারিবার কথা। .... | ঐ | ১৫ | ০ |
| ভূমির অধিকারী কি ইজারদারইত্যাদিরা আপনভূমির সীমার মধ্যে আইনবিরুদ্ধে মদিরাদি মাদক দ্রব্য প্রস্তুত ও বিক্রয় হইতে দেখিয়া শুনিয়া কিছু না কহন প্রমাণ হইলে যে জরীমানার যোগ্য হইবেক তাহার কথা। .. .... .... .... .... | ঐ | ১৬ | ২ |
| উপরের প্রকরণের উক্ত বিষয়ের মোকদ্দমা কালেক্টরসাহেবের বিচার্য্য হইবার এবং চলিত আইনের হুকুমানুসারে তাহার বিচার | | | |



করা

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| করা যাইবার ও তাহাতে গ্রেপ্তারীর পরওয়ানা না দিবার বিশেষ হুকুমের কথা। .... .... .... .... .... | ৭ | ১৬ | ৩ |
| ঐ বিষয়েতে যেং প্রকার করিতে হইবেক তাহার অন্য বিশেষ হুকুমের কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ৪ |
| কোনং সরহদ্দের মধ্যে আইনবিরুদ্ধে রাখা মদিরা ও আফীনইত্যাদি ধরিতে সরকারের কার্য্যকারকদিগকে এবং অন্য কোন জনেরদিগকে হুকুম দিতে শ্রীযুতের হজুর কৌন্সেলেতে ক্ষমতা থাকিবার কথা। | ঐ | ১৭ | ১ |
| তাহা হইলে যে প্রকার কার্য্য করিতে হইবেক তাহার কথা। .. | ঐ | ঐ | ২ |
| আইনবিরুদ্ধে পোস্তের ক্ষেত করিতে প্রবৃত্তি কি পরামর্শ দেওনিয়াদিগের যে দণ্ড হইবেক তাহার কথা। .... .... .... | ঐ | ১৮ | ১ |
| এদেশীয় কর্ম্মকারিদিগকে উপরের লিখিত অপরাধের কার্য্যের নিবারণের সাহায্য করিতে হুকুমহওনের ও কর্ত্তব্য কার্য্যে তাচ্ছল্য করিলে যে জরীমানা হইবেক তাহার কথা। .. .... .... | ঐ | ঐ | ২ |
| পাটওয়ারীদিগেরো তত্তুল্য জরীমানা হইবার কথা। .. .... | ঐ | ঐ | ৩ |
| জব্দহওয়া আফীনের মূল্য জরীমানার সম্পূর্ণ টাকার তুল্য না হইলে যাহা করিতে হইবেক তাহার কথা। .. .... .... | ঐ | ঐ | ৪ |
| যাহারা পোস্তের ক্ষেত করণিয়াদিগের কি সরকারের তরফ হইতে আফীনের কার্য্যের ভারপ্রাপ্তদিগের স্থানে আইনবিরুদ্ধ আফীন ক্রয় কি বিক্রয় করণের চুক্তি করে কি তাহারদিগকে তাহা ছাপাইয়া রাখিতে প্রবৃত্তি দেয় তাহারদিগের যে জরীমানা হইবেক তাহার ও আইনবিরুদ্ধে ক্রয়করা কি ক্রয়ার্থে চুক্তিকরা আফীনের মূল্য দেড় হাজার টাকার কম হইলে যাহা করিতে হইবেক তাহার বিশেষ হুকুমের কথা। .. .... .... .... .... | ঐ | ঐ | ৫ |
| সরকারের এদেশীয় কার্য্যকারকদিগকে আইনবিরুদ্ধ আফীন ক্রয় কি বিক্রয় করণের কি রাখণের নিবারণ শক্তিক্রমে করিতে হুকুম হওনের ও জানিয়া শুনিয়া কিছু না বলনের কি কর্ত্তব্য কার্য্যে তাচ্ছল্যকরণের জরীমানার কথা। .... .... .... .... | ঐ | ঐ | ৬ |
| নিষিদ্ধ আফীন ধরিতে যে কোন লোক বলক্রমে সরকারের কার্য্যকারকের প্রতিবন্ধকতা করে তাহার শাস্তির কথা। .... .... | ঐ | ঐ | ৭ |
| কার্য্যকারকেরা নিষিদ্ধ আফীন ধরিতে প্রতিবন্ধকতা হইবার সম্ভাবনা করিলে যাহা করিবেক তাহার কথা। .. .... .... | ঐ | ঐ | ৮ |

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| নিষিদ্ধ আফীন ধরণের ভাল মন্দের জওয়াব তাহা ধরণিয়াদিগের দিতে হইবার কথা। .... .... .... .... .... | ৭ | ১৮ | ৯ |
| বেহার ও বারাণসের আফীনের এজেণ্টসাহেবদিগ্‌কে ইঙ্গরেজী ১৮১৬ সালের ১৩ আইনের লিখনক্রমে ভূমির মালগুজারীর কালেক্টরসাহেবদিগ্‌কে অর্পণহওয়া জজের ন্যায় ক্ষমতার্পণের কথা। .... .... .... .... .... .... | ঐ | ১৯ | ১ |
| ঐ ক্ষমতার কার্য্য কষ্টম ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবদিগের অধীনতায় করিবার কথা। .. .... .... .... | ঐ | ঐ | ২ |
| বৈদ্য কর্ম্মকারি সাহেবেরা মালগুজারীর কালেক্টর কি আফীনের এজেণ্টসাহেবের হুকুম পাইলে জব্দহওয়া সমস্ত আফীনের রকম লিখিয়া রিপোর্ট করিবার কথা। .... .... .... | ঐ | ২০ | ০ |
| আফীনের এজেণ্টসাহেবেরা আপনারদিগের কার্য্যকারক কি হুকুমের তাবে লোকদিগের দ্বারা ধরা যাওয়া কি জব্দহওয়া আফীনের কারণ যে পুরস্কার পাইতেন তাহা এক্ষণে না পাইবার ও অন্য কার্য্যকারক সাহেবেরা যে পুরস্কার পাইতেন তাহা মৌকুফহওনের বিশেষ হুকুমের কথা। .. .... .... .... .... | ঐ | ২১ | ১ |
| জব্দহওয়া উৎকৃষ্ট আফীনের উপর সমাচারদেওনিয়ারা ও তাহা ধরণিয়ারা এদেশীয় কার্য্যকারকেরা যে২ ইনাম পাইবেক তাহার বিশেষ কথা। .. .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| বাণিজ্যযোগ্য আফীন ধরার ইনামের কথা। .... .... | ঐ | ঐ | ৩ |
| অপকৃষ্ট আফীন ধরণের ইনামের কথা। .. .... .... | ঐ | ঐ | ৪ |
| পূর্ব্বোক্ত মত হইলে সমাচারদেওনিয়ারা জরীমানার এবং নৌকা ও গাড়ী ও পশুইত্যাদি যে কোন দ্রব্য নিষিদ্ধ আফীনের সহিত ধরা যায় তাহার মূল্যের অর্দ্ধেক পাইবার ও এদেশীয় কার্য্যকারকেরা তাহার সিকী পাইবার কিন্তু সমাচার দেওনব্যতিরেকে এদেশীয় কার্য্যকারকদিগের দ্বারা আফীন ধরা গেলে ঐ কার্য্যকারকেরা জরীমানার ও দ্রব্যের মূল্যের টাকার চারি অংশের তিন অংশ পাইবার কথা। .. .... .... .... .... .... | ঐ | ঐ | ৫ |
| অকর্ম্মণ্য আফীন ধরণের ইনাম কিছু মাত্র না দেওয়া যাইবার কথা। .... .... .... .... .... .... | ঐ | ঐ | ৬ |
| কালেক্টরসাহেবইত্যাদি এই আইনানুসারে হওয়া জরীমানার টাকা উসুলকরণের নিমিত্তে যাহা করিবেন তাহার কথা। .... | ঐ | ২২ | ০ |

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| আফীনের এজেণ্টসাহেবেরা ও তাঁহারদিগের নায়েব সাহেবেরা কর্ত্তব্য কর্ম্মের অকরণ কি উপদ্রবকরণ হেতুক এদেশীয় আমলাদিগ্কে শাস্তি দিতে পারিবার কথা। .. .... .... .... | ৭ | ২৩ | ১ |
| ভূমির মালগুজারীর কালেক্টরসাহেবদিগ্কে অর্পণকরা ক্ষমতা ক্রমে পোস্তের ক্ষেতকরণিয়াদিগের শিরে পড়া বাকী টাকা তাহারদিগের ভূমি ক্রোক্ ও বিক্রয়ের দ্বারা উসুল করা যাইবার কথা। .. | ঐ | ঐ | ২ |
| অনুমতিপত্র না পাওয়া কলিকাতানিবাসি জনেরা কষ্টম ও নিমক ও আফীনের বোর্ডের সেক্রেটারিসাহেবের সর্টিফিকটব্যতিরেকে আপন নিকটে এক পৌণ্ডের অধিক আফীন রাখিতে না পারিবার ও কলিকাতাতে সরকারী কোন নীলামেতে খরীদ হইয়া থাকন ঐ সর্টিফিকটব্যতিরেকে এক পৌণ্ডের অধিক বিদেশী আফীন পাওয়া গেলে তাহার জরীমানার কথা। .. .... .. . .... | ঐ | ২৪ | ১ |
| ঐ২ সর্টিফিকটে যাহা২ লিখিতে হইবেক ও তাহা যাহার দ্বারা রেজিষ্টরী হইবেক তাহার কথা। .. .... .... .. | ঐ | ঐ | ২ |
| সর্টিফিকটের দ্বারা রাখা আফীন সমুদ্রপথে রফ্তানীকরণিয়াদিগের যে কার্য্য করিতে হইবেক তাহার ও ঐ হুকুমলঙ্ঘনকরণের জরীমানার কথা। .... .... .... .... .... .... | ঐ | ঐ | ৩ |
| সর্টিফিকট কেবল এক বৎসর থাকিবার কিন্তু বৎসর অতীত না হইতে দাখিল করা গেলে বোর্ডের বিবেচনানুসারে নূতন সর্টিফিকট দেওয়া যাইবার ও বৎসরান্তে নূতন না করা গেলে সর্টিফিকট অকর্ম্মণ্য ও বৃথা হইবার কথা। .... .... .... .... | ঐ | ঐ | ৪ |
| ইষ্টাম্প্কাগজের বিষয়। | | | |
| জলীয় অঙ্কবিশিষ্ট।০ চারি আনার অনূর্দ্ধ মূল্যের ইষ্টাম্প্কাগজে তাহা প্রামাণ্যহওনের দস্তখৎকরণের আবশ্যক না হইবার কথা। | ১৬ | ২ | ০ |
| কোন২ হুকুম রদহওনের কথা। .... .... .... | ঐ | ৩ | ০ |
| কোন২ প্রতিজ্ঞাপত্র ও নিদর্শনপত্র ও লেখাপড়ার নিমিত্তে নূতন ইষ্টাম্পের মূল্যনিরূপণের কথা। .. .... .... .... | ঐ | ৪ | ০ |
| ভূমির মূল্যনিরূপণের কথা। .... .... .... .... | ঐ | ৫ | ০ |
| উপযুক্ত ইষ্টাম্প ছাপা না হওয়া কাগজ কোন বিষয়ে ব্যবহার করিলে যে দণ্ড হইবেক তাহার কথা। .... .... .... | ঐ | ৬ | ১ |



কিম্বা

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| কিম্বা কোম্পানির অধিকারভিন্ন অন্য স্থানে কপটক্রমে তাহা সিদ্ধহওনের কার্য্য করিয়া আজ্ঞার অতিক্রম করিলে যে দণ্ড হইবেক তাহার কথা। .. .... .... .... .... .... | ১৩ | ৬ | ২ |
| উপযুক্ত ইষ্টাম্পযুক্তভিন্ন অন্য কাগজে লেখা ও সিদ্ধকরা কোন প্রতিজ্ঞাপত্রাদি কোন আদালতে গ্রাহ্য না হইবার কথা। .... | ঐ | ঐ | ৩ |
| বিদেশী হুণ্ডী নিরূপিত ইষ্টাম্পকাগজে লেখা না গেলে তাহার টাকা না পাওয়া যাইবার কথা। .. .... .... .... | ঐ | ঐ | ৪ |
| যাহারা ইষ্টাম্পকাগজভিন্ন অন্য কাগজে লেখা প্রতিজ্ঞাপত্রাদি রাখে তাহারা তাহার উপর ইষ্টাম্প ছাপা করাইবার নিয়মের ও ত্রিশ দিনের মধ্যে হইলে যাহা হইবেক তাহার ও ত্রিশ দিনের মধ্যে না হইলে যাহা হইবেক তাহার কথা। .... .... .... | ঐ | ঐ | ৫ |
| উপযুক্ত মূল্যের কম মূল্যের ইষ্টাম্পকাগজআদিতে ইষ্টাম্পকাগজে লিখিতে হইবার কোন লেখাপড়া করিলে যে জরীমানা হইবেক তাহার কথা। .. .... .... .... .... .... | ঐ | ঐ | ৬ |
| দৈবঘটনায় কি অনবধানতায় ভ্রান্তি হইলে তাহার বিষয়ের বিশেষ হুকুমের কথা। .. .... .... .... .... | ঐ | ঐ | ৭ |
| এই আইন নির্দ্দিষ্টহওনের পূর্ব্বে ইষ্টাম্প ছাপা না হওয়া কাগজ আদিতে লিখিত প্রতিজ্ঞাপত্রাদির উপর ইষ্টাম্প ছাপা করিবার হুকুম দিতে বোর্ডের সাহেবদিগের ক্ষমতা থাকিবার কথা। .... | ঐ | ঐ | ৮ |
| ঐ২ বিষয়েতে দরখাস্ত করা যাইবার মতের কথা। .. .... | ঐ | ঐ | ৯ |
| উপযুক্ত ইষ্টাম্প ছাপা না হওয়া কাগজআদিতে লিখিত পত্রাদির বিষয়ে যে জরীমানা দিতে হইবেক তাহার কথা। .... .... | ঐ | ৭ | ১ |
| উকীলইত্যাদিরা উপযুক্ত ইষ্টাম্প ছাপা না হওয়া কাগজআদিতে কাহারু কোন লেখাপড়া করিলে তাহারদিগের যে জরীমানা দিতে হইবেক তাহার কথা। .. .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| মূল্যের আধিক্যেতে কোন দোষ না হইবার কথা। .... | ঐ | ৮ | ১ |
| শ্রীযুত যে কাগজে ও যে প্রকারে হুকুম করেন্ সেই কাগজে ও সেই প্রকারে ইষ্টাম্প ছাপান যাইবার কথা। .... .... | ঐ | ৯ | ১ |
| বোর্ড রেবিনিউর সাহেবেরা উপযুক্ত ছেনি প্রস্তুত করিতে হুকুম দিবার কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |



শ্রীযুতের

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| শ্রীযুতের বিবেচনাক্রমে প্রত্যেক জিলাতে ইষ্টাম্প আফীসের কর্ম্ম নির্ব্বাহার্থে লোক নিযুক্ত ও তাহারদের বেতন নিরূপণহওনের ও ইষ্টাম্পকাগজ বিক্রয়করণিয়াদিগের নিযুক্তহওনের বিষয়ের হুকুম শুপরণের ও ইষ্টাম্পকাগজ বিক্রয়করণিয়াদিগের নিযোজন যে প্রকারে হইবেক তাহার ও নিযোজনের নিযমের কথা। .... .... | ১৬ | ১০ | ০ |
| বিক্রয়করণিয়ারা সকল লোককে জানাইবার নিমিত্তে ইষ্টাম্পের মূল্যের তফসীলের নকল ও আপনারদিগের অনুমতিপত্র লটকাইয়া রাখিবার ও তদতিরিক্ত আপনারদিগের নিযুক্তহওনের কথা প্রচারার্থে হুকুমমতে ইশ্তিহারনামা লট্‌কাইয়া রাখিবার ও তাহা না করিলে যে জরীমানা হইবেক তাহার কথা। .. .... . . | ঐ | ১১ | ১ |
| ইষ্টাম্পকাগজ বিক্রয়করণিয়ারা আপনারদিগের বিক্রয়করা ইষ্টাম্পকাগজআদির পৃষ্ঠে আপন২ নামদস্তখৎ করিবার ও তাহা না করিলে যে জরীমানা হইবেক তাহার ও তারিখ মিথ্যা লিখিলে যে জরীমানা হইবেক তাহার কথা। .. .... . . .... | ঐ | ঐ | ২ |
| বিক্রয়করণিয়ারা অনুপযুক্ত মূল্যেতে ইষ্টাম্পকাগজআদি বিক্রয় না করিবার ও পূর্ণ মূল্য না পাইয়া ইষ্টাম্পকাগজআদি বিক্রয় করিলে কি দিলে যে জরীমানা হইবেক তাহার ও অনুপযুক্ত মূল্য দিয়া ক্রয় করিলে যে জরীমানা হইবেক তাহার কথা। .... .... | ঐ | ঐ | ৩ |
| কাগজ দিতে অসম্মত হইলে কি বিলম্ব করিলে যে জরীমানা হইবেক তাহার কথা। .... ... .... ... .... | ঐ | ঐ | ৪ |
| কোন বিক্রয়করণিয়া আপন বিক্রয়করা কোন কাগজআদির মূল্য নিরূপিতহইতে অধিক না লইবার ও উপযুক্তহইতে অধিক মূল্য লইলে কি চাহিলে যে জরীমানা হইবেক তাহার কথা। .... | ঐ | ঐ | ৫ |
| বিক্রয়করণিয়াদিগের হিসাব রাখিতে হইবার ও বিক্রয়করণিয়ারা আপনারদিগের ইষ্টাম্পকাগজআদি বিক্রয় করাতে পাওয়া টাকা বিনাকসুরে দাখিল করিবার কথা। .... .... .... | ঐ | ঐ | ৬ |
| হিসাব দাখিল করিতে অসম্মতহওনের কি ত্রুটিকরণের জরীমানার কথা। .... .... .... .... .... .... | ঐ | ঐ | ৭ |
| হিসাব ও মৌজুদথাকা কাগজআদি দৃষ্টি ও তজবীজ করিতে কালেক্টরসাহেবকে না দিলে যে জরীমামা হইবেক তাহার কথা। .. | ঐ | ঐ | ৮ |
| কর্ম্ম ত্যাগ করিলে কি কর্ম্মচ্যুত হইলে ইষ্টাম্পকাগজআদি ও হিসাব দাখিল করিতে হইবার কথা। .... .... .... | ঐ | ঐ | ৯ |



বিক্রয়করণিয়ার

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| বিক্রয়করণিয়ার মৃত্যু হইলেও ঐ মত করিতে হইবার কথা। | ১৬ | ১১ | ১০ |
| বাকীথাকা টাকা ও কাগজের নিমিত্তে কালেক্টরসাহেবের নালিশ করিতে হইবার কথা। | ঐ | ঐ | ১১ |
| কালেক্টরসাহেব তালাশীর পরওয়ানা দিতে পারিবার কথা। | ঐ | ঐ | ১২ |
| উপযুক্তরূপে পৃষ্ঠে দস্তখৎ না থাকা কাগজ দাখিল করিলে কি বহীতে খেলাইলে যে জরীমানা হইবেক তাহার ও কৃত্রিম ইষ্টাম্প কাগজে লেখা কাগজ দাখিল হইলে যে কার্য্য করিতে হইবেক তাহার কথা। | ঐ | ১২ | ১ |
| যে লোকেরা জানিতে পায় যে আপনারদিগের নিকটে কৃত্রিম ইষ্টাম্পকাগজে লেখা কাগজ আছে তাহারদিগের যাহা করিতে হইবেক তাহার কথা। | ঐ | ঐ | ২ |
| যেং মতে দণ্ডের বিষয়ে বোর্ডের সাহেবদিগের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক তাহার কথা। | ঐ | ১৩ | ১ |
| বিক্রয়করণিয়া ও দেওনিয়াদিগের জরীমানার টাকা ও তাহারদিগের স্থানে বাকীথাকা টাকা উসুল করা যাওনের মতের কথা। | ঐ | ঐ | ২ |
| উপরের লিখিত জরীমানাব্যতিরেকে অন্য জরীমানা উসুল করা যাওনের মতের ও বোর্ড রেবিনিউর সাহেবদিগের জরীমানা মাফ করণের ক্ষমতা থাকিবার কথা। | ঐ | ঐ | ৩ |
| সম্বাদদেওনিয়ার ইনামের কথা। | ঐ | ঐ | ৪ |
| কোন জন ইষ্টাম্পকাগজ হস্তান্তরকরণের বিষয়ের হুকুম শুধরণের ও ইষ্টাম্পকাগজ হস্তান্তরকরা যাওনের মতের কথা। | ঐ | ১৪ | ০ |
| উত্তর কালের কার্য্যের নিমিত্তে যে লোকেরদের ইষ্টাম্পকাগজ আদি আবশ্যক হয় তাহারা তাহা পাইবার মতের কথা। | ঐ | ১৫ | ১ |
| যাহারা কাগজে ইষ্টাম্প ছাপা করাইয়া লইতে চাহে তাহারদের রসীদ উপস্থিতকরণের কথা। | ঐ | ঐ | ২ |
| সুপরিণ্টেণ্ডেণ্টসাহেব অন্য কাহারু উপস্থিতকরা কাগজে ইষ্টাম্প ছাপা করাইতে হইলে তাহার বিবেচনা ও নিশ্চয় করিবার কথা। | ঐ | ঐ | ৩ |
| যাহা হইলে ছুট দিতে ও তাহা শতকরা যত দিতে হইবেক তাহার কথা। | ঐ | ঐ | ৪ |

## ইঙ্গরেজী ১৮২৪ সালের আইনের খোলাসা।

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| বোর্ডের সাহেবেরা উপরের লিখিত নিয়মানুসারে বিক্রয়করণিয়া দিগের ইষ্টাম্পকাগজআদি দিতে হুকুম দিতে পারিবার কথা। .. | ১৬ | ১৫ | ৫ |
| উপযুক্ত সর্টিফিকট পাওনব্যতিরেকে কোন জনের উপস্থিতকরা কাগজে ইষ্টাম্প ছাপা করাইলে যে জরীমানা হইবেক তাহার ও পুরা মূল্য না পাইয়া সর্টিফিকট দেওনেরো জরীমানার কথা। .... | ঐ | ঐ | ৬ |
| অনুপযুক্তরূপে ইষ্টাম্প ছাপা করাইলে কি সর্টিফিকট দেওয়া হইলে যে জরীমানা হইবেক তাহার কথা। .... .... .... | ঐ | ঐ | ৭ |
| দৈবঘটনাতে নষ্টহওয়া ইষ্টাম্পকাগজআদি পুনর্ব্বার পাওয়া যাই বার কথা। .... .... .... .... .... .... | ঐ | ১৬ | ১ |
| ময়লাহওয়াতে কি অন্যরূপে নষ্টহওয়া ইষ্টাম্পকাগজআদিও পুনর্ব্বার পাওয়া যাইবার কথা। .. .... .... .... | ঐ | ঐ | ২ |
| ঐ প্রকার হইলে ইষ্টাম্পকাগজআদির মালিক যেরূপে দরখাস্ত করিবেক তাহার কথা। .. .... .... .... .... | ঐ | ঐ | ৩ |
| নষ্ট কি অকর্ম্মণ্যহওয়া ইষ্টাম্পকাগজআদির মূল্য দশ টাকা কি তাহার ঊর্দ্ধ হইলেই উপরের উক্ত অনুগ্রহ প্রকাশ হইবার ও দর খাস্তকরণের সময়নিরূপণের কথা।.. .... .... .... | ঐ | ঐ | ৪ |
| বোর্ডের সাহেবেরা ও কালেক্টরসাহেবেরা ও ইষ্টাম্পের সুপরি ণ্টেণ্ডেণ্টসাহেব দিব্য করাইতে ক্ষমতাপন্ন হইবার কথা। .... | ঐ | ১৭ | ০ |
| বিক্রয়করণিয়া হুকুম পাইলে আপন হিসাবের সত্যতার নিমিত্তে দিব্য করিবার কথা। .... .... .... .... .... | ঐ | ১৮ | ০ |
| ইঙ্গরেজী ১৮১৪ সালের ১০ আইন শুধরণের কথা। .... | ঐ | ১৯ | ১ |
| কোম্পানি বাহাদুরের তেজারতের সিরিশ্তার সম্পর্কীয় কোন বিষয়ে যে নিদর্শনপত্র ও লেখা পড়া হয় তাহা সামান্য লোকদি গের নিমিত্তে হুকুম করা মূল্যের কাগজআদিতে লিখিতে হইবার কথা। .... .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| **সদর আমীনের বিষয়।** | | | |
| ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৩ আইনের ও ১৮২১ সালের ২ আই নের কোন২ কথা রদ হওনের কথা। .... .... .... | ১৩ | ২ | ১ |
| ফীসের পরিবর্ত্তে সদর আমীনেরা মাহিয়ানা পাইবার কথা। .. | ঐ | ঐ | ২ |

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| ইঙ্গরেজী ১৮১৭ সালের ২৩ আইনের ২ ধারার ও ১৮১৭ সালের ৩ আইনের ৪ ধারার কোন২ কথা রদ হওনের কথা। .. | ১৩ | ৩ | ১ |
| প্রথমতঃ কি আপীলরূপে উপস্থিতহওয়া যেং মোকদ্দমা সদর আমীনদিগের নিকটে সোপর্দ্দ হয় রাজীনামার দ্বারা তাহা রফা হইলে ইষ্টাম্পের মূল্য ফিরিয়া দেওয়া যাইবার মতের কথা। .... | ঐ | ঐ | ২ |
| ইষ্টাম্পের মূল্য ফিরিয়া পাওনের যোগ্য লোকেরা যত ফিরিয়া পাইতে পারে সদর আমীনেরা মাসং তাহার ফর্দ্দ দাখিল করিবার কথা। .... .... .... .... .... .... | ঐ | ঐ | ৩ |
| ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৩ আইনের ৬৮ ধারার ও ২৮ আইনের ৬ ধারার লিখিত কোন২ কথা রদ হইবার কথা। .... | ঐ | ৪ | ১ |
| জজসাহেব যোত্রহীনরূপে উপস্থিতকরা মোকদ্দমা সদর আমীনের নিকটে সমর্পণ করিতে পারিবার কথা। .... .... .... | ঐ | ঐ | ২ |
| ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৮ আইনের কোন২ কথা সদর আমীনকে সমর্পণহওয়া আপীলের মোকদ্দমার ও বিস্লাণ্ডেণ্টের সহিত সম্পর্ক রাখিবার ও বর্জনীয়ের কথা। .... .... .... | ঐ | ঐ | ৩ |
| ঐ আইনের ৫ ধারার লিখিত হুকুম সদর আমীনেরদের সহিত সম্পর্ক রাখিবার কিন্তু জজ কি রেজিষ্টরসাহেবের অনুমতিব্যতিরেকে যোত্রহীনের মোকদ্দমা গ্রাহ্যহওনের চূড়ান্ত হুকুম দিতে না পারিবার কথা। .... .... .... .... .... .... | ঐ | ঐ | ৪ |
| ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৩ আইনের ৭৬ ধারার ২ ও ৩ ও ৪ ও ৫ ও ৬ প্রকরণের লিখিত সমুদয় কথা এই আইনের দ্বারা রদহওয়া ৫ প্রকরণব্যতিরেকে বহাল থাকিবার ও বিশেষ হুকুমের কথা। | ঐ | ৫ | ০ |
| **সরাসরী মোকদ্দমার বিষয়।** | | | |
| পূর্ব্বের আইনের কোন ২ কথা শুধরিবার কথা। .. .... | ১৪ | ২ | ১ |
| কোন জজসাহেব ইঙ্গরেজী ১৮১৭ সালের ১৯ আইনের ১৩ ধারানুসারে সরাসরীমতে উপস্থিতহওয়া কোন মোকদ্দমা বিচার ও নিষ্পত্তির নিমিত্তে কালেক্টরসাহেবকে সোপর্দ্দকরণের সময়ে নিরূপিত মিয়াদের মধ্যে তাহা নিষ্পত্তি করিবার ও তাহার রিপোর্ট পাঠাইবার হুকুমনামার দ্বারা সোপর্দ্দ করিবার ও না হইলে তাহার হেতু লিখিবার কথা। .. .... .... .... .... | ঐ | ঐ | ২ |

## ইঙ্গরেজী ১৮২৪ সালের আইনের খোলাসা।

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| অনেক বিলম্ব হইলে জজসাহেব কালেক্টরের নিকটহইতে মোকদ্দমা তলব করিয়া লইতে পারিবার কথা। .... .... .... | ১৪ | ২ | ৩ |
| উপরের ধারানুসারে সমর্পিত মোকদ্দমা সরাসরীমতে নিষ্পত্তি করিতে কালেক্টরসাহেবের ক্ষমতার কথা। ... .... | ঐ | ৩ | ০ |
| কালেক্টরসাহেবেরা ঐ মোকদ্দমার নিষ্পত্তি যে ক্রম দৃষ্টি রাখিয়া করিবেন তাহার ও হাজির হইবার হুকুম দিবার বিষয়ে দেওয়ানী আদালতেতে যে ক্ষমতা আছে সেই হুকুম জারীকরণ ব্যতিরেকে কালেক্টরসাহেব সেই ক্ষমতা রাখিবার কথা। .... | ঐ | ৪ | ০ |
| যে আদালতের জজসাহেবের দ্বারা মোকদ্দমা সোপর্দ্দ হইয়া থাকে তাঁহার নিকটে কালেক্টরসাহেব তাহার নিষ্পত্তির সকল রোয়েদাদ জানাইবার ও কালেক্টরসাহেবের নিষ্পত্তি জজসাহেবের দ্বারা জারী হইবার কথা। .... .... .... .... | ঐ | ৫ | ০ |
| ঐ উভয় বিবাদিরা আপন২ সম্মত উকীল কি প্রতিনিধি নিযুক্ত করিতে পারিবার ও উকীলের মেহনতানা সে ও তাহার নিয়োক্তা থাকিয়া চুকাইবার কথা। .... .... .... .... | ঐ | ৬ | ০ |
| নালিশী আরজী ও তাহার জওয়াবব্যতিরেকে আর কোন সওয়াল ও জওয়াব না লওয়া যাইবার কথা। ... .... .... | ঐ | ৭ | ০ |
| সওয়াল ও জওয়াবইত্যাদি ॥০ আট আনা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবার ও দরপেশকরা কাগজের উপর ফীস্ না লওয়া যাইবার কথা। .. .... ... .... .... | ঐ | ৮ | ০ |
| মোকদ্দমার বিচার সকল লোকের সমক্ষে যদি হয় তবে কালেক্টরসাহেব জিলার যে যে স্থানেতে তাহার নিষ্পত্তি করিতে পারিবার কথা। .. .... .... .... .... .... | ঐ | ৯ | ০ |
| তাহাতে অসম্মত হইলে দেওয়ানী আদালতে জাবেতামতে নালিশ করিতে পারিবার কথা। .... .... .... .... | ঐ | ১০ | ০ |
| নৌকাদি চলনের মামুলের বিষয়। | | | |
| ইঙ্গরেজী ১৮১৩ সালের ৪ আইন রদের কথা। .... .... | ৮ | ২ | ১ |
| বোর্ড রেবিনিউর সাহেবদিগের অধীনতায় সরকারের কার্য্যকারকের দ্বারা ভাগীরথী ও জলঙ্গী ও ইছামতি ও মাতাভাঙ্গা ও চুর্ণী নদী দিয়া গমনাগমনকরণের নৌকা ও কাষ্ঠ ও মাড়ইত্যাদির উপর নিরূপিত হারে মামুল লওয়া যাইবার কথা। .... .... | ঐ | ঐ | |



ঐ মামুল

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| ঐ মামুল তহসীলের কালেকৃটরসাহেবদিগের নীচে এদেশীয় আমলা নিযুক্ত হইবার এবং ভূমির মালগুজারীর কালেকৃটরসাহেবেরা আপনং আমলা নিযুক্তকরণ ও তগীরকরণ ও তাহারদিগের শাস্তি দেওনের বিষয়ে যে ক্ষমতা রাখেন্ সেই ক্ষমতা ঐ কালেক্‌টর সাহেব রাখিবার কথা। .... .... .... .... .... | ৮ | ৩ | ০ |
| ঐ নদী দিয়া যাওয়া আসা নৌকায় বোঝাইথাকা বস্তু আমদানী কি রফ্তানী হউক ঐ সকল নৌকার উপর মামুল লওয়া যাইবার কথা। .... .... .... .... .... .... | ঐ | ৪ | ০ |
| নৌকাইত্যাদি বোঝাইয়ের যেং পরিমাণের উপর নিরূপিত মামুল লওয়া যাইবেক তাহার নিরূপণের নিয়মের কথা। .... .... | ঐ | ৫ | ০ |
| ৫০ পঞ্চাশ মোনের অনূর্দ্ধ ওজনী নৌকা পচিশমোনী গণনা করা যাইবার ও তদনুসারে তাহার মামুল লওযা যাইবার কথা। ... | " | ঐ | ১ |
| পচাত্তর মোনের অনূর্দ্ধ ওজনী নৌকা পঞ্চাশমোনী গণনা করা যাইবার ও তদনুসারে তাহার মামুল লওয়া যাইবার কথা। ... | এ | ঐ | ২ |
| এক শত মোনের অনূর্দ্ধ ওজনী নৌকা পঁচাত্তর মোনী গণনা করা যাইবার ও তদনুসারে তাহার উপর এবং পাঁচ শত মোনপর্য্যন্ত তৎক্রমানুসারে মামুল লওয়া যাইবার ও পাঁচ শতের উপর হাজার মোন পর্য্যন্ত বাদ দেওনের পরিমাণ পঞ্চাশ মোন এবং হাজার মোনের অনূর্দ্ধ হইলে এক শত মোন বাদ পড়িবার কথা। .... .... | ঐ | ঐ | ৩ |
| একের অধিক নৌকা কি মাড়ে কুড়িটার অধিক কাষ্ঠ ঐ নদী দিয়া না চালাইবার কথা। .... ... .... .... .... | ঐ | ৬ | ১ |
| ১২ টা কাষ্ঠের অধিক বহনীয় কোন নৌকা কি মাড় কোন সময়ে ও ১ দিসেম্বরঅবধি ১ জুলাইপর্য্যন্ত ছয়টা কাষ্ঠের অধিক বহনীয় নৌকা কি মাড় ঐং নদীতে প্রবেশ করিতে না পাইবার কথা। .... | ঐ | ঐ | ২ |
| উপরের লিখিত হুকুমলঙ্ঘনের জরীমানার ও যাহাং হইলে কালেক্‌টরসাহেব প্রাপ্তব্য মামুল কি জরীমানার টাকা আদায় না হওন পর্য্যন্ত নৌকা ও মাড়ইত্যাদি আটক করিতে ক্ষমতা রাখেন্ তাহার কথা। .. .... .... ........ .... .... | ঐ | ঐ | ৩ |
| তাহা হইলে কালেক্‌টরসাহেব বোর্ড রেবিনিউর সাহেবদিগের নিকটে রিপোর্ট করিবার এবং ঘোষণার দ্বারা তাহা দিবার তারিখ হইতে পনের দিনের পরে ঐ দ্রব্য নীলাম হইবার কথা জানাইবার ও | | | |



বোর্ড

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| বোর্ড রেবিনিউর সাহেবদিগের অনুমতি না হওনপর্য্যন্ত কোন দ্রব্য নীলাম না হইবার কথা। .... .... .... .... | ৮ | ৬ | ৪ |
| কালেক্টরসাহেবের চৌকীর নৌকা নিকটে গেলে মাসুল না দিয়া নৌকাদি চালাইতে উদ্যত হওনের জরীমানার কথা। .. .... | ঐ | ৭ | ০ |
| নদীর সুপরবাইজরসাহেবের কর্ত্তব্য কর্ম্ম ও ক্ষমতা নিরূপণের ও ঐ প্রকার ক্ষমতা কালেক্টরসাহেবদিগকে অর্পণহওনের বিশেস হুকুমের কথা। .... .... .... .... .... | ঐ | ৮ | ১ |
| সুপরবাইজরসাহেব সরকারহইতে অন্য প্রকার হুকুম না পাইলে পূর্ব্ব দেশের বোর্ড রেবিনিউর সাহেবেরদিগের হুকুমানুসারে কার্য্য করিবার কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| এবং ঐ নদী দিয়া নৌকা গমনাগমনের বাধাজনক বৃক্ষ ও ডুবা নৌকা কি কাষ্ঠের মাড়ইত্যাদি কাটিয়া কি উঠাইয়া ফেলিতে ক্ষমতা রাখিবার কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ৩ |
| ঐ বৃক্ষাদি যে প্রকারে উঠাইয়া ফেলা যাইবেক তাহার কথা। .. | ঐ | ঐ | ৪ |
| যাহা হইলে বৃক্ষাদি উঠাইয়া ফেলিবার পূর্ব্বে সুপরবাইজর সাহেব তাহার মালিককে খবর দিবেন কি তাহা উঠাইয়া লইবার নিমিত্তে ইশতিহারনামা লটকাইবেন তাহার কথা। .... .... | ঐ | ঐ | ৫ |
| উপযুক্তরূপে খবরদেওনের পরে বৃক্ষাদির মালিক তাহা উঠাইয়া লইতে ত্রুটি করিলে সুপরবাইজরসাহেব তাহা উঠাইয়া ফেলিবার কি বিক্রয় করিবার কথা। .... .... .... .... | ঐ | ঐ | ৬ |
| অত্যাবশ্যক হইলে সুপরবাইজরসাহেব মালিককে খবরদেওন বিনা বৃক্ষাদি উঠাইয়া ফেলিবার হুকুম দিবার ও ঐ২ প্রকার হইলে যাহা করিতে হইবেক তাহার বিশেষ হুকুমের কথা। .. .... | ঐ | ঐ | ৭ |
| যাহা হইলে নদীর নিকটবর্ত্তি ঘর বাটী কি বৃক্ষাদি সরকারের নিমিত্তে ক্রয় করা যাইতে পারে তাহার কথা। .... .... | ঐ | ঐ | ৮ |
| ৮ ধারার ৪ প্রকরণানুসারে নীলামকরা নৌকা কি বৃক্ষাদির মূল্য তাহার স্বামিকে দেওয়া যাইবার কথা। .... .... .... | ঐ | ৯ | ১ |
| কিম্বা স্বামী বোর্ড রেবিনিউর সাহেবদিগের নিরূপিত মিয়াদের মধ্যে সুপরবাইজরসাহেবকে সালবেজের টাকা দিলে নৌকা কি বৃক্ষাদি পাইতে পারিবার ও খরচআদি না দিলে সুপরবাইজর | | | |

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| সাহেবকে ঐ দ্রব্যাদি নীলাম করিবার ক্ষমতা অর্পণের বিশেষ হুকুম। .... .... .... .... .... .... | ৮ | ৯ | ২ |
| নদীতে অবাধে নৌকা গমনাগমনের প্রতিবন্ধক সকল বান্ধ কি মৎস্য ধরিবার নিমিত্তে অন্য বস্তু দেওন ও রাখণের নিষেধের ও বান্ধইত্যাদি দূরকরণের কি তাহা দিতে নিষেধকরণের বিষয়ে সুপর বাইজরসাহেব যাহা করিবেন তাহার ও সুপরবাইজরসাহেবের হুকুমলঙ্ঘনের শাস্তি ও অপরাধি জনেরা জোর কি হঙ্গামা করিলে যে অধিক শাস্তি পাইবেক তাহার কথা। .... .... .... | ঐ | ১০ | ০ |
| যে জন কালেক্টরসাহেবের কি সুপরবাইজরসাহেবের কর্ত্তব্য কার্য্যকরণেতে তাঁহারদিগের কি তাঁহারদিগের কর্ম্মকারিদিগের বাধা ও ব্যাঘাত করে তাহার যে দণ্ড হইবেক তাহার কথা। .... | ঐ | ১১ | ১ |
| বলক্রমে প্রতিবন্ধকতাহওনের সম্ভাবনা হইলে কালেক্টরসাহেব কি সুপরবাইজরসাহেব যাহা করিবেন তাহার ও ভূম্যধিকারী কি ইজারদারেরা কালেক্টরইত্যাদি সাহেবের কর্ম্মকরণের প্রতিবন্ধকতা হইতে দেখিয়া কিছু না বলিলে তাহারদিগের যে দণ্ড হইবেক তাহার কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| উপরের ধারার উক্ত সকল অপরাধিকে ধরিতে ও পোলীসের কর্ম্মকারিদিগের নিকটে সমর্পণ করিতে কালেক্টর কি সুপরবাইজর সাহেবকে ক্ষমতা দিবার ও মাজিস্ট্রেটসাহেবের নিকটে সুপর বাইজরসাহেবইত্যাদি সাহেব ঐ অপরাধের ও অপরাধির বেওরা লিখিয়া পাঠাইবার ও মোকদ্দমার সম্পূর্ণ রিপোর্ট করিবার প্রতিজ্ঞা পাঠাইবার ও যে অপরাধের অপবাদ হয় তাহা জামিনের যোগ্য হইলে অপবাদগ্রস্ত জনের জামিন গ্রাহ্য হইবার কথা। ... | ঐ | ১২ | ০ |
| সুপরবাইজরসাহেব নালিশআদি না করিলে মাজিস্ট্রেটসাহেব দশ দিনের অধিক কয়েদীকে কয়েদ না রাখিবার কথা। .... | ঐ | ১৩ | ০ |
| বোর্ডের কোন হুকুমেতে কি সুপরবাইজরইত্যাদি সাহেবের করা কোন কর্ম্মেতে কোন জনআপনাকে অন্যায়গ্রস্ত বোধ করিলে দেওয়ানী আদালতে ঐ কার্য্যকারকেরদিগের এক জন কি সকলের নামে নালিশ করিতে পারিবার ও তাহা হইলে জজসাহেব যে কর্ম্ম করিবেন তাহার ও সুপরবাইজরসাহেবইত্যাদি অর্পিত ক্ষমতার অতিক্রম না করিলে তাঁহার নামে নালিশ গ্রাহ্য না হইবার বিশেষ হুকুমের ও উপযুক্ত কারণবিনা বহুমূল্যের বৃক্ষ কাটা গেলে অন্য বিশেষ হুকুমের ও কালেক্টর কি সুপরবাইজরসাহেব উপযুক্ত পরিবর্ত্ত | | | |



দিতে

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| দিতে চাহিয়া থাকিলে নালিশকরণিয়ার মোকদ্দমা নামঞ্জুর হইবার ও মোকদ্দমার সমস্ত খরচা তাহার দিতে হইবার কথা। .... | ৮ | ১৪ | ০ |
| সুপরবাইজরসাহেব এই আইনের অনুসারে ফৌজদারীতে তাঁহার করা সমস্ত নালিশের এবং তাঁহার নামে হওয়া সমস্ত দেওয়ানী নালিশের কার্য্যনির্ব্বাহ করিতে সরকারী উকীলকে হুকুম দিবার ও সুপরবাইজরসাহেবের দরখাস্ত পাইলে উপরের লিখিত কার্য্যের নিমিত্তে উপযুক্ত ইষ্টাম্পকাগজ সরকারী উকীলকে দেওয়া যাইবার কথা। .... .... .... .... .... .... | ঐ | ১৫ | ০ |
| জিলার জজ ও মাজিষ্ট্রেট্সাহেবেরদের বিষয়। | | | |
| জজ ও মাজিষ্ট্রেট্সাহেবেরা আপন২ সরহদ্দের মধ্যে হওয়া সীমার বিবাদের বিষয়ের অনুসন্ধানের নিমিত্তে আপন২ রেজিষ্টর কি আসিষ্টাণ্টকে পাঠাইবার এবং তাঁহারদিগকে উপযুক্ত হুকুম ও উপদেশ দিবার কথা। .. .... .... .... .... | ১১ | ২ | ০ |
| সরেজমীনে অনুসন্ধান করিতে পাঠাইবাতে যে খরচ হয় তাহার যাহা যে ব্যক্তির দিতে হইবেক তাহার কথা। .... .... | ঐ | ৩ | ০ |
| সরেজমীনে অনুসন্ধানার্থে করা প্রেরণসকলের রিপোর্ট সরকারের আদালতের সিরিশতার সেক্রেটারিসাহেবের নিকটে পাঠাইবার কথা। .... .... .... .... .... .... | ঐ | ৪ | |
| সরেজমীনে পাঠান যাওনের রিপোর্ট জজ কি মাজিষ্ট্রেটের রুবকারীসমেত খণ্ড বুঝিয়া প্রবিন্স্যাল কোর্ট কি দায়েরসায়েরী আদালতে পাঠান যাইবার ও ঐ প্রেরণ অনাবশ্যক কি অনর্থক বোধ হইলে তথাহইতে বারণের হুকুম হইবার ও তাহা হইলে ঐ আদালতের রুবকারী চূড়ান্ত হুকুমের নিমিত্তে সদর দেওয়ানী কি নিজামৎ আদালতে পাঠাইতে হইবার কথা। .... .... .... | ঐ | ৫ | ০ |
| অত্যাবশ্যকহওনব্যতিরেকে জজ ও মাজিষ্ট্রেট্সাহেবেরা আপন২ রেজিষ্টরকে সরেজমীনে না পাঠাইবার ও সরেজমীনে অনুসন্ধান করণের রেজিষ্টরসাহেবের নিকটে উভয় পক্ষে নিজে কি তাহারদিগের নিযুক্ত মোক্তার হাজির হইবার ও রেজিষ্টরসাহেবের আদালতের উকীল হাজির না হইবার কথা। .... .... .... | ঐ | ৬ | ০ |



সমাপ্তঃ।

A TRUE TRANSLATION.

W. CAREY,

*Bengalee Translator of Regulations.*

শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌনসেল
হইতে ইঙ্গরেজী ১৮২৫ সালের যে২ তারিখে
যে২ বিষয়ের যে২ আইন জারী
হয় তাহার ফিরিস্তি।

## ইঙ্গরেজী ১৮২৫ সালের আইনের ফিরিস্তি।

### ১ প্রথম আইন। ১৩ জানুআরি।

আদালতসম্পর্কীয় কার্য্যকারক সাহেবেরদিগকে কখন২ তাহারদিগের করা নিষ্পত্তির ও কার্য্যনির্ব্বাহহওনের অধ্যক্ষতা করিতে ক্ষমতার্পণ করিবার এবং ইঙ্গরেজী ১৮১৭ সালের ২০ আইনের কোন২ হুকুমের দ্বারা পোলীসের কর্ম্মকারিরদিগকে যে২ ক্ষমতার্পণ হইয়াছে সেই ক্ষমতা মাজিষ্ট্রেট্‌সাহেবের পরওয়ানা কি ফৌজদারী আদালতহইতে হওয়া অন্য হুকুম জারী করিবার কারণ যে২ কর্ম্মকারিরা হুকুম পায় তাহারদিগকে দেওয়া যাইবার।

### ২ দ্বিতীয় আইন। ২৪ মার্চ।

প্রথমতঃ অথচ জাবেতামতে উপস্থিতহওয়া মোকদ্দমাসকলের ও আপীলমতে উপস্থিত হওয়া মোকদ্দমাসকলের পুনর্ব্বিচারের দরখাস্ত গ্রাহ্যহওনের বিষয়ে যে২ হুকুম প্রবল আছে তাহা শুধরিবার এবং প্রবিন্স্যল কোর্টে ও সদর দেওয়ানী আদালতে খাস অর্থাৎ বিশেষ আপীল কি দ্বিতীয় আপীলের দরখাস্ত গ্রাহ্যহওনের নিয়ম নির্দ্দিষ্ট করিবার।

### ৩ তৃতীয় আইন। ২৪ মার্চ।

কোন২ প্রকার ডাকাইতীর মোকদ্দমাতে দায়েরসায়েরী আদালতের সাহেবদিগকে ঐ২ মোকদ্দমা নিজামৎ আদালতের সাহেবদিগের হজুরে সমর্পণকরণব্যতিরেকে হুকুম দিতে ক্ষমতার্পণ করিবার।

### ৪ চতুর্থ আইন। ২৪ মার্চ

কোন২ বিষয়েতে হঙ্গামা না হইতে পাইবার অর্থে মুচলকা ও জামিন তলব করিতে মাজিষ্ট্রেট্‌সাহেবদিগের ও ফৌজদারী আদালতে ক্ষমতা থাকনের কথা জানাইবার এবং হঙ্গামা না হইতে পাইবার নিমিত্তে জামিনীর বিষয়ে ইঙ্গরেজী ১৮১৮ সালের ৮ আইনে যেমন২ লেখা গিয়াছে তাহার অর্থ স্পষ্ট করিবার।

### ৫ পঞ্চম আইন। ৪ আপ্রিল।

জজ ও কালেক্টরের ক্ষমতা এক সাহেবেতে থাকা আইনানুসারী বটে কি না এই সন্দেহ ভঞ্জনের।

## ইঙ্গরেজী ১৮২৫ সালের আইনের ফিরিস্তি।

৬ ষষ্ঠ আইন। ৪ আপ্রিল।

হিন্দুস্থানের মধ্যেগত ব্রিটনের অধিকৃত দেশের মধ্য দিয়া গমনকারিসৈন্যদিগের খাদ্যাদি দ্রব্যের আয়োজন ও তাহা প্রস্তুতকরণের বিষয়ে যেং হুকুম চলিত আছে ঐং হুকুম বিলক্ষণরূপে সফল হইবার।

৭ সপ্তম আইন। ১৪ আপ্রিল।

ভূমি বিক্রয়করণদ্বারা কি অন্য কোন প্রকারে আদালতের ডিক্রীর কি অন্যকোন নিষ্পত্তির মতাচরণ করা যাওনের বিষয়ে যেং হুকুম চলন আছে তাহার অর্থ সুস্পষ্টকরিবার ও তাহা শুধরিবার।

৮ অষ্টম আইন। ৫ মাই।

আদালতের সিরিশতায় নিযুক্তথাকা এ দেশীয় আমলালোকের কর্ত্তব্য কার্য্যে বিষয়ে অন্যং হুকুম দিবার এবং সরকারের ইউরোপীয় কার্য্যকারক সাহেবদিগের প্রতি মিথ্যা ও দ্বেষপ্রযুক্ত অপরাদ দেওনিয়াদিগকে শাস্তি দিবার।

৯ নবম আইন। ৫ মাই।

ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনের দ্বারা যে ফলোদয় হইয়াছে তাহার আধিক্যহওনের এবং মালগুজারেরা ভূমির মালগুজারী আদায় করিতে ত্রুটি করিলে ভূমি নিরূপিত মিয়াদী পাট্টার দ্বারা ইজারা দিতে কিম্বা নিরূপিত কএক বৎসরের নিমিত্তে খাসতহসীলে রাখিলে রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবদিগকে ক্ষমতা দিবার এবং ইঙ্গরেজী ১৮১৯ সালের২ আইনের লিখিত হুকুম শুধরিবার ও তাহার অতিরিক্ত কিছুং নির্দ্দিষ্ট করিবার এবং চলিত আইনের লিখিত অন্যং কথা শুধরিবার।

১০ দশম আইন। ৯ মাই।

কোম্পানি বাহাদুরের সরকারের বাণিজ্যব্যাপারের কুঠীর যে রেসিডেণ্টসাহেবেরা নিজের নিমিত্তে ও বাণিজ্যব্যাপার করেন তাঁহারদিগের যেং কর্ম্ম কর্ত্তব্য তাহার নিরূপণের বিষয়ে ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৩১ আইনের ও ১৮০৩ সালের ৩৭ আইনের লিখিত হুকুমের অর্থ এবং অভিপ্রায় আরো স্পষ্ট করিয়া জানাইবার।

১১ একাদশ আইন। ২৬ মাই।

চরের কি কোন নদী কি সমুদ্র স্থান ত্যাগকরণপ্রযুক্ত যে ভূমি পাওয়া যায় সেই ভূমির দাওয়ার নিষ্পত্তি যেং হুকুমেতে দৃষ্টি রাখিয়া করিতে হইবেক সেইং হুকুম প্রকাশ করিবার।

১২ দ্বাদশ আইন। ২৬ মাই।

কোনং মোকদ্দমার বিষয়ে দায়েরসায়েরী আদালতের সাহেবদিগের ও নিজামৎ আদালতের সাহেবলোকের ক্ষমতা নিরূপণ করিবার ও দেওয়ানী কি ফৌজদারী কোন প্রকার আদালতকে অবজ্ঞাকরণিয়াদিগের শাস্তি সমানরূপে হইবার ও স্ত্রীলোকদিগকে

 প্রহার

প্রহারদ্বারা শারীরিক শাস্তিদেওয়া রহিত করিবার এবং শাস্তির নিমিত্তে কোড়ার প্রহার আর কখন কোন প্রকারে না হইতে পারিবার।

১৩ ত্রয়োদশ আইন। ৭ জুলাই।

সুবে বেহারে নিষ্করৰূপে কানুনগোদিগের দখলে থাকা কোন২ ভূমির বন্দোবস্ত বহাল রাখণের এবং সরকারের হুকুম হইলে ইহার পরে ঐ২ ভূমির এবং বাজেয়াফ্তহওয়া অন্য নিষ্কর ভূমির বন্দোবস্ত তাহার এক্ষণকার দখীলকারদিগের সহিত করণের।

১৪ চতুর্দ্দশ আইন। ১৪ জুলাই।

শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের অধীনতায় রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবেরা নিষ্করৰূপে ভূমি ভোগদখলকরণ বহাল রাখণের বিষয়ে যে পর্য্যন্ত ক্ষমতা রাখেন্ তাহা জানাইবার ও এ দেশে ইঙ্গরেজ বাহাদুরের সরকারের অধিকারহওনের পূর্ব্বে নানা স্থানের কাস্থকাদি জনেরদের দানের প্রবলতা ও দৃঢ়তা নিশ্চয়করণে যে মূল দাঁড়ানুসারে বিচার করা যাইবেক তাহা নির্দ্দিষ্ট করিবার এবং নিষ্করৰূপে ভোগদখলকরা ভূমির বিষয়ে চলিত যে সকল আইন নির্দ্দিষ্ট হইয়াছে তাহা গোবিন্দরাও কর্ত্তৃক ইঙ্গরেজ বাহাদুরের সরকাকে দত্ত ও ১৮১৮ সালের ২ আইনের লিখনানুসারে জিলা বুন্দেলখণ্ডের মধ্যগত করা ভূমির সহিত সম্পর্ক রাখাইবার।

১৫ পঞ্চদশ আইন। ১৪ জুলাই।

কলিকাতার বন্দরে কিম্বা ফোর্টউলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর তাবে অন্য কোন স্থানে সমুদ্রপথে আমদানী কি তাহইতে রপ্তানীহওনের বস্তুর উপর যে মাসুল লওয়া যায় তাহার কিম্বা ঐ বস্তু পুনর্ব্বাররপ্তানীহওনের সময়ে মাসুলের মধ্যে যাহা ফিরিয়া দেওয়া যায় তাহার হারের কোনৰূপ মতান্তর করিবার ও ঐ লওয়া যাইবার কি ফিরিয়া দিবার মাসুলের বিষয়ে যেহুকুম চলিত আছে তাহা শুধরিবার ও এক আইনেতে সংগ্রহ করিবার।

১৬ ষোড়শ আইন। ২১ জুলাই।

দায়েরসায়েরী আদালতের সহবদিগকে ডাকাইতীর কোন২ মোকদ্দমা নিজামৎ আদালতে সমর্পণব্যতিরেকে তাহচ শাস্তির হুকুম দিবার ক্ষমতার্পণকরণের অর্থে পূর্ব্বাপেক্ষা অতিরিক্ত কোন২ হুকুমার্দ্দিষ্ট করিবার।

১৭ সপ্তদশ আইন। ৪ আগস্ত।

জিলা গোরক্ষপুর এলাকা বাণসের মফঃসল আপীল আদালত ও দায়েরসায়েরী আদালতের অধিকারহইতে খারিজ করিয়া এলাকা পাটনার মফঃসল আপীল আদালত ও দায়েরসায়েরী আদালতের অধিকারের শামিল করিবার ও ভিন্ন২ দওরার মধ্যগত মোকামের কারাগার ছয় মাস অন্তর শূন্যকরণের ক্রমের মতান্তর করিবার ও ইহার পর কোন২ জাইণ্টমাজিষ্ট্রেটের মোকামে দওরার বৈঠক হইবার ও অন্য২ জাইণ্টমাজিষ্ট্রেটের মোকামের বিষয়ে বিশেষনিয়ম নির্দ্দিষ্ট করিবার এবং এলাকা কলিকাতার প্রথম

ও দ্বিতীয় দওরা আরম্ভের নিমিত্তে যেং নিয়ম নিরূপণ করা গিয়াছে তাহার মতান্তর করণের।

১৮ অষ্টাদশ আইন। ১৫ আগস্ত।

নেদরলণ্ডের আধিপত্যের কর্ম্মকর্ত্তাদিগের দ্বারা ব্রিটনীয আধিপত্যের কর্ম্মকর্ত্তাদিগেরে দত্ত শহর চুঁচুড়া ও অন্যং স্থান তাহার অতিনিকটবর্ত্তি জিলা ও শহরের অধিকার ভুক্ত করিবার এবং ইহার পরে ঐং স্থানের কার্য্যনির্ব্বাহ করিবার দাঁড়ার।

১৯ ঊনবিংশ আইন। ২৯ সেপ্তেম্বর।

সুবে বাঙ্গালার নাজিম শ্রীযুত নওয়াবসাহেব বাহাদুরের মোকদ্দমাসকল যেরূপে দেওয়ানী আদালতে উপস্থিত করা যাইবেক এবং তাঁহাঃ প্রতি যে রূপে মোকদ্দমা উপস্থিত করা যাইবেক তাহা নিরূপণ করিবার।

২০ বিংশ আইন। ৩ নবেম্বর।

অল্প দিনের হওযা আক্ট পার্লিমেণ্টের দ্বারা নিরূপণকরা সৈন্যসম্পর্কীয কোর্ট মার্স্যল এবং কোর্ট রিক্রেষ্টের ক্ষমতার সীমানিরূপণের এবং তদনুসারে চলিত আইনের কোনং অংশ শুধরণের।

২১ একবিংশ আইন। ৮ দিসেম্বর।

দেরাদূন নামেতে খ্যাত দেশ এবং চান্দনী নামেয পরগনা পূর্ব্বে জিলা সাহরণপুর ও জিলা মূরাদাবাদের শামিল ছিল তাহাও এক্ষ কুমাউ দেশের কমিস্যনরসাহেবের কর্ত্তৃত্বের অধিকারের শামিল করিবার।

VOL. VII. 304. সমাপ্তঃ।

A TRUE TANSLATION,

W. CAREY,

*Bengalee ranslator of Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৫ সাল ১ প্রথম আইন।

আদালতসম্পর্কীয় কার্য্যকারক সাহেবেরদিগকে কখন২ তাঁহারদিগের করা নিষ্পত্তির মত কার্য্য নির্ব্বাহহওনের অধ্যক্ষতা করিতে ক্ষমতার্পণ করিবার এবং ইঙ্গরেজী ১৮১৭ সালের ২০ আইনের কোন২ হুকুমের দ্বারা পোলীসের কর্ম্মকারিরদিগকে যে২ ক্ষমতার্পণ হইয়াছে সেই২ ক্ষমতা মাজিষ্ট্রেট্সাহেবের পরওযানা কি ফৌজদারী আদালত হইতে হওয়া অন্য হুকুম জারী করিবার কারণ যে২ কর্ম্মকারিরা হুকুম পায় তাহারদিগকে দেওয়া যাইবার নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৫ সালের তারিখ ১৩ জানুআরি মোতাবেকে বাঙ্গলা ১২৩১ সালের ২ মাঘ মওয়াফেকে ফসলী ১২৩২ সালের ৯ মাঘ মোতাবেকে বিলায়তী ১২৩২ সালের ৩ মাঘ মওয়াফেকে সম্বৎ ১৮৮১ সালের ৯ মাঘ মোতাবেকে হিজরী ১২৪০ সালের ২২ জমাদীয়ল্ আউওলে জারী করিলেন ইতি।

যেহেতুক যে জজ কি মাজিষ্ট্রেট্সাহেব কি সরকারের কার্য্যকারক অন্য কোন সাহেব গ্রেফ্তারীর কি ফৌজদারী আদালতসম্পর্কীয় অন্য কোন হুকুম দিবার ক্ষমতা রাখেন্ তাঁহারা কোন২ প্রকার হইলে ঐ২ হুকুম জারী করিবার নিমিত্তে নিজে যাইতে পারেন্ কি না ইহাতে এবং ফৌজদারী মোকদ্দমার বিষয়ে মাজিষ্ট্রেট্সাহেবের মোহর ও দস্তখতী পরওয়ানা জারী করিবার নিমিত্তে যে কর্ম্মকারিরা হুকুম পায় তাহারা ইঙ্গরেজী ১৮১৭ সালের ২০ আইনের ২৫ ধারার হুকুমানুসারে পোলীসের দারোগা কি পোলীসের অন্য কর্ম্মকারিদিগের দেওয়া গ্রেফ্তারীর পরওয়ানা জারী করিতে পোলীসের কর্ম্মকারিদিগকে যে ক্ষমতার্পণ করা গিয়াছে সেই ক্ষমতা রাখে কি না ইহাতেও সন্দেহ জন্মিল এবং ঐ২ বিষয়ে সরকারের কার্য্যকারকদিগের বাস্তব যে ক্ষমতা আছে তাহার বিষয়ে যে কোন সন্দেহ থাকে বিশেষ আইনের দ্বারা সেই সন্দেহের হেতুসকলখণ্ডান উপযুক্ত বোধ হইল অতএব শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলহইতে নীচের লিখিতব্য হুকুম নির্দ্দিষ্ট হইল এবং এই আইন জারী হইবামাত্র তাহা ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর তাবে সমস্ত দেশে প্রবল হইবেক ইতি। হেতুবাদ।

### ২ ধারা।

চলিত আইনানুসারে দেওয়ানী আদালতের যে কোন জজ কি রেজিষ্টরসাহেব কিম্বা আদালতসম্পর্কীয় কার্য্য



মাজিষ্ট্রেট্

কারক সাহেবদিগকে আপনারদের করা হুকুমমতাচরণ করাইতে এবং ঐ বিষয়ে অন্য যেং কর্ম্ম করিবার আবশ্যক হয় তাহা করিতে ক্ষমতার্পণের কথা।

মাজিস্ট্রেট্‌ কি জাইণ্টমাজিস্ট্রেট্‌সাহেব অথবা সরকারের কার্য্যকারক অন্য কোন সাহেব আপন হুকুমের ভাবে কোন জন কি জনেরদিগকে গ্রেস্তার কি তাহার কি তাহারদিগের ধন ক্রোক্‌করিবার হুকুম দিতে কিম্বা দেওয়ানী কি ফৌজদারী আদালতসম্পর্কীয় অন্য কোন হুকুম দিতে ক্ষমতা রাখেন্‌ তাঁহারা বিশেষ কোনং কারণপ্রযুক্ত ঐ হুকুম জারী করিবার সময়ে যদি স্বয়ং যাওয়া এবং আইনের লিখিত হুকুমানুসারে ঐ হুকুম উপযুক্তরূপে জারীহওয়া দৃষ্টি করা আবশ্যক বোধ করেন্‌ তবে সরকারের যে কার্য্যকারক সাহেব ঐ হুকুম দিয়া থাকেন্‌ সেই সাহেব উপরের লিখিত কার্য্যের নিমিত্তে স্বয়ং যাইবার এবং ঐ হুকুম উপযুক্তরূপে জারী হইবার নিমিত্তে আইনানুসারে যেং কার্য্যকরণের আবশ্যক হয় তাহা করিতে কি করিবার হুকুম দিতে ক্ষমতা রাখিবেন ইতি।

৩ ধারা।

পোলীসের দারোগার মোহর ও দস্তখৎযুক্ত পরওয়ানা জারী করিবার নিমিত্তে চলিত আইনানুসারে পোলীসের কর্ম্মকারিদিগকে যে ক্ষমতা অর্পণ করা গিয়াছে ঐ ক্ষমতা অপরাধের মোকদ্দমাতে আদালতের কর্ম্মকারি সাহেবদিগের মোহর ও দস্তখৎযুক্ত পরওয়ানা জারীকরণের ভারপ্রাপ্ত সকল কার্য্যকারকদিগের সহিত সম্পর্ক রাখে ইহা সকল লোককে জানাইবার কথা।

১ প্রথম প্রকরণ।—ইঙ্গরেজী ১৮১৭ সালের ২০ আইনের ২৫ ধারার ৫ ও ৬ প্রকরণের দ্বারা গুরুতর অপরাধ হইলে পোলীসের দারোগা কি অন্য কর্ম্মকারক জনের মোহর ও দস্তখৎযুক্ত পরওয়ানা কি গ্রেস্তারীর অন্য কোন হুকুমনামা জারী করিবার নিমিত্তে পোলীসের কর্ম্মকারিদিগকে যেং ক্ষমতার্পণ করা গিয়াছে অপরাধের মোকদ্দমাতে মাজিস্ট্রেট্‌ কি জাইণ্টমাজিস্ট্রেট্‌সাহেবের কি মাজিস্ট্রেটের কার্য্য করিতে ক্ষমতা প্রাপ্ত সরকারের কার্য্যকারক অন্য কোন সাহেবের মোহর ও দস্তখতী পরওয়ানা কি গ্রেস্তারীর অন্য হুকুমনামা জারী করিতে হুকুম পাওয়া সকল লোক তাহারা পোলীসের কর্ম্মকারী হউক বা না হউক তাহার তুল্যরূপে সেইং ক্ষমতা রাখিবেক ইতি।

পদসম্পর্কীয় কার্য্যকরণে অত্যাচার হইলে ইঙ্গরেজী ১৮১৭ সালের ২০ আইনের ২৫ ধারার ৭ প্রকরণের লিখিত দণ্ড পরওয়ানা কি অন্য পত্র জারী করিবার ভারপ্রাপ্ত পোলীসের সকল কর্ম্মকারিদিগের এবং অন্য জনেরদের সহিত সম্পর্ক রাখিবার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।—উপরের উক্ত ধারার ৭ প্রকরণেতে এ হুকুম লেখা গিয়াছে যে সরকারহইতে ন্যায় হওনের নিমিত্তে উপরের প্রকরণের দ্বারা পোলীসের কর্ম্মকারিদিগকে যে ক্ষমতার্পণ করা গিয়াছে ঐ কর্ম্মকারিরা ঐ ক্ষমতাক্রমে ইচ্ছাপূর্ব্বক অত্যাচার কি অন্যায় করিলে কোন মাজিস্ট্রেটসাহেবের কি দায়েরসায়েরী আদালতে তাহা প্রমাণ হইলে তাহারা পদচ্যুতহওনের অতিরিক্ত ঐং অপরাধের কর্ম্মানুসারে উৎকট শাস্তির যোগ্য হইবেক ঐ হুকুম মাজিস্ট্রেট্‌কি জাইণ্টমাজিস্ট্রেট্‌সাহেবের কি মাজিস্ট্রেটের কার্য্য করিতে ক্ষমতাপ্রাপ্ত সরকারের কার্য্যকারক অন্য কোন সাহেবের দেওয়া পরওয়ানা কি গ্রেস্তারীর অন্য কোন হুকুমনামা জারী করিবার নিমিত্তে যে সকল লোক হুকুম পায় তাহারা পোলীসের কর্ম্মকারী হউক বা না হউক ঐ লোকেরা এই আইনের দ্বারা তাহারদিগকে অর্পণহওয়া ক্ষমতাক্রমে ইচ্ছাপূর্ব্বক কোন অত্যাচার কি অন্যায় করিলে তাহারদিগেরো সহিত সম্পর্ক রাখিবেক ইতি।



সমাপ্তঃ।

A TRUE TRANSLATION,

W. CAREY,

*Bengalee Translator of Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৫ সাল ২ দ্বিতীয় আইন।

প্রথমতঃ অথচ জাবেতামতে উপস্থিতহওয়া মোকদ্দমাসকলের ও আপীলমতে উপস্থিতহওয়া মোকদ্দমাসকলের পুনর্বিচারের দরখাস্ত গ্রাহ্যহওনের বিষয়ে যে২ হুকুম প্রবল আছে তাহা শুধরিবার এবং প্রবিন্স্যাল্ কোর্টে ও সদর দেওয়ানী আদালতে খাস অর্থাৎ বিশেষ আপীল কি দ্বিতীয় আপীলের দরখাস্ত গ্রাহ্যহওনের নিয়ম নির্দ্দিষ্ট করিবার নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৫ সালের তারিখ ২৪ মার্চ মোতাবেকে বাঙ্গলা ১২৩১ সালের ১২ চৈত্র মওয়াফেকে ফসলী ১২৩২ সালের ২০ চৈত্র মোতাবেকে বিলায়তী ১২৩২ সালের ১৩ চৈত্র মওয়াফেকে সম্বৎ ১৮৮২ সালের ৫ চৈত্র মোতাবেকে হিজরী ১২৪০ সালের ৩ শাবানে জারী করিলেন ইতি।

যেহেতুক জাবেতামতে প্রথমতঃ কি আপীলমতে উপস্থিতহওয়া যে২ মোকদ্দমার নিষ্পত্তি জিলা ওশহরের আদালতে ও প্রবিন্স্যাল কোর্টে হয তাহার কি ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ আইনের ৪ ধারাতে পুনর্বিচারের দরখাস্তের বিষয়ে যে২ হুকুম নির্দ্দিষ্ট হইয়াছে তদনুসারে সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তিহওয়া মোকদ্দমার পুনর্বিচারের দরখাস্ত গ্রাহ্যহওনের বিষয়ে যে অত্যল্প খরচ হয় ঐ খরচের অল্পতাপ্রযুক্ত উপযুক্ত হেতু থাকনব্যতিরেকে ঐ পুনর্বিচারের দরখাস্তের বাহুল্য এত হইয়াছে যে ঐ২ আদালতের উপস্থিত অন্য২ কার্য্যের অতিশয় ব্যাঘাত হয় এবং যেহেতুক ইঙ্গরেজী ১৮১৯ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণে প্রবিন্স্যাল্ কোর্টে ও সদর দেওয়ানী আদালতে খাস কি দ্বিতীয় আপীল গ্রাহ্যহওনের যে নিয়ম লেখা গিয়াছে তদ্দ্বারা ঐ প্রকার আপীলের দরখাস্তের এমত বাহুল্য হইয়াছে যে তাহা শেষেতে গ্রাহ্য হউক বা না হউক তাহা শুনিতে যত কালের আবশ্যক হয় তত কাল তাহাতে ঐ২ আদালতে উপস্থিতহওয়া তাহা হইতে গুরুতর মোকদ্দমাসকলের বিচার ও নিষ্পত্তির ব্যাঘাতকরণব্যতিরেকে দিতে পারা যায় না এবং কোন কারণপ্রযুক্ত ন্যায়ের ত্রুটি হইয়াছে ইহা বোধহওনের প্রবল ও সম্ভব হেতু আছে বুঝা গেলে দ্বিতীয় আপীল গ্রাহ্য হইতে পারে উপরের লিখিত ধারার এই অনিশ্চিত বাক্যের দ্বারা ঐ প্রকার দরখাস্ত করিতে লোকদিগের আশাবৃদ্ধি হয় অতএব উচ্চতর আদালতেতে বিচারপূর্ব্বক ন্যায়করণের ব্যাঘাত না হওনের এবং নিশ্চিত ও উপযুক্ত হেতুথাকনব্যতিরেকে নিষ্পত্তিপাওয়া মোকদ্দমার আপীলের অনর্থক দরখাস্ত করণেতে লোকদিগের যে খরচ হয় তাহা না হইবার নিমিত্তে শ্রীযুত নওয়াব

হেতুবাদ।



য়াব

# ইঙ্গরেজী ১৮২৫ সাল ২ দ্বিতীয় আইন।

য়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলহইতে নীচের লিখিতব্য গুধরা হুকুমস কল নির্দ্দিষ্ট হইল এবং ঐ সকল হুকুম এই আইন জারীহওনের তারিখঅবধি এই রাজ ধানীর তাবে সমস্ত দেশে প্রবল হইবেক ইতি।

২ ধারা।

ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ আইনের ৪ ধারার ২ প্রকরণের যে কথাক্রমে নিরূপিত মূল্যের ইষ্টাম্পকাগজে পুনর্বিচারের দরখাস্ত লিখনের হুকুম আছে ঐ কথা নিরূপিত মিয়াদের মধ্যে যেং দরখাস্ত উপস্থিত করা যায় কেবল তাহার সহিত সম্পর্ক রাখিবার কথা।

ঐ মিয়াদ গত হইলে পর ঐ দরখাস্ত ইঙ্গরেজী ১৮১৪ সালের ১ আইনের ১৩ধারার নিরূপিত ইষ্টাম্পকাগজে লিখিত হইবার কিন্তু দরখাস্তকরণিয়া পাপর হইলে তাহার সহিত ঐ সালের ২৮ আইনের লিখিত হুকুম সম্পর্ক রাখিবার কথা।

১ প্রথম প্রকরণ।— ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ আইনের ৪ ধারার ২ প্রকরণে যে কথাক্রমে এমত হুকুম আছে যে ঐ প্রকরণের উক্ত মোকদ্দমার পুনর্বিচারের দরখাস্ত ইঙ্গরেজী ১৮১৪ সালের ১ আইনের ১৮ ধারার নিরূপিত মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক ঐ কথা এই আইন জারীহওনের পরে মোকদ্দমার নিষ্পত্তিপত্র দেওয়া যাওনের কি দিবার নিমিত্তে উপস্থিতকরণের তারিখহইতে উপরের উক্ত প্রকরণের হুকুমমত তিন মাস মিয়াদের মধ্যে পুনর্বিচারের যেং দরখাস্ত উপস্থিত করা যায় কেবল সেইং দরখাস্তের সহিত সম্পর্ক রাখিবেক ও ঐ মিয়াদ গতহওনের পরে পুনর্বিচারের নিমিত্তে যে দরখাস্ত করা যায় ঐ দরখাস্তকরণিয়া পাপর অর্থাৎ যোত্রহীন না হইলে ঐ নিষ্পত্তির উপর জাবেতামতে আপীলের দরখাস্তের ন্যায় ঐ পুনর্বিচারের দরখাস্ত তাহা করণিয়ার পরাজয়ে যে বস্তুর বিষয়ে নিষ্পত্তি হইয়া থাকে তাহার সংখ্যা কি মূল্যানুসারে ১৮১৪ সালের ১ আইনের ১৩ ধারার নিরূপিত মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক ও ঐ দরখাস্তকরণিয়া পাপর হইলে ১৮১৪ সালের ২৮ আইনে পাপর আপেলাণ্টের বিষয়ে যে সকল হুকুম নির্দ্দিষ্ট করা গিয়াছে সেই সকল হুকুম তাহার সহিত সম্পর্ক রাখিবেক ইতি।

যাহারদিগের দরখাস্ত অগ্রাহ্য হয় তাহারা দরখাস্তের কাগজের মূল্য ফিরিয়া পাইতে না পারিবার কিন্তু বিষয়বিশেষে আদালতের সাহেবদিগের ঐ মূল্যের তিন পোওয়ার অধিক না হয় এমত কোন অংশ ফিরিয়া দিবার হুকুম দিতে ক্ষমতা থাকিবার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— এই আইন জারীহওনের পরে পুনর্বিচারের নিমিত্তে যে দরখাস্ত করা যায় তাহা প্রার্থিত পুনর্বিচারের উপযুক্ত হেতু না থাকনপ্রযুক্ত ঐ দরখাস্ত লওয়া যাইবার আদালতে অগ্রাহ্য হইলে ঐ দরখাস্তকরণিয়া ঐ দরখাস্ত যে ইষ্টাম্পকাগজে লেখা গিয়া থাকে তাহার মূল্য ফিরিয়া পাইবেক না কিন্তু ঐ দরখাস্ত ইঙ্গরেজী ১৮১৪ সালের ১ আইনের ১৩ ধারার নিরূপিত মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা গেলে ঐ দরখাস্ত যে আদালতে অগ্রাহ্য হয় সেই আদালতের সাহেবেরা তাহার সকল বিষয় উপযুক্তরূপে বিবেচনাকরণানন্তর যদি বুঝেন্ যে ঐ কাগজের মূল্যের সমুদয় টাকা ঐ দরখাস্তকরণিয়ার লাগিতে হইলে তাহার অতিক্লেশ হয় তবে ১৮১৪ সালের ২৬ আইনের ২ ধারার ৫ প্রকরণানুসারে খাস আপীলের দরখাস্তের বিষয়ের মত বিবেচনাপূর্ব্বক ঐ কাগজের মূল্যের টাকার তিন পোওয়ার অধিক না হয় এমত যে অংশ উচিত বোধ হয় তাহা সরকারের ত্রেজরীহইতে ফিরিয়া দিতে হুকুম দিবার ক্ষমতা রাখিবেন ইতি।

দরখাস্ত অকারণ কি ক্লেশদায়ক বোধ হইলে আদালতের সাহেবেরা

৩ তৃতীয় প্রকরণ।— ইঙ্গরেজী ১৮১৪ সালের ১ আইনের ১৮ ধারার নিরূপিত মূল্যের ইষ্টাম্পকাগজে লিখিত অগ্রাহ্য দরখাস্ত যে আদালতেতে অগ্রাহ্য হয় সেই আদালতের সাহেবদিগের বিবেচনায় যদি ঐ দরখাস্ত এমত অকারণ ও ক্লেশদায়ক বোধ হয়



যাহাতে

যাহাতে তাহা যে ইষ্টাম্পকাগজে লেখা গিয়া থাকে তাহার মূল্য অমনি যাওনের অতিরিক্ত জরীমানা ও তাহা দেওনিয়ার হওয়া উচিত হয় তবে ঐ আদালতের সাহেবদিগের এ ক্ষমতা আছে এবং তাঁহারদিগ্‌কে হুকুমও দেওয়া যাইতেছে যে ইঙ্গরেজী ১৮১৪ সালের ১৬ আইনের ৩ ধারার ১০ প্রকরণে ক্লেশদায়ক সরাসরী আপীলের দরখাস্তের বিষয়ে যেমন২ করিবার অর্থে হুকুম লেখা গিয়াছে সেই মত ঐ দরখাস্ত ১৮১৪ সালের ১ আইনের ১৩ ধারার নিরূপিত মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা যাইতে হইলে যে মূল্য দিতে হইত ঐ মূল্যের অধিক না হয় এমত জরীমানা দিবার হুকুম ঐ দরখাস্তের লিখিত বিষয়ের ভারক্রমে ও তাহা দেওনিয়ার অবস্থানুসারে তাহার প্রতি দেন ইতি।

উপযুক্ত জরীমানার হুকুম দিতে পারিবার কথা।

৪ চতুর্থ প্রকরণ।—পুনর্বিচারের নিমিত্তে দরখাস্ত গ্রাহ্য হইলে যে আদালতে ঐ পুনর্বিচার হয় সেই আদালতের সাহেব কি সাহেবেরা মোকদ্দমার নিষ্পত্তির সময়ে ঐ দরখাস্ত করণিয়ার দাখিলকরা ইষ্টাম্পকাগজের মূল্যের বিষয়ে যেমত ন্যায্য ও উপযুক্ত বোধ হয় সেই মত ঐ মূল্য মোকদ্দমার খরচার ন্যায় পক্ষান্তরের দিতে হইবার কি তাহার তিন পোয়ার অধিক না হয় এমত কোন অংশ সরকারহইতে ফিরিয়া দেওয়া যাইবার হুকুম দিবেন ইতি।

কোন দরখাস্তকরণিয়ার মোকদ্দমার পুনর্বিচার করণানন্তর আদালতের সাহেবেরা তাহার দেওয়া ইষ্টাম্পকাগজের মূল্যের বিষয়ে যেমন উপযুক্ত বোধ হয় সেইমত হুকুম দিতে পারিবার কথা।

৩ ধারা।

জাবেতামতে প্রথমতঃ কি আপীলমতে উপস্থিতহওয়া যে সকল কোমদ্দমা জিলা ও শহরের আদালতে ও প্রবিন্স্যাল্ কোর্টে নিষ্পত্তি পায় তাহার কিম্বা সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তিপাওয়া মোকদ্দমার পুনর্বিচারের দরখাস্তের বিষয়ে ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ আইনের ৪ ধারার লিখিত হুকুমের অতিরিক্ত এই ধারাতে ইহাও নির্দিষ্ট হইল যে যে জজসাহেব কি সাহেবেরা ঐ মোকদ্দমার নিষ্পত্তি করিয়া থাকেন্ সেই সাহেব কি সাহেবেরা কিম্বা ঐ নিষ্পত্তি দুই কি ততোধিক জজসাহেবের দ্বারা হইয়া থাকিলে ঐ জজসাহেবেরা ঐ মোকদ্দমার পুনর্বিচারের দরখাস্ত গ্রাহ্য হওনের সময়ে ঐ আদালতে নিযুক্ত থাকিলে এবং অনুপস্থিত থাকন কি অন্য কোন কারণপ্রযুক্ত ঐ দরখাস্ত গ্রাহ্যহওনানন্তর ছয় মাসপর্য্যন্ত ঐ মোকদ্দমার বিচার করিতে ও তাহার বিষয়ে আপনার হুকুম কি মত বহীতে লিখিতে অপারক না হইলে ঐ আদালতের অন্য কোন জজসাহেব কি সাহেবেরা ঐ দরখাস্তের বিষয়ের ন্যায়ান্যায়বিবেচনা করিতে এবং তাহার বিষয়ে আপন কোন হুকুম কি মত বহীতে লিখিতে ক্ষমতা রাখিবেন না কেননা উপরের লিখিত হুকুমের স্পষ্ট অভিপ্রায় এই যে তদনুসারে যে সকল মোকদ্দমার পুনর্বিচারের দরখাস্ত দাখিল হয় তাহা সাধ্যানুসারে যে জজসাহেব কি সাহেবেরা ঐ সকল মোকদ্দমার নিষ্পত্তি করিয়া থাকেন্ তাঁহার কি তাঁহারদিগের দ্বারা ঐ সকল মোকদ্দমা উচ্চতর আদালতে আপীলহওনের যোগ্য হইলে সামান্য নিয়মমত তাহার আপীল হওনের অধীনতায় গ্রাহ্য হয় ও নিষ্পত্তি পায় ও আরো হুকুম করা যাইতেছে যে ঐ নিষ্পত্তিপত্রের লিখনক্রমে যদি স্পষ্ট জানা যায় যে প্রবিন্স্যাল কোর্টের অথবা সদর দেওয়ানী আদালতের

জাবেতামতে প্রথমতঃ কি আপীলমতে উপস্থিত হওয়া মোকদ্দমার পুনর্বিচারের দরখাস্তের বিষয়ে পূর্ব্বাপেক্ষা অতিরিক্ত কোন২ নিয়মের কথা।

যে জজসাহেব মোকদ্দমার নিষ্পত্তি করিয়া থাকেন্ জাবেতামতে আপীলহওনের অধীনতায় সাধ্যানুসারে সেই জজসাহেবের দ্বারা ঐ২ দরখাস্ত গ্রাহ্য হইবার কথা।

যে২ মোকদ্দমার নিষ্পত্তিকরণেতে জজসাহেব আপন প্রাপ্ত ক্ষমতার অতিক্রম করিয়া থাকেন্ তাহাতে ঐ নিয়ম সম্পর্ক না রাখিবার কথা।

ঐ আইনবিরুদ্ধে করা কর্ম্ম শুধরিবার নিমিত্তে জজসাহেবেরা যে২ হুকুম



একাকি

মত কার্য্য করিবেন তাহার কথা।

একাকি এক জজ যে মোকদ্দমার উপর আর আপীল না হইতে পারে সেই মোকদ্দমার বিষয়ে আইনের লিখনক্রমে তাঁহাকে অর্পণহওয়া ক্ষমতার অতিক্রমে করিয়াছেন তবে সে মোকদ্দমার বিষয়ে উপরের লিখিত নিয়ম সম্পর্ক রাখিবেক না ও ঐ মত মোকদ্দমাতে নিষ্পত্তি অসমপূর্ণ এবং আইনবিরুদ্ধ হইয়া থাকনপ্রযুক্ত তাহা হওনের বিষয়ে প্রবিন্স্যাল কোর্টের কি সদর দেওয়ানী আদালতের অধিক জজের মতের ঐক্য হইলে ঐ জজসাহেবেরা ক্ষমতা রাখিবেন যে ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ আইনের ৪ ধারার এবং এই আইনের লিখিতমতে ঐ পুনর্ব্বিচারার্থে দেওয়া দরখাস্তের বিষয়ে যাহা কর্ত্তব্য তাহা করেন্ ইতি।

৪ ধারা।

ইঙ্গরেজী ১৮১৯ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণ রদহওনের কথা।

১ প্রথম প্রকরণ।— প্রবিন্স্যাল কোর্ট ও সদর দেওয়ানী আদালতে খাস কিম্বা দ্বিতীয় আপীলের দরখাস্ত গ্রাহ্যহওনের বিষয়ে পূর্ব্বে যেং হুকুম প্রবল ছিল তাহা বিস্তারকারক ইঙ্গরেজী ১৮১৯ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণ এইপ্রকরণক্রমে রদ হইল ইতি।

দ্বিতীয় কি খাস আপীলের দরখাস্ত গ্রাহ্যকরণেতে সদর দেওয়ানী আদালতের ও প্রবিন্স্যাল কোর্টের সাহেবেরা যেং হুকুমেতে দৃষ্টি রাখিয়া কার্য্য করিবেন তাহার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— এই আইন জারীহওনের পরে প্রবিন্স্যাল কোর্টের ও সদর দেওয়ানী আদালতের সাহেবেরা খাস কিম্বা দ্বিতীয় আপীল গ্রাহ্যকরণের বিষয়ে ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ আইনের ২ ধারার এবং ১৮১৭ সালের ১৯ আইনের ৭ ধারার এবং ১৮১৯ সালের ৯ আইনের ৩ ও ৪ ও ৫ ধারার লিখিত হুকুমেতে দৃষ্টি রাখিয়া কার্য্য করিবেন ইতি।

৫ ধারা।

ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৮ আইনের লিখিত হুকুম পাপররূপে যেং দ্বিতীয় কি খাস আপীল চলিত আইনানুসারে ইহার পরে গ্রাহ্য বোধ হইবেক তাহার সহিত সম্পর্ক রাখিবার কথা।

পাপরের বিষয়ের ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৮ আইনেতে দ্বিতীয় কি খাস আপীলের পাপর আপেলাণ্ট কি রিস্পাণ্ডেণ্টের বিষয়ে কোন বিশেষ হুকুম লেখা না থাকনপ্রযুক্ত এই ধারাক্রমে ইহা জানান যাইতেছে যে প্রথমত উপস্থিতহওয়া মোকদ্দমার নিষ্পত্তির উপর পাপররূপে আপীলকরণের বিষয়ে ঐ আইনেতে যেং হুকুম লিখিত আছে সেইং হুকুম এই আইন জারীহওনের পরে পাপররূপে উপস্থিতকরা যে কোন দ্বিতীয় কি খাস আপীল পূর্ব্বের ধারার লিখিত হুকুমানুসারে ইহার পরে গ্রাহ্য বোধ হইবেক ঐ আপীলের সহিত সম্পর্ক রাখণযোগ্য বোধ হইবেক ইতি।

VOL. VII. 310. সমাপ্তঃ।

A TRUE TRANSLATION,

W. CAREY,

*Bengalee Translator of Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৫ সাল ৩ তৃতীয় আইন।

কোন২ প্রকার ডাকাইতীর মোকদ্দমাতে দায়েরসায়েরী আদালতের সাহেবদিগকে ঐ২ মোকদ্দমা নিজামৎ আদালতের সাহেবদিগের হজুরে সমর্পণকরণব্যতিরেকে হুকুম দিতে ক্ষমতার্পণ করিবার নিমিত্তে এই আইন শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৫ সালের তারিখ ২৪ মার্চ মোতাবেকে বাঙ্গলা ১২৩১ সালের ১২ চৈত্র মওয়াফেকে ফসলী ১২৩২ সালের ২০ চৈত্র মোতাবেকে বিলায়তী ১২৩২ সালের ১৩ চৈত্র মওয়াফেকে সম্বৎ ১৮৮২ সালের ৫ চৈত্র মোতাবেকে হিজরী ১২৪০ সালের ৩ শাবানে জারী করিলেন ইতি।

যেহেতুক চলিত আইনানুসারে দায়েরসায়েরী আদালতের সাহেবের সমক্ষে যে২ লোকের উপর ইঙ্গরেজী ১৮০৩ সালের ৫৩ আইনের ৩ ধারার উক্ত মত বলক্রমে ডাকাইতীকরণের অপরাধপ্রমাণ হয় তাঁহারদিগের মোকদ্দমা নিজামৎ আদালতে সমর্পণীয় হয় এবং যেহেতুক ঐ ডাকাইতী অস্ত্রধারি লোকসমূহেরা না করিয়া থাকিলে কিম্বা তাহাতে খুন কি অপরাধবর্দ্ধক অন্য এমত ক্রিয়া যাহাতে দায়েরসায়েরী আদালতের সাহেবেরা অন্য২ মোকদ্দমাতে যে শাস্তির হুকুম দিতে পারেন তাহাহইতে অর্থাৎ ৩৯ ঊনচল্লিশ ঘা কোড়া মারণ ও ১৪ চৌদ্দ বৎসর মিয়াদে দেশান্তর করিয়া পরিশ্রমের সহিত কয়েদ রাখণহইতে অধিক শাস্তির আবশ্যক হয় তাহা না হইয়া থাকিলে এমত ডাকাইতীর মোকদ্দমাতে দায়েরসায়েরী আদালতের সাহেবেরা শাস্তির হুকুম দিবার ক্ষমতাপ্রাপ্ত হইলে এক্ষণে যে অনেক মোকদ্দমা নিজামৎ আদালতে সমর্পণ করা যায় তাহার বিষয়ে ঐ আদালতের সাহেবলোকের যে পরিশ্রম হয় তাহার লাঘব হয় এবং ঐ২ মোকদ্দমার বিষয়ে ফৌজদারী ইন্সাফ অবিলম্বে হওনের উপকার হয় অতএব শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলহইতে নীচের লিখিতব্য হুকুমসকল নির্দ্দিষ্ট হইল এবং ঐ সকল হুকুম এই আইন জারী হইবামাত্র এই রাজধানীর তাবে সমস্ত দেশে প্রবল হইবেক ইতি। হেতুবাদ।

### ২ ধারা।

ইঙ্গরেজী ১৮১৭ সালের ১৭ আইনের ৮ ধারার এবং ঐ ধারার উক্ত তাহার পূর্ব্বের আর কোন আইনের কিম্বা চলিত অন্য কোন আইনের যে২ কথাক্রমে এ হুকুম আছে যে ইঙ্গরেজী ১৮১৭ সালের ১৭ আইনের ৮ ধা

## ইঙ্গরেজী ১৮২৫ সাল ৩ তৃতীয় আইন।

রার লিখিত কোন২ কথা শুধরণের কথা।

যে ইঙ্গরেজী ১৮০৩ সালের ৫৩ আইনের ৩ ধারার ১ প্রথম প্রকরণের বেওরা করিয়া লিখিত মত বলক্রমে ডাকাইতীকরণ প্রমাণ হইলে দায়েরসায়েরী আদালতের সাহেবেরা ঐ অপরাধ প্রমাণহওয়া কয়েদী কি কয়েদীদিগের মোকদ্দমা তাহাতে চূড়ান্ত হুকুম হইবার নিমিত্তে নিজামৎ আদালতের সাহেবদিগের হজুরে পাঠাইবেন সেই২ কথা এই ধারাক্রমে ইহার পরের ধারার লিখনমত শুধরা যাইতেছে ইতি।

### ৩ ধারা।

ডাকাইতীর কোন২ মোকদ্দমাতে দায়েরসায়েরী আদালতের সাহেবেরা তাহা নিজামৎ আদালতে সমর্পণকরণব্যতিরেকে চূড়ান্ত হুকুম দিবার ক্ষমতা রাখণের কথা।

ইঙ্গরেজী ১৮০৩ সালের ৫৩ আইনের ৩ ধারার বেওরা করিয়া লিখনমত বলক্রমে ডাকাইতীকরণ কি তাহা করিতে উদ্যতহওনের প্রমাণ দায়েরসায়েরী আদালতে হইলে ঐ ডাকাইতী দুই কি ততোধিক অস্ত্রধারি জনের দ্বারা না হইয়া থাকিলে কি তাহার উপক্রম না হইয়া থাকিলে এবং ঐ ডাকাইতীতে খুন কি অঙ্গক্ষত কি দাহকরণদ্বারা কি কোন প্রকারে শ্বাস বন্ধকরণদ্বারা কি বিষপানকরণদ্বারা কি জলে ডুবানদ্বারা কি কূপে ফেলিয়া দেওনদ্বারা কিম্বা আর কোন কারণদ্বারা খুন করিবার উপক্রম না হইয়া থাকিলে এবং তাহাতে কোন জনের কি জনেরদের প্রাণসংশয়হওনোপযুক্ত অঙ্গক্ষত কি অঙ্গদাহ কি শারীরিক অন্য হানি না হইয়া থাকিলে কিম্বা তাহাতে অপরাধবর্দ্ধক এমত অন্য কোন ক্রিয়া যে তাহার নিমিত্তে দায়েরসায়েরী আদালতের যে জজসাহেবের নিকটে ঐ মোকদ্দমার বিচার হয় তাঁহার বিবেচনাতে ৩৯ ঊনচল্লিশ ঘা কোড়ামারণের এবং ঐ কয়েদীর বাসস্থানের জিলাভিন্ন অন্য জিলাতে পরিশ্রমকরণের সহিত ১৪ চৌদ্দ বৎসর তাহার কয়েদ থাকনের অতিরিক্ত শাস্তি দেওয়া উচিত হয তাহা না হইয়া থাকিলে দাযেরসায়েরী আদালতের জজসাহেব ঐ কয়েদী কি কয়েদীদিগের অপরাধ প্রমাণহওনের বিষয়ে আপন আদালতের মুফ্তীর সহিত একবাক্য হইয়া ইঙ্গরেজী ১৮১৭ সালের ১৭ আইনের ৮ ধারার ৬ প্রকরণানুসারে তাঁহারদিগের মোকদ্দমা নিজামৎ আদালতে পাঠানব্যতিরেকে ঐ কয়েদী কি কয়েদীদিগ্‌কে উপরের উক্ত ঊনচল্লিশ ঘার এবং ভিন্ন জিলায পরিশ্রমের সহিত কয়েদ থাকনের মিয়াদ চৌদ্দ বৎসরের অধিক না হয় এমত যে শাস্তি দেওয়া ঐ অপরাধের সকল বেওরা বিবেচনা করিয়া উচিত বোধ হয় সেই শাস্তিদেওনের হুকুম দিতে ক্ষমতা রাখেন্ ইতি।



সমাপ্তঃ।

A True Translation,

W. CAREY,

*Bengalee Translator of Regulations.*

ইঙ্গরেজী ১৮২৫ সাল ৪ চতুর্থ আইন।

কোন২ বিষয়েতে হঙ্গামা না হইতে পাইবার অর্থে মুচলকা ও জামিন তলব করিতে মাজিষ্ট্রেট্সাহেবদিগের ও ফৌজদারী আদালতে ক্ষমতা থাকনের কথা জানাইবার এবং হঙ্গামা না হইতে পাইবার নিমিত্তে জামিনীর বিষয়ে ইঙ্গরেজী ১৮১৮ সালের ৮ আইনে যেমন২ লেখা গিয়াছে তাহার অর্থ স্পষ্ট করিবার নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৫ সালের তারিখ ২৪ মার্চ মোতাবেকে বাঙ্গলা ১২৩১ সালের ১২ চৈত্র মওয়াফেকে ফসলী ১২৩২ সালের ২০ চৈত্র মোতাবেকে বিলায়তী ১২৩২ সালের ১৩ চৈত্র মওয়াফেকে সম্বৎ ১৮৮২ সালের ৫ চৈত্র মোতাবেকে হিজরী ১২৪০ সালের ৩ শাবানে জারী করিলেন ইতি।

হেতুবাদ।

যেহেতুক অনেক২ বিষয়েতে মুচলকা লওনের রীতি আছে বটে কিন্তু চলিত আইনেতে জিলা ও শহরের মাজিষ্ট্রেট্সাহেবদিগের আপন২ অধিকারের শান্তি রক্ষা পাইবার নিমিত্তে মুচলকা লইবার ক্ষমতার্পণার্থে চলিত আইনেতে কোন বিশেষ হুকুম নাহি এবং অপরাধের অপবাদগ্রস্ত লোকদিগের স্থানে ঐ অপবাদের বিচারের সময়ে যে জামিনী লইতে হয় তদ্ব্যতিরেকে দেশের শান্তি রক্ষা পাইবার নিমিত্তে কোন জামিনী লইবার অর্থে স্পষ্ট কোন হুকুমও চলিত আইনেতে নাহি এবং যেহেতুক ইঙ্গরেজী ১৮১৮ সালের ৮ আইনেতে হঙ্গামা না হইতে পাইবার নিমিত্তে জামিনী লইবার অর্থে যে২ হুকুম আছে কোন২ বিষয়েতে সেই২ হুকুমের অর্থ আরো স্পষ্টকরা আবশ্যক বোধ হইল অতএব ঐ২ প্রয়োজনের প্রতিকারার্থে ও উপরের উক্ত বিষয়েতে মাজিষ্ট্রেট্সাহেবদিগের যে ক্ষমতা আছে তাহা জানাইবার নিমিত্তে শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলহইতে নীচের লিখিতব্য হুকুমসকল নির্দিষ্ট হইল এবং এই আইন জারীহওনের তারিখঅবধি ঐ সকল হুকুম ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর তাবে সমস্ত দেশে প্রবল হইবেক ইতি।

২ ধারা।

ফৌজদারী আদালতের সাহেবেরা উপযুক্ত বুঝিলে তাঁহারদিগের নিকটে অপরাধ প্রমাণহওয়া লোকদিগের স্থানে নিরূপিত

১ প্রথম প্রকরণ।— যে কোন জন মারিপীট ও জোরজবর কি অন্য অতিশয় উৎপাত করণাপরাধে কি তাহা করাইবার কি তাহার সহায়তাকরণের কি তাহাকরণের প্রতিপোষকহওনের কিম্বা তাহাই করণের অভিপ্রায়ে অস্ত্রধারি লোক জমাকরণের অথবা আইনবিরুদ্ধ অন্য কোন কর্ম্মকরণের অপরাধেতে অপবাদিত হয় তাহার মোকদ্দমা যে



ফৌজদারী

মিয়াদে দেশের শান্তিরক্ষা পাইবার নিমিত্তে মুচলকা লইবার কথা।

ফৌজদারী আদালতের বিচারযোগ্য হয় যদি সেই আদালতে তাহার উপর ঐ অপরাধ প্রমাণ হয় এবং যে আদালতহইতে ঐ মোকদ্দমাতে চূড়ান্ত হুকুম হইতে পারে সেই আদালতের সাহেবেরা যদি ইহা বুঝেন্ যে ঐ অপরাধপ্রমাণহওয়া লোকদিগের স্থানে দেশের শান্তি রক্ষা পাইবার নিমিত্তে জামিনী সহিত কি তাহা রহিত মুচলকা লওয়া উচিত ও আবশ্যক হয় তবে যে আদালতহইতে ঐ মোকদ্দমাতে চূড়ান্ত নিষ্পত্তি কি হুকুম হয় সেই আদালতের সাহেবদিগের ক্ষমতা আছে যে ঐ নিষ্পত্তি কি হুকুম যদি কোন মাজিষ্ট্রেট্ কি জাইণ্ট মাজিষ্ট্রেট্সাহেবের কি মাজিষ্ট্রেটের ভারপ্রাপ্ত অন্য কোন সাহেবের দ্বারা হয় তবে ঐ কয়েদী জেলখানাহইতে খালাসহওনাবধি এক বৎসরের অধিক না হয় ও যদি ঐ নিষ্পত্তি কি চূড়ান্ত হুকুম দায়েরসায়েরী আদালতহইতে কি নিজামৎ আদালত হইতে হয় তবে ঐ কয়েদী জেলখানাহইতে খালাসহওনাবধি তিন বৎসরের অধিক না হয় এমত যে মিয়াদ বিষয়বিশেষে উপযুক্ত বোধ হয় সেই মিয়াদের নিমিত্তে ঐ কয়েদীর স্থানে দেশের শান্তি রক্ষা পাইবার অর্থে তাহার অবস্থা ও অপরাধের ভাবদৃষ্টে মুচলকা তলব করিতে ক্ষমতা রাখিবেন ইতি।

ভারি অপরাধ হইলে দেশের শান্তিরক্ষার্থে মুচলকার অতিরিক্ত জামিনী লইতে হইবার কথা।

জামিনীপত্রের প্রকারের কথা।

২ দ্বিতীয় প্রকরণ।—এ অপরাধ যদি এমত ভারী হয় যে দেশের শান্তি রক্ষা পাইবার নিমিত্তে ঐ অপরাধির মুচলকার অতিরিক্ত তাহার স্থানে ঐ নিমিত্তে জামিনী লওয়াও আবশ্যক বোধ হয় তবে তাহার মোকদ্দমাতে যে আদালতহইতে চূড়ান্ত নিষ্পত্তি কি হুকুম হয় সেই আদালতের সাহেবেরা ক্ষমতা রাখেন্ যে ঐ জামিনী লইবার হুকুম দেন্ এবং ঐ জামিন কি জামিনদিগের জামিনীতে যত টাকার নিয়ম লেখা যাইবেক তাহার সংখ্যানিরূপণ করেন্ কিন্তু উচিত যে ঐ টাকা কদাচ অতিশয় না হয় ও সর্ব্বদা এমত হয় যে জামিনীর লিখিত নিয়মের ত্রুটি হইলে ঐ লিখিত টাকা লওয়া সম্ভব হয় এবং ঐ জামিনী লইবার হুকুমের সহিত এ হুকুমও দেন্ যে যে জনকে জামিন দিতে হুকুম দেওয়া যায় সে যদি তাহা না দেয় তবে ঐ হুকুম মাজিষ্ট্রেট্সাহেবের কি দায়েরসায়েরী আদালতের সাহেবের কি নিজামৎ আদালতের সাহেবদিগের নিকটহইতে হইলে উপরের প্রকরণেতে যে২ মিয়াদ বিশেষ করিয়া লেখা গিয়াছে তাহার অতিরিক্ত না হয় এমত কোন মিয়াদে কয়েদ থাকিবেক ইতি।

## ৩ ধারা।

ইঙ্গরেজী ১৮১৮ সালের ৮ আইনের ৫ও ৬ ও ৭ ধারার লিখিত হুকুম এই আইনানুসারে দেশের শান্তি রক্ষাপাওনের নিমিত্তে জামিন তলবহওয়া সকল কয়েদীর ও তাহারদিগের জামিনেরদের সহিত সম্পর্ক রাখিবার কথা।

ইঙ্গরেজী ১৮১৮ সালের ৮ আইনের ৫ ও ৬ ও ৭ ধারার লিখিত হুকুম এই আইনানুসারে দেশের শান্তি রক্ষা পাওনের নিমিত্তে জামিন তলবহওয়া সকল কয়েদীর ও তাহারদিগের জামিনেরদের সহিত সম্পর্ক রাখিবেক ইতি।

## ৪ ধারা।

ইঙ্গরেজী ১৮১৮সালের ৮ আইনের কিম্বা চলিত অন্য কোন আইনের লিখিত কথার অর্থ

অর্থ এমত বোধ করা যাইবেক না যে জিলা ও শহরের মাজিষ্ট্রেট্ কি জাইণ্ট মাজিষ্ট্রেট্ সাহেবদিগের আপনং সরহদ্দের মধ্যগত স্থানের শান্তি রক্ষাহওনের নিমিত্তে মুচলকা লওয়া উপযুক্ত বোধ হইলে ঐ মুচলকা দেওনিয়াদিগের বিশেষ কোন অপরাধ করা প্রমাণ না হইলেও তাহা লইতে বারণ আছে কিন্তু আবশ্যক যে এমতং হইলে ঐ মুচলকার লিখিত টাকা মুচলকা দেওনিয়াদিগের অবস্থানুরূপ হয় এবং বিশেষ কোন অপরাধ করিয়া থাকন প্রমাণ না হইয়া থাকিলে ২০০ দুই শত টাকার অধিক না হয় ও আরো আবশ্যক যে তাহার পর কারাগার শূন্যকরণার্থে দায়েরসায়েরী আদালতের সাহেবের যে বৈঠক হয় সেই বৈঠকের সময়ে ঐ আদালতে মাজিষ্ট্রেট্ কি জাইণ্ট মাজিষ্ট্রেট্ সাহেবের দেওয়া হুকুম অন্যায় কি অন্য দোষযুক্তবোধক দরখাস্ত উপস্থিত হইলে ঐ সকল বিষয়েতে মাজিষ্ট্রেট্ কি জাইণ্ট মাজিষ্ট্রেট্সাহেবের করা সমস্ত কার্য্যের রুবকারী ঐ আদালতের সাহেবদিগের দৃষ্টির নিমিত্তে উপস্থিত করা যাইবেক ইতি।

বিশেষ কোন অপরাধ প্রমাণ না হইয়া থাকিলে ও কোন আইনানুসারে দেশের শান্তি রক্ষা পাইবার অর্থে মুচলকা লইতে মাজিষ্ট্রেট্ ও জাইণ্টমাজিষ্ট্রেট্সাহেবদিগ্কে নিষেধ না হইবার কথা।

মুচলকার নিয়মিত টাকার সংখ্যা তাহা দেওনিয়ার অবস্থানুরূপ হইবার বিশেষ হুকুম।

তাহার পরে দায়েরসায়েরী আদালতের হওয়া বৈঠকে অন্যায়বোধক কোন দরখাস্ত উপস্থিত হইলে তৎসম্পর্কীয় মোকদ্দমার সমস্ত রুবকারী ঐ আদালতের দৃষ্টিগোচর করাইবার কথা।

৫ ধারা।

ইঙ্গরেজী ১৮১৮ সালের ৮ আইনের ৮ ধারার ১ প্রকরণের লিখিত যে কথাক্রমে মাজিষ্ট্রেট্সাহেবদিগের প্রতি এমত হুকুম হইযাছে যে তাঁহারা আইনানুসারে আপনারদিগ্কে অর্পণহওয়া ক্ষমতাক্রমে যখন কোন কয়েদীর উত্তমাচরণের নিমিত্তে জামিন তলব করেন্ ঐ সময়ে কোন উৎপাত হওনের সম্ভাবনা না থাকিলে সর্ব্বদা আপন হুকুমনামাতে ১২ বার মাসের অধিক না হয় এমত নিরূপিত মিয়াদ গত হইলে সেই কয়েদীর খালাস হওনেরো কথা লেখাইবেন ঐ কথার অর্থ স্পষ্ট করিবার নিমিত্তে এই ধারাক্রমে ইহাও জানান যাইতেছে যে এমতং হইলে জামিনের শিরে জওয়াব দিবার দায় থাকনের মিয়াদ ঐ কয়েদী তলব করা জামিন না দিলে তাহার কয়েদ থাকনের যে মিয়াদ মাজিষ্ট্রেট্ সাহেব নিরূপণ করেন্ তদনুরূপ হয় ইতি।

ইঙ্গরেজী ১৮১৮ সালের ৮ আইনের কোনং কথার অর্থ স্পষ্টকরণের কথা।

VOL. VII. 315. সমাপ্তঃ।

A TRUE TRANSLATION,

W. CAREY,

*Bengalee Translator of Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৫ সাল ৫ পঞ্চম আইন।

জজ ও কালেক্টরের ক্ষমতা এক সাহেবেতে থাকা আইনানুসারী বটে কি না এই সন্দেহভঞ্জনের নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৫ সালের তারিখ ৪ আপ্রিল মোতাবেকে বাঙ্গলা ১২৩১ সালের ২৩ চৈত্র মওয়াফেকে ফসলী ১২৩২ সালের ১ বৈশাখ মোতাবেকে বিলায়তী ১২৩২ সালের ২৪ চৈত্র মওয়াফেকে সম্বৎ ১৮৮২ সালের ১ বৈশাখ মোতাবেকে হিজরী ১২৪০ সালের ১৪ শাবানে জারী করিলেন ইতি।

হেতুবাদ।

যেহেতুক কখন ২ কালেক্টরসাহেবেরদের অধিকারের কার্য্য কি ঐ অধিকারের কোন অংশের কার্য্য জিলা ও শহরের জজসাহেবদিগের কিম্বা দেওয়ানী আদালতের রেজিষ্টরসাহেবলোকের হস্তে অর্পণকরা আবশ্যক হইল এবং কোন২ জিলার কার্য্যনির্ব্বাহে কিম্বা কোন২ সরহদ্দ নিরূপণের নিমিত্তে কিম্বা বিশেষ কোন জাতীয় কি বর্গীয় লোকদিগের বসতির দেশের বন্দোবস্তকরণের নিমিত্তে কিম্বা বিশেষ আর কোন কার্য্য নির্ব্বাহের নিমিত্তে ইহার পরে সময়েং জজ ও মাজিষ্ট্রেট এই উভয়ের ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারি সাহেবদিগকে নিযুক্তকরণের আবশ্যক হইতে পারিবেক এবং যেহেতুক ঐ উভয় ক্ষমতা এক সাহেবেতে থাকা আইনানুসারে হওয়া না হওয়ার সন্দেহ জন্মিয়াছে অতএব শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলেতে ঐ সন্দেহভঞ্জনার্থে নীচের লিখিতব্য কথা প্রচার ও নির্দ্দিষ্ট করিতে অভিলাষ করিলেন ইতি।

### ২ ধারা।

সরকারের যে সকল কার্য্যকারকেরা ইহার পূর্ব্বে উপযুক্ত হুকুমানুসারে জজ ও কালেক্টর কি রেজিষ্টর ও কালেক্টর এই উভয়ের পদের কার্য্যনির্ব্বাহ করিয়াছেন তাঁহারদিগের করা ঐ২ পদের কর্ম্ম আইনানুসারী ও প্রবল হইবার কথা।

এই ধারার দ্বারা জানান যাইতেছে যে সরকারের হুকুম ও অনুমত্যনুসারে কিম্বা ইঙ্গরেজী ১৮২১ সালের ৪ আইনের হুকুমানুসারে সরকারের যে সকল কার্য্যকারক সাহেবেরা জজের ও কালেক্টরের কিম্বা রেজিষ্টরের ও কালেক্টরের এই উভয় পদের কার্য্যনির্ব্বাহ করিয়াছেন তাঁহারদিগের ঐ২ পদক্রমে করা সকল কর্ম্ম কেবল জজের কি কেবল রেজিষ্টরের কি কেবল কালেক্টরের পদে নিযুক্তহওয়া কার্য্যকারক সাহেব করিলে যেমন আইনানুসারী ও প্রবল হইত সেই মত সর্ব্বতোভাবে আইনানুসারী ও প্রবল বোধ করা যাইবেক ও হইবেক ইতি।



৩ ধারা।

## ৩ ধারা।

জজ ও মালগুজারীর কালেক্টর এই উভযের পদের সমস্ত কার্য্যের কি তাহার কোন অংশের ভার এক জন সাহেবকে অর্পণ করিতে শ্রীযুতের ক্ষমতা থাকিবার কথা।

১ প্রথম প্রকরণ।— বিশেষ কোন২ কার্য্যনির্ব্বাহার্থে শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে যখন এবং যে সময়পর্য্যন্ত উপযুক্ত বোধ করেন্ তখন এবং সেই সময়পর্য্যন্ত দেওয়ানী আদালতের জজের ও ভূমির মালগুজারীর কালেক্টরের এই উভয়ের পদ ও ক্ষমতা এক জন কার্য্যকারক সাহেবকে অর্পণ করিতে পারেন্ ইতি।

জজসাহেবকে তাঁহার কালেক্টরের পদক্রমে করা কার্য্যের বিষযে তাঁহার উপর হওয়া দাওয়ার বিচার ও নিষ্পত্তি করিতে নিষেধকরণের বিশেষ হুকুম।

২ দ্বিতীয় প্রকরণ।— কিন্তু ইহাও জানান যাইতেছে যে ঐ মত হইলে ঐ জজসাহেবের কালেক্টরের পদক্রমে করা কর্ম্মের বিষয়ে কোন ২ জন তাঁহার উপর যে২ দাওয়া করে তাহার বিচার ও নিষ্পত্তি আপন দেওয়ানী আদালতে করিতে পারিবেন না কিন্তু ইঙ্গরেজী ১৮২১ সালের ৪ আইনের ৬ ধারার ২ প্রকরণে ইহার পূর্ব্বে যে মত লেখা গিয়াছে সেই মত ঐ২ দাওয়ার বিচার ও নিষ্পত্তি ঐ স্থান যে খণ্ডের মধ্যগত হয় সেই খণ্ডের প্রবিন্স্যল কোর্টে হইবেক ও জিলা ও শহরের আদালতে হইবেক না ইতি।

চলিত আইনানুসারে ঐ২ দাওয়ার বিচার প্রবিন্স্যল কোর্টে হইবার কথা।



সমাপ্তঃ।

A True Translation

W. CAREY,

*Bengalee Translator of Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৫ সাল ৬ ষষ্ঠ আইন।

হিন্দুস্থানের মধ্যগত ব্রিটনের অধিকৃত দেশের মধ্য দিয়া গমনকারি সৈন্যদিগের খাদ্যাদি দ্রব্যের আযোজন ও তাহা প্রস্তুতকরণের বিষযে যেং হুকুম চলিত আছ ঐং হুকুম বিলক্ষণরূপে সফল হইবার নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবর্‌নর্‌ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৫ সালের তারিখ ৪ আপ্রিল মোতাবেকে বাঙ্গলা ১২৩১ সালের ২৩ চৈত্র মওযাফেকে ফসলী ১২৩২ সালের ১ বৈশাখ মোতাবেকে বিলাযতী ১২৩২ সালের ২৪ চৈত্র মওয়াফেকে সম্বৎ ১৮৮২ সালের ১ বৈশাখ মোতাবেকে হিজরী ১২৪০ সালের ১৪ শাবানে জারী করিলেন ইতি।

হেতুবাদ।

যেহেতুক ইঙ্গরেজী ১৮০৬ সালের ১১ আইনের ৩ ধারার ১ প্রকরণে এমত নির্দ্দিষ্ট হইয়াছে যে তাহার পূর্ব্ববর্ত্তি ধারার লিখনমতে কোম্পানি বাহাদুরের শাসিত কোন দেশের জলের কি স্থলের পথে সৈন্যসমূহের গমন হইবার সম্বাদ পাইবামাত্র জিলার কালেক্টরসাহেব ঐ সৈন্যসমূহ যেং স্থান দিযা চলিবেক সেইং স্থানের ভূম্যধিকারিবর্দিগকে এবং ইজারদার ও তহসীলদার ও ভূমির অন্য দখীলকার জনেরদিগ্‌কে হুকুমমত ঐ সৈন্যদিগের আবশ্যক দ্রব্যজাত প্রস্তুত রাখিতে এবং ঐ সৈন্যগমনের পথে যে নদী নালা থাকে তাহাতে নির্ব্বিঘ্নে ও অবিলম্বে পার হওয়া যাইবার নিমিত্তে যত নৌকা কি পুলের আবশ্যক হয় তাহা তৎক্ষণে প্রস্তুত করিবার নিমিত্তে হুকুম দিবেন এবং ঐ পূর্ব্বোক্ত ধারার ২ প্রকরণেতে এ হুকুমও লেখা গিযাছে যে ঐং দ্রব্যজাত যেং স্থানে যাহারা লয সেইং স্থানের বাজারের নিরিখমত তাহার মূল্য তাহারদিগের দিতে হইবেক এবং ঐ সৈন্য ও তাহারদিগের দ্রব্যজাত নদী কি নালা পার হইয়া যাওনের নিমিত্তে যত খরচ হয় তাহা যথার্থ জানা যাওনের পর সরকারহইতে দেওয়া যাইবেক এবং যেহেতুক অনুভবেতে ইহা আবশ্যক জানা গেলে যে যে কোন ভূম্যধিকারী কি তহসীলদার কি ভূমির অন্য দখীলকার উপরের উক্ত ধারানুসারে হুকুম পাইয়া তাহা না মানে কি তাচ্ছল্য করে কালেক্টরসাহেবেরা কি তৎপদপ্রাপ্ত সরকারের অন্য কার্য্যকারক সাহেবেরা ঐ লোকদিগের জরীমানা করণদ্বারা আপনারদিগের উপরের উক্ত বিষয়েতে দেওয়া হুকুম সফল করিতে ক্ষমতা রাখেন্‌ অতএব শ্রীযুত নওয়াব গবর্‌নর্‌ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলহইতে নীচের লিখিতব্য হুকুমসকল নির্দ্দিষ্ট হইল এবং তাহা এই আইন জারী হওনের তারিখঅবধি ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর তাবে সমস্ত দেশে প্রবল হইবেক ইতি।



২ধারা।

২ ধারা।

কালেক্টরসাহেবের নিকটহইতে হুকুম পাইয়া জমীদারেরদের সৈন্যের নিমিত্তে দ্রব্য আযোজন করিতে।

কিম্বা নদী নালা পারের নিমিত্তে নৌকাইত্যাদি প্রস্তুত করিতে।

তাচ্ছল্য কি আজ্ঞালঙ্ঘন করা প্রমাণ হইলে তাহারা জরীমানার দ্বারা দণ্ডনীয় হইবার কথা।

ঐ জরীমানা হাজার টাকার অধিক না হইবার কথা।

যে কোন ভূম্যধিকারী কি ইজারদার কি তহসীলদার কি ভূমির অন্য দখীলকার কি কর্ম্মচারী ইঙ্গরেজী ১৮০৬ সালের ১১ আইনের ৩ ধারানুসারে হিন্দুস্থানের মধ্যগত বৃটনের অধিকৃত কোন দেশে স্থলের কি জলের পথে গমন করিতে উদ্যত সৈন্যসমূহের দ্রব্যজাত প্রস্তুত করিবার এবং ঐ সৈন্যদিগের গমনের পথে থাকা নদী কি নালাতে পার হইবার নিমিত্তে নৌকা কি পুল কি অন্য দ্রব্য প্রস্তুত করিবার হুকুম ভূমির মালগুজারীর কালেক্টর কিম্বা তৎপদপ্রাপ্ত সরকারের অন্য কোন কর্ম্মকারির নিকটহইতে পাইয়া ইচ্ছাপূর্ব্বক তাহা না মানে কি তাচ্ছল্য করে কিম্বা উপযুক্ত হেতুব্যতিরেকে ঐ হুকুমমত কর্ত্তব্য কর্ম্মনির্ব্বাহের যত্ন করিতে ত্রুটি করে সেই জন যে কালেক্টরসাহেব কি তৎপদ প্রাপ্ত অন্য কর্ম্মকারি সাহেবের নিকটহইতে ঐ হুকুম দেওয়া গিয়া থাকে তাঁহার কিম্বা তাঁহার পরে যে সাহেব ঐ পদে নিযুক্ত হন তাঁহার নিকটে ঐ ত্রুটি কি তাচ্ছল্যকরণ কি আজ্ঞা না মানন প্রমাণ হইলে ঐ অপরাধি জনের অবস্থা ও ঐ অপরাধের ভাব বিবেচনা করিয়া তদনুরূপ যে জরীমানা কালেক্টর কি অন্য কর্ম্মকারি সাহেব উপযুক্ত বোধ করেন্ সেই জরীমানার যোগ্য হইবেক কিন্তু কোন প্রকারে ঐ জরীমানা নিক্কা ১০০০ এক হাজার টাকার অধিক হইবেক না ইতি।

৩ ধারা।

কালেক্টরসাহেবের ঐ তাচ্ছল্য কি আজ্ঞালঙ্ঘনকরণের অপরাধগ্রস্ত জনের কি তাহার প্রতিনিধির সাক্ষাৎকারে সরাসরী তজবীজ করিবার কথা।

স্বয়ং কি উকীল ইহার এক জনও হাজির না হইলে তাহারদিগের গরহাজিরীতেও কালেক্টরসাহেব মোকদ্দমার তজবীজ করিয়া রুবকারী লেখাইবার কথা।

যে কালেক্টরসাহেব কি কালেক্টরী পদের কর্ম্মকারক অন্য সাহেব এই আইনের দ্বারা তাঁহাকে অর্পণহওয়া ক্ষমতানুসারে কার্য্য করেন সেই সাহেব হুকুম পাইয়া তাহা না মাননের কি তাহা তাচ্ছল্যকরণের অপরাধেতে অপরাধগ্রস্ত জন উপযুক্ত তলবমতে নিজে হাজির হইলে তাহার কি সে আপন উকীল হাজির করিলে তাহার সাক্ষাৎকারে ঐ অপরাধের সরাসরী তজবীজ করিবেন ও সেই জন নিজে হাজির হইতে কি উকীল পাঠাইতে ত্রুটি করিলে ঐ সরাসরী তজবীজ তাহারা উপস্থিতহওনব্যতিরেকেও করা যাইবেক এবং যে তাচ্ছল্যকরণ কি হুকুম না মাননপ্রযুক্ত জরীমানার হুকুম হয় সেই তাচ্ছল্যকরণের কি হুকুম না মাননের যেং প্রমাণ পাওয়া যায় তাহা কালেক্টরসাহেব আপন রুবকারীতে লেখাইবেন ইতি।

৪ ধারা।

জরীমানার টাকা উসুল করা যাওনের মতের কথা।

যথায় আপীল হইতে পারিবেক তাহার কথা।

যে কালেক্টর কি অন্য কর্ম্মকারি সাহেব এই আইনানুসারে জরীমানার হুকুম দেন্ সেই সাহেব যেং প্রকারে মালগুজারীর বাকী টাকা আদায় করিবার ক্ষমতা রাখেন্ সেইং প্রকারে ঐ জরীমানার টাকা উসুল করিতে পারেন্ কিন্তু তাঁহার নিষ্পত্তির তারিখের পর ছয় হপ্তার মধ্যে তাঁহার জিলা যে বোর্ড রেবিনিউর সরহদ্দের মধ্যে হয় সেই



বোর্ড

বোর্ড রেবিনিউতে তাহার উপর যদি আপীল হয় এবং ঐ আপীলের দরখাস্তের সহিত ঐ বোর্ডহইতে ঐ আপীলের বিষয়ে যে নিষ্পত্তি হইবেক তাহার মত কার্য্য করিবার নিমিত্তে মাতবর জামিনী দাখিল করে তবে কালেক্টরসাহেব বোর্ডের সাহেবদিগের নিকট হইতে চূড়ান্ত হুকুম না হওনপর্য্যন্ত আপন হুকুমকরা জরীমানার টাকা উসুল করিতে বিলম্ব করিবেন ইতি।

৫ ধারা।

আপীলের দরখাস্ত ইষ্টাম্পকাগজে লিখিতে হইবার কথা।

আপীলের মিয়াদের কথা।

যে২ কালেক্টরসাহেব কি সরকারী অন্য কর্ম্মকারি সাহেব এই আইনানুসারে জরীমানার হুকুম দেন তাঁহারদিগের নিষ্পত্তির উপর যে আপীলের দরখাস্ত করিতে হয় ঐ দরখাস্ত উপযুক্ত বোর্ডে নিজে দাখিল করিতে হইলে কিম্বা যে কর্ম্মকারি সাহেব ঐ জরীমানার হুকুম দিয়া থাকেন তাঁহার দ্বারা ঐ বোর্ডে দাখিল করাইতে হইলে রেবিনিউ বোর্ডে অন্য আপীল হইবার দরখাস্ত যে ইষ্টাম্পকাগজে লেখা যায় সেই ইষ্টাম্পকাগজে লিখিতে হইবেক এবং ঐ আপীল গ্রাহ্য হইলে সে মোকদ্দমাতে যে সকল কবকারী হয় তাহা ঐ বোর্ডে পাঠাইতে হইবেক কিন্তু নিষ্পত্তির তারিখঅবধি ছয় মাস গত হইলে ঐ বিলম্বহওনের হেতুর যে প্রমাণ তাহার বিচারযোগ্য বোর্ডের সাহেবদিগের প্রত্যয়যোগ্য হয় তাহা দেওনব্যতিরেকে ঐ আপীলের দরখাস্ত গ্রাহ্য হইবেক না ইতি।



সমাপ্তঃ।

A True Translation,

W. CAREY,

*Translator of Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৫ সাল ৭ সপ্তম আইন।

ভূমি বিক্রয়করণদ্বারা কি অন্য কোন প্রকারে আদালতের ডিক্রীর কি অন্য কোন নিষ্পত্তির মতাচরণ করা যাওনের বিষয়ে যেং হুকুম চলন আছে তাহার অর্থ সুস্পষ্ট করিবার ও তাহা শুধরিবার নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৫ সালের তারিখ ১৪ আপ্রিল মোতাবেকে বাঙ্গলা ১২৩২ সালের ৩ বৈশাখ মওয়াফেকে ফসলী ১২৩২ সালের ১ বৈশাখ মোতাবেকে বিলায়তী ১২৩২ সালের ৩ বৈশাখ মওয়াফেকে সম্বৎ ১৮৮২ সালের ১১ বৈশাখ মোতাবেকে হিজরী ১২৪০ সালের ২৩ শাবানে জারী করিলেন ইতি।

যেহেতুক আদালতের ডিক্রীর অনুসারে সকর ও নিষ্কর ভূমিবিক্রয়ের বিষয়ে ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৪৫ আইনে যেং হুকুম আছে এবং যাহা ১৭৯৫ সালের ২০ আইনের দ্বারা বারাণসদেশের কারণ এবং ১৮০৩ সালের ২৬ আইনের দ্বারা দত্ত দেশসকলের নিমিত্তে পুনর্নির্দ্দিষ্ট হইয়াছে সেইং হুকুমের অর্থ বাটী ঘর ও বাগান ও ফলের বাগান এবং নিষ্কর ক্ষুদ্রং ভূমিখণ্ড বিক্রয়ের বিষয়ে সুস্পষ্ট করা এবং তাহা শুধরা আবশ্যক বোধ হইল এবং যেহেতুক আদালতের ডিক্রীর কি অন্য নিষ্পত্তির টাকা উসুল করিবার কারণ আবশ্যক হইলে ঐ ভূম্যাদি বিক্রয়ের নিমিত্তে এবং সরকারের মালগুজারী তহসীলের ভারাক্রান্ত সাহেবদিগের করা নিষ্পত্তির মতাচরণ করণার্থে ভূমি বিক্রয়করণের নিমিত্তে এবং ঐং নিষ্পত্তির মতাচরণ অবিলম্বে ও সম্পূর্ণরূপে হওনার্থে ভূমির স্বত্বাধিকারের কি দখলের বিষয়ে আদালতহইতে হওয়া সকল ডিক্রীর মতাচরণ করণে দেওয়ানী আদালতের জজসাহেবেরা কালেক্টরসাহেবদিগহইতে সহায়তা পাইবার নিমিত্তে এবং ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ আইনের ১৫ ধারার ৮ প্রকরণানুসারে আদালতের কোন ডিক্রীর মতাচরণ হইতে বিলম্ব হইলে জামিন তলব করিবার ও ভূম্যাদি ক্রোক্ করিবার হুকুম দিবার নিমিত্তে আর কোনং হুকুম নির্দ্দিষ্ট করা আবশ্যক বোধ হইল অতএব শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলহইতে নীচের লিখিতব্য হুকুমসকল নির্দ্দিষ্ট হইল যে এই আইন জারীহওনের তারিখঅবধি ঐ সকল হুকুম ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর তাবে সমস্ত দেশে প্রবল হইবেক ইতি। হেতুবাদ।

### ২ ধারা।

**১ প্রথম প্রকরণ।— ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৪৫ আইনের এবং ১৭৯৫ সালের** আদালতের ডিক্রীর



২০ আইনের

মতাচরণকরণার্থে ভূমি নীলাম করিবার বিষয়ে চলিত আইনের কোন২ হুকুমের অর্থসুস্পষ্টকরণের ও তাহা শুধরণের কথা।

১০ আইনের এবং ১৮০৩ সালের ২৬ আইনের কি চলিত অন্য যে কোন আইনের যে২ কথাক্রমে এ হুকুম আছে যে আদালতের ডিক্রীর মতাচরণার্থে ভূমি নীলাম করিতে হইলে তাহা সরকারের মালগুজারীর কালেক্টর কিম্বা সরকারের রাজস্বের সিরিশ্তা সম্পর্কীয় অন্য কোন কার্য্যকারক সাহেবের দ্বারা করা যায় ঐ২ হুকুম এই প্রকরণের দ্বারা নীচের লিখনক্রমে সুস্পষ্ট করা ও শুধরা যাইতেছে ইতি।

আদালতের ডিক্রীর মতাচরণার্থে বাটীঘর কি বাগান কি ফলের বাগান কি নিষ্কর ক্ষুদ্র২ ভূমিখণ্ড আদালতসম্পর্কীয় কর্ম্মকারি সাহেবদিগের হুকুমানুসারে হইবার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— উপরের উক্ত আইনের লিখিত হুকুম বাটীঘর কি বাগান কি ফলের বাগান কি নিষ্কর ক্ষুদ্র২ ভূমিখণ্ড নীলামের সহিত সম্পর্ক রাখে ইহা বোধ করা যাইবেক না ও আদালতের কোন ডিক্রীর কি অন্য নিষ্পত্তির মতাচরণকরণের নিমিত্তে ভূম্যাদি নীলামকরণের আবশ্যক হইলে ঐ ডিক্রীর কি নিষ্পত্তির মতাচরণকরণের ক্ষমতাপন্ন আদালতের সাহেবের কি কোন কার্য্যকারক সাহেবের দ্বারা ঐ নীলাম পূর্ব্বমত বোর্ড রেবিনিউর সাহেবদিগের কি জিলার কালেক্টরসাহেবের কি রাজস্বের সিরিশ্তা সম্পর্কীয় অন্য কোন কার্য্যকারক সাহেবের জ্ঞাতসারকরণব্যতিরেকে করা যাইবেক ইতি।

আদালতের নিষ্পত্ত্যনুসারে ভূমির নীলাম অস্থাবর বস্তুর নীলামকরণের প্রকারে করা যাইবার কথা।

৩ তৃতীয় প্রকরণ।— আইনানুসারে ভূম্যাদি বিক্রয়করণদ্বারা আদালতের কোন ডিক্রীর কি অন্য নিষ্পত্তির মতাচরণকরিবার ক্ষমতাপন্ন জজ কি রেজিষ্টর কি অন্য কর্ম্মকারি সাহেবের ক্ষমতা আছে যে আদালতের ডিক্রীর কি অন্য নিষ্পত্তির মতাচরণার্থে যেমন নীলামের যোগ্য কোন অস্থাবর বস্তু নীলামকরণের হুকুম দিতে পারেন্ সেই মত তদর্থে নীলামের যোগ্য কোন বাটী ঘর কি বাগান কি ফলের বাগান কি নিষ্কর কোন ক্ষুদ্র ভূমিখণ্ড নীলাম করিতে হুকুম দেন্ ইতি।

৩ ধারা।

যাহারদিগকে অস্থাবর বস্তু নীলামকরণের ভার দেওয়া যায় তাহারদিগকে বাটী ঘরইত্যাদি নীলামকরণের ভার দেওয়া যাইবার কথা।

১ প্রথম প্রকরণ।— জিলা ও শহরের আদালতের জজ যে ও রেজিষ্টরসাহেবেরা আদালতের ডিক্রীর কি নিষ্পত্তির মতাচরণকরণের নিমিত্তে সামান্যতঃ ঐ২ আদালতের নাজিরদিগকে কিম্বা ঐ জজ কি রেজিষ্টরসাহেব আপন২ মোকামে সদর আমীনদিগকে এবং আপন২ সরহদ্দের মধ্যে অন্য২ স্থানে তথাকার মুনসেফদিগকে অস্থাবর বস্তু নীলাম করিবার ভার দেন্ ঐ সাহেবদিগকে এই প্রকরণের দ্বারা ক্ষমতা দেওয়া যাইতেছে যে আবশ্যক বোধ হইলে এই আইনের হুকুমানুসারে যে২ বাটী ঘর কি বাগান কি ফলের বাগান কি নিষ্কর ক্ষুদ্র কোন ভূমিখণ্ড নীলাম করা কর্ত্তব্য তাহা নীলাম করিবার ভার ঐ২ কর্ম্মকারিদিগকে দেন্ ইতি।

নীলামের তারিখের ত্রিশ দিন পূর্ব্বে তাহার ঘোষণা দেওয়া যাইবার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— আদালতের কোন ডিক্রীর কিম্বা অন্য নিষ্পত্তির মতাচরণার্থে অস্থাবর কি উপরের উক্ত মত স্থাবর বস্তু ক্রোক করা গিয়া নীলাম করিতে হইলে ঐ নীলাম হইবার কথা এবং তাহার সময়ওস্থানের নিরূপণওযে বস্তু নীলাম হইবেক তাহার বেওরা এবং যে টাকা উসুল করিবার নিমিত্তে ঐ নীলাম করা যাইবেক তাহার সংখ্যা ঐ নীলামের ঘোষণা দিবার হুকুমহওনের তারিখের পর ও ঐ নীলামহওনের নিমিত্তে

 নিরূপিত

নিরূপিত দিনের পূর্ব্ব ৩০ ত্রিশ দিনের কম না থাকে ঐ নীলামের নিরূপিত দিনের এত দিন পূর্ব্বে সেই দেশের চলিত ভাষাতে ঘোষণা দেওনদ্বারা প্রচার করা যাইবেক ও যে স্থানেতে ঐ বস্তু ক্রোক থাকে সেই স্থানে দস্তুরমতে ঢোল পিটাইয়া ঐ ঘোষণা দেওয়া যাইবেক এবং যে গ্রামে কি নগরে ঐ বস্তু ক্রোক হয় তাহার মধ্যগত সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে এবং ঐ স্থানের মুনসেফের কাছারীতে এবং তথাকার জিলার কালেক্টরসাহেবের এবং জিলার যে জজ কি রেজিষ্টরসাহেব ঐ নীলামের হুকুম দিয়া থাকেন তাঁহারো কাছারীতে তদর্থে ইশ্‌তিহারনামা লট্‌কান যাইবেক ও ঐ নীলাম সদর আমীনের দ্বারা হইতে হইলে তাহারো কাছারীতে ঐ ইশ্‌তিহারনামা লট্‌কান যাইবেক ইতি।

ঘোষণাদেওনের ও প্রচারকরণের প্রকারের কথা।

৩ তৃতীয় প্রকরণ।— ঐ প্রকার হইলে ঐ নীলামের হুকুম যে জজ কি রেজিষ্টরসাহেব কি আদালতের অন্য কার্য্যকারক সাহেব দেন তিনি ঐ বিষয়ের সকল অবস্থা বিবেচনাকরণের পরে বিষয়বিশেষে যেমন উপযুক্ত বোধ হয় সেইমত ঐ ক্রোক ও নীলামের দস্তুরমত হুকুম পরে২ কিম্বা একেবারে দিতে পারিবেন কিন্তু উপরের প্রকরণের বিশেষ করিয়া লিখনমত পূর্ব্বে ইশ্‌তিহার দেওনব্যতিরেকে কোন নীলাম কোন প্রকারে হইবেক না এবং যে জজ কি রেজিষ্টর কি অন্য কার্য্যকারক সাহেব ঐ নীলামের হুকুম দিয়া থাকেন সরাসরী বিচারেতে সেই সাহেবের প্রত্যয়জনক ঐ নীলামের বিষয়ে আইনবিরুদ্ধ কার্য্যহওনের প্রমাণ পাওয়া গেলে তাহাতে ঐ নীলাম অসিদ্ধ হইবেক কিন্তু আবশ্যক যে জিলা ও শহরের আদালতে মুৎফরক্কা দরখাস্তের নিমিত্তে যে ইষ্টাম্পকাগজের আবশ্যক হয় সেই ইষ্টাম্পকাগজে লিখিত এবং আইনবিরুদ্ধে যে কার্য্য হইয়া থাকে তাহার বেওরাযুক্তে এক আরজী যে জজ কি রেজিষ্টর কি অন্য কার্য্যকারক সাহেবের দ্বারা ঐ নীলামের হুকুম হইয়া থাকে নীলামের পরে এক মাসের মধ্যে ঐ সাহেবের নিকটে উপস্থিত করা যায় ইতি।

ক্রোক ও নীলামের হুকুম এক সময়েও দেওয়া যাইতে পারিবার কথা।

বিশেষরূপে হুকুম করা ঘোষণা দেওনব্যতিরেকে কোন নীলাম না হওনের এবং ঐ নীলাম আইনবিরুদ্ধ কোন কর্ম্ম তাহাতে হইয়া থাকিলে অসিদ্ধ হইবার কথা।

যদি ইষ্টাম্পকাগজে লিখিত দরখাস্ত এক মাসের মধ্যে দেওয়া যায়।

৪ চতুর্থ প্রকরণ।— কোন নীলাম উপরের প্রকরণানুসারে কিম্বা আর কোন কারণপ্রযুক্ত অসিদ্ধ হইলে যদি তাহাতে খরীদারের কোন চাতুরী ও প্রবঞ্চনা প্রকাশ না হয় তবে ঐ খরীদার ঐ খরীদকরা বস্তু ফিরিয়া দিলে বিষয়বিশেষে যেমত হুকুম হয় সেইমত সুদ সুদ্ধা কি তাহাব্যতিরেকে আপন খরীদের টাকা ফিরিয়া পাইবেক ইতি।

নীলাম অসিদ্ধ হইলে এবং কোন চাতুরী প্রকাশ না পাইলে খরীদার আপন খরীদের টাকা যেমন উপযুক্ত বুঝা যায় সুদসুদ্ধা কি তাহাব্যতিরেকে পাইবার কথা।

৫ পঞ্চম প্রকরণ।— এই ধারানুসারে জিলা কি শহরের জজ কি রেজিষ্টরসাহেবের করা সরাসরী নিষ্পত্তির উপর আপীল হইবার বিষয়ে চলিত হুকুমানুসারে প্রবিন্স্যাল্ কোর্টে সরাসরী আপীল হইতে পারিবেক ইতি।

জজ কি রেজিষ্টরসাহেবের করা নিষ্পত্তির উপর প্রবিন্স্যাল কোর্টে আপীল হইতে পারিবার কথা।

৬ ষষ্ঠ প্রকরণ।— এই ধারানুসারে যে ভূম্যাদি নীলাম হইবার ইশ্‌তিহার দেওয়া গিয়া থাকে সেই ভূম্যাদির কোন দাওয়া উপস্থিত হইলে কিম্বা ঐ ইশ্‌তিহারনামার লিখিত মিয়াদের মধ্যে ঐ নীলামহওনের কোন প্রতিবন্ধক উপস্থিত হইলে ঐ দাওয়া কিম্বা প্রতি

ইশ্‌তিহার দেওয়া বস্তুর উপর দাওয়া কি তাহার নীলামে প্রতিবন্ধক উপ



বন্ধকতার

স্থিত হইলে আদালতের কার্য্যকারক সাহেবেরা যে রূপ কার্য্য করিবেন তাহার কথা।

ঐ দাওয়া কি প্রতিবন্ধক উপস্থিত করিতে ইচ্ছাপূর্ব্বক বিলম্ব না করা গেলে নীলাম করিতে বিলম্ব করা যাইবার কথা।

কিন্তু প্রবঞ্চনার্থে দেওয়া উপস্থিত হইলে নীলামে বিলম্ব না করা যাইবার এবং দাওয়াদার দাওয়া বুঝিয়া পাইবার নিমিত্তে দেওয়ানী আদালতে নালিশ করিতে পারিবার কথা।

বন্ধকতার তজবীজ যে জজ কি রেজিষ্টর কি অন্য কার্য্যকারক সাহেবের নিকটহইতে ঐ নীলামের হুকুম হইয়া থাকে সেই সাহেবের নিকটে হইবেক কিম্বা তাহার তজবীজ করিয়া রিপোর্ট করিবার নিমিত্তে কোন সদর আমীন কি তথাকার মুনসেফের প্রতি ভার দেওয়া যাইবেক এবং ন্যায়ের প্রতিবন্ধকতার নিমিত্তে ঐ দাওয়াদির আরজী দিতে ইচ্ছাপূর্ব্বক ও অনাবশ্যক বিলম্ব করা গিয়াছে ইহা বোধ না হইলে যদি আবশ্যক বোধ হয় তবে যাবৎ ঐ দাওয়া কি প্রতিবন্ধকতার বিবেচনা না হয় তাবৎ ঐ নীলাম করিতে বিলম্ব করা যাইবেক কিন্তু আবশ্যক যে ঐ আরজী যে জজ কি রেজিষ্টর কি অন্য কার্য্যকারক সাহেব ঐ নীলামের হুকুম দিয়া থাকেন তাঁহার নিকটে ঐ নীলামের ইশ্‌তিহার দেওয়া যাওনের পর যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র সর্ব্বদা দেওয়া যাইবেক ও আরজীদেওনিয়ার প্রবঞ্চনাকরণের অভিপ্রায় বোধ হইলে নীলাম করিতে বিলম্ব করা যাইবেক না এবং ঐ দাওয়াদার নীলামের পরে জাবেতামতে দেওয়ানী আদালতে নালিশকরণদ্বারা আপন দাওয়া বুঝিয়া পাইবার উপায় করিতে পারে ইতি।

ভূম্যাদি নীলাম হইতে হইলে ডাকনিয়াদিগকে ডিক্রীর লিখিত টাকার দায়ি জনের ঐ ভূম্যাদিতে থাকা স্বত্বের ও লভ্যের অতিরিক্ত আর কিছু না পাইবার কথা সর্ব্বদা জানাইতে হইবার কথা।

৭ সপ্তম প্রকরণ।— এই আইনানুসারে ভূম্যাদি নীলাম করিতে হইলে ঐ নীলামের সময়ে ডাকনিয়ালোকদিগকে সর্ব্বদা স্পষ্টরূপে ইহা জানাইতে হইবেক যে আদালতের ডিক্রীর কি অন্য নিষ্পত্তিপত্রের লিখিতমতে টাকা উসুল করিবার নিমিত্তে ঐ নীলামের হুকুম হয় সেই টাকার দায়ি জনের ঐ ভূম্যাদিতে যে স্বত্ব ও লাভ থাকে তাহারা ঐ ভূমিতে অতিরিক্ত আর কিছুই পাইবেক না ইতি।

## ৪ ধারা।

আদালতের ডিক্রীর কি নিষ্পত্তির টাকা উসুলের নিমিত্তে কালেক্টর কি রাজস্বের অন্য কার্য্যকারক সাহেব ভূমি নীলাম করিতে হইলে ঐ নীলামের সহিত উপরের ধারার শেষ প্রকরণের লিখিত হুকুম সম্পর্ক রাখিবার কথা।

১ প্রথম প্রকরণ।— আদালতের ডিক্রীর কি নিষ্পত্তির টাকা উসুল করিবার নিমিত্তে কালেক্টরসাহেব কি রাজস্বের সিরিশতাসম্পর্কীয় অন্য কার্য্যকারক সাহেব ভূমি নীলাম করিতে হইলে ঐ নীলামের সহিত উপরের ধারার শেষ প্রকরণের লিখিত হুকুম সম্পর্ক রাখিবেক এবং ঐ প্রকার নীলামের বিষয়ে এক্ষণে যে সকল হুকুম চলন আছে তাহা শুধরণের নিমিত্তে নীচের লিখিতব্য হুকুম নির্দ্দিষ্ট করা যাইতেছে ইতি।

রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবদিগের নিকটে সম্বাদ দেওনবিনা ভূমি নীলাম হইতে না পারিলে আদালতের সাহেবেরা যে মতাচরণ করিবেন তাহার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— আদালতের ডিক্রীর কি অন্য নিষ্পত্তির টাকা উসুল করিবার কারণ ভূমি নীলামকরণের আবশ্যক হইলে এবং যে জন ঐ ডিক্রীর কি অন্য নিষ্পত্তির টাকা উসুলকরণের প্রার্থনা করে ঐ জন নীলাম করা যাইবার নিমিত্তে যেং ভূমি দেখায় ঐং ভূমি যদি এ প্রকার হয় যে ঐ ডিক্রীর কি নিষ্পত্তির মতাচরণকরণের ক্ষমতাপ্রাপ্ত আদালতের সাহেবেরা সরকারের মালগুজারী তহসীলের ভারাক্রান্ত সাহেবদিগের নিকটে সমাচার দেওনব্যতিরেকে নীলাম করিতে পারেন না তবে ঐ ডিক্রীর কি নিষ্পত্তির মতাচরণকরা যে আদালতের সাহেবের কর্ত্তব্য ঐ সাহেব ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৪৫ আইনের ও ১৭৯৫ সালের ২০ আইনের ও ১৮০৩ সালের ২৬ আইনের হুকুমমত ঐ ডিক্রীর কি নিষ্পত্তিপত্রের নকল ও তরজমা তৎস্থানের বোর্ড রেবিনিউর সাহেবলো



কের

কের নিকটে পাঠাইবেন এবং ঐ সময়ে ঐ ডিক্রী কি অন্য নিষ্পত্তি যে জনের টাকা পাইবার অর্থে হইয়া থাকে সেই জন যে লোক কি লোকদিগের স্থানে ঐ টাকা পাইবেক তাহার কি তাহারদের অধিকৃত যেং ভূমি দেখাইয়া দিবেক তাহার বেওরা লিখিয়া ঐ বোর্ডে পাঠাইয়া দিবেন ইতি।

৩ তৃতীয় প্রকরণ।— বোর্ড রেবিনিউর সাহেবলোক উপরের উক্ত পত্র পাইলে উপরের লিখিত আইনের হুকুমমত কার্য্য করিবেন এবং যেং ভূমি নীলাম করিতে হয় তাহা যে জিলার মধ্যগত হয় সেই জিলার কালেক্টরসাহেবের নিকটে ঐ প্রকারে পাওয়া বেওরাপত্রের নকল পাঠাইবেন এবং ঐ ডিক্রীর কি অন্য নিষ্পত্তির টাকা উসুল করিবার নিমিত্তে ঐ বেওরাপত্রের লিখিত যেং ভূমি নীলাম করা উপযুক্ত বোধ হয় এবং ঐ টাকা উসুল হইতে কুলায় এমত কোনং ভূমি নীলাম করিবার নিমিত্তে বাচনি করিতে ঐ কালেক্টরসাহেবকে হুকুম দিবেন ইতি।

নীলাম করিতে হইবার ভূমির জিলার কালেক্টরসাহেবকে বোর্ড রেবিনিউর সাহেবেরা নীলামের নিমিত্তে যত ভূমি উপযুক্ত বোধ হয় তাহা স্থির করিতে হুকুম দিবার কথা।

৪ চতুর্থ প্রকরণ।— যে ভূম্যাদি নীলামকরণের প্রয়োজন হয় তাহার উপর কালেক্টর সাহেবের নিকটে কোন দাওয়া কিম্বা আদালতের ডিক্রীর কি অন্য নিষ্পত্তিপত্রের লিখিত টাকার দায়ি জনের কি জনেরদের ঐ ভূম্যাদিতে অধিকার নাহি সুতরাং তাহা ঐ টাকা উসুলের নিমিত্তে নীলামের যোগ্য নহে এইরূপ প্রতিবন্ধকতার দরখাস্ত উপস্থিত হইলে যে আদালতের সাহেব ঐ ভূম্যাদি নীলাম করিবার নিমিত্তে কালেক্টরসাহেবের নিকটে হুকুম পাঠাইয়াথাকেন্ সেই আদালতের সাহেবের নিকটে ঐ কালেক্টরসাহেব ঐ দাওয়ার কি প্রতিবন্ধকতার এবং ঐ বিষয়ে যাহাং আপন সিরিশ্তায় লেখা থাকে তাহার বেওরা লিখিয়া পাঠাইবেন এবং তাহার প্রত্যুত্তরে যেং হুকুম পাওয়া যায় তদনুসারে ঐ নীলামের কার্য্য করিবেন অথবা না করিবেন ইতি।

নীলামের বিষয়ে কোন দাওয়া কি প্রতিবন্ধক উপস্থিত হইলে কালেক্টর সাহেব আদালতের সাহেবের নিকটে ঐ দাওয়া কি প্রতিবন্ধকের বেওরা লিখিয়া পাঠাইবার ও তাহার উত্তর পাইলে তদনুসারে কার্য্য করিবার কথা।

৫ পঞ্চম প্রকরণ।— উপরের প্রকরণানুসারে আদালতের কোন ডিক্রী কি অন্য নিষ্পত্তির মতাচরণ যে আদালতহইতে হয় সেই আদালতের সাহেবের নিকটে ঐ ভূম্যাদির বিষয়ে হওয়া কোন দাওয়ার কি প্রতিবন্ধকতার দরখাস্ত কালেক্টরসাহেবের নিকটহইতে পাঠান গেলে কিম্বা আদালতের হুকুমমতাচরণার্থে যে ভূম্যাদি নীলামকরণের প্রয়োজন হয় তাহার বিষয়ে যে জজ কি অন্য কর্ম্মকারি সাহেব তাহা নীলামের হুকুম দিয়া থাকেন্ সেই সাহেবের নিকটে কোন দাওয়াদার দাওয়া দরপেশ করিলে ঐ সাহেবের কর্ত্তব্য যে তৎক্ষণে ঐ দাওয়া সত্য হওয়া না হওয়ার ও তাহার কোন হেতু থাকা না থাকার সরাসরী বিবেচনা করিবেন এবং আবশ্যক বোধ হইলে ঐ বিবেচনা করা পূর্ণ না হওন পর্য্যন্ত ঐ নীলাম করিতে বিলম্ব করিবার হুকুম কালেক্টরসাহেবকে দিবেন কিন্তু কালেক্টরসাহেবের ঐ নীলামের ইশ্তিহার দেওনের পর উপযুক্ত মিয়াদের মধ্যে ঐ দাওয়া কি প্রতিবন্ধকতার দরখাস্ত উপস্থিত না করা গেলে এবং নীলামের ব্যাঘাতকরণের অভিপ্রায়ে ইচ্ছাপূর্ব্বক তাহা উপস্থিত করিতে বিলম্ব করা গিয়াছে এমত বোধ হইলে ঐ নীলাম করিতে বিলম্ব করা আবশ্যক বোধ হইবেক না ও এমতং হইলে আদালতের সাহেব ঐ

নীলামের হুকুমহওয়া ভূমির বিষয়ে কোন দাওয়া কি প্রতিবন্ধক উপস্থিত হওনের কথা কালেক্টর সাহেবের নিকটহইতে পাঠান গেলে জজইত্যাদি সাহেব তাহার সরসরী বিবেচনা করিবার এবং আবশ্যক হইলে কালেক্টর সাহেবকে ঐ ভূমি নীলামে বিলম্ব করিতে হুকুম দিবার কথা।

উপযুক্ত মিয়াদের মধ্যে ঐ দাওয়াদি উপস্থিত না করা গেলে নীলামেতে বিলম্বকরণের আবশ্যক না হইবার কথা।

ঐ নীলাম করিবার হুকুম দিতে পারিবেন এবং দাওয়াদার আপন দাওয়া বুঝিয়া পাবার নিমিত্তে জাবেতামতে আদালতে নালিশ করিতে চাহিলে করিতে পারিবেক ইতি।

৫ ধারা।

যে সকল আদালতের সাহেবেরা মালগুজারী তহসীলের কার্য্যভারাক্রান্ত সাহেবদিগের দ্বারা ভূমি নীলাম হইবার হুকুম দিয়া থাকেন সরাসরী বিচারেতে আইনের বিরুদ্ধাচরণহওয়ার প্রত্যয়যোগ্য প্রমাণ হইলে ঐ সাহেবেরা নীলাম অসিদ্ধহওনের ও পুনর্ব্বার নীলাম করণের হুকুম দিবার ক্ষমতা রাখণের কথা।

বিশেষ হুকুম।

কোন২ প্রকার হইলে খরীদের টাকা সুদসুদ্ধা কি তাহাব্যতিরেকে ফিরিয়া দেওয়া যাইবার কথা।

১ প্রথম প্রকরণ।— আদালতের ডিক্রীর কি অন্য নিষ্পত্তিপত্রের লিখিত টাকা উসুল করিবার নিমিত্তে মালগুজারী তহসীলের কার্য্যকারক সাহেবদিগের করা ভূমি নীলাম দেওয়ানী আদালতে জাবেতামতে মোকদ্দমাকরণ কিম্বা ঐ নীলামের ইশ্‌তিহার দেওয়া এবং অন্য কার্য্যকরা আইনানুসারে না হওয়ার প্রমাণহওনব্যতিরেকে সরাসরীতে অসিদ্ধ হইতে পারিবার বিষয়ে সন্দেহ জন্মিল অতএব এই প্রকরণক্রমে ইহা জানান যাইতেছে যে জিলা কি শহরের আদালতের যে জজসাহেব কি আদালতের কার্য্যকরণের ক্ষমতাপ্রাপ্ত অন্য যে সাহেব ঐ নীলামের হুকুম দিয়া থাকেন্ সেই সাহেব সরাসরী বিচারেতে যদি আইনের অন্যমত করা ও সুতরাং আইনের বিরুদ্ধ হওয়া প্রত্যয়যোগ্য প্রমাণ হয় তবে জিলা ও শহরের আদালতে দিবার মুৎফরক্কা দরখাস্ত যে ইষ্টাম্পকাগজে লেখা যায় সেইমত কাগজে ঐ আইনবিরুদ্ধ হওয়ার বেওরা বিশেষ করিয়া লিখিত আরজী যে আদালতহইতে ঐ নীলামের হুকুম হইয়া থাকে নীলামের পরে এক মাসের মধ্যে সেই আদালতে উপস্থিত করা গেলে ঐ নীলাম অসিদ্ধ ও নিরর্থক করিতে এবং আইনানুসারে ঐ নীলাম পুনর্ব্বার করিবার হুকুম দিতে পারেন্ ও এমত২ হইলে যে আদালতের হুকুমেতে নীলাম অসিদ্ধ হয় সেই আদালতের সাহেবের এ ক্ষমতাও আছে যে এই আইনের ৩ ধারার ৪ প্রকরণে এমত২ প্রকারের নিমিত্তে যেমন২ হুকুম আছে সেই মত ঐ অসিদ্ধ হওয়া খরীদের টাকা সুদসুদ্ধা কি তাহাব্যতিরেকে ফিরিয়া দিবার হুকুম দেন্ ইতি।

এই ধারানুসারে হওয়া সরাসরী নিষ্পত্তির উপর প্রবিন্স্যল কোর্টে আপীল হইবার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— এই ধারানুসারে যে সরাসরী নিষ্পত্তি করা যায় তাহার উপর সরাসরী আপীল হইবার বিষয়ে যে২ হুকুম চলন আছে তদনুসারে প্রবিন্স্যল কোর্টে সরাসরী আপীল হইতে পারিবেক ইতি।

৬ ধারা।

মালগুজারীর ভূমির বিষয়ে ডিক্রীর মতাচরণ করিবার নিমিত্তে কালেক্টর সাহেবদিগের সহায়তা হইলে ঐ ডিক্রীর মতাচরণ পূর্ণরূপে হইবেক বুঝিলে দেওয়ানী আদালতের সাহেবেরা ঐ সহায়তা চাহিবার কথা।

চলিত আইনানুসারে জিলা এবং শহরের আদালতের জজসাহেবদিগের প্রতি হুকুম আছে যে আপনারদিগের কি আপনারদিগের রেজিষ্টরসাহেবলোকের করা সকল ডিক্রীর নকল ও সকর কি নিষ্করুরূপে দখলকরা ভূমির স্বত্বাধিকারের কি দখলের বিষয়ে উপরকার আদালতহইতে তাঁহারদিগের নিকটে পাঠান ডিক্রীসকলের নকল আপন২ অধিকারের কালেক্টরসাহেবদিগের এবং বোর্ড রেবিনিউর সাহেবলোকের নিকটে ঐ২ সাহেবদিগের সিরিশ্‌তার রেজিষ্টরী বহীতে তাহার যাহা লিখিতব্য তাহা লিখনের ও কর্ত্তব্য মতান্তরকরণের নিমিত্তে পাঠান্ এক্ষণে তদতিরিক্ত দেওয়ানী আদালতের জজ

 সাহেবদিগকে

সাহেবদিগ্‌কে এই ধারাক্রমে এ ক্ষমতা অর্পণ করা যাইতেছে যে যদি তাঁহারদিগের ইহা বোধ হয় যে ঐ সকল ডিক্রীর মতাচরণে তাহার লিখিত বস্তুতে যাহারদিগ্‌কে দখল দেওয়াইতে হয় তাহারদিগ্‌কে দখল দেওয়ানদ্বারা হউক কি ওয়াসিলাতের হিসাব দুরস্ত করণদ্বারা কি আর কোন কার্য্যকরণ দ্বারাই বা হউক তথাকার কালেক্‌টরসাহেবের সহায়তা পাইলে ঐ২ ডিক্রীর মতাচরণ অবিলম্বে ও সম্পূর্ণরূপে হইতে পারে তবে ঐ সহায়তা করিবার নিমিত্তে কালেক্‌টরসাহেবদিগ্‌কে লিখিয়া পাঠাইবেন ইতি।

## ৭ ধারা।

ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ আইনের ১৫ ধারার ৮ প্রকরণের অর্থের এবং আদালতের সাহেবদিগের ডিক্রীর মতাচরণ হওনার্থে জামিনলওনের ও তাহা না দিলে বস্তু ক্রোককরণের ক্ষমতা থাকিবার কথা।

ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ আইনের ১৫ ধারার ৮ প্রকরণেতে এ হুকুম লেখা গিযাছে যে বিষযবিশেষে কোন ডিক্রীর মতাচরণ করিবার নিমিত্তে যে আদালতের সাহেবকে হুকুম লিখিয়া পাঠান যায় সেই আদালতের সাহেব তৎক্ষণে ঐ ডিক্রীর মতাচরণ না করিযা যাহার পরাজয়ে ঐ ডিক্রী করা গিয়া থাকে তাহার নিকটে এই অর্থে এক এত্তেলানামা পাঠাইবেন যে নিরূপিত অমুক মিয়াদের মধ্যে আপনার উপর ঐ ডিক্রীর মতাচরণ না করা যাওনের যে কারণ থাকে তাহা জানায ঐ হুকুমের অর্থ আরো স্পষ্ট করিবার নিমিত্তে এই ধারাতে ইহা জানান যাইতেছে যে উপরের উক্ত হুকুমের অভিপ্রায এই যে যে২ বিষয়েতে ঐ হুকুম সম্পর্ক রাখে সেই২ বিষয়েতে তাহাই চূডান্ত হয় এবং ঐ বিষযেতে ঐ আদালতের সাহেবের কোন বিবেচনাকরণের ক্ষমতা না থাকে কিন্তু কোন জনের পক্ষে অন্যায না হইবার নিমিত্তে এক্ষণে তদতিরিক্ত হুকুম করা যাইতেছে যে যে লোকের পরাজয়ে ঐ ডিক্রী হইযা থাকে সেই লোক কিম্বা সেই লোক মরিলে তাহার স্থলাভিষিক্ত যে জন ঐ ডিক্রীর টাকাআদির দাযী হয সেই জন যদি ডিক্রীর টাকা উসুলকরণযোগ্য বস্তু স্থানান্তর কি হস্তান্তর করিতে উদ্যত হয় তবে আদালতের সাহেবদিগের এ ক্ষমতা আছে যে ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ আইনের ১৫ ধারার ৮ প্রকরণের লিখনানুসারে ঐ ডিক্রীর মতাচরণের নিমিত্তে যত টাকার আবশ্যক হয তত টাকার জামিন ঐ জনের স্থানে লন্‌ এবং জামিন না দেওয়া গেলে ইঙ্গরেজী ১৮০৬ সালের ২ আইনের ৫ ধারাতে উপস্থিতথাকা মোকদ্দমার বিষযেতে ঐ প্রকারের নিমিত্তে যেমন২ হুকুম লেখা আছে সেই২ মতে বস্তু ক্রোক করিবার হুকুম দেন্‌ ইতি।



সমাপ্তঃ।

A True Translation,

W. CAREY,

*Bengalee Translator of Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৫ সাল ৮ অষ্টম আইন।

আদালতের সিরিশ্তায় নিযুক্তথাকা এ দেশীয় আমলালোকের কর্ত্তব্য কার্য্যের বিষয়ে অন্যং হুকুম দিবার এবং সরকারের ইউরোপীয় কার্য্যকারক সাহেবদিগের প্রতি মিথ্যা ও দ্বেষপ্রযুক্ত অপবাদ দেওনিয়াদিগকে শাস্তি দিবার নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৫ সালের তারিখ ৫ মাই মোতাবেকে বাঙ্গলা ১২৩২ সালের ২৪ বৈশাখ মওয়াফেকে ফসলী ১২৩২ সালের ৩ জ্যৈষ্ঠ মোতাবেকে বিলায়তী ১২৩২ সালের ২৫ বৈশাখ মওয়াফেকে সম্বৎ ১৮৮২ সালের ৩ জ্যৈষ্ঠ মোতাবেকে হিজরী ১২৪০ সালের ১৬ রমজানে জারী করিলেন ইতি।

যেহেতুক ইঙ্গরেজী ১৭৯৩ সালের ২ আইনের এবং ১৭৯৫ সালের ৫ আইনের এবং ১৮০৩ সালের ২৫ আইনের লিখিত যেং হুকুমের দ্বারা কালেক্টরসাহেবদিগ্কে আপনারদিগের কর্ত্তব্য সরকারী কার্য্যনির্ব্বাহ করিবার নিমিত্তে আপনারদিগের নিজের চাকরদিগকে কিম্বা সরকারের কর্ম্মকারি অথচ রেজিষ্টরী বহীর লিখিত কর্ম্মকারি ব্যতিরেকে অন্য কোন জনকে ভার দিতে এবং আপনারদিগের নিজের কোন কর্ম্মকরণের ভার সরকারী কোন আমলালোককে দিতে নিষেধ করা গিয়াছে সেইং হুকুমের অভিপ্রায় ইঙ্গরেজী ১৮০৪ সালের ৫ আইনে এবং ১৮০৯ সালের ৮ আইনে ঐ সিরিশ্তার কার্য্যেতে এ দেশীয় আমলালোক নিযুক্তকরণের নিমিত্তে যেং হুকুম নির্দ্দিষ্ট করা গিয়াছে তাহার সহিত স্পষ্টরূপে সম্পর্ক রাখে বটে কিন্তু সেং হুকুম আদালতের সিরিশ্তার কার্য্যকারকদিগের কার্য্যোপদেশের নিমিত্তে চলিত কোন আইনেতে বিশেষরূপে নির্দ্দিষ্ট হয় নাহি এবং যেহেতুক সরকারের ইউরোপীয কার্য্যকারকদিগের প্রতি ভারি দোষের অপবাদের আরজী গ্রাহ্যকরণের এবং তাহার বিচার ও নিষ্পত্তি করিবার বিষয়ে যেং হুকুম চলন আছে তাহার মধ্যে সরকারের ইউরোপীয় কোন কার্য্যকারকের উপর উপস্থিতহওয়া কোন অপবাদ কি নালিশ বিচারদ্বারা অকারণ কি দ্বেষপ্রযুক্ত উপস্থিত হইয়াছে ইহা স্পষ্ট জানা গেলে তাহার নিমিত্তে জিলা কি শহরের আদালতে দ্বেষপ্রযুক্ত এবং অকারণ উপস্থিতহওয়া অপবাদের বিষয়ে ইঙ্গরেজী ১৮১১ সালের ৭ আইনের ৫ ধারার লিখিত হুকুমের মত কোন হুকুম নাহি অতএব উপরের লিখিত যেং বিষয়ের নিমিত্তে চলিত আইনের মধ্যে কোন হুকুম নাহি সেইং বিষয়ের নিমিত্তে নীচের লিখিতব্য হুকুমসকল নির্দ্দিষ্ট হইল এবং এই আইন জারীহওনের তারিখঅবধি ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর তাবে সমস্ত দেশে প্রবল হইবেক ইতি। হেতুবাদ।



২ ধারা।

২ ধারা।

আদালতের সিরিশ্তার সকল সাহেবদিগকে সরকারী কোন কর্ম্মের ভার নিজের কোন চাকরকে দিতে নিষেধ হওনের ও দিলে পদচ্যুতহওনের কথা।

১ প্রথম প্রকরণ।— দেওয়ানী কিম্বা ফৌজদারী আদালতের সিরিশ্তায় নিযুক্তহওয়া সরকারের সমস্ত কার্য্যকারক সাহেবদিগকে স্বয়ং কি অন্যের দ্বারা আপনারদিগের নিজের কোন প্রকার চাকরের প্রতি কিম্বা সরকারের আমলা নিযুক্তকরণের বিষয়ে যে২ হুকুম নির্দ্দিষ্ট আছে তদনুসারে উপযুক্তরূপে নিযুক্ত কি নামনবীসীহওয়া সরকারী আমলাব্যতিরেকে অন্য কোন জনের প্রতি আপনারদিগের পদসম্পর্কীয় সরকারী কোন কার্য্য নির্ব্বাহের ভার কিম্বা যে জন সরকারী যে কোন কার্য্যে উপযুক্তরূপে নিযুক্ত না হইয়া থাকে তাহাকে সেই কার্য্য নির্ব্বাহকরণের ভার দিতে নিষেধ করা যাইতেছে যদি দেন তবে কর্ম্মচ্যুতহওনরূপ দণ্ডেতে দণ্ডনীয় হইবেন ইতি।

এবং পেয়াদাইত্যাদি ক্ষুদ্র চাকরব্যতিরেকে আপন সিরিশ্তার কোন আমলাকে নিজের কার্য্যের কি নিজ কার্য্যসম্পর্কীয় কোন কর্ম্মের ভার দিতে নিষেধ হওনের কথা।

২ দ্বিতীয় প্রকরণ। ঐ মত আদালতের সম্পর্কীয় সমস্ত কার্য্যকারক সাহেবদিগকে হুকুম দেওয়া যাইতেছে যে জজ কি মাজিস্ট্রেট্ কি আদালতের সিরিশ্তায় নিযুক্তথাকা সরকারী অন্য কোন কার্য্যকারক সাহেবের হজুরে হাজিরথাকনের পেয়াদাইত্যাদি ক্ষুদ্র চাকরব্যতিরেকে আপন২ সিরিশ্তাতে নিযুক্তথাকা সরকারী কোন আমলাকে আপনারদের নিজের কোন কার্য্যকরণের কি নিজ কার্য্যসম্পর্কীয় কোন কর্ম্মের ভার না দেন দিলে উপরের লিখিত দণ্ডেতে দণ্ডনীয় হইবেন ইতি।

৩ ধারা।

উপরের ধারার নিষেধানুসারে সরকারী কর্ম্মের অযোগ্য আদালতের সিরিশ্তার এদেশীয় কার্য্যকারকেরা তৎক্ষণে পদচ্যুত হইবার কথা।

উপরের হুকুম মতে কার্য্য করিতে ত্রুটি হইলে তাহা যিনি করেন তিনি উপরের ধারার নিরূপিত দণ্ডেতে দণ্ডনীয় হইবার কথা।

আদালতের সিরিশ্তাসম্পর্কীয় সরকারের কোন কার্য্যকারক সাহেবের এদেশীয় আমলালোকের মধ্যে কোন পদে নিযুক্তথাকা কোন কর্ম্মকারক উপরের প্রকরণের নিষেধানুসারে ঐ পদে নিযুক্ত থাকনের অযোগ্য হইলে তৎক্ষণে তাহাকে ঐ পদচ্যুত করা যাইবেক এবং চলিত আইনের লিখিত হুকুমানুসারে অন্য কোন জনকে ঐ পদে নিযুক্ত করা যাইবেক ও এই হুকুমমত কার্য্যকরণেতে ত্রুটি হইলে যিনি ঐ ত্রুটি করেন তিনি উপরের ধারার লিখিত দণ্ডের যোগ্য হইবেন ইতি।

৪ ধারা।

ইহার পরে এদেশীয় আমলা নিযুক্তকরণের কারণ তাহারদিগের নাম লিখিয়া পাঠাইবার সময়ে জজ ও মাজিস্ট্রেট্সাহেব মফঃসল আপীল আদালতের সাহেবদিগের নিকটে ঐ২ লোক এই আই

যে জজসাহেবেরা কি মাজিস্ট্রেট্সাহেবেরা কি আদালতের কর্ম্মকারি অন্য সাহেবেরা ইহার পরে ইঙ্গরেজী ১৮০৯ সালের ৯ আইনের কি চলিত আর কোন আইনের হুকুমানুসারে কোন আমলা কোন পদে নিযুক্ত করণের নিমিত্তে তাহার নাম মফঃসল আপীল ও দায়েরসায়েরী আদালতের সাহেবদিগের নিকটে যখন লিখিয়া পাঠান তখন ঐ নাম লিখিবার কর্ত্তা জজ কি মাজিস্ট্রেট্ কি অন্য কর্ম্মকারি সাহেবের আবশ্যক যে চলিত আইনানুসারে তাহাতে যে২ বেওরা লিখিতে হয় তাহার অতিরিক্ত ইহাও স্পষ্ট করিয়া লিখেন্ যে যাহার নাম লিখিয়া পাঠান যাইতেছে সে জন এই আইনানুসারে ঐ পদে নিযুক্ত



হওনের

হওনের অযোগ্য নহে এবং ঐ মফঃসল আপীল আদালতের সাহেবদিগের কর্ত্তব্য যে এই২ হুকুমমত আচরণ হইবাতে সর্ব্বদা মনোযোগ রাখেন্ এবং কেহ ইচ্ছাপূর্ব্বক তাহা করণেতে ত্রুটি করিলে তাহার বেওরা শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের জ্ঞাপন ও হুকুম হওনার্থে সদর দেওয়ানী আদালতের কি নিজামং আদালতের সাহেবদিগের হজুরে রিপোর্ট করেন্ ইতি।

নের অনুসারে ঐ কর্ম্মের অযোগ্য নহে এ কথা লিখিবার কথা।

উপরের লিখিত হুকুমের মতাচরণ করাইতে ও ইচ্ছাপূর্ব্বক তাহাতে ত্রুটিকরণের রিপোর্ট সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সাহেবদিগের হজুরে করিতে মফঃসল আপীল আদালতের সাহেবদিগের কর্ত্তব্যের কথা।

৫ ধারা।

সদর দেওয়ানী আদালতের ও বোর্ডের সাহেবদিগের কি অন্য ব্যাপক সাহেবদিগের সরকারের ইউরোপীয় কার্য্যকারক সাহেবদিগের নামে অকারণ ও দ্বেষপ্রযুক্ত নালিশ করণিয়াদিগেরে উপযুক্ত বিচার করিয়া শাস্তি দিতে ক্ষমতা থাকিবার কথা।

১ প্রথম প্রকরণ।— ইঙ্গরেজী ১৮১৩ সালের ১৭ আইনের কিম্বা চলিত আর কোন আইনের হুকুমানুসারে সরকারের ইউরোপীয় কোন কার্য্যকারক সাহেবের প্রতি ভারী কোন দোষের অপবাদ কি নালিশ উপস্থিত হইয়া বিচারদ্বারা ঐ অপবাদ কি নালিশ স্পষ্টতঃ অকারণ কি দ্বেষপ্রযুক্ত উপস্থিত হইয়াছে ইহা জানা গেলে সদর দেওয়ানী আদালতের সাহেবলোকের কি বোর্ড রেবিনিউর সাহেবদিগের কি বোর্ড ত্রেডের সাহেবলোকের কি ঐ মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তিকারি ও হুকুমদাতা অন্য ব্যাপক সাহেবদিগের এ ক্ষমতা থাকিবেক যে যে জন অকারণ কি দ্বেষপ্রযুক্ত ঐ অপবাদ কি নালিশ করিয়া থাকে তাহার দেওয়ানী কি ফৌজদারী জেলখানাতে পরিশ্রমকরণ ও বেড়ীপরণের সহিত কি তাহাব্যতিরেকে ছয় মাসের অধিক না হয় এমত মিয়াদে কয়েদ থাকন এবং ৫০০ পাচ শত টাকার অধিক না হয় এমত পরিমাণে জরীমানা দেওনরূপ দণ্ডের হুকুম দেন এবং ঐ জন ঐ জরীমানার টাকা না দিলে তাহার পরিবর্ত্তে ছয় মাসের অধিক না হয় এমত অন্য মিয়াদেও কয়েদ থাকিবেক কিন্তু তাহার কয়েদথাকনের মোট মিয়াদ কোন প্রকারে এক বৎসরের অধিক হইবেক না ইতি।

সদর দেওয়ানী আদালতের সাহেবেরা উপরের প্রকরণানুসারে করা হুকুমের মতাচরণ করিতে উপযুক্ত কর্ম্মকারিকে আবশ্যক হুকুম দিবার কথা।

বোর্ড রেবিনিউর ও বোর্ড ত্রেডের সাহেবদিগের কি অন্য ব্যাপক সাহেবদিগের তদনুরূপ হুকুমের মতাচরণ যে রূপে করা যাইবেক তাহার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— উপরের লিখিত প্রকরণানুসারে সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের হজুরহইতে কোন জনের প্রতি জরীমানার ও কয়েদথাকনের কিম্বা ইহার মধ্যে কোন এক দণ্ডের হুকুম হইলে সুতরাং ঐ আদালতের সাহেবদিগের ক্ষমতা থাকিবেক যে ঐ হুকুম মতাচরণ করা যে সাহেবের কর্ত্তব্য হয় সেই সাহেবকে ঐ হুকুমমতাচরণ করিবার হুকুম দেন্ ও অন্য কোন প্রকার হইলে অর্থাৎ ঐ হুকুম বোর্ড রেবিনিউর সাহেবলোকের কি বোর্ড ত্রেডের সাহেবদিগের কি ইঙ্গরেজী ১৮১৩ সালের ১৭ আইনের কিম্বা ১৮১৭ সালের ৮ আইনের কি চলিত আর কোন আইনের হুকুমানুসারে অন্য ব্যাপক সাহেবদিগের নিকটহইতে হইয়া থাকিলে ঐ হুকুমের দস্তখতী নকল এবং তাহার মতাচরণ হইবার অর্থে আবশ্যক হুকুম দিবার দরখাস্ত সদর দেওয়ানী আদালতের রেজিষ্টরসাহেবের নিকটে পাঠাইতে হইবেক ও তাহা হইলে ঐ হুকুম সদর দেওয়ানী আদালতের সাহেবলোকের হজুরহইতে হইলে তাহাতে ঐ আদালতের সাহেবেরা যে মত করিতেন এ মতেও তদর্থে উপযুক্ত হুকুম দিবেন ইতি।

৬ ধারা।

সরকারের ইউরোপীয়

অপবাদদেওনিয়া কি নালিশকরণিয়া দিব্য করিয়া ইচ্ছাপূর্ব্বক মিথ্যা ও দ্বেষপ্রযুক্ত



অপবাদদেওন

কার্য্যকারকদিগের নামে অকারণ ও দ্বেষপ্রযুক্ত অপবাদ দিলে কি নালিশ করিলে ঐ অপবাদদেও নিয়া কি নালিশকরণিয়ারপ্রতি যে রূপে নালিশ করা যাইবেক তাহার কথা

অপবাদদেওন কি নালিশকরণরূপ ভারি অপরাধের অপরাধী হইলে এবং ঐ মোকদ্দমার সমস্ত বেওরা উপযুক্ত বিবেচনাকরণের পর ন্যায়ের অভিপ্রায় সাধনের নিমিত্তে উপরের ধারার হুকুমানুসারে নিরূপণহওয়া জরীমানাদেওনের ও কয়েদথাকনের হুকুম না দিযা তাহার নামে ফৌজদারীতে মিথ্যা দিব্যকরণাপরাধের নালিশ উপস্থিত করিবার হুকুম দেওয়া আবশ্যক হইলে ব্যাপক সাহেবদিগের হুকুমানুসারে ঐ মোকদ্দমার সমস্ত কাগজপত্র নিজামং আদালতের সাহেবলোকের নিকটে পাঠাইতে হইবেক এবং ঐ আদালতের সাহেবেরা ফৌজদারীতে ঐ বিষয়ের নালিশ করিবার উপযুক্ত হেতু আছে বুঝিলে ঐ অপরাধি জন যে দায়েরসায়েরী আদালতের অধীন হয কি যথায় তাহার মোকদ্দমার বিচারহওয়া উপযুক্ত বোধ হয় সেই দায়েরসায়েরী আদালতে তাহার নামে নালিশ করিতে সরকারী উকীলকে হুকুম দিবেন ইতি।

Vol. VII. 334.

সমাপ্তঃ।

A True Translation,

W. CAREY,

*Bengalee Translator of Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৫ সাল ৯ নবম আইন।

ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনের দ্বারা যে ফলোদয় হইয়াছে তাহার আধিক্যহওনের এবং মালগুজারেরা ভূমির মালগুজারী আদায় করিতে ত্রুটি করিলে ভূমি নিরূপিত মিয়াদী পাট্টার দ্বারা ইজারা দিতে কিম্বা নিরূপিত কএক বৎসরের নিমিত্তে খাসতহসীলে রাখিতে রাজস্বের কার্য্য ভারাক্রান্ত সাহেবদিগকে ক্ষমতা দিবার এবং ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের লিখিত হুকুম শুধরিবার ও তাহার অতিরিক্ত কিছু২ নির্দ্দিষ্ট করিবার এবং চলিত আইনের লিখিত অন্য২ কথা শুধরিবার নিমিত্তে এ আইন শ্রীযুত নওযাব গবর্ণর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৫ সালের তারিখ ৫ মাই মোতাবেকে বাঙ্গলা ১২৩২ সালের ২৪ বৈশাখ মওয়াফেকে ফসলী ১২৩২ সালের ৩ জ্যৈষ্ঠ মোতাবেকে বিলায়তী ১২৩২ সালের ২৫ বৈশাখ মওয়াফেকে সম্বৎ ১৮৮২ সালের ৩ জ্যৈষ্ঠ মোতাবেকে হিজরী ১২৪০ সালের ১৬ রমজানে জারী করিলেন ইতি।

যেহেতুক ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনের লিখিত হুকুম দত্ত এবং জয়করা দেশসকল ও জিলা কটক ও পরগনা পটাসপুর ও তৎসম্পর্কীয় মহালাৎব্যতিরেকে অন্যত্র চলে না এবং যেহেতুক কলিকাতা রাজধানীর তাবে অন্য২ জিলার মধ্যে এমত অনেক মহাল ও ভূমিখণ্ড আছে যে তাহার ইস্তমরারী বন্দোবস্ত এপর্য্যন্ত হয় নাহি এবং দত্ত ও জয়করা দেশসকলেতে রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবেরা যেমন ক্ষমতা রাখেন্ সেই মত ক্ষমতা ঐ২ মহাল ও ভূমিখণ্ডেতে রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবদিগকে দেওয়া আবশ্যক বোধ হইল এবং যেহেতুক নিষ্করূপে কি বিশেষ সনদের দ্বারা মোকররী জমা দিয়া দখলে রাখা ভূমির বিষয়ে যে২ হুকুম ঐ আইনেতে লেখা গিয়াছে তাহার অভিপ্রায় এই রাজধানীর তাবে দেশসকলের মধ্যগত ঐ২ প্রকার দখলে রাখা ভূমির সহিত তুল্যরূপে সম্পর্ক রাখে এবং জাবেতামতে আদালতে আপীল হইয়া হওয়া নিষ্পত্তির অধীনতায় কোন২ মোকদ্দমার সরাসরী বিচার ও নিষ্পত্তি করিবার নিমিত্তে ঐ আইনেতে বিশেষ করিয়া লিখিত ক্ষমতানুসারে কখন২ পূর্ব্বদেশের রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবদিগকে কার্য্য করিবার হুকুম দেওয়া উপযুক্ত বোধ হইল এবং যেহেতুক যে২ জিলাতে ইস্তমরারীরূপে ভূমির জমা মোকরর হয় নাহি সেই২ জিলাতে মালগুজারীর বাকী আদায় করিবার নিমিত্তে উপর্য্যুপরি ভূমি নীলাম করা আবশ্যক হইয়া বাকীদারদিগের হেতুবাদ।



ভূমি

## ইঙ্গরেজী ১৮২৫ সাল ৯ নবম আইন।

ভূমি নিরূপিত মিয়াদী পাট্টার দ্বারা ইজারা দিতে কিম্বা রাইয়ৎওয়ারী অর্থাৎ প্রজাদিগের জমাজাত বন্দোবস্ত করিবার নিমিত্তে ঐ ভূমি খাস তহসীলে রাখা উপযুক্ত বোধ হইলে তাহা করিবার নিমিত্তে রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবদিগকে ক্ষমতার্পণ করা আবশ্যক এবং উপযুক্ত বোধ হইল এবং যেহেতুক ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের লিখিত হুকুম শুধরা ও তাহার অতিরিক্ত আর কিছু নির্দ্দিষ্ট করা আবশ্যক বোধ হইল এবং যেহেতুক ইঙ্গরেজী ১৮১০ সালের ৯ আইনের ৩৯ ধারাতে সায়েরাতের মাসুল তহসীলকরণের নিষেধের যেং হুকুম লেখা গিয়াছে ঐং হুকুম মালগুজারেরা এবং অন্য ব্যক্তিরা যে সেওয়ায়ী মাসুল তহসীল করে তাহার কোনং বিষয়ের সহিত এবং তাহারা আদ্যোপান্তের দস্তুর মত তত্তৎ স্থানের কোন কার্য্যের নিমিত্তে যেং মাসুল লয় এবং তাহা মৌকুফ করিলে কাহারুং হানি হয় ঐং মাসুলের সহিত সম্পর্ক রাখে বোধ হইল এবং সরকারের অনুমতিপূর্ব্বক ঐং মাসুল বহাল রাখণের হুকুম নির্দ্দিষ্ট করা উপযুক্ত বোধ হইল অতএব নীচের লিখিতব্য হুকুমসকল নির্দ্দিষ্ট করা গেল এবং এই আইন জারীহওনের তারিখঅবধি ঐ সকল হুকুম ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর তাবে সমস্ত দেশে প্রবল হইবেক ইতি।

### ২ ধারা।

ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনের ২ ধারার ৬ প্রকরণের ও তাহার পরে যে তেত্রিশ ধারা আছে তাহার লিখিত হুকুম ইস্তমরারী বন্দোবস্ত হওয়া ভূমির বহির্ভূত সমস্ত ভূমির সহিত সম্পর্ক রাখিবার কথা।

১ প্রথম প্রকরণ—ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনের ২ ধারার ৬ প্রকরণের এবং তাহার পরে যে তেত্রিশ ধারা আছে ঐ সকল ধারার লিখিত হুকুম এই ধারাক্রমে যে সকল জমীদারীর ইস্তমরারী বন্দোবস্ত ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৮ আইনের লিখিত হুকুমানুসারে ও ১৭৯৫ সালের ২ ও ২২ আইনের লিখিত হুকুম যেপর্য্যন্ত ঐ বিষয়ে সম্পর্ক রাখে তদনুসারে হইয়াছে তদ্ব্যতিরেকে নিষ্করররূপে কি বিশেষ সনদের দ্বারা কম জমাতে দখল করা জায়গীর ও মোকররীরূপে এবং অন্যং রূপে দখল করা ভূমি সুদ্ধা সমস্ত ভূমির সহিত সম্পর্ক রাখিবেক ইতি।

ঐ হুকুম খাস তহসীলে থাকা সমস্ত ভূমির সহিত ও সম্পর্ক রাখিবার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।—যে সকল জমীদারী এক্ষণে খাস তহসীলে রাখা গিয়াছে কি ইহার পরে রাখা যাইবেক সে সকল জমীদারী যেপর্য্যন্ত ঐ রূপে রাখা যায় সেপর্য্যন্ত উপরের লিখিত হুকুম ঐ সকল জমীদারীরো সহিত সম্পর্ক রাখিবেক ইতি।

এবং সুন্দরবনের ভূমির ও ভাগলপুরের নিকটবর্ত্তি পাহাড়িয়া ভূমির ও সামান্যতঃ বন্দোবস্তের বহীতে লেখা না থাকা ভূমির সহিত উপরের উক্ত হুকুম সম্পর্ক রাখিবার কথা।

৩ তৃতীয় প্রকরণ।—বন্দোবস্তের সময়ে যে সকল মহালের জমা মোকরর করা গিয়াছে ঐং মহালের মধ্যগত বিশেষ করিয়া লেখা পরগনা কি মৌজা কিম্বা মালগুজারী তহসীলকরণার্থে হওয়া অন্য কোন ভূমিখণ্ডের বহির্ভূত ভূমির সহিত অর্থাৎ সুন্দরবনের এবং ভাগলপুরের নিকটস্থ পাহাড়িয়া ভূমির এবং অন্য বিস্তারিত জঙ্গলা এবং আরণ্য ভূমির সহিত এবং ঐং জঙ্গল কি অরণ্যের নিকটস্থ সকল জমীদারীর সহিতও উপরের উক্ত হুকুম সম্পর্ক রাখিবেক ইতি।



৩ ধারা।

৩ ধারা।

শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে এ ক্ষমতা রাখেন্ যে সুবে বাঙ্গালা ও বেহার ও উড়িষ্যার ও বারাণসদেশের কোন কালেক্টরসাহেবকে কিম্বা কালেক্টরের ক্ষমতাপন্ন অন্য কোন সাহেবকে ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনের ২০ ধারার বিশেষ করিয়া লেখা ক্ষমতা ঐ ধারার ২ প্রকরণের বিশেষ করিয়া লিখিত প্রকারে সময়ে২ যেং সরহদ্দের মধ্যে উপযুক্ত বোধ হয় সেইং সরহদ্দের মধ্যে অর্পণ করেন্ এবং ঐ আইনের ২১ ধারার এবং তাহার পরে যে চৌদ্দ ধারা আছে তাহারো লিখিত হুকুম ঐ কালেক্টরসাহেবের কি পূর্ব্বোক্ত অন্য কর্ম্মকারি সাহেবের তাবে ঐ মত রাখা পরগনা এবং তত্তৎস্থানীয় অন্যং ভূমিখণ্ডের সহিত সম্পর্ক রাখিবেক ইতি।

ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনের ২০ ধারার বিশেষ করিয়া লিখিত ক্ষমতা কোন কালেক্টরসাহেবকে যে সরহদ্দের মধ্যে উপযুক্ত বুঝেন্ তথাকার কার্য্যের নিমিত্তে দিতে শ্রীযুতের ক্ষমতা থাকিবার কথা।

তাহা হইলে ঐ আইনের ২১ ধারার লিখিত হুকুম ঐ সরহদ্দের মধ্যগত ভূমির সহিত সম্পর্ক রাখিবার কথা।

৪ ধারা।

যেং জমীদারীর জমা ইস্তমরারীরূপে মোকরর করা গিয়াছে এমন জমীদারীব্যতিরেকে যে কোন মহালের নিমিত্তে তাহার স্বত্বাধিকারিদিগের কি স্বত্বাধিকারিস্বরূপে বহীতে নাম লেখা জনেরদের স্থানে কবুলিয়ৎ লওয়া গিয়াছে এমতং মহালের মালগুজারীর বাকী পড়িলে এবং ঐ মালগুজারী দিতে হইবার তারিখঅবধি এক মাসের মধ্যে মালগুজারেরা ঐ বাকী আদায় করিতে ক্রুটি করিলে ঐ জমীদারী নীলাম করিবার কোন প্রতিবন্ধক আছে বোধ হইলে এবং ঐ বাকী আদায় হইবার প্রকারান্তর না থাকিলে কালেক্টরসাহেব কি কালেক্টরের ক্ষমতাপন্ন অন্য কোন সাহেব বোর্ডের সাহেবদিগের অনুমতি লইয়া শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হুকুমের অধীনতায় মালগুজারেরদের পাওয়া ও দেওয়া পাট্টা ও কবুলিয়ৎ রদ করিতে এবং ১৫ পনের বৎসরের অধিক না হয় এমত যে মিয়াদ ঐ শ্রীযুত কৌন্সেলের বৈঠকে নিরূপণ করেন্ সেই মিয়াদের নিমিত্তে ঐ মহাল ইজারা দিতে কিম্বা ঐ মত মিয়াদে ঐ মহলে খাস তহসীলে রাখিতে ক্ষমতা রাখেন্ কিন্তু ঐ নীলামের কোন প্রতিবন্ধক থাকা না থাকার কি বাকী আদায় হইবার প্রকারান্তর থাকা না থাকার বিষয়ে রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবদিগের নিষ্পত্তিই চূড়ান্ত হইবেক ও মহাল ইজারাবিলিতে কি খাস তহসীলে রাখা গেলে তাহার মালগুজারেরা যে জমা দিবার কবুলিয়ৎ লিখিয়া দিয়াছিল তাহাহইতে যদি অধিক টাকা ঐ মহালহইতে উৎপন্ন হয় তবে ঐ মহালেতে যত বাকী পড়িয়া থাকে তাহা কিম্বা তাহার যে কোন অংশ আদায় করিবার অর্থে ইজারদার আলাহিদা একরার লিখিয়া দিয়াছে তাহা কিম্বা যাহা আর কোন প্রকারে পাওয়া না গিয়াছে তাহা প্রথমতঃ ঐ অধিক টাকা হইতে আদায় হইবেক ও অবশিষ্ট টাকাহইতে ঐ মালগুজারেরা শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর যেমত হুকুম দেন্ সেই মত তাহারদিগের পাট্টা ও কবুলিয়তের লিখিত মিয়াদের শেষ সনের সদর জমার অনুসারে তাহার উপর শতকরা ৫ পাঁচ টাকার কম ও ১০ দশ টাকার অধিক না হয় এমত পরিমাণে মালিকানা পাইবেক ইতি।

ইস্তমরারী বন্দোবস্ত না হওয়া কোন মহালের মালগুজারীর বাকী পড়িলে ঐ বাকীপড়নের তারিখহইতে এক মাসের মধ্যে তাহা আদায় না হইলে এবং ভূমি নীলাম করণের প্রতিবন্ধক আছে বোধ হইলে যাহা করিতে হইবেক তাহার কথা।

মালগুজারেরদের পাট্টা রদ করা গিয়া মহাল ইজারাবিলিতে রাখা যাইবার কথা।

অধিক উৎপন্ন হইলে তাহাহইতে বাকী আদায় হইবার ও মালিকানা দেওয়া যাইবার কথা।



৫ ধারা।

৫ ধারা।

ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের কোন২ ধারার লিখিত কোন২ কথা শুধরিবার হুকুমের কথা।

১ প্রথম প্রকরণ।—ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের ৫ ও ৬ ও ৮ ও ১০ ও ১১ ও ১৩ ও ১৫ ও ২২ এবং ৩০ ধারার লিখিত কথা শুধরিবার কারণ নীচের লিখিতব্য হুকুমসকল নির্দ্দিষ্ট হইল ইতি।

ভূমির বন্দোবস্তকরণের ভারপ্রাপ্ত কালেক্টর ইত্যাদি সাহেবেরা নিষ্কররূপে ভূমি দখলকরণিয়া সকল লোকদিগকে ইশ্তিহারনামার দ্বারা হাজির হইতে হুকুম দিবার কথা।

এবং তাহারা প্রতিদিন হাজির থাকিবার ও যে সকল সনদ কি অন্য নিদর্শনপত্রের দ্বারা ভূমি নিষ্কররূপে কি মোকররী জমাতে দখলকরণের দাওয়া করে তাহা উপস্থিত করিবার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।—ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনের লিখিত মতে বন্দোবস্ত করিবার নিমিত্তে যখন কোন কালেক্টর কি কালেক্টরের ক্ষমতাপন্ন অন্য সাহেব কোন মহালে যাইতে উদ্যত হন্ তখন ঐ সাহেব ঐ মহালেতে কিম্বা ঐ মহালেতে অনেক গ্রাম থাকিলে সেই২ গ্রামে সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে লট্কান ইশ্তিহারনামার দ্বারা ঐ মহালের কি তাহার কোন অংশের ভূমি যে গ্রামের কি যে২ গ্রামের মধ্যে কি তাহার লাগাও থাকে ঐ কি ঐ২ গ্রামে যে সকল লোকেরা নিষ্কররূপে কি মোকররী জমা দিয়া ভূমি দখল করে তাহারদিগকে নিজে কি তাহারদিগের উকীল ঐ ইশ্তিহারনামার লিখিত তারিখহইতে এক মাসের কম না হয় এমত উপযুক্ত মিয়াদের মধ্যে ঐ কালেক্টরসাহেব ঐ মহালের মধ্যের যে স্থানেতে আপন কাছারী করা পসন্দ করেন্ সেই স্থানে হাজির হইবার এবং ঐ সাহেব যেপর্য্যন্ত ঐ স্থানে থাকেন্ সেইপর্য্যন্ত প্রতিদিন যে সকল সনদ কি অন্য নিদর্শনপত্রদ্বারা তাহারা ঐ ভূমি দখল করে কিম্বা ঐ ভূমি নিষ্কররূপে কি মোকররী জমা দিয়া দখল করিবার দাওয়া করিয়াছে কি করিবেক তাহা সুদ্ধা এবং আপন২ দাওয়া প্রবল করিবার নিমিত্তে অন্য যে কোন প্রমাণ রাখে তাহার সহিত হাজির থাকিবার হুকুম প্রচার করিতে ক্ষমতা রাখিবেন ইতি।

হাল বন্দোবস্তকারি কালেক্টরসাহেবেরা বোর্ড রেবিনিউর সাহেবদিগের নিকটে সম্বাদ দেওনব্যতিরেকে ঐ ভূমি জরীব করিতে ক্ষমতা রাখিবার কথা।

৩ তৃতীয় প্রকরণ।—উপরের প্রকরণের লিখিত হুকুমানুসারে কালেক্টরসাহেবেরা কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক সাহেবেরা কোন মহালের বন্দোবস্ত করিবার সময়ে কি তাহার পূর্ব্বে ঐ মহালের কি তাহার কোন অংশের ভূমি যে গ্রাম কি যে২ গ্রামের মধ্যে কি তাহার লাগাও থাকে ঐ কি ঐ২ গ্রামের সমস্ত ভূমি সকর কি নিষ্কর হউক বোর্ড রেবিনিউর সাহেবদিগের নিকটে এত্তেলা না করিয়া জরীব করিতে কি করাইতে ক্ষমতা রাখিবেন ইতি।

কালেক্টরসাহেবেরা মহালের বন্দোবস্ত করিতে আরম্ভকরণের সময়ে যে কোন বিষয়েতে যে দিন অনুসন্ধান করিতে মনস্থ করেন্ তাহার পূর্ব্ব দিনে ইশ্তিহারনামা দেওন দ্বারা সমাচার দিবার কথা।

৪ চতুর্থ প্রকরণ।—কালেক্টর কি পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক সাহেব যে কোন মহালের বিষয়ে পূর্ব্বোক্ত মতে ইশ্তিহারনামা জারী করিয়া থাকেন্ ঐ মহালের বন্দোবস্ত করিতে আরম্ভ করিয়া যে লোকেরা নিষ্কররূপে কি মোকররী জমা দিয়া ভূমি দখল করে তাহারদিগের দাওয়া শুনিতে ও তাহারদিগের পূর্ব্বোক্ত সনদআদি অন্য২ নিদর্শনপত্র কি তাহার মধ্যে কোন পত্র দেখিতে মনস্থ করিয়া ঐ লোকদিগের হাজির হইবার নিমিত্তে ইশ্তিহারনামাতে যে মিয়াদের নিরূপণ লেখা গিয়াছে সেই মিয়াদ পূরা হইলে ঐ২ বিষয়ের কি তাহার কোন বিষয়ের নিমিত্তে যে দিন কাছারী করিতে মনস্থ করেন্ তাহার



পূর্ব্বদিনে

পূর্ব্বদিনে আপন কাছারীতে কি ঐ মহালের মধ্যে সকলের দৃষ্টিগোচর কোন স্থানে ইশ্তিহারনামা দেওনদ্বারা আপন ঐ মনস্থের কথা জানাইবেন ইতি।

৫ পঞ্চম প্রকরণ।—পূর্ব্বোক্ত মতে নিষ্করুরূপে কি মোকর্‌রী জমাতে ভূমি দখলকরণিয়া কোন জন উপরের উক্ত মতে ইশ্তিহারনামা দেওয়া গেলে পর স্বয়ং হাজির হইতে কি উকীল হাজির করিতে ক্রুটি করিলে কালেক্‌টরসাহেব ঐ জনের হাজিরহওনব্যতিরেকে ঐ জনের ঐ ভূমি নিষ্কররূপে দখলকরণের অধিকারের বিচার করিতে এবং ঐ ভূমি অগ্রাহ্য অধিকারের দ্বারা দখল করা যাইতেছে বোধ হইলে বোর্ড রেবিনিউর সাহেবদিগের সম্মতি লইয়া তাহা বাজেয়াপ্ত করিতে ক্ষমতা রাখিবেন এবং যে কোন জন পূর্ব্বমত ক্রুটি করে কিম্বা ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের লিখিত মতে জওয়াব দিবার হুকুম পাইয়া হাজির হইয়া তাহা দিতে ক্রুটি করে সে জন ঐ আইনের ২২ ধারার লিখিত হুকুমানুসারে আপন ভূমি বাজেয়াপ্তহওনের ও তাহার উপর জমা মোকর্‌রহওনের বাধা করিতে পারিবেক না কিন্তু আরো হুকুম করা যাইতেছে যে ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের ১৩ ধারার ২ প্রকরণের লিখিত হুকুম ঐ২ প্রকার লোকদিগের এবং ঐ আইনানুসারে কি এই আইনের ইহার পূর্ব্বের লিখিত হুকুমানুসারে তলব হইয়া হাজিরহওয়া লোকদিগেরও সহিত সম্পর্ক রাখিবেক ইতি।

উপযুক্তরূপে সম্বাদ দেওনের পর যাহারা হাজির না হয় তাহারদিগের হাজিরহওনব্যতিরেকেও কালেক্‌টরসাহেবেরা তাহারদিগের দাওয়ার বিচার করিতে পারিবার কথা।

এবং ঐ ভূমির ভোগদখল যথার্থ বোধ হইলে বোর্ড রেবিনিউর সাহেব লোকের সম্মতি লইয়া তাহা বাজেয়াপ্ত করিতে পারিবার কথা।

হাজির হইতে ও তলব করা প্রমাণাদি দিতে ক্রুটি করণিয়ারা আপনারদিগের ভূমি বাজেয়াপ্ত ও তাহার জমা মোকর্‌রহওনের বাধা জন্মাইতে না পারিবার কথা।

৬ ষষ্ঠ প্রকরণ।—যে কালেক্‌টরসাহেবেরা কি পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক সাহেবেরা পূর্ব্বোক্তমতে বন্দোবস্ত করেন ঐ সাহেবদিগের ক্ষমতা আছে যে ঐ বন্দোবস্তের কার্য্যকরণের সময়ে নীচের লিখিত শুধরণের সহিত ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের ১৫ ধারার এবং তাহার পরে যত ধারা আছে তাহার লিখিত হুকুমানুসারে ঐ নিষ্কররূপে কি মোকর্‌রী জমাতে ভূমি দখলকরণিয়া জনেরদের দাওয়ার বিচার সমাপ্ত করেন অথবা ঐ২ প্রকার অধিকারদ্বারা দখলকরা ভূমির ঠিকানা এবং ঐ ভূমি দখলকরণিয়াদিগের উপস্থিত করা নিদর্শনপত্রের বিষয়ে সরকারী বহীতে যাহা লেখা থাকে তাহার নিশ্চয় মাত্র করিয়া ঐ মোকদ্দমার আর২ বিচার করিতে উত্তরকালে কোন সময়পর্য্যন্ত বিলম্ব করেন্ ও কোন কালেক্‌টরসাহেব কি অন্য কর্ম্মকারি সাহেব পূর্ব্বোক্ত মতে কোন মোকদ্দমার বিচার করিতে বিলম্ব করিলে ঐ সাহেব ঐ বিচার যে কালে ও স্থানে করিবেন সেই কাল ও স্থান ঐ জনকে এতক্ষণে জানাইবেন কিম্বা কোন অবস্থাপ্রযুক্ত তাহা করিতে না পারিলে ঐ বিচার করিতে পুনর্ব্বার প্রবৃত্ত হইবার এক মাস পূর্ব্বে ঐ জনকে হাজির হইতে সম্বাদ দিবেন ও ঐ মত সম্বাদ পাইলে যদি কোন জন হাজির হইতে ক্রুটি করে তবে কালেক্‌টর কি পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক সাহেব তাহার হাজিরহওনব্যতিরেকে ঐ মোকদ্দমার বিচার করিতে এবং বোর্ডের সম্মতি লইয়া ঐ ভূমি বাজেয়াপ্ত ও তাহার উপর জমা মোকর্‌র করিতে ক্ষমতা রাখেন্ ইতি।

বিশেষ হুকুম।

বন্দোবস্তকারি কালেক্‌টর সাহেবইত্যাদিরা চলিত আইনানুসারে দাওয়ার বিচার সমাপ্ত করিতে কিম্বা তাহার দুই এক বিষয়ের নিশ্চয় জানিয়া আর২ বিষয়ের বিচার করিতে বিলম্ব করিতে পারিবার কথা।

বিচার করিতে বিলম্ব করা গেলে কালেক্‌টরসাহেব পুনর্ব্বার বিচার করিবার সম্বাদ উপযুক্ত সময়ে জানাইবার কথা।

হাজির হইতে ক্রুটি করিলে হাজির না থাকাতেও মোকদ্দমার বিচার হইতে পারিবার ও বোর্ড রেবিনিউর সম্মতিক্রমে কালেক্‌টরসাহেব ভূমি বাজে

৭ সপ্তম প্রকরণ।—যে কালেক্‌টরসাহেবেরা কি অন্য কার্য্যকারক সাহেবেরা বন্দোবস্তকরণের সময়ে নিষ্কর ভূমির দাওয়ার বিচার করিবার উপক্রম করেন্ তাঁহারা ঐ

 ভূমি

ভূমি দখলকরণিয়ারা হাজির হইয়া আপনং ভূমি জমা মোকররহওনের যোগ্যহওয়া অস্বীকার করিলে ইহার পরে লিখিতব্য শুধরণের সহিত ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের ১৫ ধারার এবং তাহার পরে যত ধারা আছে তাহার লিখিতব্য হুকুমানুসারে কার্য্য করিবেন ইতি।

৮ অষ্টম প্রকরণ।— ইহার পরে যাহা লেখা যাইবেক তাহাব্যতিরেকে কোন কালেক্টরসাহেব ভূমি দখলকরণিয়ারা আপনং ভূমি জমা মোকররহওনের যোগ্যহওয়া স্বীকার করিলেও বোর্ড রেবিনিউর সাহেবলোকের সম্মতিবিনা কোন ভূমি বাজেয়াফ্ত করিতে পারিবেন না কিন্তু ঐ স্বীকার উপযুক্তরূপে সপ্রমাণ হওয়াতে সুতরাং আর কোন বিচারকরণের আবশ্যক না থাকিলে বোর্ড রেবিনিউর সাহেবদিগের এ ক্ষমতা আছে যে ঐ ভূমি বেতনের পরিবর্ত্তে গ্রামের চাকর কি জমীদারী চাকরদিগের দখলে থাকা যে চাকরান্ সরকারের অনুমতিব্যতিরেকে বাজেয়াফ্ত না হইতে পারে তাহা না হইলে বোর্ড রেবিনিউর সাহেবেরা তৎক্ষণে তাহার উপর জমা মোকরর করিবার হুকুম দিতে পারেন্ ও আরো হুকুম করা যাইতেছে যে নিষ্কররূপে দখলকরা ভূমি বাজেয়াফ্তকরণেতে তাহার দখীলকারদিগের অতিশয় ক্লেশ হইবেক ইহা বোর্ডের সাহেবদিগের বোধ হইলে ঐ সাহেবদিগের কর্ত্তব্য যে সর্ব্বদা তাহার রিপোর্ট শ্রীযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে পাঠান্ ইতি।

৯ নবম প্রকরণ।— ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনের ২৩ ধারার ১ প্রথম প্রকরণের এবং ২৫ এবং ২৮ ধারার লিখিত হুকুম ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের এবং এই আইনের হুকুমানুসারে কালেক্টরসাহেবদিগের বিচারকরা সমস্ত মোকদ্দমার সহিত সম্পর্ক রাখিবেক ইতি।

১০ দশম প্রকরণ।— রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবদিগের নিকটে নিষ্কররূপে দখলকরা ভূমির উপর জমা মোকরর কবিবার দাওয়াদার কালেক্টর কি সরকারের অন্য কার্য্যকারক সাহেবের উপস্থিতকরা মোকদ্দমাতে যে সকল রুবকারীহয় ও যে সকল কাগজপত্র দাখিল হয় তাহার নিমিত্তে ইষ্টাম্পকাগজের আবশ্যক নাহি কিন্তু ঐ রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবেরা চলিত আইনানুসারে অন্য যে সকল মোকদ্দমাতে জজের মত ক্ষমতাচরণ করেন্ সে সকল মোকদ্দমাতে যে মত ক্ষমতা রাখেন্ সেই মত ঐ উপরের উক্ত মোকদ্দমাতেও সাক্ষিরদিগকে উপযুক্ত খরচ দিবার ও সরকারের মালগুজারীর বাকী আদায় করিবার নিমিত্তে আইনানুসারে যেমনং করিতে হয় সেই মত করিয়া ঐ খরচ এবং আপনারদিগের হুকুমকরা অন্যং খরচের টাকা উসুল করিবার হুকুম দিতে ক্ষমতা রাখেন্ ইতি।

১১ একাদশ প্রকরণ।—নিষ্কররূপে ভূমি দখলকরণের দাওয়াদার লোকেরা যে কালেক্টরসাহেবের কি অন্য কার্য্যকারক সাহেবের নিকটে ঐ দাওয়া উপস্থিত করা যায় সেই

যাফ্ত করিবার ও তাহার উপর জমা মোকরর করিবার কথা।

কালেক্টরইত্যাদি সাহেবেরা নিষ্কর ভূমির দাওয়ার বিচারকরণে ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের ১৫ ইত্যাদি ধারার হুকুমানুসারে কার্য্য করিবার কথা।

দখলকরণিয়ারা ভূমি জমা মোকররের যোগ্যহওযা স্বীকার করিলেও বোর্ড রেবিনিউর সম্মতিব্যতিরেকে তাহা বাজেয়াফ্ত করিতে কালেক্টরসাহেবকে নিষেধহওনের কথা।

তাহা হইলে সরকারের অনুমতিব্যতিরেকে বাজেয়াফ্ত না হইবার যোগ্য মাহিয়ানার পরিবর্ত্তে চাকরদিগের দখলকরা চাকরান্ ভূমিব্যতিরেকে অন্য ভূমির উপর জমা মোকরর করিবার হুকুম বোর্ডের সাহেবেরা দিবার কথা।

কালেক্টর সাহেবদিগের বিচারকরা মোকদ্দমার সহিত যেং হুকুম সম্পর্ক রাখিবেক তাহার কথা।

কালেক্টরসাহেবের উপস্থিতকরা মোকদ্দমাতে যে সকল কাগজপত্র দেওয়া যায় তাহার নিমিত্তে ইষ্টাম্পকাগজের আবশ্যক না হইবার কথা।

সাক্ষিদিগের উপযুক্ত খরচ দেওয়া যাইবার এবং ঐ খরচ ও মোকদ্দমার খরচা মালগুজারীর বাকী উসুলকরণের মতে উসুল করা যাইবার কথা।

নিষ্কররূপে ভূমি দখল

সেই সাহেবের নিকটে আপনারদিগের নালিশী আরজীর সহিত যে সকল সনদ এবং অন্য নিদর্শনপত্র আপনারদিগের ঐ দাওয়ার মূলকারণ জ্ঞান করে সে সকল সনদ ও নিদর্শন পত্র দাখিল করিবেক এবং নিষ্কর ভূমির রেজিষ্টরীর বিষয়ে যেং হুকুম চলিত আছে ঐ হুকুমানুসারে যেং বেওরা লেখা কর্ত্তব্য তাহা এবং আপনারদিগের দাওয়ার যেং মূলকারণ থাকে তাহার সমপূর্ণ বেওরাও ঐ আরজীতে লিখিবেক ও ঐ দাওয়া যদি কেবল সরকারের প্রাপ্তব্য টাকার সহিত সম্পর্ক রাখে তবে কালেক্টরসহেব দেওয়ানী আদালতে ঐ প্রকার মোকদ্দমা শুনা যাওনের নিমিত্তে যেং প্রকার লেখা গিয়াছে সেইং প্রকারে ঐ মোকদ্দমা শুনিবার নিমিত্তে যে দিবস নিরূপণ করেন্ তাহার ৮ আট দিন পূর্ব্বে ঐ দাওয়াদারকে সম্বাদ দিয়া অবিলম্বে ঐ মোকদ্দমার বিচার করিবেন ও যদি ঐ দাওয়া সরকারসহযোগে কোন এক ব্যক্তির কি কএক ব্যক্তির নামে উপস্থিত হয় তবে কালেক্টরসাহেব প্রতিবাদি অন্য ব্যক্তির নিকটে এক সম্বাদপত্র পাঠাইবেন ও ঐ সম্বাদপত্রে দাওয়াদারের করা দাওয়ার সকল বেওরা এবং ঐ প্রতিবাদিকে স্বয়ং কি তাহার মোকরকরা উকীল এক মাসের মধ্যে ঐ দাওয়া অযথার্থ প্রমাণ হওনার্থে যেং কাগজপত্র কি অন্য প্রমাণ দিতে বাঞ্ছা করে তাহা সহিত হাজির হইবার হুকুমও লেখা যাইবেক এবং ঐ প্রতিবাদী হাজির হইলে কালেক্টরসাহেব তাহাকে দাওয়াদারের দাওয়ার আরজী এবং ঐ আরজীতে সেং নিদর্শনপত্রের কথা লেখা থাকে ঐং পত্রও দেখিতে ও বিবেচনা করিতে দিয়া হুকুম দিবেন যে ঐ দাওয়ার প্রতিকূল যেং কথা উপস্থিত করিতে চাহে তাহা সাত দিনের মধ্যে বিশেষ করিয়া লিখিয়া উপস্থিত করে এবং তাহা হইলে আরজী ও জওয়াবব্যতিরেকে উভয় পক্ষের আর কোন সওয়াল জওয়াব কদাচ তলব করা যাইবেক না কিন্তু ঐ দাওয়ার যাথার্থ্য স্পষ্টরূপে জানিবার নিমিত্তে অন্য যেং সওয়াল জওয়াবের আবশ্যক বোধ হয় কালেক্টরসাহেব তাহা গ্রাহ্য করিতে ও বহীতে লেখাইতে পারেন্ ও কালেক্টরসাহেবেরা ঐ মোকদ্দমা শুনা যাইবার নিমিত্তে যে দিন নিরূপণ করেন্ তাহার আট দিন পূর্ব্বে উভয় পক্ষেরে সমাচার দিয়া প্রতিবাদির জওয়াব দাখিল হইলে পর যত শীঘ্র পারেন্ তত শীঘ্র তাহার বিচার করিতে উদ্যত হইবেন কিন্তু আরো হুকুম করা যাইতেছে যে উভয় পক্ষেরা কি উপযুক্তরূপে হওয়া তাহারদিগের স্থলাভিষিক্ত জনেরা মোকদ্দমার রুবকারীর সহিত এক নথীতে রাখা যাইবার আরজী কি একরারনামার দ্বারা ঐ মোকদ্দমার নিষ্পত্তি তৎক্ষণে করা যাইবার মনস্থ কি স্বীকার জানাইলে ঐ মোকদ্দমার মূলকারণ সরকারের তরফহইতে হওয়া দাওয়া হউক অথবা অন্য কোন ব্যক্তির করা নালিশই বা হউক এবং কালেক্টরসাহেবের ঐ মোকদ্দমাতে করা কর্ম্ম ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের হুকুমানুসারে হইয়া থাকুক কি এই আইন কিম্বা ঐ বিষয়ের অন্য কোন আইনের অনুসারেই বা হইয়া থাকুক কালেক্টরসাহেব কোন তলবচিঠী কি সম্বাদপত্র পাঠানব্যতিরেকে তৎক্ষণে ঐ মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি করিতে ক্ষমতা রাখিবেন ইতি।

করণের দাওয়াদার লোকেরা কালেক্টরসাহেবের নিকটে যেং নিদর্শন পত্র ও বেওরা দাখিল করিবেক তাহার বিশেষ কথা।

ঐ দাওয়া কেবল সরকারের প্রাপ্তব্য টাকার সহিত সম্পর্ক রাখিলে কালেক্টরসাহেব বিচারের নিরূপিত দিনের আট দিন পূর্ব্বে দাওয়াদারকে সম্বাদ দিয়া তাহার বিচার করিবার কথা।

কিন্তু ঐ দাওয়া সরকার সহযোগে কোন এক কি কএক ব্যক্তির নামে উপস্থিত হইলে কালেক্টরসাহেব ঐ কি ঐং ব্যক্তিকে ঐ দাওয়ার বেওরাযুক্তে আবশ্যক নিদর্শনপত্রাদি ও প্রমাণ সহিত হাজির হইবার হুকুমের সম্বাদপত্র পাঠাইবার কথা।

প্রতিবাদির সাত দিনের মধ্যে জওয়াব দাখিল করিতে হইবার কথা।

অন্য সওয়াল জওয়াব লওনের আবশ্যক না হইবার কিন্তু ঐ দাওয়ার মর্ম্ম আরো স্পষ্টরূপে জানা যাইবার কারণ অন্য যে সওয়াল জওয়াব উপস্থিত করা যায় কালেক্টরসাহেবেরা তাহা গ্রাহ্য করিতে ও বহীতে লেখাইতে পারিবার কথা।

প্রতিবাদির জওয়াব দাখিল হইলে পর মোকদ্দমা শুনা যাইবার নিরূপিত দিনের আট দিন পূর্ব্বে উভয়পক্ষেরে সমাচার দিতে হইবার কথা।

অবিলম্বে নিষ্পত্তি করা

১২ দ্বাদশ প্রকরণ।— কোন কালেক্টর কিম্বা কালেক্টরের ক্ষমতাপন্ন অন্য কার্য্য



কারক

যাইবার আরজী দেওয়া গেলে কর্ত্তব্য কার্য্যের বিশেষ হুকুম।

কালেক্টরইত্যাদি সাহেবের কোন ভূমি সরকারের ও তাহাতে আর কাহারু অধিকার নাহি ইহা বোধ হইলে ঐ ভূমির আর সকল দাওয়াদারদিগ্কে নিরূপিত মিয়াদের মধ্যে হাজির হইবার অর্থে সম্বাদপত্র পাঠাইবার কথা।

এবং ঐ দাওয়াদারেরা উপস্থিত হইলে ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের হুকুমমতে তাহারদিগের দাওয়ার বিচার করিবার কথা।

কোন কেহ বাস্তব ঐ ভূমির দখীলকার না হইলে যাহা করিতে হইবেক তাহার বিশেষ হুকুম।

কারক সাহেবের যদি ইহা বোধ হয় যে অমুক ভূমিখণ্ড সরকারের এবং তাহার যথার্থ অধিকারী আর কেহ নাহি তবে আপন কাছারীতে ও জিলার আদালতের কাছারীতে এবং যে কানুনগো কি মুনসেফ কি যে থানাদারের সরহদ্দের মধ্যে কি আশপাশে ঐ ভূমি থাকে তাহারদিগের কাছারীতে লট্কান ইশ্তিহারনামার দ্বারা ঐ ভূমির সকল দাওয়াদারদিগ্কে এ হুকুম দিতে ক্ষমতা রাখেন্ যে তাহারা ঐ ইশ্তিহারনামার তারিখহইতে ছয় হফ্তার কম না হয় বোর্ড রেবিনিউর সাহেবদিগের নিরূপিত এমত উপযুক্ত মিয়াদের মধ্যে তাঁহার নিকটে হাজির হয় এবং ঐ২ দাওয়াদারেরা উপস্থিত হইলে ভূমি জমামোকররহওনের যোগ্য হওয়া না হওয়ার বিষয় বিবেচনা হওনার্থে নির্দ্দিষ্ট ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের হুকুম এই আইনের দ্বারা যেমন২ শুধরা যাইবেক তদনুসারে তাহারদিগের দাওয়ার বিচার করিতে আরম্ভ করিবেন ও আরো জানান যাইতেছে যে যদি কালেক্টরসাহেব কি পূর্ব্বোক্ত অন্য কর্ম্মকারি সাহেব এই নিষ্পত্তি করেন্ যে ঐ দাওয়াদারেরদের মধ্যে কোন জন ঐ ভূমির যথার্থ দখীলকার নহে এবং তাঁহার করা ঐ নিষ্পত্তি বোর্ডের সাহেবলোকের হজুরে যথার্থ বোধ ও মঞ্জুর হয় তবে যাবৎ জাবেতামতে করা নালিশেতে আদালতহইতে ঐ ভূমি কোন জনের নিজের স্বত্বাধিকার সাব্যস্তহওনের ডিক্রী না হয় তাবৎপর্য্যন্ত ঐ ভূমি সরকারের কর্তৃত্বতলে থাকিবেক ও আরো জানান যাইতেছে যে ঐ প্রকার মোকদ্দমাসকল কালেক্টরসাহেবের নিকটে দাওয়াদারহওয়া জনেরদের মধ্যে কোন এক জনের দ্বারা যদি আদালতে উপস্থিত হয় তবে তাহা বোর্ডের সাহেবলোক ঐ কালেক্টরআদি কর্ম্মকারি সাহেবের করা নিষ্পত্তি মঞ্জুরকরণের তারিখহইতে ছয় হফ্তার মধ্যে উপস্থিত না হইলে সে মোকদ্দমা ডিস্‌মিস্ করা যাইবেক এবং ঐ নালিশকরণিয়া জনের ঐ মোকদ্দমার সমস্ত খরচা দিতে হইবেক এবং

অন্য বিশেষ হুকুম।

এমত২ মোকদ্দমা উপস্থিত হইলে ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের ১৩ ধারার ২ প্রকরণেতে যেমন২ লেখা গিয়াছে বিনাক্রটিতে সেই২ মত কার্য্য করা যাইবেক এবং কোন জন কালেক্টরসাহেবের সম্বাদপত্রানুসারে তাঁহার নিকটে হাজির হইতে ক্রটি করিলে ও আপন ঐ হাজির হইতে না পারণের বিশিষ্ট ও প্রত্যয়যোগ্য কারণ জানাইতে না পারিলে এবং বোর্ডের সাহেবদিগের করা নিষ্পত্তির সম্বাদ পাওনের পর ছয় হফ্তার মধ্যে আদালতে নালিশ করিবার অনুমতি পাইবার অর্থে দরখাস্ত না করিলে ঐ জনের নালিশ গ্রাহ্য হইবেক না ও আরো জানান যাইতেছে যে যদি কোন ফরিয়াদী নালিশ করিতে অনুমতি পাওনের পর ছয় হফ্তার মধ্যে আপন দাওয়ার নালিশ আদালতে উপস্থিত না করে তবে তাহার দাওয়া ডিস্‌মিস্ হইবেক ও মোকদ্দমার খরচা তাহার দিতে হইবেক ইতি।

৬ ধারা।

কোন বিষয়ের অনুসন্ধানের নিমিত্তে কোন মহা

শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলেতে এমত ক্ষমতা রাখেন্ যে কৌন্সেলের হুকুমের দ্বারা কোন মহালের সরহদ্দের মধ্যে তথাকার কোন বিষয়ের অনু



সন্ধানার্থে

সন্ধানার্থে প্রেরিত কোন কালেক্টর কি অন্য কর্ম্মকারি সাহেবকে ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনের লিখনানুসারে বন্দোবস্তকারি কালেক্টরসাহেবকে পূর্ব্বের হুকুমের দ্বারা যে ক্ষমতার্পণ হইয়াছে তাহার তুল্য ক্ষমতা ঐ মহালের কি তাহার কোন অংশের ভূমি যে গ্রামের কি যেং গ্রামের মধ্যে কি লাগাও থাকে ঐ গ্রামে যে সকল ভূমি নিষ্কর রূপে দখল করা যায় তাহার বিষয়ে এবং ঐ প্রকার ভূমির বিষয়ে যে সকল দাওয়া উপস্থিত হয় তাহার বিচারের নিমিত্তে অর্পণ করেন্ এবং উপরের উক্ত মতে ঐং দাওয়ার যাথার্থ্য জাননের ও তাহা বহীতে লিখনের কিম্বা তাহার বিচারকরণের নিমিত্তে সময়েং কালেক্টরসাহেবদিগ্‌কে কি পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারকসাহেবদিগকে নিযুক্ত করিতেও ক্ষমতা রাখেন্ ইতি।

লের সরহদ্দের মধ্যে নিযুক্তকরা কোন কালেক্টর ইত্যাদি সাহেবকে ঐ মহালের লাগাও সকল গ্রামের মধ্যের নিষ্কররূপে দখলকরা সকল ভূমির বিষয়ে বিশেষ ক্ষমতার্পণ করিতে শ্রীযুতের ক্ষমতা থাকিবার কথা।

৭ ধারা।

ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনের হুকুমানুসারে যে সকল গ্রামের ও মহালের বন্দোবস্ত করা যায় তাহার মধ্যগত নিষ্কররূপে দখলকরা সকল ভূমির বেওরা ঐ বন্দোবস্তকারি কালেক্টর কি অন্য কর্ম্মকারি সাহেবের রুবকারীর বহীতে সম্পূর্ণরূপে লিখিতে হইবেক ইতি।

ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনের হুকুমানুসারে বন্দোবস্তহওয়া গ্রাম ও মহালের মধ্যের নিষ্কর ভূমির বেওরা কালেক্টর আদিসাহেবের রুবকারীর বহীতে সম্পূর্ণরূপে লিখিতে হইবার কথা।

৮ ধারা।

ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের কিম্বা চলিত অন্য কোন আইনের লিখিত কোন কথাতে ইঙ্গরেজী ১৭৯৩ সালের ১৯ আইনের ১০ ধারার এবং ১৮০৩ সালের ৩১ আইনের ১১ ধারার যেং হুকুম এবং বারাণস ও জয়করা দেশসকলের সম্পর্কীয় তদনুযায়ী আইনের অন্য যেং হুকুম ঐং আইনের বিশেষ করিয়া লেখা তারিখের পরে আইনবিরুদ্ধে করা দানের বিষয়ে নির্দ্দিষ্ট হইয়াছে সেইং হুকুমের কিছু ক্ষতি বৃদ্ধি হইবেক না ও হয় এমন বোধ করা যাইবেক না এবং যে কোনং ভূমি এক্ষণে নিষ্কররূপে দখল করা যাইতেছে ঐং ভূমি উপরের প্রস্তাবিত তারিখে কি তাহার পরে করসম্পর্কীয় ছিল এবং তাহার পরে শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের হুকুমের দ্বারা রাজস্বদেওনহইতে বহির্ভূত হয় নাহি কিম্বা জাবেতামতে হওয়া নালিশেতে কোন আদালতহইতে হওয়া ডিক্রীর দ্বারা রাজস্বদেওনহইতে বর্জ্জিত হয় নাহি ইহা যদি রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবদিগের প্রত্যয়জনক প্রমাণের দ্বারা নিশ্চয় জানা যায় তবে ঐ রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবদিগের ক্ষমতা থাকিবেক যে যে কোন জমীদার কি তালুকদার কি অন্য মালগুজারের সহিত ইস্তমরারী বন্দোবস্ত করা গিয়াছে ঐং ভূমির রাজস্বে তাহারদিগের অধিকার হওনব্যতিরেকে ঐং ভূমি তৎক্ষণে বাজেয়াপ্ত করেন্ ও তাহার উপর সরকারের জমা মোকরর্ করেন্ এবং ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের ২২ ধারার লিখিত হুকুম ঐং প্রকার বিষয়েতে সম্পর্ক রাখিবেক না ইতি।

ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনআদি চলিত আইনের লিখিত কোন কথাতে নিরূপিত আইনের লিখিত তারিখের পরে আইনবিরুদ্ধে করা ভূমি দানের বিষয়ে বারাণস ও জয়করা দেশসম্পর্কীয় বিশেষ আইনের হুকুমের ক্ষতি বৃদ্ধি না হইবার কথা।

পূর্ব্বে করসম্পর্কীয় থাকা ও তাহার পরে ব্যাপক আজ্ঞাদাতার দ্বারা রাজস্বদেওনহইতে বর্জ্জিত না হওয়া ও এক্ষণে নিষ্কররূপে দখলকরা ভূমি রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবদিগের দ্বারা বাজেয়াপ্ত ও তাহার উপর জমা মোকরর্ হইবার কথা।



৯ ধারা।

যে জমীদারাদির সহিত ইস্তমরারী বন্দোবস্ত হইয়াছে ঐ ভূমির রাজস্বে তাহারদিগের অধিকার হইলেতাহা বর্জ্জিত হইবার কথা।

সায়েরের মামুল মৌকুফহওনের বিষয়ের হুকুম ও ১৮১০ সালের ৯ আইনের ৩১ ধারার লিখিত হুকুম মালগুজারইত্যাদিরা সেওয়ায়ী নামে কি অন্য বাবসবে যে টাকা তহসীল করে তাহার কোন বিষয়ের সহিত সম্পর্ক না রাখিবার কথা।

কোন মহালের বন্দোবস্ত করা যাওনের পরে উপরের লিখিত হুকুম ১৮২২ সালের ৭ আইনের ৯ ধারার লিখনমত মঞ্জুর না হওয়া সকল বাবসবের সহিত সম্পর্ক রাখিবার কথা।

## ৯ ধারা।

এই ধারাক্রমে ইহা জানান ও নির্দ্দিষ্ট করা যাইতেছে যে পূর্ব্বের দস্তুরমতে মালগুজারেরদের এবং অন্য লোকদিগের দ্বারা সেওয়ায়ী নামে কি অন্য কোন বাবসবে যেং টাকা তহসীল হয় এবং তাহা কালেক্টরসাহেবদিগের কিম্বা তাঁহারদিগের উপরিস্থ রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবদিগের সম্মতি হয় ঐং টাকা যদি দ্রব্যজাত কি বাণিজ্যের যোগ্য বস্তু এক স্থানহইতে স্থানান্তরে লইয়া যাওনের উপর কি রপ্তানী কি আমদানীহওনের উপর লওনের মামুলস্বরূপ কিম্বা বিশেষরূপে নিষিদ্ধ আর কোন মামুল না হয় তবে তাহার কোন বিষয়ের সহিত সায়েরের মামুল মৌকুফহওনের বিষয়ে যেং হুকুম চলিত আছে তাহা এবং ইঙ্গরেজী ১৮১০ সালের ৯ আইনের ৩১ ধারার লিখিত হুকুম সম্পর্ক রাখিবেক না কিন্তু ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনের ৯ ধারার বিশেষ করিয়া লিখিত হুকুমমতে কোন গ্রামের কি মহালের বন্দোবস্ত করা যাওনের পরে পূর্ব্বোক্ত হুকুম ও নিয়ম ঐ ধারাক্রমে বিশেষরূপে মঞ্জুর না হওয়া সকল বাবসবের সহিত সম্পর্ক রাখিবেক ইতি।



সমাপ্তঃ।

A True Translation,

W. CAREY,

*Translator of Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৫ সাল ১০ দশম আইন।

কোম্পানি বাহাদুরের সরকারের বাণিজ্যব্যাপারের কুঠীর যে রেসীডেণ্টসাহেবেরা নিজের নিমিত্তেও বাণিজ্যব্যাপার করেন্ তাঁহারদিগের যেং কর্ম্ম কর্ত্তব্য তাহার নিরূপণের বিষয়ে ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৩১ আইনের ও ১৮০৩ সালের ৩৭ আইনের লিখিত হুকুমের অর্থ এবং অভিপ্রায় আরো স্পষ্ট করিয়া জানাইবার নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৫ সালের তারিখ ১৯ মাই মোতাবেকে বাঙ্গলা ১২৩২ সালের ৭ জ্যৈষ্ঠ মওয়াফেকে ফসলী ১২৩২ সালের ১৭ জ্যৈষ্ঠ মোতাবেকে বিলাযতী ১২৩২ সালের ৮ জ্যৈষ্ঠ মওয়াফেকে সম্বৎ ১৮৮২ সালের ১ জ্যৈষ্ঠ মোতাবেকে হিজরী ১২৪০ সালের ৩০ রমজানে জারী করিলেন ইতি।

হেতুবাদ।

ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৩১ আইনের ১৫ ধারার কোনং প্রকরণে এবং তদনুযায়ী ১৮০৩ সালের ৩৭ আইনের ১৫ ধারার কোনং প্রকরণে কোম্পানি বাহাদুরের বাণিজ্য ব্যাপারের কুঠীর যে রেসীডেণ্টসাহেবেরা নিজের নিমিত্তেও বাণিজ্যব্যাপার করেন তাঁহারদিগের ঐ নিজ ব্যাপারের নিমিত্তে যাহাং কর্ত্তব্য তাহার হুকুম নির্দ্দিষ্ট হইয়াছে এবং যেহেতুক উপরের উক্ত ঐং ধারার ৭ ও ৮ ও ১০ প্রকরণের লিখিত কথাতে কোম্পানি বাহাদুরের বাণিজ্যব্যাপারের কুঠীর রেসীডেণ্টসাহেবদিগকে নিজের নিমিত্তে কাহারু সহিত যৌথায বাণিজ্যব্যাপার করিতে নিষেধ আছে এমত বোধ হয নাহি এবং ঐ রেসীডেণ্টসাহেবদিগকে এবং তাঁহারদিগের আসিষ্টাণ্টসাহেবদিগকে কোন জন কি জনেরদের সহিত কোন প্রকারে যৌথায় নিজের নিমিত্তে বাণিজ্যব্যাপার করিতে দৃঢ় নিষেধ করা উপযুক্ত বোধ হইল এবং নিজের নিমিত্তে যৌথায যেং ব্যাপার করিতে তাঁহারদিগকে নিষেধ হয় তাহা সুস্পষ্ট করিয়া লেখাও আবশ্যক বুঝা গেল অতএব নীচের লিখিতব্য অতিরিক্ত হুকুম নির্দ্দিষ্ট করা গেল এবং এই আইন জারীহওনের তারিখঅবধি তাহা প্রবল হইবেক ইতি।

২ ধারা।

বাণিজ্যব্যাপারের কুঠীর রেসীডেণ্টসাহেবদিগ্

কোম্পানি বাহাদুরের বাণিজ্যব্যাপারের কুঠীর রেসীডেণ্টসাহেবদিগকে এবং তাঁহারদিগের আসিষ্টাণ্টসাহেবদিগকে যে সকল প্রকারে হইতে পারে তাহার কোন প্রকারে নিজের

ও তাঁহারদিগের আসিষ্টান্টসাহেবদিগকে আন্যের সহিত যৌথায় কারবার করিতে নিষেধহওনের এবং তাঁহারদিগের যৌথায় করা যে কারবার এক্ষণে আছে তাহা ইঙ্গরেজী ১৮২৬ সালের ৩১ দিসেম্বরে কি তাহার পূর্ব্বে উঠাইতে হইবার কথা।

নিজের নিমিত্তে কোন জন কি জনেরদের সহিত যৌথায় বাণিজ্যব্যাপার করিতে দৃঢ় নিষেধ করা যাইতেছে এবং সরকারের উপরের উক্ত বাণিজ্যের কার্য্যকারি যে কোন সাহেব এক্ষণে ঐ প্রকার ব্যাপারেতে নিবিষ্ট থাকেন্ তাঁহারদিগকে হুকুম দেওয়া যাইতেছে যে ইঙ্গরেজী ১৮২৬ সালের ৩১ দিসেম্বরে কি তাহার পূর্ব্বে আপনারদিগের ঐ যৌথা কারবার উঠান এবং বোর্ড ত্রেডের সাহেবদিগের নিকটে আপনারদিগের ঐ যৌথার কারবার উঠান গিয়া থাকনবোধক চিঠী পাঠান্ ইতি।

৩ ধারা।

কিন্তু বিমাসমাজের এক জনহইতে কি টর্ন্টৈনেতে টাকা রাখিতে কি অন্য কোন জনসমূহের এক জন হইতে নিষেধ না থাকিবার কথা।

এই ধারাক্রমে জানান যাইতেছে যে উপরের ধারার নির্দ্দিষ্ট হুকুমের অভিপ্রায় ইহা নহে যে ঐ বাণিজ্যব্যাপারের রেসীডেণ্টসাহেবদিগকে কিম্বা তাঁহারদিগের আসিষ্টাণ্ট সাহেবদিগকে বিমার ব্যাপারকারি সমাজের কোন জনহইতে কিম্বা টণ্টৈনেতে টাকা রাখিতে কিম্বা ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৩১ আইনের ১৫ ধারার এবং ১৮০৩ সালের ৩৭ আইনের ১৫ ধারার অনভিপ্রেত অন্য জনসমূহের মধ্যের এক জনহইতে নিষেধ আছে ইতি।

VOL. VII. 346.

সমাপ্তঃ।

A TRUE TRANSLATION,

W CAREY,

*Bengalee Translator of Regulations.*

ইঙ্গরেজী ১৮২৫ সাল ১১ একাদশ আইন।

---

চরের কি কোন নদী কি সমুদ্র স্থানত্যাগকরণপ্রযুক্ত যে ভূমি পাওয়া যায় সেই ভূমির দাওয়ার নিষ্পত্তি যেং হুকুমেতে দৃষ্টি রাখিয়া করিতে হইবেক সেইং হুকুম প্রকাশ করিবার নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবরনর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৫ সালের তারিখ ২৬ মাই মোতাবেকে বাঙ্গলা ১২৩২ সালের ১৪ জ্যৈষ্ঠ মওয়াফেকে ফসলী ১২৩২ সালের ২৪ জ্যৈষ্ঠ মোতাবেকে বিলায়তী ১২৩২ সালের ১৫ জ্যৈষ্ঠ মওয়াফেকে সম্বৎ ১৮৮২ সালের ৯ জ্যৈষ্ঠ মোতাবেকে হিজরী ১২৪০ সালের ৭ শাবানে জারী করিলেন ইতি।

ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর হুকুমের তাবে দেশসকলেতে যেং প্রধান নদ নদী বহে তাহা পুনঃং স্থানছাড়াহওয়াতে এবং এই নদ নদীর মধ্যগত বালি ও মাটি স্থানান্তর যাইয়া জমাতে চর কিম্বা ক্ষুদ্র দ্বীপ ঐ নদ নদীর মধ্যস্থানে কিম্বা তাহার কোন কূলের নিকটে উৎপন্ন হয় এবং নদ নদীর এক পারের অনেক ভূমি ভাঙ্গিয়া ভাসিয়া যাইয়া ঐ সময়ে কিম্বা তাহার পর কোন বৎসরে অন্য পারে ভরাট হয় ও কখনং বাঙ্গলা দেশের দক্ষিণদিগের ও দক্ষিণ পূর্ব্ব কোণের সমুদ্রতীরেও ঐ প্রকার চর পড়ে ও ভূমিতে ভাঙ্গন ধরে ও জল সরিয়া যায় ও উপরের উক্ত মত যেং ভূমি নদ নদী কি সমুদ্র হইতে পাওয়া যায় কখনং ঐং ভূমির নিমিত্তে বিবাদ বিরোধ জন্মে এবং ঐং স্থানের দস্তুর ও ব্যবহারানুসারে ঐং বিষয়ের সহিত যেং নিয়ম সম্পর্ক রাখে তাহা স্থির আছে তথাপি ঐং নিয়ম সর্ব্বত্র প্রকাশ না হওয়াতে আদালতের সাহেবদিগের উপরের লিখিত মত পাওয়া চর কি অন্য ভূমির দাওয়াদার জনেরদের স্বত্বনিরূপণ করা অতিদুষ্কর হয় ও সদর দেওয়ানী আদালতের সাহেবেরা এই বিষয়েতে মুসলমানের শরার ও হিন্দুলোকের শাস্ত্রের মত জানিবার নিমিত্তে আপনারদিগের আদালতের মৌলবী ও পণ্ডিতদিগের স্থানে ফতওয়া ও ব্যবস্থা তলব করিয়াছিলেন এবং ঐ তলবমতে ঐ মৌলবী ও পণ্ডিতেরা যে ফতওয়া ব্যবস্থা দিয়াছেন তাহাও চরপড়াতে কি নদ নদী কি সমুদ্রের জল স্থানান্তর হওয়াতে পাওয়া ভূমির স্বত্বমূলক দাওয়ায় সদর দেওয়ানী আদালতে আপীল হওয়া মোকদ্দমাসকলেতে ঐ আদালতের সাহেবেরা যেং নিষ্পত্তি করিয়াছেন তাহাও দৃষ্টি ও বিবেচনাকরণপূর্ব্বক শ্রীযুত নওয়াব গবরনর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলহইতে সকল লোকদিগ্‌কে জানাইবার ও আদালতের সাহেবদিগের কার্য্যোপ হেতুবাদ।



দেশের

দেশেরনিমিত্তে নীচের লিখিতব্য হুকুমসকল নির্দ্দিষ্ট করিলেন এবং এই আইন জারীহওনের তারিখহইতে ঐ সকল হুকুম ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর তাবে সমস্ত দেশে প্রবল হইবেক ইতি।

২ ধারা।

স্মরণসাধ্য কালের ও নিরূপিত ব্যবহার স্পষ্ট ও স্থির থাকিলে তদনুসারে চরপড়া ভূমির বিষয়ের দাওয়া ও বিবাদের নিষ্পত্তি হইবার কথা।

কোন নদ কি নদীর তীর ভাঙ্গনে ভাঙ্গাতে কি তাহার জল স্থানান্তরহওয়াতে যে ভূমির বিয়োগ কি সংযোগ হয় তাহার এতাবতা সিকস্ত ও পয়ওস্তের বিষয়ে এমন স্পষ্ট ও নিরূপিত দস্তুর ও ব্যবহার যদি থাকে যে তদনুসারে নিকটবর্ত্তি দুই কি ততোধিক জমীদারীর মধ্যবর্ত্তি কোন নদ কি নদী সময়ে২ ঐ নদ কি নদীর এক পারের ভূমির বিয়োগ ও অন্য পারে সংযোগ হওনদ্বারা যেমন অবস্থা কেন না হউক ঐ২ নদ কি নদী নিত্য ঐ২ জমীদারীর সীমা হয় তবে যে২ জমীদারের জমীদারীর সহিত ঐ প্রকার দস্তুর সম্পর্ক রাখে ঐ২ জমীদারদিগের চরপড়াইত্যাদি ভূমির বিষয়ে যে সকল দাওয়া ও বিবাদ উপস্থিত হয় তাহার নিষ্পত্তি ঐ স্থিরথাকা দস্তুরমতে হইবেক ইতি।

৩ ধারা।

কোন স্থানে ঐ মত ব্যবহার নাথাকিলে ইহার পরের ধারাতে যেমন২ লেখা যাইবেক তদনুসারে ঐ বিবাদের নিষ্পত্তিহইবার কথা।

কোন স্থানেতে উপরের লিখিত ধারার উক্ত দস্তুর না থাকিলে ইহার পরের ধারাতে যে২ সামান্য হুকুম লেখা যাইবেক সেই২ হুকুম নদ কি নদীতে কি সমুদ্রে চরপড়াতে কি তাহার জল স্থানান্তরহওয়াতে যে ভূমি পাওয়া যায় তাহার বিষয়ে উপস্থিতহওয়া সকল দাওয়া ও বিবাদের নিষ্পত্তিকরণের বিষয়ে সম্পর্ক রাখিবেক ইতি।

৪ ধারা।

নদ নদীর কি সমুদ্রের জল সরিয়া যাওয়াতে ক্রমে২ পাওয়া ভূমি যে জনের জমীদারীর লাগাও হয় ঐ ভূমি সেই জনের জমীদারীর ভূমিবর্দ্ধক বোধ হইবার কথা।

বিশেষ হুকুম।

১ প্রথম প্রকরণ।— নদ কি নদীর কি সমুদ্রের জল সরিয়া যাওয়াতে যে ভূমি ক্রমে২ পাওয়া যায় ঐ ভূমি যে জমীদারের জমীদারীর কি অন্য প্রধান দখীলকারের কি তাহারদিগের পেটাতে যে কোন জনেরা ভূমি দখল করে তাহারদিগের কি কোন প্রকার প্রজাদিগের ভূমির লাগাও হয় সেই জমীদারইত্যাদির জমীদারীর কিম্বা ভূমির শামিলে থাকিযা ঐ জমীদারীর কি ভূমির ভূমিবর্দ্ধক হইবেক কিন্তু এ প্রকারে যত ভূমি বৃদ্ধি হয় অর্থাৎ পাওয়া যায় তাহা যে জমীদারী কি ভূমিতে সংলগ্ন হয় সেই জমীদারী কি ভূমির দখীলকারের ঐ জমীদারী কি ভূমিতে যে স্বত্বাধিকার পূর্ব্বাবধি আছে তাহার অতিরিক্ত কোন স্বত্বাধিকার ঐ নূতন বৃদ্ধিহওয়া ভূমিতে ঐ দখীলকারের হইবেক না এবং ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের কি চলিত আর কোন আইনের হুকুমানুসারে সরকারের রাজস্বের নিমিত্তে যে জমা ঐ নূতন বৃদ্ধিহওয়া ভূমির উপর নিরূপণহওনের যোগ্য হয় সেই জমা দিতে ঐ দখীলকার কোন প্রকারে বর্জ্জিত হইবেক না এবং ঐ বৃদ্ধিহওয়া ভূমি যদি

কোন প্রধান দখীলকারের পেটার কোন দখীলকারের দখলের ভূমিতে সংলগ্ন হয় তবে ঐ পেটাও দখীলকার ফি বিঘা নিরূপিত মালগুজারী দেওয়া মৌরূসী ইস্তমরারী দখলের দখীলকার খোদকস্তা রাইয়ৎ হউক অথবা আপন করা বন্দোবস্তের দ্বারা কিম্বা আদ্যোপান্তের দস্তুরমতে আপন দখলের ভূমিতে সংলগ্নহওয়া ঐ চরইত্যাদির ভূমির নিমিত্তে বেশী জমাদেওনের যোগ্য অন্য কোন পেটাও প্রজাই বা হউক ঐ প্রজা বেশী যত জমা দেওনের যোগ্য হয় তাহা দেওনহইতে কোন প্রকারে বর্জ্জিত হইবেক না ইতি।

২ দ্বিতীয় প্রকরণ।— কোন নদী যদি আপন বহনের স্থান ত্যাগ করিয়া কোন জমীদারীতে তাহার ভূমি ক্রমেং ভাঙ্গনব্যতিরেকে হঠাৎ ভাঙ্গিয়া প্রবেশ করিয়া ঐ জমীদারীর ভূমি দুই খণ্ড করে কিম্বা তাহার স্রোতের বেগ অতিশয়হওনপ্রযুক্ত স্থানান্তর দিয়া বেগবতী হওনেতে কোন জমীদারীর ভূমির কোন ভারি খণ্ড তদ্ভাবলোপকরণবিনা ও ঐ খণ্ড ঐ জমীদারীর ভূমি ইহা চিনা যাইবার প্রতিবন্ধকতাকরণব্যতিরেকে পৃথক্ করিয়া অন্য জমীদারীর ভূমিতে সংলগ্ন করে তবে ঐ ভূমি স্পষ্টরূপে চিনা গেলে তাহাতে তাহার আসল অধিকারির স্বত্ব থাকিবেক ইতি।

কোন নদী আপন বহন স্থান ত্যাগ করিয়া হঠাৎ কোন জমীদারী ভাঙ্গিয়া যাইয়া তাহার ভূমি দুই খণ্ড করিলেও ঐ পৃথক্হওয়া খণ্ড স্পষ্ট চিনা যাইতে পারিলে তাহাতে পূর্ব্বাধিকারির স্বত্ব থাকিবার কথা।

৩ তৃতীয় প্রকরণ। বড় এবং নৌকাগমনাগমনের যোগ্য যে কোন নদ কি নদীতে কোন ব্যক্তির স্বত্বাধিকার নাহি এমন নদ কি নদীতে কিম্বা সমুদ্রেতে কোন চর কি দ্বীপ উৎপন্ন হইলে ঐ চর কি দ্বীপের ও নদ কি নদীর কি সমুদ্রের তটের মধ্যে মনুষ্য হাঁটিয়া পার না হইতে পারিবার মত গভীর জল যদি থাকে তবে সে চর কি দ্বীপ আবহমান কালের দস্তুরমতে সরকারের কর্ত্তৃত্বতলে থাকিবেক কিন্তু যদি বৎসরের মধ্যে কোন সময়ে ঐ চর কি দ্বীপের এবং তটের মধ্যবর্ত্তি ঐ জল হাঁটিয়া পারহওনের উপযুক্ত হয় তবে যে জনের কি জনেরদের জমীদারীর অতিনিকটে ঐ চর কি দ্বীপ হইয়া থাকে ঐ চর কি দ্বীপ সেই জন কি জনেরদের ঐ জমীদারীর শামিল হইয়া ঐ জমীদারীর ভূমিবর্দ্ধক হইবেক কিন্তু ক্রমেং চরইত্যাদি উৎপন্নহওয়ার বিষয়ে এই ধারার ১ প্রকরণেতে যেং হুকুম লেখা গিয়াছে সেইং হুকুম ঐ চর কি দ্বীপের সহিত সম্পর্ক রাখিবেক ইতি।

বড় ও নৌকাগমনাগমনের যোগ্য নদীতে পড়া চর কি দ্বীপ ঐ দ্বীপ এবং তটের মধ্যবর্ত্তি জল হাটিয়া পার না হইতে পারিবার যোগ্য হইলে সরকারের কর্ত্তৃত্বতলে থাকিবার কথা।

কিন্তু হাঁটিয়া পার হইবার যোগ্য জল হইলে যাহার হইবেক তাহার কথা।

৪ চতুর্থ প্রকরণ।— যে ক্ষুদ্র ও অগভীর নদীতে মৎস্য ধরিবার জলকরের স্বত্বসুদ্ধা পূর্ব্বে কোনং জনের স্বত্বাধিকার মঞ্জুর হইয়াছিল ঐ নদীতে যে কোন চরআদি উৎপন্ন হয় ঐ চরআদি এই ধারার ১ প্রকরণের লিখিত হুকুমের অধীন হইয়া পূর্ব্বমত ঐং জনের অধিকারভুক্ত থাকিবেক ইতি।

ক্ষুদ্র ও অগভীর নদীতে পড়া চরের দাওয়ার নিষ্পত্তি যেরূপে হইবেক তাহার কথা।

৫ পঞ্চম প্রকরণ।— আর কোন প্রকার হইলে অর্থাৎ কোন নদ কি নদী কি সমুদ্রের জল স্থানান্তরহওয়াতে উৎপন্নহওয়া যে কোন চরআদির সহিত এই আইনের লিখিত হুকুম বিশেষরূপে সম্পর্ক না রাখে এমন চরআদির বিষয়ে কোন দাওয়া কি বিবাদের মোকদ্দমা উপস্থিত হইলে আদালতের সাহেবেরা ঐ দাওয়া ও বিবাদের মোকদ্দমার নিষ্পত্তিকরণে

কোন নদনদীর কি সমুদ্রের জল সরিয়া যাওয়াতে উৎপন্নহওয়া যেং ভূমির সহিত এই আইনের হুকুম সম্পর্ক না রাখে তা

হার বিষয়ে উপস্থিত বিবাদের নিষ্পত্তি যেরূপ করা যাইবেক তাহার কথা।

নিষ্পত্তিকরণে ঐ স্থানের আবহমান কালের দস্তুরের বিষয়ে যে উত্তমং প্রমাণ পাওয়া যায় তাহা দৃষ্টি করিয়া কি এমত কোন দস্তুর না থাকিলে যাথার্থ্যে ও ন্যায়েতে দৃষ্টি রাখিয়া তাহার নিষ্পত্তি করিবেন ইতি।

৫ ধারা।

নৌকাগমনাগমনের যোগ্য নদীর অন্তর্গত ভূমি আক্রমণের এবং নির্ব্বিঘ্নে নৌকাগমনাগমনের অন্য বাধা জন্মাইবার নিষেধের কথা।

এই আইনের লিখিত কোন কথার অভিপ্রায় এমত নহে যে কোন ব্যক্তি নৌকাগমনাগমনের যোগ্য কোন নদীর জলের অন্তর্গত ভূমি আক্রমণ করিলে তাহার দোষ হইবেক না কিম্বা জিলা কি শহরের মাজিষ্ট্রেটসাহেবদিগের অথবা নৌকাগমনাগমনের প্রতিবন্ধক ও বাধা দূর করিবার নিমিত্তে সরকারহইতে অন্য যে সাহেবেরা উপযুক্তরূপে নিযুক্ত হন ঐ সাহেবদিগের নদ কি নদী দিয়া নির্ব্বিঘ্নে এবং দস্তুরমতে নৌকাগমনাগমনহওনের বাধা যে বস্তু বোধ হয় তাহা কিম্বা ঐং নদীর তীরস্থ যে কোন দ্রব্য গুণ টানিবার কি অন্য উপায় করিবার প্রতিবন্ধক হইয়া নৌকাগমনাগমনের বাধা জন্মায় তাহাও দূর করিবার আটক হইবেক ইতি।

Vol. VII. 350.

সমাপ্তঃ।

A TRUE TRANSLATION,

W. CAREY,

*Bengalee Translator of Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৫ সাল ১২ দ্বাদশ আইন।

কোন২ মোকদ্দমার বিষয়ে দায়েরসায়েরী আদালতের সাহেবদিগের ও নিজামৎ আদালতের সাহেবলোকের ক্ষমতা নিরূপণ করিবার ও দেওয়ানী কি ফৌজদারী কোন প্রকার আদালতকে অবজ্ঞাকরণিযাদিগের শাস্তি সমানরূপে হইবার ও স্ত্রীলোকদিগ্‌কে প্রহারদ্বারা শারীরিক শাস্তিদেওয়া রহিত করিবার এবং শাস্তির নিমিত্তে কোড়ার প্রহার আর কখন কোন প্রকারে না হইতে পারিবার নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবর্‌নর্‌ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৫ সালের তারিখ ২৬ মাই মোতাবেকে বাঙ্গলা ১২৩২ সালের ১৪ জ্যৈষ্ঠ মওয়াফেকে ফসলী ১২৩২ সালের ২৪ জ্যৈষ্ঠ মোতাবেকে বিলায়তী ১২৩২ সালের ১৫ জ্যৈষ্ঠ মওযাফেকে সম্বৎ ১৮৮২ সালের ৯ জ্যৈষ্ঠ মোতাবেকে হিজরী ১২৪০ সালের ৭ শওয়ালে জারী করিলেন ইতি।

যেহেতুক ফৌজদারী আদালতের সাহেবদিগ্‌কে মারিপীটের মোকদ্দমাতে ও আদালতকে অবজ্ঞাকরণের অপরাধকরণহেতুক প্রহারদ্বারা শারীরিক শাস্তি দিতে নিষেধ করা এবং সর্ব্বতোভাবে শাস্তির নিমিত্তে কোড়ার প্রহার উঠাইয়া দেওয়া এবং প্রহারদ্বারা স্ত্রীলোকদিগের শারীরিক শাস্তি রহিত করা এবং দেওয়ানী কি ফৌজদারী কোন প্রকার আদালতে ঐ আদালতকে অবজ্ঞাকরণাপরাধের শাস্তি সমানরূপ নিরূপণ করা এবং ইচ্ছাপূর্ব্বকব্যতিরেকে অনিচ্ছাপূর্ব্বক অথচ দোষযুক্ত খুনকরণাপরাধের মোকদ্দমাতে এবং অন্য যে২ অপরাধের নিমিত্তে দায়েরসায়েরী আদালতের জজসাহেবেরা সাত বৎসরের অধিক না হয় এমত মিয়াদে কয়েদের হুকুম দিতে পারেন্‌ ও ঐ দণ্ড তাহার কোন অপরাধের অপরাধির উপযুক্ত শাস্তিহইতে ঐ সাহেবেরা কম বোধ করিলে ঐ অপরাধির মোকদ্দমা বিচার ও নিষ্পত্তির নিমিত্তে নিজামৎ আদালতে সমর্পণ করিতে পারিবারও নিয়ম আছে এমত অপরাধের মোকদ্দমাতে ও দায়েরসায়েরী আদালতের সাহেবদিগ্‌কে চূড়ান্ত হুকুম দিবার ক্ষমতা অর্পণ করণদ্বারা নিজামৎ আদালতে যে সকল মোকদ্দমা সমর্পণীয় হয় তাহার সংখ্যা কমকরা উপযুক্ত বোধ হইল এবং যেহেতুক নিজামৎ আদালতের সাহেবেরা আদ্যোপান্তের যে রীতিমতে ঐ আদালতের দুই কি ততোধিক জজসাহেব ঐক্য হইয়া প্রাণদণ্ডের হুকুম দেন্‌ ঐ রীতি আইনের হুকুমের দ্বারা নির্দ্দিষ্টকরণ উপযুক্ত বোধ হইল অতএব শ্রীযুত নওয়াব গবর্‌নর্‌ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলহইতে নীচের লিখিতব্য হুকুমসকল নির্দ্দিষ্ট হইল এবং তাহা এই আইন হেতুবাদ।

জারীহওনের তারিখঅবধি ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর তাবে সমস্ত দেশে প্রবল হইবেক ইতি।

২ ধারা।

মারিপীটের মোকদ্দমাতে প্রহারদ্বারা শারীরিক শাস্তি দেওনার্থে যে সকল কথাক্রমে দায়েরসায়ের সাহেবদিগেরে ক্ষমতার্পণ হইযাছে সে সকল কথা রদহওনের কথা।

ইঙ্গরেজী ১৮২৩ সালের ২ আইনের এবং চলিত অন্য যে কোন আইনের যে সকল কথাক্রমে মারিপীটের মোকদ্দমাতে প্রহারদ্বারা শারীরিক শাস্তির হুকুম দিতে দায়েরসায়েরী আদালতের সাহেবদিগ্‌কে ক্ষমতার্পণ হইয়াছে সে সকল কথা এই ধারাক্রমে রদ হইল ইতি।

৩ ধারা।

ইহার পরে স্ত্রীলোকদিগ্‌কে প্রহারদ্বারা শারীরিক শাস্তি দিবার হুকুম দিতে ফৌজদারী কোন আদালতের সাহেবের ক্ষমতা না থাকিবার কথা।

ইহার পরে মাজিষ্ট্রেট্‌সাহেবেরা ও তাঁহারদিগের আসিষ্টাণ্টসাহেবেরা ও ফৌজাদারী কোন আদালতের সাহেবেরা প্রহারদ্বারা স্ত্রীলোকদিগেরে শারীরিক শাস্তি দিতে ক্ষমতা রাখিবেন না ইতি।

৪ ধারা।

শাস্তি দিবার নিমিত্তে কোড়ার প্রহার সর্ব্বতোভাবে নিষিদ্ধ হওনের ও তাহার পরিবর্ত্তে বেতের আঘাত ব্যবহারকরণের কথা।

চলিত আইনের যেং স্থানে কোড়াশব্দ থাকে সেইং স্থানে বেত বোধ করা যাইবার কথা।

এই ধারাক্রমে ফৌজদারী কোন আদালতের হুকুমমতে শাস্তিদেওনের নিমিত্তে কোড়ার প্রহার করিতে নিষেধ করা গেল ও ইহার পরে প্রহারদ্বারা শারীরিক শাস্তি দেওনের নিমিত্তে কেবল বেত্রাঘাত করা যাইবেক ও এই হুকুমেতে দৃষ্টি রাখিয়া ফৌজদারী আদালতের সাহেবেরা শাস্তির হুকুম ও পরওয়ানা দিবেন এবং চলিত আইনের মধ্যে যেং স্থানে কোড়াশব্দ লেখা গিয়াছে এই আইনের অনুসারে সেইং স্থানে কোড়ার পরিবর্ত্তে বেত বোধ করা যাইবেক ইতি।

৫ ধারা।

দায়েরসায়েরী আদালতকে অবজ্ঞাকরণহেতুক বেতের আঘাতদ্বারা শারীরিক শাস্তি দিতে নিষেধের কথা।

১ প্রথম প্রকরণ।—ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৯ আইনের ৫৯ ধারার এবং ১৮০৩ সালের ৭ আইনের ২৮ ধারার যে সকল কথাক্রমে দায়েরসায়েরী আদালতকে অবজ্ঞাকরণাপরাধের নিমিত্তে বেতের আঘাতদ্বারা শারীরিক শাস্তি দিবার হুকুম দিতে ঐ আদালতের সাহেবদিগ্‌কে ক্ষমতার্পণ করা গিয়াছে এই প্রকরণদ্বারা ঐ সকল কথা রদ হইল ইতি।

কোন ফৌজদারী আদালতে ঐ আদালতকে অবজ্ঞাকরণাপরাধের অপরাধি জনেরা জরীমানার

২ দ্বিতীয় প্রকরণ।—নিরূপিত কোন ফৌজদারী আদালতের হুকুমের অধীন যে সকল জনেরা ঐ আদালতেতে ঐ ঐ আদালতকে অবজ্ঞাকরণাপরাধেতে অপরাধী হয় তাহারা যে আদালতে ঐ অপরাধ করা যায় সেই আদালতের সাহেবের হুকুমের দ্বারা অপরাধ বিশেষে

বিশেষে দুই শত টাকার অনূর্দ্ধ যে জরীমানা উপযুক্ত বোধ হয় তাহার যোগ্য হইবেক এবং ঐ জরীমানার টাকা না দিলে তাহার পরিবর্ত্তে দুই মাসের অধিক না হয় এমত যে মিয়াদ নিরূপণ করা যায় সেই মিয়াদে ঐ স্থানের দেওয়ানী জেলখানাতে ঐ অপরাধী কয়েদ থাকিবেক ইতি।

যোগ্য হইবার এবং তাহার টাকা না দিলে দেওয়ানী জেলখানাতে কয়েদ থাকিবার কথা।

৩ তৃতীয় প্রকরণ।— উপরের লিখিত হুকুমের তাৎপর্য্য এই যে ঐ হুকুম ইঙ্গরেজী ১৮২১ সালের ৩ আইনের হুকুমানুসারে সরকারের আদালতসম্পর্কীয় এদেশীয় যে কার্য্যকারকদিগের ও সদর আমীনদিগের আদালতে ক্ষুদ্র অপরাধের মোকদ্দমা বিচার ও নিষ্পত্তির নিমিত্তে সমর্পণ করা যায় সেং আদালতে স্বেচ্ছাপূর্ব্বক ঐং আদালতকে অবজ্ঞাকরণাপরাধের সহিত সম্পর্ক রাখে কিন্তু ঐং মত হইলে আদালতের ঐ কার্য্যকারকেরা ও সদর আমীনেরা যেং হুকুম দেয় তাহার রিপোর্ট তৎক্ষণে ঐ স্থানের মাজিষ্ট্রেটসাহেবের কি জাইন্টমাজিষ্ট্রেটসাহেবের নিকটে ঐ মোকদ্দমার রুবকারীসহিত ঐ সাহেবের তজবীজ ও হুকুম হইবার নিমিত্তে পাঠান যাইবেক ইতি।

সদর আমীনপ্রভৃতি এদেশীয় আদালতের কার্য্যকারকদিগের আদালতে ঐং আদলতকে ইচ্ছাপূর্ব্বক অবজ্ঞাকরণ অপরাধ করা গেলে যাহা করিতে হইবেক তাহার কথা।

৬ধারা।

১ প্রথম প্রকরণ।— উপরের লিখিত যে হুকুমক্রমে জরীমানার টাকা না দিলে অপরাধী দুই মাসের অধিক না হয় এমত মিয়াদে কয়েদ থাকে ঐ হুকুম আদালতেতে আদালতকে অবজ্ঞাকরণাপরাধের দণ্ডের নিমিত্তে চলিত আইনানুসারে দুই শত টাকার অধিক না হয় এমত জরীমানার হুকুম দিবার ক্ষমতাবিশিষ্ট দেওয়ানী আদালতের সহিতও সম্পর্ক রাখিবেক ইতি।

জরীমানার টাকা না দিলে তাহার পরিবর্ত্তে কয়েদথাকনের বিষয়ের পূর্ব্বোক্ত হুকুমসকল দেওয়ানী আদালতের সহিত সম্পর্ক রাখিবার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— এই প্রকরণক্রমে আরো হুকুম করা যাইতেছে যে উপরের লিখিত হুকুম সদর আমীন ও মুনসেফদিগের আদালতের সহিতও সম্পর্ক রাখিবেক কিন্তু সদর আমীন ও মুনসেফেরদের দেওয়ানী আদালতেতে ঐ আদালতকে অবজ্ঞাকরণাপরাধের নিমিত্তে ঐ সদর আমীন কি মুনসেফদিগের নিকটহইতে যেং জরীমানার হুকুম হয় তাহার মতাচরণকরণের পূর্ব্বে তাহার রিপোর্ট এবং ঐ মোকদ্দমাতে যে কার্য্য করা গিয়া থাকে তাহার রুবকারী কোন মুনসেফের আদালতে সাক্ষিরা সাক্ষ্য দিতে কি আপন জোবানবন্দীতে দস্তখৎ করিতে অস্বীকার করিলে যেং জরীমানার হুকুম হয় ঐং জরীমানার হুকুমের রিপোর্ট পাঠাইবার নিমিত্তে ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৩ আইনের ৩১ ধারার ৩ প্রকরণেতে যেমনং লেখা গিয়াছে সেইং মতে তথাকার জজ কি রেজিষ্টরসাহেবের নিকটে তাঁহার জ্ঞাপনার্থে ও হুকুম হইবার নিমিত্তে পাঠাইতে হইবেক ইতি।

এবং বিশেষ কোনং কথাব্যতিরেকে সদর আমীনেরদের ও মুনসেফেরদের দেওয়ানী আদালতের সহিতও সম্পর্ক রাখিবার কথা।

৭ ধারা।

১ প্রথম প্রকরণ।— দায়েরসায়েরী আদালতে যে সকল মোকদ্দমাতে কোন জনের কি জনেরদের উপর ইচ্ছাপূর্ব্বকব্যতিরেকে অনিচ্ছাপূর্ব্বক দোষযুক্ত খুনকরণের অপরাধ প্রমাণ

ইচ্ছাপূর্ব্বকব্যতিরেকে দোষযুক্ত খুনের সকল

মোকদ্দমায় দায়েরসায়েরী আদালতের সাহেবেরা তাহা নিজামৎ আদালতে সমর্পণকরণব্যতিরেকে চূড়ান্ত হুকুম দিতে ও তাহার মতাচরণ করাইতে ক্ষমতাপন্ন হইবার কথা।

অন্য কোন২ মোকদ্দমাতেও ঐ মত ক্ষমতাপন্ন হইবার কথা।

প্রমাণ হয় ঐ সকল মোকদ্দমা এবং দায়েরসায়েরী আদালতহইতে অন্য যে সকল অপরাধের মোকদ্দমাতে ঐ আদালতের সাহেবেরা প্রহারদ্বারা শারীরিক শাস্তি ও পরিশ্রম করণের সহিত কি ব্যতিরেকে সাত বৎসরের অধিক না হয় এমত মিয়াদে কয়েদের চূড়ান্ত হুকুম দিতে ক্ষমতা রাখেন্ কিন্তু এক্ষণকার চলিত আইনের হুকুমানুসারে ঐ আদালতের জজসাহেব ঐ শাস্তি ঐ অপরাধের উপযুক্তহইতে কম বোধ করিলে তাহার মোকদ্দমা বিচার ও নিষ্পত্তির নিমিত্তে নিজামৎ আদালতে সমর্পণ করেন্ সে সকল মোকদ্দমা ও তাহাতে হুকুমহওয়া শাস্তি অপরাধের উপযুক্তহইতে কম হওনহেতুপ্রযুক্ত এখনঅবধি নিজামৎ আদালতে সমর্পণ করিতে হইবেক না কেননা ঐ দায়েরসায়েরী আদালতের সাহেবেরা তাহার হুকুম দিতে ক্ষমতা রাখেন্ ও ইহার পর ঐ প্রকার সকল মোকদ্দমাতে দায়েরসায়েরী আদালতের সাহেব আপন আদালতের মুফ্তীর সহিত কয়েদীর অপরাধপ্রমাণহওনের বিষয়ে একবাক্য হইয়া আইনের নিরূপিত শাস্তির হুকুম দিবেন এবং নিজামৎ আদালতের সাহেবদিগের অনুমতি লওনবিনা ঐ হুকুমমতাচরণ করিবার হুকুম দিবেন ইতি।

এখনো যে২ মোকদ্দমা নিজামৎ আদালতে সমর্পণীয় তাহার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— কিন্তু উপরের লিখিত প্রকরণের কোন কথার তাৎপর্য্য ইহা নহে যে চলিত কোন আইনানুসারে যে২ মোকদ্দমাতে দায়েরসায়েরী আদালতের জজসাহেবের যে শাস্তির হুকুম দিতে হয় তাহা অপরাধের ভার বিবেচনাকরণদ্বারা ঐ শাস্তি ঐ অপরাধহইতে অত্যধিক বোধ হইলে সে২ মোকদ্দমা পূর্ব্বমত নিজামৎ আদালতে সমর্পণ করিতে নিষেধ আছে ইতি।

৮ ধারা।

নিজামৎ আদালতে সমর্পণহওয়া মোকদ্দমাতে প্রাণদণ্ডের হুকুম দিতে হইলে তাহা ঐ আদালতের এক জন জজসাহেব না দিয়া দুই কি ততোধিক জজসাহেব একবাক্য হইয়া দিবার কথা।

নিজামৎ আদালতে সমর্পণকরা উপরের লিখনমত যে২ মোকদ্দমাতে এক জন কি তাহাহইতে অধিক জনের প্রাণদণ্ডের হুকুম হইতে পারে ঐ২ মোকদ্দমাতে নিজামৎ আদালতের কেবল এক জন জজসাহেব চূড়ান্ত হুকুম দিতে ক্ষমতা রাখিবেন না বরং ঐ সকল মোকদ্দমাতে ঐ আদালতের দুই কি ততোধিক জজসাহেবেরা একবাক্য হইয়া হুকুম দিবেন ইতি।



সমাপ্তঃ।

A True Translation,

W. CAREY,

*Bengalee Translator of Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৫ সাল ১৩ ত্রয়োদশ আইন।

সুবে বেহারে নিষ্কররূপে কানুনগোদিগের দখলে থাকা কোনং ভূমির বন্দোবস্ত বহালরাখণের এবং সরকারের হুকুম হইলে ইহার পরে ঐং ভূমির এবং বাজেয়াফ্তহওয়া অন্য নিষ্কর ভূমির বন্দোবস্ত তাহার এক্ষণকার দখীলকারদিগের সহিত করণের নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৫ সালের তারিখ ৭ জুলাই মোতাবেকে বাঙ্গলা ১২৩২ সালের ২৫ আষাঢ় মওয়াফেকে ফসলী ১২৩২ সালের ৭ শ্রাবণ মোতাবেকে বিলায়তী ১২৩২ সালের ২৬ আষাঢ় মওয়াফেকে সম্বৎ ১৮৮২ সালের ৭ শ্রাবণ মোতাবেকে হিজরী ১২৪০ সালের ১৯ জীকাদে জারী করিলেন ইতি।

যেহেতুক ইঙ্গরেজী ১৮১৬ সালের ২ আইনের ৫ ধারাতে এমত নির্দ্দিষ্ট হইয়াছে যে সুবে বেহারে সামান্যতঃ কানুনগোদিগের কানুনগোযী পদক্রমে তাহারদিগের ভোগ দখলে থাকা ভূমির খাজানা বাজেয়াফ্তহওনের যোগ্য হইবেক এবং তৎপ্রযুক্ত ঐ আইনানুসারে ঐ প্রকারে ভোগদখলকরা অনেকং ভূমি বাজেয়াফ্ত হইয়াছে এবং ঐং ভূমিতে যাহারং জমীদারী স্বত্ব বোধ হইল তাহারা ঐং ভূমির নিমিত্তে সরকারের রাজস্ব দিবার কবুলিয়ৎ দিতে গ্রাহ্য হইযাছে কিন্তু ঐ উপরের লিখিত আইনের হুকুমানুসারে করা কার্য্যের ফলকারী বিলক্ষণরূপে বিবেচনাকরণদ্বারা শ্রীযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদুরের হুজুর কৌন্সেলেতে ইহা বোধ হইল যে ঐং ভূমিতে ঐ কানুনগোরা কি তাহারদিগের স্থলাভিষিক্তেরা যাহা পাইয়াছে এবং বহুকালাবধি যাহা ভোগ করিয়া আসিয়াছে তাহা সর্ব্বতোভাবে হরণ করা উচিত নহে অতএব ইঙ্গরেজী ১৮২২ সালের ১৪ ফেব্রুআরিতে শ্রীযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদুরের হুজুর কৌন্সেলহইতে এমত নির্দ্দিষ্ট হইয়াছে যে কানুনগোদিগের কি তাহারদিগের স্থলাভিষিক্তেরদের ভোগ দখলে ও কর্তৃত্ব তলে থাকা ও খাজানালওয়া ভূমিতে পুনর্ব্বার তাহারদিগকে দখল দেওয়া যায় এবং ইঙ্গরেজী ১৭৯৩ সালের ১৯ আইনের ৮ ধারার ২ প্রকরণের নির্দ্ধারিত মূলদাঁড়ানুসারে সেই ভূমির কারণ তাহারদিগের সহিত বন্দোবস্ত করা যায় অর্থাৎ ঐং ভূমি যে পরগনার মধ্যগত হয় সেই পরগনার মধ্যের ঐ প্রকার অন্যং ভূমির সাম্বৎসরিক উৎপন্ন অর্থাৎ খাজানা যে হারে ধরা যায় সেই হারে ঐ ভূমির যে উৎপন্ন অর্থাৎ খাজানা ঐ কানুনগোদিগের পদক্রমে হওয়া মিনাহীদখল বাজেয়াফ্তহওনের পূর্ব্বে সেই হেতুবাদ।



ভূমির

ভূমির অধিকারিরা যে মালিকানা কি অন্য লাভ পাইত তাহারদিগের সে মালিকানা কি লাভ বহাল রাখিয়া খাড়া হয় তাহার অর্দ্ধেক সরকারের প্রাপ্য রাজস্ব ঐ২ ভূমির উপর নিরূপণ করা যায় এবং যেহেতুক বাজেয়াফ্ত হওয়া নিষ্কর ভূমির বন্দোবস্তের বিষয়ে চলিত আইনের লিখিত হুকুম সম্যক্ প্রকারে ঐ বিষয়েতে সম্পর্ক রাখে না এবং মিনাহীদার কানু নগোরা পূর্ব্বে যে ভূমি কি খাজানা কি উৎপন্ন ভোগদখল করিত সরকারের ঐ নিরূপিত রাজস্বদেওনের অধীনতায় তাহারদিগের ঐ ভোগদখল বহাল রাখিবার নিমিত্তে আদাল তের সাহেবদিগের উপরের উক্ত নিয়ম মতাচরণ করিবার নিমিত্তে বিশেষ হুকুম নির্দ্দিষ্ট করা উপযুক্ত বোধ হইল এবং যেহেতুক কানুনগোদিগের ও তাহারদিগের পদক্রমে তা হারদিগের ভোগদখলে থাকা ভূমির বিষয়ে উপরের লিখনানুরূপ যে২ হুকুম আছে তদনু সারে এদেশের অন্য২ স্থানে যে২ ভূমি বাজেয়াফ্ত হয় ঐ২ ভূমির বন্দোবস্ত ঐ মূলদাঁড়ানু সারে করণের উপায়করণ উপযুক্ত বোধ হইল এবং যেহেতুক সরকারের কার্য্যকারক সাহেবদিগের দ্বারা যে নিষ্কর ভূমি বাজেয়াফ্ত হইয়া ইঙ্গরেজী ১৭৯৩ সালের ১৯ আই নের ৮ ধারার ২ প্রকরণের নির্দ্ধারিত মূলদাঁড়ানুসারে তাহার উপর জমা মোকরর হইয়া সে সেই নিষ্কর ভূমির দখীলকারদিগের সম্বন্ধে যে ফলোদয় হইতে ঐ আইনের তাৎপর্য্য ছিল তাহা তাহারদিগের সম্বন্ধে রাখা এবং যাহারা নিষ্কররূপে ইহার পূর্ব্বে কোন ভূমি ভোগদখল করিয়াছে ঐ ভূমি জমা মোকররকরণের যোগ্য হইলে ও তাহা তাহার দিগের কিম্বা তাহারদিগের স্থলাভিষিক্তদিগের ভোগদখলে রাখিতে সরকারের ক্ষমতা আছে ইহাও জানান উপযুক্ত বোধ হইল অতএব উপরের উক্ত ঐ২ কারণপ্রযুক্ত নীচের লিখিতব্য হুকুমসকল নির্দ্দিষ্ট হইল এবং এই আইন জারীহওনের তারিখঅবধি ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর তাবে সমস্ত দেশে প্রবল হইবেক ইতি।

২ ধারা।।

পূর্ব্বে নিষ্কররূপে কানুন গোদিগের করা দখল হই তে বাজেয়াফ্ত হওয়া ভূমি কোন২ কারণপ্রযুক্ত সর কারের হুকুমের দ্বারা মি নাহীদার ও তাহারদিগের উত্তরাধিকারিদিগের দখ লে রাখা যাওনের কথা।

রাজস্ব দেওনের অধীন তায়।

জমীদারী স্বত্বের কি স্ব ত্বের দাওয়াদারদিগের বি ষয়ের হুকুম।

কানুনগোয়ীপদক্রমেকানুনগোদিগের ভোগদখলকরা ভূমির বিষয়ে ইঙ্গরেজী ১৮০৮ সালের যে ৪ আইন এবং ১৮১৬ সালের ২ ও ৫ আইন এবং চলিত আর যে কোন আইন সম্পর্ক রাখে ঐ২ আইনানুসারে নিষ্কররূপে ভোগদখলকরা ভূমি বাজেয়াফ্ত হইলে যদি মিনাহী কি নিষ্কররূপে ভোগদখল ও ভূমির স্বত্বাধিকার ভিন্ন২ জনের হয় তবে শ্রীযুত নওয়াব গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলেতে এমত ক্ষমতা থাকিবেক যে বোর্ড রেবিনিউর সাহেবদিগকে কি ঐ বাজেয়াফ্ত করিবার ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন সাহেব কি সাহেবেরদিগ্‌কে হুকুম দেন্ যে ঐ মিনাহীদারদিগ্‌কে ও তাহারদিগের উত্তরা ধিকারিদিগ্‌কে ঐ শ্রীযুতের হজুর কৌন্সেলেতে ঐ ভূমির যে জমা উপযুক্ত বোধ হয় তাহা দেওনের অধীনতায় ঐ ভূমি ভোগদখল ও তাহার কর্তৃত্ব করিতে স্থির রাখেন্ এবং যাহারা ঐ ভূমিতে জমীদারীস্বত্বের কি অন্য কোন স্বত্বাধিকারিত্বের দাওয়া করে তাহারা ঐ ভোগদখল বাজেয়াফ্ত না হওনপর্য্যন্ত যাহা পাইয়াছে তাহার কিম্বা সরকার ঐ ভূমি জমা মোকররকরণবিনা সর্ব্বকাল অমনি রাখা স্থির করিলে যাহা পাইতে পারিত তাহার



অতিরিক্ত

অতিরিক্ত ঐ ভূমির কোন খাজানা কি উৎপন্ন কি উপস্বত্ত্ব পাইবার অধিকার রাখিবেক না সুতরাং যে লোকেরা এমতং ভূমি নিষ্কররূপে ভোগদখল করা যাওনের সময়ে তাহার দখীলকার না থাকিয়াও তাহার মালিকহওনের দাওয়া করে তাহারা মালিকানা পাইয়া থাকুক বা না থাকুক শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলহইতে ঐ ভূমি মিনাহীদারদিগের ভোগদখলে থাকনের হুকুম দিলে তাহারদিগের কি তাহারদিগের উত্তরাধিকারিদিগের কি স্থলাভিষিক্তেরদের তাহা ভোগদখলকরণের ব্যাঘাত কোন রূপে করিতে পারিবেক না এবং এই হুকুমের তাৎপর্য্য ও অর্থের বিপরীতে ঐ দাওয়াদারদিগের দ্বারা পুনর্ব্বার ঐ ভূমিতে দখল পাইবার নিমিত্তে যে দাওয়া উপস্থিত করা যায় তাহা ডিসমিস্ হইবেক ও ঐ দাওয়াদার তাহার সমস্ত খরচা দিবেক কিন্তু ইহাও হুকুম করা যাইতেছে যে যদি এমত হয় যে কোন জমীদার কি ভূমির অন্য অধিকারী কোন ভূমি নিষ্কররূপে ভোগদখলহওনের সময়ে তাহার নিমিত্তে কিছু মালিকানা কিম্বা স্বত্ত্বজন্য অন্য লাভ পাইত তবে ঐ নিষ্কররূপে ভোগদখলকরা ভূমি বাজেয়াফ্ত হইলেও তাহা বাজেয়াফ্ত না হইলে যেমন মালিকানা কি অন্য লাভ পাইত সেই মত পাইবেক ইতি।

দাওয়াদারেরা সরকারের অনুমতিক্রমে মিনাহীদারদিগের পাওয়া দখলের ব্যাঘাত করিতে না পারিবার কথা।

বিশেষ হুকুম।

৩ ধারা।

মিনাহীদারদিগের যে ভোগদখল এই আইনের হেতুবাদের লিখিত নিয়মানুসারে শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হুজুর কৌন্সেলহইতে বহাল রাখা গিয়াছে কিম্বা ইহার পূর্ব্ববর্ত্তি ধারানুসারে রাখা যাইবেক সে ভোগদখল ইস্তমরারী ও হস্তান্তরকরণযোগ্য জানা যাইবেক কিন্তু ঐ ভূমি যদি সরকারের স্বত্বগত হয় তবে যাহারা ঐ ভূমিতে জমিদারী স্বত্ব কি অন্য স্বত্ত্বজন্য লাভের অধিকারী তাহারা ঐ ভূমির প্রকৃত উৎপন্নের দৃষ্টে যে নূতন জমা মোকরর করা যাইবেক তাহা দেওনের ও চলিত আইনের অধীনতায় ঐ ভূমির মালগুজারী করিবার কবুলিয়ৎ দিতে গ্রাহ্য হইবেক ইতি।

মিনাহীদারদিগের বহাল রাখা ভোগদখল ইস্তমরারী ও হস্তান্তরকরণীয় হইবার কিন্তু ভূমি সরকারগত হইলে জমীদারী স্বত্বের অধিকারিরা নিরূপণীয় জমাদেওনের অধীনতায় তাহার মালগুজারী করিবার কবুলিয়ৎ দিতে গ্রাহ্য হইবার কথা।

৪ ধারা।

এই আইনের ২ ও ৩ ধারার তাৎপর্য্য চলিত আইনসকলের অনুসারে বাজেয়াফ্তহওয়া যে সকল নিষ্কর ভূমির সহিত সুবে বাঙ্গালা ও বেহার ও উড়িষ্যার নিমিত্তে নির্দ্দিষ্টহওয়া ইঙ্গরেজী ১৭৯৩ সালের ১৯ আইনের ৮ ধারার ২ প্রকরণের এবং বরাণসদেশের নিমিত্তে নির্দ্দিষ্টহওয়া ১৭৯৫ সালের ৪১ আইনের ৮ ধারার ২ প্রকরণের উক্ত জমা মোকরর্করণের কৃপাযুক্ত নিয়ম সম্পর্ক রাখে সেই সকল ভূমির সহিত সম্পর্ক রাখিবেক কেননা ঐ নিয়মের স্পষ্ট তাৎপর্য্য এই যে ঐ নিয়ম উপরের উক্ত আইনের দ্বারা জমা মোকরর্করণের যোগ্যহওয়া নিষ্কররূপে ভোগদখলকরা ভূমি চিরকাল যাহারদিগের ভোগদখলে ছিল এবং চিরকাল ভোগদখলকরণপ্রযুক্ত ঐ ভূমির উৎপন্ন

উপরের দুই ধারার মূল দাঁড়ার কোনং নিয়মের অন্তর্গত নিষ্কর ভূমিসকল বাজেয়াফ্ত হওনের সহিত সম্পর্ক রাখিবার কথা।

পন্ন খাজানার অর্দ্ধেকের অধিক না হয় এমত মধ্যমরূপ জমা দিবার নিয়মে যাহারদিগের ঐ ভোগদখল বহাল রাখা উপযুক্ত বোধ হয় তাহারদিগের সহিত সম্পর্ক রাখে ইতি।

৫ ধারা।

বাজেয়াপ্তহওয়া জায়গার ও আল্তমগা এবং মদদমাশ ও আয়মা ও বাদশাহদত্ত অন্য ভূমির ও নিষ্কর ভূমির বন্দোবস্তকরণের বিষয়ে পূর্ব্বের যে সকল আইন সম্পর্ক রাখে তাহা শুধরণের কথা।

বাজেয়াপ্তহওয়া জাযগীর ও আল্তমগা মদদমাশ ও আয়মা এবং বাদশাহ কি রাজার দত্ত ইতি খ্যাত অন্য২ ভূমির জমা মোকররহওনের বিষয়ে নির্দ্দিষ্টহওযা ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৩৭ আইন ও ১৭৯৫ সালের ৪২ আইন ও ১৮০৩ সালের ৩৬ আইন কি চলিত আর কোন আইন শুধরিবার নিমিত্তে এবং সামান্যতঃ নিষ্কররূপে দখলকরা ভূমি বাজেয়াপ্তহওনের ও পরে তাহার জমা মোকররকরণের বিষয়ে যে সকল হুকুম চলিত আছে তাহা শুধরণের ও তাহার অর্থ স্পষ্ট করিবার নিমিত্তে এই আইনেতে ইহা জানান যাইতেছে যে কোন বোর্ড রেবিনিউর সাহেবেরা কিম্বা ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের কি চলিত আর কোন আইনের হুকুমানুসারে ঐ প্রকার নিষ্কর দখলের অধিকারিত্বের বিচার ও অনুসন্ধানকরণের ক্ষমতাপ্রাপ্ত অন্য সাহেব কি সাহেবেরা ঐ প্রকারে কোন ভূমি দখলের অধিকার অমূলক কি লুপ্ত ঠাহরাইলে শ্রীযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে এ ক্ষমতা আছে যে ঐ বিষয়ের সকল বেওরার বিশেষ রিপোর্ট পাইলে ঐ ভূমির ঐ প্রকার দখীলকারের কিম্বা তাহার পূর্ব্বপুরুষেরদের ঐ ভূমিতে চিরকাল দখল থাকনপ্রযুক্ত উপযুক্ত এবং ন্যায্য বোধ করিলে ঐ জন ঐ ভূমির জমীদার কি তালুকদার কি অন্য মালিকানা হইলেও ঐ ভূমির উপর যে জমা মোকররকরণীয় তাহা সরকারের হুকুমমতে দাখিল করিবার কবুলিয়ৎ দিলে ঐ ভূমিতে তাহার কি তাহারদিগের ভোগদখল বহাল রাখিতে হুকুম দেন্ এবং এ প্রকার বিষয়েতে এই আইনের ২ ও ৩ ধারার লিখিত সকল হুকুম তাহার সহিত সম্পর্ক রাখিবেক এবং আদালতের সাহেবেরা তদনুসারে কার্য্য করিবেন ইতি।



সমাপ্তঃ।

A True Translation,

W. CAREY,

*Translator of Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৫ সাল ১৪ চতুর্দ্দশ আইন।

শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের অধীনতায় রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবেরা নিষ্কররূপে ভূমি ভোগদখলকরণ বহাল রাখণের বিষযে যে পর্য্যন্ত ক্ষমতা রাখেন্ তাহা জানাইবার ও এদেশে ইঙ্গরেজ বাহাদুরের সরকারের অধিকারহওনের পূর্ব্বে নানা স্থানের কর্তৃত্বকারি জনেরদের দানের প্রবলতা ও দৃঢ়তা নিশ্চয়করণে যে মূলদাঁড়ানুসারে বিচার করা যাইবেক তাহা নির্দ্দিষ্ট করিবার এবং নিষ্কররূপে ভোগদখলকরা ভূমির বিষয়ে চলিত যে সকল আইন নির্দ্দিষ্ট হইয়াছে তাহা গোবিন্দ রাওকর্তৃক ইঙ্গরেজ বাহাদুরের সরকারকে দত্ত ও ১৮১৮ সালের ২ আইনের লিখনানুসারে জিলা বুন্দেলখণ্ডের মধ্যগত করা ভূমির সহিত সম্পর্ক রাখাইবার নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৫ সালের তারিখ ১৪ জুলাই মোতাবেকে বাঙ্গলা ১২৩২ সালের ৩১ আষাঢ় মওয়াফেকে ফসলী ১২৩২ সালের ১৪ শ্রাবণ মোতাবেকে বিলায়তী ১২৩২ সালের ১ শ্রাবণ মওয়াফেকে সম্বৎ ১৮৮২ সালের ১৩ শ্রাবণ মোতাবেকে হিজরী ১২৪০ সালের ২৬ জীকাদে জারী করিলেন ইতি।

হেতুবাদ।

যেহেতুক শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের অধীনতায় রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবেরা নিষ্কররূপে ভূমি ভোগদখলকরণ বহালরাখণের বিষয়ে যেপর্য্যন্ত ক্ষমতা রাখেন্ তাহার বিষয়ে এমত সন্দেহ জন্মিয়াছে যে তাহা ভঞ্জনকরা অবশ্যকর্ত্তব্য এবং এদেশে ইঙ্গরেজ বাহাদুরের সরকারের অধিকারহওনের পূর্ব্বে নানা স্থানের কর্তৃত্বকারি জনেরদের করা দানের প্রবলতা ও দৃঢ়তা নিশ্চয়করণে যে মূলদাঁড়ানুসারে বিচার করা যাইবেক তাহা নির্দ্দিষ্ট করা কর্ত্তব্য এবং নিষ্কররূপে ভোগদখলকরা ভূমির বিষয়ে চলিত যে সকল আইন নির্দ্দিষ্ট হইয়াছে তাহা গোবিন্দরাও কর্তৃক ইঙ্গরেজ বাহাদুরের সরকারকে দত্ত ও ১৮১৮ সালের ২ আইনের নিয়মানুসারে জিলা বুন্দেলখণ্ডের মধ্যগতকরা ভূমির সহিত সম্পর্ক রাখাণ আবশ্যক হইল এবং যেহেতুক ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের ২৬ ধারার ১ প্রকরণে এমত নির্দ্দিষ্ট হইয়াছে যে ঐ আইনানুসারে বোর্ড রেবিনিউর সাহেবেরদের নিষ্পত্তি মোকদ্দমার উপর কেবল বিশেষ আপীল মফঃসল আপীল আদালতে হইতে পারিবেক এবং ঐ মত সভাস্থ ইঙ্গলণ্ডের রাজাধিরাজের নিকটে অবশেষে আপীলহওনের যোগ্য মোকদ্দমাব্যতিরেকে মফঃসল আপীল আদালতে নিষ্পত্তিহওয়া মোকদ্দমার আপীল কেবল বিশেষ হেতুপ্রযুক্ত



সদর

সদর দেওয়ানী আদালতে গ্রাহ্য হইবেক এবং উচিত বোধ হইল যে উপরের লিখিত কথার তাৎপর্য্য যে মোকদ্দমাতে আদালতের সাহেবদিগের নিষ্পত্তি বোর্ড রেবিনিউর সাহেবদিগের নিষ্পত্তির প্রতিকূল হয় এমত মোকদ্দমার সহিত সম্পর্ক না রাখে কিন্তু এমতং মোকদ্দমার আপীল জাবেতামতে হয় অতএব ইঙ্গরেজী ১৭৯৩ সালের ১৯ এবং ৩৭ আইনের ও ১৭৯৫ সালের ৪১ ও ৪২ আইনের ও ১৮০৩ সালের ৩১ ও ৩৬ আইনের লিখিত কথার এবং নিষ্কর ভূমির বিষয়ে ১৮০৫ সালের ৮ ও ১২ আইনের ও ১৮১৯ সালের ২ আইনের লিখিত যেং কথা সম্পর্ক রাখে তাহার অতিরিক্ত এবং তাহা শুধরণার্থে নীচের লিখিতব্য হুকুমসকল নির্দ্দিষ্ট হইল এবং এই আইন জারীহওনের তারিখঅবধি ঐ সকল হুকুম ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর তাবে দেশসকলেতে প্রবল হইবেক ইতি।

২ ধারা।

নিষ্কররূপে ভূমি ভোগ দখলকরণ তাহা সরকারের অনুমতিতে দান করা কি বহাল রাখা যাওনব্যতিরেকে কিম্বা জাবেতামতে যোগ্য আদালতের বিচার ও নিষ্পত্তির দ্বারা কি বিশেষ হুকুমানুসারে জজের ন্যায় ক্ষমতাবিশিষ্ট কোন বোর্ড রেবিনিউর নিষ্পত্তির দ্বারা বহাল রাখা যাওনব্যতিরেকে প্রবল না হইবার কথা।

এই ধারাক্রমে জানান ও নির্দ্দিষ্ট করা যাইতেছে যে লাখেরাজরূপে অর্থাৎ যাবজ্জীবন কি সর্ব্বকাল সরকারের জমাদেওনব্যতিরেকে ভূমি ভোগদখল করিতে দেওনের এবং ঐপ্রকার ভোগদখল বহাল রাখণের ক্ষমতা আদালতের জাবেতামতে মোকদ্দমা উপস্থিত হইয়া বিচারপূর্ব্বক হওয়া নিষ্পত্তির দ্বারা যেমন হউক তাহাব্যতিরেকে শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলেতে আদ্যোপান্ত আছে এবং কলিকাতা রাজধানীর তাবে কোন দেশের মধ্যগত ভূমি পূর্ব্বোক্ত মতে ভোগদখল করিতে দানকরণ কি তাহা বহালরাখণের নিমিত্তে ঐ দেশ ইঙ্গরেজ বাহাদুরের সরকারের অধিকারভুক্তহওনের পরে করা কোন ক্রিয়া কি হুকুম কি নিষ্পত্তি তাহা শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলহইতে হওন কি ঐ শ্রীযুতের হজুর কৌন্সেলের হুকুমমতে হওন কিম্বা সরকারহইতে এমতং ভোগদখল করিতে দিতে ও বহাল রাখিতে বিশেষরূপে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক সাহেবের নিকটহইতে হওন কিম্বা এমত দান বহাল রাখণের হুকুম দিবার ক্ষমতাপন্ন কোন আদালতে জাবেতামতে মোকদ্দমা উপস্থিত হইয়া বিচারপূর্ব্বক নিষ্পত্তিহওন অথবা ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের ২ ধারার লিখনক্রমে রদহওয়া ইঙ্গরেজী ১৮১১ সালের ৮ আইন চলিত থাকনের সময়ে তদনুসারে এবং ঐ আইন রদহওনের পরে ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের হুকুমানুসারে কিম্বা অন্য যে কোন আইনের অনুসারে বোর্ড রেবিনিউর সাহেবেরা নিষ্কররূপে ভূমি ভোগদখলকরণের বিষয়সম্পর্কীয় সামান্য হুকুমানুসারে ভূমি করশূন্যহওনের বিষয়ে করা দাওয়ার পূর্ণ বিবেচনা ও অনুসন্ধানকরণের পরে পূর্ব্ব বিচারের সময়ে কপট কি চক্রান্তহওনের প্রমাণ কোন আদালতে হওনব্যতিরেকে চূড়ান্ত নিষ্পত্তির হুকুম দিবার ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন তদনুসারে জজের মত কর্ম্মকারি কোন বোর্ড রেবিনিউর সাহেবদিগের দ্বারা হওনব্যতিরেকে প্রবল হইবেক না আরো হুকুম দেওয়া যাইতেছে যে উপরের লিখিত নিয়মানুসারে জাবেতামতে কোন আদালতে মোকদ্দমা উপস্থিত হইয়া বিচারপূর্ব্বক

মূলের লিখিত প্রকারব্যতিরেকে কোনং কর্ম্ম



হওয়া

হওয়া নিষ্পত্তিতে যাহা হয় তাহাব্যতিরেকে লীফটেনেণ্ট গবরনর্ অর্থাৎ শ্রীযুত নওয়াব গবর্নরের স্থলাভিষিক্ত সাহেবের এবং দত্ত ও জয়করা দেশে বোর্ড কমিস্যনরসাহেব দিগের ও বোর্ড রেবিনিউর সাহেবদিগের কিম্বা ঐ বোর্ডের ক্ষমতাপ্রাপ্ত অন্য সাহেবলোকের করা যে কোন প্রতিজ্ঞা কি হুকুমের দ্বারা সরকারের নিষ্কর ভূমির উপর জমা মোকররকরণের কর্ত্তৃত্বের হানি করা গিয়া থাকে কি উত্তরকালপর্য্যন্ত যবস্থবে রাখা গিযা থাকে সে প্রতিজ্ঞা কি হুকুমেতে সরকারের হানি হইবেক না এবং তাহাতে ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের কিম্বা অপ্রবল দানক্রমে নিষ্করূপে ভোগদখলকরা ভূমি বা জেয়াফ্তের বিষয়ে অন্য যে কোন আইন চলন আছে তাহার হুকুমানুসারে সরকারের প্রাপ্তব্য টাকা পাইবার নিমিত্তে মালগুজারীর কার্য্যকারক সাহেবদিগের যথোচিত কার্য্য করিবার প্রতিবন্ধক হইবেক না ইতি।

কারি ও ক্ষমতাপন্ন সাহেবদিগের করা প্রতিজ্ঞা কি হুকুমেতে সরকারের নিষ্কর ভূমির উপর জমা নিরূপণকরণের অধিকারের ব্যাঘাত না হইবার কথা।

৩ ধারা।

১ প্রথম প্রকরণ।— এ দেশ ইঙ্গরেজ বাহাদুরের সরকারের অধিকারভুক্ত হইবার পূর্ব্বে কলিকাতা রাজধানীর তাবে কোন দেশের কর্ত্তৃত্বকারি জনেরদের করা দানের প্রবলতা ও দৃঢ়তার নিশ্চযকরণেতে নীচের লিখিতব্য মূলদাঁড়ানুসারে বিচার করা যাইবেক ইতি।

এদেশ সরকারের অধিকৃত হওনের পূর্ব্বে কোন জনকর্তৃক হওয়া দানের প্রবলতা ও অপ্রবলতা নিশ্চয করা যাওনের মতের কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— নীচেতে যে২ তারিখ লেখা যাইবেক সেই২ তারিখ এবং তাহার পরহইতে যে ভূমি নির্ব্বিঘ্নে ভোগদখল হইয়া আসিতেছে সে ভূমির ভোগদখল ঐ ভূমি দান করা যাওন কি তাহার ভোগদখল বহাল রাখা যাওনের নিদর্শনী সনদপত্রাদি না থাকিলেও প্রবল বোধ করা যাইবেক এবং ঐ ভূমির ভোগদখলের প্রকারের ও নামের দ্বারা যদি স্পষ্টরূপে ইহা জানা যায যে দেশের প্রাচীন রীত্যনুসারে ঐ ভূমি পুরুষানুক্রমে ভোগ্য তবে তাহা উত্তরাধিকারিগামী হইবেক উপরের উক্ত ঐ২ তারিখ এই২ যে ঐ ভূমি সুবে বাঙ্গালা কি বেহার কি কটকব্যতিরেকে উড়িষ্যার মধ্যগত হইলে ইঙ্গরেজী ১৭৬৫ সালের ১২ আগস্ত। ও জিলা কটক ও পরগনা পটাসপুর ও তৎসম্পর্কীয় মহালাতের মধ্যগত হইলে ইঙ্গরেজী ১৭৯১ সালের ১৪ অক্তোবর। ও বারাণসদেশের মধ্যগত হইলে ইঙ্গরেজী ১৭৭৫ সালের ১ জুলাই। ও ইঙ্গরেজী ১৮০১ সালের নবেম্বর মাসে শ্রীযুত নওয়াব উজীরের দত্ত দেশসকলের মধ্যগত হইলে ইঙ্গরেজী ১৭৭৯ সালের ১০ নবেম্বর। ও ইঙ্গরেজী ১৮০৩ সালের ১৬ ও ৩০ দিসেম্বরের লিখিত নিয়মপত্রানুসারে শ্রীযুত দওলৎরাও সিন্ধিয়ার ও শ্রীমান পেশওয়ার দত্ত কোন দেশের মধ্যগত হইলে ইঙ্গরেজী ১৭৯২ সালের ১ জানুআরি। ও ইঙ্গরেজী ১৮১৭ সালের ১ নবেম্বরে শ্রীযুত নানা গোবিন্দরাওকর্তৃত্ব দত্ত খাণ্ডা পরগনা কি অন্য কোন দেশের মধ্যগত হইলে ইঙ্গরেজী ১৮০৫ সালের ১ নবেম্বর। কিন্তু হুকুম দেওয়া যাইতেছে যে যে কোন জায়গীরদার কি অন্য কোন জন কতক কালের নিমিত্তে কিম্বা কোন নিয়মযুক্তে নিষ্কররূপে

নিরূপিত কোন২ তারিখে কি তাহার পরে নিষ্কররূপে ভোগদখলকরা ভূমির ভোগদখল প্রবল হইবার কথা।

এবং তাহা কখন২ উত্তরাধিকারিগামী হইবার কথা।

নিষ্কররূপে ভূমি ভোগদখল করিতে পাওয়া কোন জায়গীরদার কি অন্য জনের স্থানে পাওয়া ভোগদখলের অধিকারের বিষয়ের বিশেষ হুকুম।

ঐ প্রকার হইলে ঐ প্রকারে দখলকরা ভূমি মুখ্য ভোগদখলের নিয়মানুগামী হইবার কথা।



ভূমি

ভূমি ভোগদখল করিতে পাইয়া উপরের লিখিত কোন তারিখে তাহা ভোগদখল করিতে রহিয়া থাকে যদি স্পষ্ট জানা যায় যে ঐ ভোগদখলের অধিকার ঐ জায়গীরদার কি অন্য ব্যক্তিহইতে পাওয়া গিয়াছে তবে ঐ প্রকার পরম্পরা ভোগদখলেতে উপরের উক্ত হুকুম সম্পর্ক রাখিবেক না ও ঐ প্রকার পরম্পরা ভোগদখল হইলে ঐ প্রকার ভোগদখলকরা ভূমি মুখ্য ভোগদখলের নিয়মযুক্ত হইবেক এবং তাহা বাজেয়াপ্তের যোগ্য হইলে সুতরাং ইহাও বাজেয়াপ্তের যোগ্য হইবেক ইতি।

ভূমিতে নিষ্করস্বরূপে পুনর্ব্বার ভোগদখল পাওনের দাওয়াকারির শিরে ঐ ভূমিতে আপন স্বত্বাধিকারিত্বের প্রমাণ দিবার ভার থাকিবার কথা।

৩ তৃতীয় প্রকরণ।— উপরের প্রকরণের লিখিত ভোগদখলের এবং ভূমির ভোগবান আমল গ্রহীতা না হইলে তাহা পুরুষানুক্রমে ভোগ্য হওয়ার প্রমাণদেওনের ভার নিষ্কর ভূমি ভোগদখলকরণের কিম্বা তাহা পুনর্ব্বার ভোগদখল করিতে পাওনের দাওয়াদারের শিরে থাকিবেক কেননা মূলদাঁড়া এই যে রাজস্বকারী প্রত্যেক বিঘা ভূমির উৎপন্নের মধ্যে নিরূপিত কোন অংশ তাহা হস্তান্তরকরণ কি ত্যাগকরণ কি কোন কারণপ্রযুক্ত ভূমিতে থাকা আপন স্বত্ব অন্যেরে অর্পণকরণব্যতিরেকে পাওনের অধিকারী এবং ঐ হস্তান্তরকরণাদি তিন প্রকার ক্রিয়ার ফলের দাওয়া যাহারা করে তাহারদিগের প্রতি ঐ দাওয়ার বিষয়ে তাহারদিগের স্বত্বহওনের প্রমাণ দিবার ভার থাকিবেক ইতি।

উপরের উক্ত তারিখের পূর্ব্বে এক কি ততোধিক পুরুষপরম্পরার ভোগদখলেতে ভূমি পৈতৃক না হইলে তাহাতে পৈতৃক অধিকারিত্ব সাব্যস্ত না হইবার কথা।

৪ চতুর্থ প্রকরণ।— আরো হুকুম দেওয়া যাইতেছে যে ২ দ্বিতীয় প্রকরণের উক্ত তারিখের পূর্ব্বে কোন ভূমি এক কিম্বা ততোধিক পুরুষপরম্পরাতে ভোগদখল করা গিয়া থাকিলেও ঐ ভোগদখলেতে ঐ ভূমি পৈতৃক ইহা স্পষ্ট জানা যাওনব্যতিরেকে কিম্বা শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলেতে এমত২ বিষয়ে যাহা২ লিখিয়া পাঠান কর্ত্তব্য তাহা পাঠাইবার নিমিত্তে যে২ হুকুম চলিত আছে তদনুসারে ঐ শ্রীযুতের হজুর কৌন্সেলে তাহা পাঠাইবাতে তথায় পৈতৃক স্বত্ব গ্রাহ্য হওনব্যতিরেকে পৈতৃক স্বত্ব সাব্যস্ত হইবেক না ইতি।

আদালতের সাহেবেরা এবং রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবেরা এই প্রকরণের বিশেষিয়া লিখিত ব্যক্তিব্যতিরেকে অন্য কোন অধিপতি কি কর্ত্তৃত্বকারিকে প্রভুত্ববিশিষ্ট ব্যক্তি গ্রাহ্য না করিবার কথা।

৫ পঞ্চম প্রকরণ।— দিল্লীর বাদশাহ এবং বাঙ্গালা ও বেহার ও উড়িষ্যার সুবেদার এবং ইঙ্গরেজী ১৭৯৫ সালের ৪২ আইনে ও ১৮০৩ সালের ৩৬ আইনে ও ১৮০৫ সালের ৮ ও ১২ আইনে বিশেষরূপে যে২ কর্ত্তৃত্বকারির প্রস্তাব করা গিয়াছে সেই২ কর্ত্তৃত্বকারিব্যতিরেকে এবং সম্বৎ ১৮০২ সাল মোতাবেকে ইঙ্গরেজী ১৭৩০ সালে মহারাষ্ট্রীয়েরদের জয়করণের পূর্ব্বে রাজা চতুরসাল ও তাহার পূর্ব্ব পুরুষের অধিকৃত ও পরে ঐ সালে তদধিকারপ্রাপ্ত শ্রীমান্ পেশওয়া মহাশয়ের অধিকৃত দেশভিন্ন শ্রীযুত নানা গোবিন্দ রাওকর্ত্তৃক দত্ত অন্য দেশের বিষয়ে ঐ২ আইনের প্রস্তাবিত কর্ত্তৃত্বকারিব্যতিরেকে কোন অধিপতি কি অন্য জন এই রাজধানীর তাবে দেশসকলের কোন দেশের প্রভুত্ববিশিষ্ট ব্যক্তিস্বরূপ কোন আদালতে এবং রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবদিগের নিকটেতে গ্রাহ্য হইবেক না ও কোন প্রকারে উপরের লিখিত মত তৎকালের প্রভুত্ববিশিষ্ট জনব্যতিরেকে অন্য জনের করা কিম্বা বহালরাখা দানের পত্র যদি উপস্থিত করা যায়

 এবং

এবং তাহাতে আদালতের সাহেবদিগের কিম্বা ঐ বিষয়ের অনুসন্ধানকরণের ক্ষমতাপ্রাপ্ত অন্য সাহেবদিগের বিবেচনায় ইহা বোধ হয় যে ঐ দানপত্র উপস্থিতকরণিয়ার দাওয়া সমূলক তবে আদালতের সাহেবেরা কিম্বা ক্ষমতাপ্রাপ্ত অন্য যে সাহেবদিগের নিকটে ঐ বিষয় উপস্থিত হয় তাঁহারা ঐ বিষয়ের কোন নিষ্পত্তিকরণের পূর্ব্বে শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে ঐ বিষয়ের বেওরা লিখিয়া পাঠাইবেন এবং ঐ শ্রীযুতের করা নিষ্পত্তির অনুসারে কার্য্য করিবেন ইতি।

দিল্লীর বাদশাহদিগের কি অন্য কর্ত্তৃত্বকারিদিগের দান প্রবলহওনের নিয়মের কথা।

৬ ষষ্ঠ প্রকরণ।— দিল্লীর বাদশাহদিগের কিম্বা পূর্ব্বোক্ত অন্য কোন কর্ত্তৃত্বকারিদিগের করা কি বহালরাখা দান প্রবলহওনের নিয়ম নীচে লেখা যাইতেছে।

১ প্রথম।— দত্ত ভূমি যে দেশের মধ্যগত হয় তাহা দানকরণের কি তাহার দান বহালরাখণের কর্ত্তা যে সময়ে ঐ দেশের অধিপতি ছিলেন ও প্রভুত্ব করিতেন সেই সময়েতে ঐ দান করা যাওন কি তাহা বহাল রাখা যাওন।

২ দ্বিতীয়।— ঐ দত্ত ভূমির গ্রহীতা ঐ সময়ের মধ্যে বাস্তব ঐ দত্ত ভূমিতে ভোগদখল পাইয়া থাকন।

৩ তৃতীয়।—ঐ দেশ ইঙ্গরেজ বাহাদুরের সরকারের অধিকৃত হওনের পূর্ব্বে তৎকালের অধিপতির হুকুমের দ্বারা কি তাঁহার কর্ম্মকারি জনের দ্বারা ঐ ভূমি বাজেয়াপ্ত না হওন কিম্বা বাজেয়াপ্ত হইলে তাহা বাজেয়াপ্তকরণের কর্ত্তার তাহা করণের ক্ষমতা শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে স্পষ্টরূপে নামঞ্জুর করণ ইতি।

ফোর্ট উলিয়মের তাবে দেশসকল যেং তারিখে ব্রিটনীয় প্রভুত্বভুক্ত হইল তাহার বেওরার কথা।

৭ সপ্তম প্রকরণ।— এই আইনের লিখিত সকল প্রয়োজন সাধনের নিমিত্তে এই রাজধানীর তাবে দেশসকল এই রাজধানীভুক্তহওনের যেং তারিখ নীচে লেখা যাইতেছে তাহাতে দৃষ্টি রাখিতে হইবেক অর্থাৎ সুবে বাঙ্গালা ও বেহার ও জিলা কটকব্যতিরেকে উড়িষ্যার নিমিত্তে ইঙ্গরেজী ১৭৬৫ সালের ১২ আগস্ত বারাণস দেশের নিমিত্তে ১৭৭৫ সালের ১ জুলাই। শ্রীযুত নওয়াব উজীরের দত্ত দেশসকলের নিমিত্তে ইঙ্গরেজী ১৮০১ সালের ১ জানুআরি। শ্রীযুত দওলৎ রাও সিন্ধিয়া ও শ্রীমান পেশওয়া মহাশয়ের দত্ত দেশসকলের নিমিত্তে ইঙ্গরেজী ১৮০৩ সালের ১ জানুআরি। জিলা কটক ও পরগনা পটসপুর ও তৎসম্পর্কীয় মহালাতের নিমিত্তে ইঙ্গরেজী ১৮০৩ সালের ১৪ অক্তোবর শ্রীযুত নানা গোবিন্দ রাওকর্ত্তৃক দত্ত পরগনা খাণ্ডা ও অন্য দেশের নিমিত্তে ইঙ্গরেজী ১৮১৭ সালের ১ নবেম্বর ইতি।

প্রভুত্বকারি ব্যক্তিকর্ত্তৃক না করা কি বহাল না রাখা দানের প্রবলতার নিয়মের কথা।

৮ অষ্টম প্রকরণ।—এই ধারার ২ প্রকরণের লিখনমত বহুকালাবধি ভোগদখলকরা ভূমিব্যতিরেকে যে ভূমির দান প্রভুত্ববিশিষ্ট ব্যক্তিকর্ত্তৃক না হইয়া থাকে কি বহাল রাখা না গিয়া থাকে ঐ দানের প্রবলতাহওনের নিয়ম নীচে লেখা যাইতেছে।

 ১ প্রথম

## ইঙ্গরেজী ১৮২৫ সাল ১৪ চতুর্দ্দশ আইন।

১ প্রথম।—শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলহইতে বিশেষ রূপে যে জনকে ঐ দানকরণের কি তাহা বহালরাখণের ক্ষমতাপন্ন নির্দ্দিষ্ট করিয়াছেন ঐ প্রকার ক্ষমতাপন্ন জনের দ্বারা দান করা যাওন কি বহাল রাখা যাওন।

২ দ্বিতীয়।— গ্রহীতার বস্তুত ঐ দত্ত ভূমিতে ভোগদখল হওন এবং ঐ ভূমির খাজানা তাহার পরে তাহা বাজেযাপ্তকরণের ক্ষমতাপন্ন কোন জনের দ্বারা বাজেয়াপ্ত না হওন ইতি।

পূর্ব্বোক্ত কোন দেশ ব্রিটনীয় প্রভুত্বভুক্ত হওনের পূর্ব্বে নিষ্করূপে ভোগ দখলকরা ভূমি বাজেয়াপ্ত হওনের বিষয়ে কোনং জিজ্ঞাসার সমাধা শ্রীযুতের হজুর কৌন্সেলেতে হইবার কথা।

অন্যং জিজ্ঞাসাও শ্রীযুতের হজুর কৌন্সেলে পাঠাইতে হইবার কথা।

৯ নবম প্রকরণ।—আরো হুকুম দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কোন দেশ ইঙ্গরেজ বাহাদুরের সরকারের অধিকৃত হওনের পূর্ব্বে ঐ দেশের মধ্যগত নিষ্করূপে ভোগদখল করা ভূমি বাজেয়াপ্ত হইলে যে কর্ম্মকারির দ্বারা কি তাহার হুকুমের দ্বারা তাহা বাজেয়াপ্ত হইয়া থাকে ঐ কর্ম্মকারির তাহা বাজেয়াপ্তকরণের ক্ষমতা থাকা না থাকার নিশ্চয় করণের আবশ্যক হইলে তাহা করণের কর্ত্তৃত্ব শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে থাকিবেক। আরো জানান যাইতেছে যে প্রভুত্ববিশিষ্ট ব্যক্তির অধীন কোন কর্ম্মকারি জনের করা দান কি তাহা বহালরাখা প্রবলহওনের বিষয়ে কি ঐ প্রকার কোন কর্ম্মকারি জনের বাজেয়াপ্তকরণের ন্যায় ফলের বিষয়ে যে সকল জিজ্ঞাসার উত্তর আইনেতে বিশেষ করিয়া না লেখা গিয়াছে ও কোন মোকদ্দমার কি অনুসন্ধানীয় বিষয়ের নিষ্পত্তিকরণার্থে তাহার আবশ্যক হয় সেই সকল জিজ্ঞাসা ঐ কর্ম্মকারি জনের ক্ষমতা পূর্ব্বে শ্রীযুতের হজুর কৌন্সেলেতে নিশ্চয় না হইয়া থাকিলে আদালতের সাহেবেরদের কিম্বা ঐ অনুসন্ধানের ক্ষমতাপ্রাপ্ত অনুসন্ধানকারি অন্য সাহেবের শ্রীযুতের হজুর কৌন্সেলেতে লিখিয়া পাঠাইতে হইবেক ইতি।

### ৪ ধারা।

দেবার্চ্চনার ও পরোপকারের নিমিত্তে দত্ত দশ বিঘার অনূর্দ্ধ ভূমির সহিত এই আইন সম্পর্ক না রাখিবার কথা।

এই আইনের লিখিত কোন হুকুমের তাৎপর্য্য এমত নহে যে ঐ হুকুম ইঙ্গরেজী ১৭৯৩ সালের ১৯ আইনের ও ১৭৯৫ সালের ৪১ আইনের ও ১৮০৩ সালের ৩১ আইনের ও ১৮০৫ সালের ১২ আইনের লিখিত দেবার্চ্চনের কি পরোপকারের নিমিত্তে দত্ত ১০ দশ বিঘার অনূর্দ্ধ ভূমির সহিত সম্পর্ক রাখে ইতি।

### ৫ ধারা।

এই আইন জারীহওনের পূর্ব্বে উক্ত মূল দাঁড়ার বিপরীতে যেং নিষ্পত্তি যেং আদালতে করা

এই আইন জারীহওনের পূর্ব্বে যেং নিষ্পত্তি কোন আদালতেতে এই আইনে রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবদিগের ক্ষমতার যে সীমানিরূপণ করা গিয়াছে তাহাতে দৃষ্টি না করিয়া এই আইনের লিখিত মূলদাঁড়ার বিপরীতে করা গিয়াছে সেইং নিষ্পত্তি যেং আদালতেতে করা গিয়া থাকে ঐং নিষ্পত্তি করা যাওনের পরে বহুকাল গত হইলে



সেইং

সেই২ আদালতে পুনর্ব্বিচারকরণের যোগ্য হইবেক এবং বিষয়বিশেষে তাহার উপর জাবেতামতে আপীল কিম্বা খাস আপীল হইতে পারিবেক কিন্তু আবশ্যক যে ঐ পুনর্ব্বিচারের কি আপীলের দরখাস্ত এই আইন জারীহওনের পর এক বৎসরের মধ্যে আইনের লিখিত মতে উপযুক্ত আদালতে দেওয়া যায় যদি ঐ এক বৎসর অতীতে দেওয়া যায় তবে বিলম্বের বিশিষ্ট ও প্রত্যয়জনক হেতু জানাইতে হইবেক আরো হুকুম করা যাইতেছে যে ঐ নিষ্পত্তি যদি মফঃসল আপীল আদালতে কি সদর দেওয়ানী আদালতে করা গিয়া থাকে তবে ঐ২ আদালতের সাহেবদিগের মধ্যে বহুতর সাহেবদিগের এ ক্ষমতা আছে যে ঐ পূর্ব্বের করা নিষ্পত্তি করা যাওনের সময়ে ঐ নিষ্পত্তি যে সাহেব করিয়া থাকেন তাঁহার সহিত ঐ সাহেবেরা একবাক্য ছিলেন বা না ছিলেন পুনর্ব্বিচারের নিমিত্তে ঐ মোকদ্দমার দরখাস্ত গ্রাহ্য করিতে ও তাহার নিষ্পত্তি করিতে পারিবেন কেননা ইঙ্গরেজী ১৮২৫ সালের ২ আইনের ৩ ধারার লিখিত কথা এই ধারার লিখনক্রমে বিশেষ বাক্যস্বরূপ হওনপ্রযুক্ত ঐ বিচারের সহিত সম্পর্ক রাখিবেক না জানান গেল ইতি।

গিয়া থাকে সেই২ নিষ্পত্তি সেই২ আদালতে পুনর্ব্বিচারের যোগ্য ও আপীলের যোগ্য হইবার কথা।

বিশেষ হুকুম।

৬ ধারা।

ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের ২৬ ধারার লিখিত কথা শুধরণের নিমিত্তে এই ধারাতে এমত নির্দ্দিষ্ট করা যাইতেছে যে ঐ উপরের লিখিত আইনের হুকুমানুসারে বোর্ড রেবিনিউর সাহেবলোকের কিম্বা ঐ বোর্ডের ক্ষমতাপন্ন অন্য সাহেবদিগের করা নিষ্পত্তি কোন জিলার আদালতের সাহেবেরা রদ কি মতান্তর করিলে মফঃসল আপীল আদালতে তাহার উপর জাবেতামতে আপীল হইতে পারিবেক ও ঐ মত কোন মফঃসল আপীল আদালতে প্রথম বিচারের নিমিত্তে মোকদ্দমা উপস্থিত হইলে যদি ঐ আদালতের নিষ্পত্তিতে বোর্ড রেবিনিউর কি পূর্ব্বোক্ত ক্ষমতাপন্ন সাহেবদিগের নিষ্পত্তি রদ কি মতান্তর হয় তবে ঐ মোকদ্দমার বিষয় ইঙ্গরেজী ৫০০০ পাঁচ হাজার পৌণ্ডের কম হইলেও জাবেতামতে তাহার আপীল সদর দেওয়ানী আদালতে হইতে পারিবেক কিন্তু উপরের ধারার লিখিত হুকুম জিলার আদালতের কি মফঃসল আপীল আদালতের সাহেবেরা যেই২ মোকদ্দমায় বোর্ড রেবিনিউর সাহেবদিগের কিম্বা ঐ বোর্ডের ক্ষমতাপন্ন অন্য সাহেবদিগের করা নিষ্পত্তি বহাল রাখেন্ ঐ২ মোকদ্দমার সহিত এখনো সম্পর্ক রাখিবেক ইতি।

ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের ২৬ ধারা শুধরণের কথা।



সমাপ্তঃ।

A True Translation,

W. CAREY,

*Bengalee Translator of Regulations*

## ইঙ্গরেজী ১৮২৫ সাল ১৫ পঞ্চদশ আইন।

কলিকাতার বন্দরে কিম্বা ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর তাবে অন্য কোন স্থানে সমুদ্রপথে আমদানী কি তথাহইতে রফ্তানীহওনের বস্তুর উপর যে মাসুল লওয়া যায় তাহার কিম্বা ঐ বস্তু পুনর্ব্বার রফ্তানীহওনের সময়ে মাসুলের মধ্যে যাহা ফিরিয়া দেওয়া যায় তাহার হারের কোন২ রূপ মতান্তর করিবার ও ঐ লওয়া যাইবার কি ফিরিয়া দিবার মাসুলের বিষয়ে যে২ হুকুম চলিত আছে তাহা শুধরিবার ও এক আইনেতে সংগ্রহ করিবার নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৫ সালের তারিখ ১৪ জুলাই মোতাবেকে বাঙ্গলা ১২৩২ সালের ৩২ আসাঢ় মওয়াফেকে ফসলী ১২৩২ সালের ১৪ শ্রাবণ মোতাবেকে বিলায়তী ১২৩২ সালের ১ শ্রাবণ মওয়াফেকে সম্বৎ ১৮৮২ সালের ১৩ শ্রাবণ মোতাবেকে হিজরী ১২৪০ সালের ২৬ জীকাদে জারী করিলেন ইতি।

যেহেতুক সম্প্রতি ব্রিটনের আধিপত্যের কর্ম্মকর্ত্তাদিগের ও নেদরলাণ্ডের আধিপত্যের কর্ম্মকর্ত্তাবদের পরস্পর বন্দোবস্তের অনুসারে বিদেশী জাহাজেতে আমদানী ও রফ্তানীহওনের বস্তুর উপর যে মাসুল লওয়া যায় তাহার হারের মতান্তরকরা আবশ্যক হইল এবং যেহেতুক ব্রিটনীয় জাহাজে আমদানী কি রফ্তানীহওনের বস্তুর উপর যে মাসুল এক্ষণে সরকারেতে লওয়া যায় কি রাখা যায় কোন২ বিষয়ে তাহার হার কমান উচিত বোধ হইল এবং যেহেতুক সমুদ্রপথে আমদানী কি রফ্তানীর বস্তুর উপর লওয়া যাইবার কি ফিরিয়া দেওয়া যাইবার মাসুলের বিষয়ে পূর্ব্বোক্ত মতে শুধরা অথচ চলিত হুকুমসকল এক আইনেতে সংগ্রহ ও সুগম করা গেলে সরকারী কার্য্যের উপকার হইবেক বোধ হইতেছে অতএব নীচের লিখিতব্য হুকুমসকল নির্দ্দিষ্ট হইল এবং এই আইন জারীহওনের তারিখঅবধি তাহা প্রবল হইবেক ইতি। হেতুবাদ।

### ২ ধারা।

১ প্রথম প্রকরণ।—ইঙ্গরেজী ১৮১০ সালের ৯ আইনের এবং ১৮১১ সালের ৩ আইনের এবং ১৮১৩ সালের ১২ আইনের এবং ১৮১৫ সালের ৪ আইনের ও ১৮১৭ সালের ১৫ ও ১৬ ও ২১ আইনের ও ১৮২০ সালের ৫ আইনের এবং ১৮২৩ সালের চলিত কোন২ হুকুম রদ হওনের কথা।

সালের ৫ আইনের লিখিত হুকুমের মধ্যে যেং কথা কলিকাতার কিম্বা ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর তাবে অন্য কোন বন্দর কি স্থানে সমুদ্রপথে আমদানী কি রফ্তানীর বস্তুর উপর লওয়া যাইবার কি ফিরিয়া দেওয়া যাইবার মাসুলের সহিত সম্পর্ক রাখে তাহা এই প্রকরণের দ্বারা রদ হইল ইতি।

ইঙ্গরেজী ১৮১৬ সালের ১০ আইন রদহওনের কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— ইঙ্গরেজী ১৮১৬ সালের ১০ আইনও এই প্রকরণের লিখনক্রমে রদ হইল ইতি।

কোনং হুকুম রদ করা কি শুধরা থাকনের কথা।

৩ তৃতীয় প্রকরণ।—উপরের উক্ত হুকুমের দ্বারা যে সকল হুকুম রদ হইল কি শুধরা গেল তাহার দ্বারা যে সকল হুকুম রদ হইয়াছে কি শুধরা গিয়াছে সেই প্রত্যেক হুকুম এই আইন নির্দ্দিষ্টহওনের পূর্ব্বে যেমন রদকরা কি শুধরা ছিল তেমনি থাকিবেক ইতি।

## ৩ ধারা।

সমুদ্রপথে আমদানীহওয়া বস্তুর উপর এই আইনের শেষের ১ নম্বরের তফসীলের বিশেষ লিখিত মাসুল লওয়া যাইবার কথা।

বিশেষ হুকুম।

১ প্রথম প্রকরণ।—বৃটনীয় কি বিদেশীয় জাহাজে কলিকাতায় কি ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর তাবে অন্য কোন বন্দর কি স্থানে আমদানীহওয়া বস্তুর উপর এই আইনের নীচের লিখিতব্য ১ নম্বরের তফসীলের মধ্যে বর্জ্জিতহওয়া বস্তুভিন্ন অন্য বস্তুর উপর বিশেষ করিয়া লিখিত মাসুল লইতে হইবেক কিন্তু ইহাও জানান যাইতেছে যে ইঙ্গরেজী ১৮১৭ সালের ২১ আইনের ৫ ধারার লিখিত হুকুম হিন্দুস্থানের মধ্যে বৃটিনীয় আধিপত্যের তাবে কোন বন্দরে বৃটনীয় জাহাজেতে সমুদ্রপথে প্রথমতঃ আমদানী হইয়া তাহার পরে তথাহইতে কলিকাতায় কিম্বা কলিকতা রাজধানীর তাবে অন্য কোন বন্দরে আসিবার নিমিত্তে পুনর্ব্বার রফ্তানীহওয়া বস্তুর সহিত এখনো সম্পর্ক রাখিবেক ইতি।

পুনর্ব্বার রফ্তানীহওনের বস্তুর উপর২ নম্বরের তফসীলের লিখনমত মাসুল ফিরিয়া দেওয়া যাইবার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— পূর্ব্বোক্ত মত সমুদ্রপথে আমদানীহওয়া যেং বস্তুর উপর উপরের উক্ত হুকুমানুসারে আমদানীর মাসুল লওয়া গিয়া থাকে ঐ বস্তু পুনর্ব্বার সমুদ্রপথে রফ্তানীহওনের সময়ে এই আইনের শেষের লিখিত ২ দ্বিতীয় নম্বরের তফসীলে বেওরা করিয়া লিখিত হারানুসারে মাসুল ফিরিয়া দেওয়া যাইবেক এবং ঐ তফসীলেতে বিশেষরূপে লিখনমতব্যতিরেকে আমদানীর কিছু মাসুল ফিরিয়া দেওয়া যাইবেক না ইতি।

এদেশের উৎপন্ন কি প্রস্তুতকরা বস্তু সমুদ্রপথে রফ্তানীহওনের সময়ে তাহার উপর যে মাসুল লওয়া ও ফিরিয়া দেওয়া যায় তাহা ৩ নম্বরের তফসীলের মতে লওয়া ও দেওয়া যাইবার কথা।

৩ তৃতীয় প্রকরণ।— কলিকাতা শহরে কিম্বা এদেশের মধ্যগত অন্য কোন স্থানে উৎপন্নহওয়া কি প্রস্তুতকরা বস্তু সমুদ্রপথে রফ্তানীহওনের সময়ে এই আইনের শেষের লিখিত ৩ তৃতীয় তফসীলানুসারে মাসুল না লইয়া অথবা লইয়া কিম্বা ফিরিয়া দিয়া পাস দেওয়া যাইবেক এবং ঐ তফসীল এবং পূর্ব্ববর্ত্তি দুই প্রকরণের উক্ত অন্য দুই তফসীল এই আইনের এক অংশ জ্ঞান করা যাইবেক ইতি।



তফসীল

## ইঙ্গরেজী ১৮২৫ সাল ১৫ পঞ্চদশ আইন।

### তফসীল নম্বর ১।

কলিকাতায় কিম্বা ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর সম্পর্কীয় কোন বন্দর কি স্থানে সমুদ্রপথে আমদানীহওয়া বস্তুর উপর যে মামুল লওয়া যাইবেক তাহার হারের তফসীল।

| বস্তুর নাম। | বৃটনীয় জাহাজে আমদানীহওয়া। | বিদেশি জাহাজে আমদানীহওয়া। |
|---|---|---|
| ১ প্রথম।—বৃটন নামে সংসৃষ্ট দেশে উৎপন্ন কি প্রস্তুতহওয়া বস্তু। ...... ...... ...... | | |
| ১ সোণা ও রুপা ও মুদ্রা। ...... ...... | ০ | ' |
| ২ জাহাজের সরঞ্জাম। ...... ...... | ০ | শতকরা ২॥০ |
| ৩ অনির্ম্মিত ধাতুদ্রব্য। ...... ...... | ০ | শতকরা ২॥০ |
| ৪ আফীন। ...... ...... ...... | ৮০ সিক্কার ওজনী সেরকরা ২৪৲ | ৮০ সিক্কার ওজনী সেরকরা ৪৮৲ |
| ৫ জওয়াহির। ...... ...... ...... | ০ | ০ |
| ৬ লবণ। ...... ...... ...... | ৮২ সিক্কার সেরের মোনকরা ৩৲ | ৮২ সিক্কার সেরের মোনকরা ৬৲ |
| ৭ মদিরা। ...... ...... ..... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৮ তামাকু। ...... ...... ...... | ৮০ সিক্কার সেরের মোনকরা ।০ | ৮০ সিক্কার সেরের মোনকরা ৷৷০ |
| ৯ ওয়াইন্ শরাব অর্থাৎ দ্রাক্ষারস। ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১০ পশমী কাপড়। ...... ...... | ০ | শতকরা ২॥০ |
| উপরের লিখিত দশ প্রকার বস্তুভিন্ন অন্য বস্তু।.. | শতকরা ২॥০ | শতকরা ৫৲ |
| ২ দ্বিতীয়।—বৃটনভিন্ন ইউরোপের মধ্যগত অন্য দেশ কিম্বা আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশের উৎপন্ন বস্তু। ...... ...... | | |
| ১ আরক এক শত ছাব্বিশ গালনের পীপার মূল্য ৩০ ত্রিশ পৌণ্ড অবধারণ করিয়া তাহার মামুল। | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ২ সোণা ও রুপা ও মুদ্রা। ...... ...... | ০ | ০ |
| ৩ আফীন। ...... ...... ...... | ৮০ সিক্কার ওজনী সেরকরা ২৪৲ | ৮০ সিক্কার ওজনী সেরকরা ৪৮৲ |
| ৪ লবণ। ...... ...... ...... | ৮২ সিক্কার সেরের মোনকরা ৩৲ | ৮২ সিক্কার সেরের মোনকরা ৬৲ |
| ৫ মদিরা। ...... ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৬ তামাকু। ...... ...... ...... | ৮০ সিক্কার সেরের মোনকরা ।০ | ৮০ সিক্কার সেরের মোনকরা ৷৷০ |



৭ ওয়াইন

| বস্তুর নাম। | ব্রিটনীয় জাহাজে আমদানীহওয়া। | বিদেশি জাহাজে আমদানীহওয়া। |
|---|---|---|
| ৭ ওয়াইন অর্থাৎ দ্রাক্ষারস। ...... ...... | শতকরা ১০ | শতকরা ২০৲ |
| উপরের লিখিত সাত প্রকার দ্রব্যভিন্ন অন্য বস্তুর উপর। ...... ...... ...... | শতকরা ৫৲ | শতকরা ১০৲ |
| ৩ তৃতীয়।—ব্রিটন নামে সংসৃষ্ট দেশ ও তদ্ভিন্ন ইউরোপের মধ্যগত অন্য দেশ ও আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশভিন্ন অন্য২ দেশের উৎপন্ন কি প্রস্তুতকরা দ্রব্য। ...... ...... | | |
| ১ আলম্লৈন্‌। · · ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ২ অগুরু। ...... ...... ...... | শতকরা ৭৷৷০ | শতকরা ১৫৲ |
| ৩ আলতা। ...... ...... ...... | শতকরা ৭৷৷০ | শতকরা ১৫৲ |
| ৪ ফটিকারী। ...... ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৫ আম্বরগ্রিস্‌। .... ...... ...... | শতকরা ৭৷৷০ | শতকরা ১৫৲ |
| ৬ বাতাবিয়া আরক। ...... ...... | ফিলীগর ৫৫৲ | ফিলীগর ১১০৲ |
| ৭ আসিয়ার মধ্যগত ভিন্নাধিকার দেশের আরক। | ফিলীগর ৩০৲ | ফিলীগর ৬০৲ |
| ৮ সম্বুলক্ষার ও মনঃশিলা ও হরিতাল। ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৯ হিঙ্গ। ...... ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১০ আউচের মূল। ...... ...... | শতকরা ৭৷৷০ | শতকরা ১৫৲ |
| ১১ মালা ও মালার দানা। ...... ...... | শতকরা ৭৷৷০ | শতকরা ১৫৲ |
| ১২ গুবাক।—সরকারী মামুল। · ...... | শতকরা ৭৷৷০ | শতকরা ১৫৲ |
| ঐ। – শহরের মামুল। ...... ...... | শতকরা ৫৲ | শতকরা ১০৲ |
| ১৩ লোবান।...... ...... ...... | শতকরা ৭৷৷০ | শতকরা ১৫৲ |
| ১৪ আসিয়ার মধ্যগত ভিন্নাধিকারে প্রস্তুতকরা ব্রাণ্ডীশরাব। ...... ...... ...... | শতকরা ৩০৲ | শতকরা ৬০৲ |
| ১৫ পিতল ও তাহার নির্ম্মিত বস্তু। ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১৬ গন্ধক। ...... ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১৭ ব্রোকেড ও বুটাদার কাপড়। ...... | শতকরা ৭৷৷০ | শতকরা ১৫৲ |
| ১৮ বহড়া। ...... ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১৯ বকম কাষ্ঠ। .. ...... ...... | শতকরা ৭৷৷০ | শতকরা ১৫৲ |
| ২০ রুপা ও সোণা ও মুদ্রা। ...... ...... | ০ | ০ |
| ২১ কালাজিরা। ...... ...... | শতকরা ৭৷৷০ | শতকরা ১৫৲ |
| ২২ কর্পূর। ...... ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |



২৩ কোম্পানি

| বস্তুর নাম। | বৃটনীয় জাহাজে আমদানীহওয়া | বিদেশি জাহাজে আমদানীহওয়া |
|---|---|---|
| ২৩ কোম্পানি বাহাদুরের শাসিত দেশের উৎপন্ন কি প্রস্তুতকরা শণ কি গাঞ্জা কি অন্য কোন বস্তুতে প্রস্তুতকরা কান্‌বস্‌ভিন্ন অন্য কান্‌বস্‌। ...... | শতকরা ৫৲ | শতকরা ১০৲ |
| কোম্পানি বাহাদুরের শাসিত দেশের উৎপন্ন দ্রব্যেতে প্রস্তুতকরা কান্‌বস্‌ সমুদ্রপথে আমদানী হইলে তাহার মাসুল লাগিবেক না। ... ...... | | |
| ২৪ এলাচি। ... ...... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ২৫ গাড়ী ও পালকীইত্যাদি। ... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ২৬ কাসিয়া অর্থাৎ দারুচীনিবিশেষ। .. .. | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ২৭ শঙ্খ। ... ...... ..... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ২৮ চিরতা। ...... ...... . .... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ২৯ এই তফসীলের লেখ্য বিশেষ দ্রব্যভিন্ন চীনের অন্য দ্রব্য। .... ...... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৩০ লবঙ্গ। ...... ...... ..... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৩১ কৃমিদানা। .... ...... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৩২ কাওয়া। .... ...... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৩৩ কোম্পানি বাহাদুরের শাসিত দেশেভিন্ন অন্য দেশের উৎপন্ন কাচ। ... .. ...... | শতকরা ৫৲ | শতকরা ১০৲ |
| ৩৪ মুদ্রা ও সোণা ও রূপা। ...... ...... | ০ | ০ |
| ৩৫ কলম্ব মূল। ... ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৩৬ কুসুম ফুল। ... ...... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৩৭ কহরোবা। ... ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৩৮ তামা ও তামার বস্তু। ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৩৯ প্রবাল। ...... ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৪০ কোম্পানি বাহাদুরের শাসিত দেশের উৎপন্ন শণ কি গাঞ্জা কি অন্য কোন দ্রব্যেতে প্রস্তুতকরা রসারসীভিন্ন অন্য রসারসী। ...... ...... | শতকরা ৫৲ | শতকরা ১০৲ |
| ঐ দেশের উৎপন্ন দ্রব্যেতে করা রসারসী সমুদ্রপথে আমদানী হইলে তাহার মাসুল লাগিবেক না। .. | | |
| ৪১ কৃমিদানা। ... ...... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৪২ ধাইফুল। ... ...... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৪৩ হাতিদাঁত। ... ...... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৪৪ বুটাদার কাপড় ও ব্রোকেড। ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |



৪৫ গন্ধবিরোজা।

| বস্তুর নাম | বৃটনীয় জাহাজে আমদানীহওয়া। | বিদেশি জাহাজে আমদানীহওয়া |
|---|---|---|
| ৪৫ গন্ধবিরোজা। ...... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৪৬ বরীজা। ..... ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৪৭ গালাঙ্গাল। ... ...... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৪৮ ঘৃত। .... সরকারী মামুল ... ...... | শতকরা ৫৲ | শতকরা ১০৲ |
| ঐ .... ...... শহরের মামুল। ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৪৯ আসিয়ার মধ্যগত ভিন্নাধিকারহইতে আমদানীহওয়া জিন শরাব। ...... ...... | শতকরা ৩০৲ | শতকরা ৬০৲ |
| ৫০ গোপী মাটি। ...... ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৫১ শণ ও পাটইত্যাদি। ...... ...... | ০ | ০ |
| ৫২ বাবলার গোন্দ। ... ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৫৩ গন্ধবিরোজা। .. ..... . | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৫৪ শণ পাটইত্যাদি। ...... ...... | ০ | ০ |
| ৫৫ হরীতকী। ...... ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৫৬ হরসিঙ্গার ফুল। ...... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৫৭ হরিতাল। ...... ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৫৮ লোহা ও লোহার দ্রব্য। . .... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৫৯ হাতিদাঁত। ..... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৬০ জটামাংসী। ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৬১ কলেঞ্জন। ...... ...... ..... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৬২ ঢিমা সীসা ও চাদর সীসা ও সীসার ছিটাগুলি | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৬৩ লোধ। ...... ...... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৬৪ লোবান। ... ...... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৬৫ জৈত্রী। ... ...... .... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৬৬ মঞ্জিষ্ঠা। ..... ...... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৬৭ মাহগ্নিইত্যাদি ঘরের সরঞ্জাম বানাইবার কাষ্ঠ। | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৬৮ মস্তকী। ... ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৬৯ মাটিয়া সিন্দূর। ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৭০ আউচ। ... ...... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৭১ মঞ্জিষ্ঠা। ... ...... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৭২ মৃগনাভি। ...... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৭৩ বহড়া ও হরীতকী ও আমলা। ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৭৪ গন্ধরস অর্থাৎ মর্। ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৭৫ জাতিফল। ... ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |



৭৬ তৈল

| বস্তুর নাম। | বৃটনীয় জাহাজে আমদানীহওয়া। | বিদেশি জাহাজে আমদানীহওয়া। |
|---|---|---|
| ৭৬ তৈল অর্থাৎ বীজে কি গাছে কি জন্তুতে উৎপন্ন | | |
| তৈল ... সরকারী মামুল। ...... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫ ৲ |
| ঐ ...... শহরের মামুল। .... ...... | শতকরা ৫৲ | শতকরা ১০৲ |
| ৭৭ তৈলের বীজ ... সরকারী মামুল। ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫ ৲ |
| ঐ ...... শহরের মামুল।... ...... | শতকরা ৫৲ | শতকরা ১০৲ |
| ৭৮ আতর ও ফুলেল্ তৈল। ...... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৭৯ বিদেশি আফীন। ...... ...... | ৮০ সিক্কার ওজনী সেরকরা ২৪৲ | ৮০ সিক্কার ওজনী সেরকরা ৪৮৲ |
| ৮০ হরিতাল। ... ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৮১ আতব। ... ...... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৮২ আমলা। .... . .. . ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৮৩ গোলমরিচ ও সাদামরিচ। .... ... . | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৮৪ কোম্পানি বাহাদুরের শাসিত দেশে কাপাসের সূতাতে ও রেশমের সূতাতে ও কাপাসের সূতা ও রেশমের সূতা মিশ্রিত করিয়া বুনা কাপড়। ...... | শতকরা ২॥০ | শতকরা ৫৲ |
| ৮৫ হিন্দুস্থানের মধ্যগত কোম্পানির শাসিত দেশভিন্ন অন্য দেশে বুনা ঐ২ কাপড়। ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৮৬ আলম্লাইস।... ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৮৭ পীপা বানাইবার তখ্তা। ...... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৮৮ মণি ও মুক্তা। ... .... ...... | ০ | ০ |
| ৮৯ প্রসিয়ন্ বলু। ... ... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৯০ পচাপাৎ। ... ... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৯১ পারা। ...... ... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৯২ বেত। ...... ... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৯৩ রক্ত চন্দন। ...... ... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |
| ৯৪ মাটিয়া সিন্দূর। ... ... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৯৫ গোলাবের জল। ... ...... | শতকরা ৭॥০ | শতকরা ১৫৲ |

| বস্তুর নাম। | বৃটনীয় জাহাজে আম দানীহওয়া। | বিদেশি জাহাজে আম দানীহওয়া। |
|---|---|---|
| ৯৬ আসিয়ার মধ্যগত ভিন্নাধিকারের প্রস্তুতকরা | | |
| রম শরাব। ...... ... ...... | শতকরা ৩০৲ | শতকরা ৬০৲ |
| ৯৭ কুঙ্কুম। ...... ... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ৯৮ কুসুম ফুল। ...... ... ...... | শতকরা ৭৷৷০ | শতকরা ১৫৲ |
| ৯৯ সাগু। ...... ... ...... | শতকরা ৭৷৷০ | শতকরা ১৫৲ |
| ১০০ বিদেশি লবণ। .. ... ...... | ৮২ সিক্কার সেরের মোনকরা ৩৲ | ৮২ সিক্কার সেরের মোনকরা ৬৲ |
| ১০১ শ্বেত ও রক্ত ও পীত চন্দন। .. ...... | শতকরা ৭৷৷০ | শতকরা ১৫৲ |
| ১০২ বকম কাষ্ঠ। .... .... ...... | শতকরা ৭৷৷০ | শতকরা ১৫৲ |
| ১০৩ সোনামকী। ....... ....... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১০৪ সোনামকী। ..... ..... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১০৫ জটামাংসী। . .... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১০৬ সুগন্ধি দ্রব্য। .... . .... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১০৭ এই তফসীলের মধ্যে যে শরাবের প্রস্তাব না | | |
| হইয়াছে তাহা। ... ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১০৮ ইস্পাৎ ও ইস্পাৎ নির্ম্মিত দ্রব্য। ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১০৯ ষ্টোরাক্স। ... ...... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১১০ মণি ও মুক্তা। ...... ..... | ০ | ০ |
| ১১১ চিনি ওসার গুড় ও মাতগুড় সরকারী মামুল। | শতকরা ৫৲ | শতকরা ১০৲ |
| ঐ .... .... শহরের মামুল। .. ... | শতকরা ৫৲ | শতকরা ১০৲ |
| ১১২ গন্ধক। ... ... .... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১১৩ শণ ও পাটইত্যাদি। ... ...... | ০ | ০ |
| ১১৪ ফিতা। ...... ... ...... | শতকরা ৭৷৷০ | শতকরা ১৫৲ |
| ১১৫ তেজপত্র। ... ... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১১৬ চা। ...... ... ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১১৭ সাগুয়ান কাষ্ঠ। ... ...... | ০ | ০ |
| ১১৮ সূতা। ...... ... ...... | শতকরা ৭৷৷০ | শতকরা ১৫৲ |
| ১১৯ টিন্ অর্থাৎ রাঙ্গ ও তাহার দ্রব্য। ...... | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১২০ তামাকু ... সরকারী মামুল। ... | ৮০ সিক্কার সেরের মোনকরা ৪৲ | ৮০ সিক্কার সেরের মোনকরা ৮৲ |



তামাকু

| বস্তুর নাম | বৃটনীয় জাহাজে আমদানীহওয়া। | বিদেশি জাহাজে আমদানীহওয়া। |
|---|---|---|
| তামাকু ··· শহরের মামুল।······ ······ | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১২১ তুন্দফুল।··· ······ ·· ··· | শতকরা ৭৷৷০ | শতকরা ১৫৲ |
| ১২২ টগর কাষ্ঠ। ····· ······ | শতকরা ৭৷৷০ | শতকরা ১৫৲ |
| ১২৩ হরিদ্রা ···· সরকারী মামুল। ······ | শতকরা ৫৲ | শতকরা ১০৲ |
| ঐ ···· শহরের মামুল। ··· ······ | শতকরা ৫৲ | শতকরা ১০৲ |
| ১২৪ দস্তা। ······ ··· ······ | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১২৫ অগুরু। ······ ··· ··· · | শতকরা ৭৷৷০ | শতকরা ১৫৲ |
| ১২৬ চীনের সিন্দূর।·· ··· ···· | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১২৭ বার্ডিগ্রিস। ··· ··· ····· | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১২৮ মোম ও মোমবার্তী। ··· ······ | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১২৯ এই তফসীলেতে যে ওয়াইন এবং অন্য মদিরার প্রস্তাব না লেখা গিয়াছে তাহা। ···· | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১৩০ ঘরের সরঞ্জাম বানাইবার সকল প্রকার কাষ্ঠ। | শতকরা ৭৷৷০ | শতকরা ১৫৲ |
| ১৩১ গোপীমাটি। ·· ··· ··· | শতকরা ১০৲ | শতকরা ২০৲ |
| ১৩২ উপরের অলিখিত বস্তু। ··· ·· | শতকরা ৫৲ | শতকরা ১০৲ |



তফসীল নম্বর ২।

অর্থ বোধে সন্দেহ না হওনার্থে সকলকে ইহা জানান যাইতেছে যে এই নম্বরের তফসীলের মধ্যে যেং স্থানে অক্ষরেতে এক তৃতীয় ও দুই তৃতীয় ও পাঁচ ষষ্ঠ ও সাত অষ্টম এইং শব্দ লেখা গিয়াছে সেইং স্থানে ঐং শব্দের অর্থ তিন অংশের এক অংশ ও তিন অংশের দুই অংশ ও ছয় অংশের পাঁচ অংশ ও আট অংশের সাত অংশ বোধ করা যাইবেক এবং স্থানেং আরো সংক্ষেপার্থে যে সঙ্কেত এক রেখার ঊর্দ্ধে ও অধে অঙ্কপাতদ্বারা লেখা আছে তাহাতে ইহাই বোধ করা যাইবেক যে রেখার অধঃস্থিত যত অঙ্ক তত অংশের মধ্যে ঊর্দ্ধস্থিত অঙ্ক যত তত অংশ।

তফসীল নম্বর ২।

সমুদ্রপথে আমদানী হইয়া পুনর্ব্বার রফ্তানী হইতে হইলে যত মাসুল ফিরিয়া দেওয়া যাইবেক তাহার তফসীল।

| | বৃটনীয় জাহাজে আমদানীহওয়া বস্তু। | | | | বিদেশি জাহাজে আমদানীহওয়া বস্তু। | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে ফিরিয়া রফ্তানী হইতে হইলে। | | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের দেশ ভিন্ন অন্য দেশে ফিরিয়া রফ্তানী হইতে হইলে। | | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে ফিরিয়া রফ্তানী হইতে হইলে। | | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের দেশ ভিন্ন অন্য দেশে ফিরিয়া রফ্তানী হইতে হইলে। | |
| | বৃটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। | বৃটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। | বৃটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। | বৃটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। |
| ১ প্রথম।—বৃটন নামে সংসৃষ্ট দেশের উৎপন্ন কি প্রস্তুতকরা বস্তু। | | | | | | | | |
| ১ সোণা ও রূপা ওমুদ্রা।...... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ২ জাহাজের সরঞ্জাম। .... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৩ ধাতু ও তাহাতে নির্ম্মিত বস্তু। | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৪ আফীন।.... .... .... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৫ মণি। ...... ... ... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৬ লবণ। ... ... ... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |



৭ মদিরা।

| | আমদানীর মামুলের তিন পোয়া। | আমদানীর মামুলের অর্দ্ধেক। | আমদানীর মামুলের দুই তৃতীয়। | আমদানীর মামুলের এক তৃতীয়। | আমদানীর মামুলের সাত অষ্টম। | আমদানীর মামুলের তিন পোয়া। | আমদানীর মামুলের দুই তৃতীয়। | আমদানীর মামুলের দুই তৃতীয়। |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৭ মদিরা। ...... ...... | | | | | | | | |
| ৮ তামাকু ...... ... ... | সমুদয়। | তিনপোয়া | ২/৩ | ১/৩ | সমুদয় | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৯ ওয়াইন। ...... ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ১/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ১০ পশমী কাপড়। ...... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| উপরের লিখিত দশ প্রকার বস্তু ভিন্ন অন্য বস্তু। ............ | ৩/৪ | ১/২ | ২/৩ | ১/৩ | ৭/৮ | ৩/৪ | ২/৩ | ২/৩ |
| ২ দ্বিতীয় বৃটনভিন্ন ইউরোপীয় অন্য দেশের কিম্বা আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশের উৎপন্ন কি প্রস্তুতকরা বস্তু। | | | | | | | | |
| ১ আরক ১২৬ একশত ছাব্বিশ গালনের প্রতি পীপার নিরূপিত মূল্য ত্রিশ পৌণ্ড ধরা যাইয়া। | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ১/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ২ সোণা ও রূপা ও মুদ্রা। .... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৩ আফীন। ...... ...... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৪ লবণ। ...... ...... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৫ মদিরা। ...... ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ১/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৬ তামাকু। ... ... ... | সমুদয় | তিনপোয়া | ২/৩ | ১/৩ | সমুদয় | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৭ ওয়াইন্। ... ... ... ... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ১/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| উপরের উক্ত সাত প্রকার ভিন্ন অন্য দ্রব্য। ... ... | ৩/৪ | ১/২ | ২/৩ | ১/৩ | তিনপোয়া | ৩/৪ | ২/৩ | ২/৩ |

| | ব্রিটনীয় [illegible]হাজে আমদানীহওয়া বস্তু। | | | | বিদেশি জাহাজে আমদানীহওয়া বস্তু। | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে ফিরিয়া রফ্তানী হইতে হইলে। | | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের দেশ ভিন্ন অন্য দেশে ফিরিয়া রফ্তানী হইতে হইলে। | | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে ফিরিয়া রফ্তানী হইতে হইলে। | | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের দেশ ভিন্ন অন্য দেশে ফিরিয়া রফ্তানী হইতে হইলে। | |
| | ব্রিটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। | ব্রিটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। | ব্রিটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। | ব্রিটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। |
| ৩ তৃতীয়।—ইউরোপ কিম্বা আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশভিন্ন অন্য স্থানের উৎপন্ন কি প্রস্তুতকরা বস্তু।...... | | | | | | | | |
| ১ আল্‌মাইন্‌।... ... ... | আমদানীর মামুলের তিনপোয়া | অর্দ্ধেক | ১/২ | ১/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ২ অগুরু। ...... ...... | ২/৩ | ১/৩ | ২/৩ | ১/৩ | ৫/৬ | ১/৩ | ২/৩ | ২/৩ |
| ৩ আল্‌তা।.... .... ... | ২/৩ | ১/৩ | ২/৩ | ১/৩ | ৫/৬ | ১/২ | ২/৩ | ২/৩ |
| ৪ ফটিকারী।....... .... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ১/২ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৫ আম্বর্‌ গ্রিস্‌।.... .... ... | ২/৩ | ১/৩ | ২/৩ | ১/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৬ বাতাবিয়া আরক। ...... | ১১/১২ | ৫/৬ | ১/২ | ১/৩ | ২৩/২৪ | ১১/১২ | ২/৩ | ২/৩ |
| ৭ বাতাবিয়াভিন্ন আসিয়ার মধ্যগত ভিন্নাধিকার দেশের প্রস্তুতকরা আরক।.... .... | ১১/১২ | ৫/৬ | ১/২ | ১/৩ | ২৩/২৪ | ১১/১২ | ২/৩ | ২/৩ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৮ সম্বুলক্ষার ও মনঃশিলা ও হরিতাল। ... ... ... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ১/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৯ হিঙ্গ। ... ... ... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ১/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ১০ আউচ। ... ... | ২/৩ | ১/৩ | ২/৩ | ১/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ১১ মালার দানা ও মালা। ... | ২/৩ | ১/৩ | ২/৩ | ১/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ১২ গুবাক— সরকারী মামুল। | ২/৩ | ১/৩ | ২/৩ | ১/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ঐ ... শহরের মামুল। ... | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় |
| ১৩ লোবান। ... ... ... | ২/৩ | ১/৩ | ২/৩ | ১/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ১৪ আসিয়ার মধ্যগত ভিন্নাধিকারে প্রস্তুতকরা ব্রাণ্ডী শরাব। | ১১/১২ | ১/২ | ২/৩ | ১/৩ | ২৩/২৪ | ১১/১২ | ২/৩ | ২/৩ |
| ১৫ পিত্তল ও পিত্তলের দ্রব্য। | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ১/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ১৬ গন্ধক। ... ... ... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ১/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ১৭ ব্রোকেড ও বুটাদার কাপড়। | ২/৩ | ১/৩ | ২/৩ | ১/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ১৮ বহজা। ... ... ... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ১/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ১৯ বকম কাঠ। ... ... | ২/৩ | ১/৩ | ২/৩ | ১/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ২০ সোনা ও রূপা ও মুদ্রা। ... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ২১ কালাজীরা। ... ... | ২/৩ | ১/৩ | ২/৩ | ১/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ২২ কর্পূর। ... ... ... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ১/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ২৩ কানবস। ... ... ... | ২/৩ | ১/৩ | ২/৩ | ১/৩ | তিনপোয়া | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ২৪ এলাচি। ... ... ... | ২/৩ | ১/৩ | ২/৩ | ১/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ২৫ গাড়ী ও পালকীইত্যাদি। | ২/৩ | ১/৩ | ২/৩ | ১/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ২৬ কাসিয়া অর্থাৎ দারুচিনিবিশেষ। ... ... ... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ১/৩ | ৭/৮ | ২/৩ | ২/৩ | ২/৩ |

| | ব্রিটনীয় জাহাজে আমদানীহওয়া বস্তু। | | | | বিদেশি জাহাজে আমদানী হওয়া বস্তু। | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে ফিরিয়া রপ্তানী হইতে হইলে। | | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের দেশ ভিন্ন অন্য দেশে ফিরিয়া রপ্তানী হইতে হইলে। | | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে ফিরিয়া রপ্তানী হইতে হইলে। | | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের দেশ ভিন্ন অন্য দেশে ফিরিয়া রপ্তানী হইতে হইলে। | |
| | ব্রিটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। | ব্রিটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। | ব্রিটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। | ব্রিটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। |
| ২৭ শঙ্খ। .... ... ... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ২৮ চিরতা। ... ... .. | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ২৯ এই তফসীলেতে প্রকারান্তরে অলিখিত চীনহইতে আমদানীহওয়া চীনের বস্তু। .... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৩০ লবঙ্গ। .... .... .... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৩১ কৃমিদানা। .... .... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৩২ কাওয়া। .... .... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৩৩ কাতা। .... .... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | তিনপোয়া | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৩৪ মুদ্রা ও সোণা ও রুপাইত্যাদি। | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৩৫ কলম্ব মূল। .... .... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৩৬ কুসুমফুল। .... .... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৩৭ কহরোবা। .... ... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৩৮ তামা ও তামার নির্ম্মিত বস্তু। | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৩৯ প্রবাল। ... ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৪০ রসারসী। ... ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | তিনপোয়া | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৪১ কৃমিদানা। ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৪২ ধাইফুল। ...... ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৪৩ হাতিদাঁত। ...... ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৪৪ বুটাদার কাপড় ও ব্রোকড। | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৪৫ গন্ধবিরোজা। ... ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৪৬ গালবানম। ... ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৪৭ গালিঙ্গাল। .... ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৪৮ ঘৃত...সরকারী মামুল। ... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | তিনপোয়া | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ঐ ...... শহরের মামুল। | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় |
| ৪৯ আসিয়ার মধ্যগত ভিন্নাধিকারদেশে প্রস্তুতকরা জিন শরাব। | ১১/১২ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২৩/২৪ | ১১/১২ | ২/৩ | ২/৩ |
| ৫০ গোপীমাটি। ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৫১ শণ ও পাটইত্যাদি। .... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৫২ বাবলার গোঁদ। ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৫৩ গন্ধবিরোজা। ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৫৪ শণ ও পাটইত্যাদি। .... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৫৫ হরীতকী। ... ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৫৬ হরশিঙ্গার ফুল। ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৫৭ হরিতাল। ... ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৫৮ হিন্দুস্থানের মধ্যগত ব্রিটনের অধিকৃত দেশের উৎপন্ন নীল | | | | | | | | |



তাহার

| | বৃটনীয় জাহাজে আমদানীহওয়া বস্তু। | | | | বিদেশি জাহাজে আমদানীহওয়া বস্তু। | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে ফিরিয়া রফ্তানী হইতে হইলে। | | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের দেশ ভিন্ন অন্য দেশে ফিরিয়া রফ্তানী হইতে হইলে। | | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে ফিরিয়া রফ্তানী হইতে হইলে। | | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের দেশ ভিন্ন অন্য দেশে ফিরিয়া রফ্তানী হইতে হইলে। | |
| | বৃটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। | বৃটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। | বৃটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। | বৃটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। |
| তাহার নিরূপিত মূল্য কুঠীর ওজনের মোন প্রতি ১০০ এক টাকা।. ...... ...... | সমুদয় | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | সমুদয় | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৫৯ হিন্দুস্থানের মধ্যগত বৃটনের অধিকৃত দেশভিন্ন অন্য দেশের উৎপন্ন নীল তাহার নিরূপিত মূল্য কুঠীর ওজনের মোন প্রতি ১০০ এক শত টাকা।...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | তিনপোয়া | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৬০ লোহা ও লোহার বস্তু। .. | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৬১ হাতিদাঁত। .. ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৬২ জটামাংসী। ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৬৩ কলিঞ্জান। ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৬৪ ঢ্রিমা সীসা ও সীসার চাদর ও সীসার ছিটাগুলি।...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৬৫ লোধ। ...... ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৬৬ লোবান। ...... ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৬৭ জৈত্রী। ...... ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৬৮ মঞ্জিষ্ঠ। ...... ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৬৯ মহাগনি ও ঘরের সরঞ্জাম বানাইবার কাষ্ঠ। ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৭০ মস্তকী। ...... ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৭১ মাটিয়া সিন্দূর। ...... | ২/৩ | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৭২ আউচ। ... ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৭৩ মঞ্জিষ্ঠা। ...... ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৭৪ মৃগনাভি।... ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৭৫ বহড়া ও হরীতকী ও আমলা। | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৭৬ গন্ধরস অর্থাৎ মর্। ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৭৭ জাতিফল। ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৭৮ গাছের কি জন্তুর তৈল সরকারী মামুল। ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ঐ ...... শহরের মামুল। | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় |
| ৭৯ তৈলের বীজ ... সরকারী মামুল। ...... ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ঐ ...... শহরের মামুল। | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় |
| ৮০ আতর ও সুগন্ধি তৈল ও ফুলেল তৈল। ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৮১ বিদেশি আফীন। ...... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |

| | ব্রিটনীয় জাহাজে আমদানীহওয়া বস্তু। | | | | বিদেশি জাহাজে আমদানীহওয়া বস্তু। | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে ফিরিয়া রফ্তানী হইতে হইলে। | | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের দেশ ভিন্ন অন্য দেশে ফিরিয়া রফ্তানী হইতে হইলে। | | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে ফিরিয়া রফ্তানী হইতে হইলে। | | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের দেশ ভিন্ন অন্য দেশে ফিরিয়া রফ্তানী হইতে হইলে। | |
| | ব্রিটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। | ব্রিটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। | ব্রিটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। | ব্রিটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। |
| ৮২ হরিতাল। ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৮৩ আতর। .... ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৮৪ আমলা। .... ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৮৫ গোলমরিচ ও সাদামরিচ। | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৮৬ কোম্পানি বাহাদুরের শাসিত দেশেতে কাপাসের সূতাতে ও রেশমের সূতাতে ও রেশমী ও কাপাসের সূতার য়োগে বুনা কাপড়। ... ...... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৮৭ ঐদেশভিন্ন অন্য স্থানে বুনা কাপড়। ... ...... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৮৮ আলম্লাইস্। ... ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৮৯ পীপা বানাইবার তক্তা। ... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৯০ মণি ও মুক্তা। ...... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৯১ প্রসিয়নব্লু। ... ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ১/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৯২ পচাপাত। .... ...... | ২/৩ | ১/৩ | ২/৩ | ১/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৯৩ পারা। ...... ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ১/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৯৪ বেত। ...... ...... | ২/৩ | ১/৩ | ২/৩ | ১/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৯৫ রক্তচন্দন। .... ...... | ২/৩ | ১/৩ | ২/৩ | ১/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৯৬ মাটিয়া সিন্দূর। ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ১/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ৯৭ গোলাবজল। ...... | ২/৩ | ১/৩ | ২/৩ | ১/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ৯৮ আসিয়ার মধ্যগত ভিন্নাধিকারদেশের প্রস্তুতকরা রম শরাব। ...... ...... | ১১/১২ | ৫/৬ | ২/৩ | ১/৩ | ২৩/২৪ | ১১/১২ | ২/৩ | ২/৩ |
| ৯৯ কুঙ্কুম। .... ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ১/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ১০০ কুসুমফুল। .... ...... | ২/৩ | ১/৩ | ২/৩ | ১/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ১০১ সাগু। ...... ...... | ২/৩ | ১/৩ | ২/৩ | ১/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ১০২ লবণ। ...... ...... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ১০৩ রক্ত ও শ্বেত ও পীতচন্দন। | ২/৩ | ১/৩ | ২/৩ | ১/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ১০৪ বকমকাষ্ঠ। ...... | ২/৩ | ১/৩ | ২/৩ | ১/৩ | ৫/৬ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ১০৫ সোনামকী। ... ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ১/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ১০৬ সোনামকী। ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ১/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ১০৭ জটামাংসী। ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ১/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ১০৮ সুগন্ধি দ্রব্য। ... ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ১/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ১০৯ এই তফসীলে যেং শরাবের মাসুল অন্য প্রকার না লেখা গিয়াছে তাহা। ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ১/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |

| | ব্রিটনীয় জাহাজে আমদানীহওয়া বস্তু। | | | | বিদেশি জাহাজে আমদানীহওয়া বস্তু। | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে ফিরিয়া রফ্তানী হইতে হইলে। | | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের দেশ ভিন্ন অন্য দেশে ফিরিয়া রফ্তানী হইতে হইলে। | | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে ফিরিয়া রফ্তানী হইতে হইলে। | | ইউরোপ কি আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের দেশ ভিন্ন অন্য দেশে ফিরিয়া রফ্তানী হইতে হইলে। | |
| | ব্রিটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। | ব্রিটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। | ব্রিটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। | ব্রিটনীয় জাহাজেতে। | বিদেশি জাহাজেতে। |
| ১১০ ইস্পাত্ ও ইস্পাতের নির্ম্মিত বস্তু।...... ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ১১১ স্তোরাক্স। ...... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ১১২ মণি ও মুক্তা। ...... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ১১৩ চিনি ও মিসরী ও সারগুড় ও মাতগুড়... সরকারী মাসুল | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | তিনপোয়া | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ঐ .... শহরের মাসুল। ... | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় |
| ১১৪ গন্ধক। .... .... ... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ১১৫ শণ ও পাটইত্যাদি। .... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ১১৬ ফিতা।... ... .... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ |
| ১১৭ তেজপত্র।.... .... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ১১৮ চা। .... .... .... | তিনপোয়া | অর্দ্ধেক | ২/৩ | ২/৩ | ৭/৮ | তিনপোয়া | ২/৩ | ২/৩ |
| ১১৯ সাগুয়ান কাষ্ঠ। .... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ১২০ সূতা। .... .... | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ | ২/৩ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১২১ টিন অর্থাৎ রাঙ্গ ও তাহার দ্রব্য। ... ...... ...... | তিনপোয়া | অর্দ্ধেক | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{৭}{৮}$ | তিনপোয়া | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ |
| ১২২ তামাকু .... সরকারী মাসুল। ...... ...... | সমুদয় | তিনপোয়া | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | সমুদয় | তিনপোয়া | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ |
| ঐ ...... শহরের মাসুল। .. | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় |
| ১২৩ তুন্দফুল। ...... .... | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{৫}{৬}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ |
| ১২৪ টগরকাষ্ঠ। ...... | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{৫}{৬}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ |
| ১২৫ হরিদ্রা .. সরকারী মাসুল। | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | তিনপোয়া | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ |
| ঐ .. শহরের মাসুল। .... | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় | সমুদয় |
| ১২৬ দস্তা। ...... ...... | তিনপোয়া | অর্দ্ধেক | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{৭}{৮}$ | তিনপোয়া | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ |
| ১২৭ অগুরু। ... ... ... | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{৫}{৬}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ |
| ১২৮ চীনের সিন্দূর। ...... | তিনপোয়া | অর্দ্ধেক | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{৭}{৮}$ | তিনপোয়া | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ |
| ১২৯ বার্ডিগ্রিস্। ... ... | তিনপোয়া | অর্দ্ধেক | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{৭}{৮}$ | তিনপোয়া | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ |
| ১৩০ মোম ও মোমবাতী। ... | তিনপোয়া | অর্দ্ধেক | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{৭}{৮}$ | তিনপোয়া | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ |
| ১৩১ প্রকারন্তর মাসুল না লেখা যাওয়া ওয়াইন্ শরাব ও মদিরা। | তিনপোয়া | অর্দ্ধেক | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{৭}{৮}$ | তিনপোয়া | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ |
| ১৩২ ঘরের সরঞ্জাম বানাইবার কাষ্ঠ। ... ... ... | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{৫}{৬}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ |
| ১৩৩ গোপীমাটি। ... ... | তিনপোয়া | অর্দ্ধেক | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{৭}{৮}$ | তিনপোয়া | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ |
| ১৩৪ উপরের অলিখিত বস্তু। | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | তিনপোয়া | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ | $\frac{২}{৩}$ |

অর্থ বোধে সন্দেহ না হওনার্থে সকলকে ইহা জানান যাইতেছে যে এই নম্বরের তফসীলের মধ্যে যেং স্থানে অক্ষরেতে এক তৃতীয় ও দুই তৃতীয় ও পাঁচ ষষ্ঠ ও সাত অষ্টম এইং শব্দ লেখা গিয়াছে সেইং স্থানে ঐং শব্দের অর্থ তিন অংশের এক অংশ ও তিন অংশের দুই অংশ ও ছয় অংশের পাঁচ অংশ ও আট অংশের সাত অংশ বোধ করা যাইবেক এবং স্থানেং আরো সংক্ষেপার্থে যে সঙ্কেত এক রেখার ঊর্দ্ধে ও অধে অঙ্কপাতদ্বারা লেখা আছে তাহাতে ইহাই বোধ করা যাইবেক যে রেখার অধস্থিত যত অঙ্ক তত অংশের মধ্যে ঊর্দ্ধস্থিত অঙ্ক যত তত অংশ।

তফসীল ৩ তৃতীয় নম্বর।

এ দেশে উৎপন্ন হওয়া এবং প্রস্তুতকরা যেং বস্তু কলিকাতাহইতে কিম্বা ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর তাবে অন্য কোন বন্দর কি স্থানহইতে সমুদ্রপথে রফ্তানী হয় তাহার উপর যে মাসুল লওয়া যাইবেক ও ফিরিয়া দেওয়া যাইবে তাহার তফসীল।

| পঙ্কোত্তরার অর্থাৎ দেশের মধ্যে এক স্থান হইতে অন্য স্থানে বস্তু লইয়া যাওনের মাসুল | বস্তুর নাম। | বৃটনের সংসৃষ্ট দেশে কি তদ্ভিন্ন ইউরোপের অন্য কোন দেশে কিম্বা আমেরিকার সংসৃষ্ট তাধিপত্যের ব্যাপ্য দেশে রফ্তানী হইতে হইলে। | | | | ইউরোপের ঐং স্থানভিন্ন ও আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশভিন্ন অন্য দেশে রফ্তানী হইতে হইলে | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বৃটনীয় জাহাজে। | | বিদেশি জাহাজে। | | বৃটনীয় জাহাজে। | | বিদেশি জাহাজে। | |
| | | যে মাসুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মাসুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মাসুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মাসুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। |
| শতকরা ৭৷৷০ | যোয়ানী।......... | ০ | স্থানান্তরহওনের মাসুলের দুইতৃতীয়াংশ | ০ | স্থানান্তরহওনের মাসুলের তৃতীয়াংশ | ০ | স্থানান্তরহওনের মাসুলের তৃতীয়াংশ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ২৷৷০ | আল্‌মাইস্‌। ...... | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ৫৲ | ক্ষার। ........... | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৭৷৷০ | অগুরু। .......... | ০ | ১/৩ | ০ | ১/৩ | ০ | ১/৩ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ১০৲ | ফটিকারী। ..... | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ৭৷৷০ | আম্বরগ্রিস্‌। ...... | ০ | ১/৩ | ০ | ১/৩ | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ২৷৷০ | নেপালের আমদানী আম্বরগ্রিস্‌। ... | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |



মৌরী।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| শতকরা ৭॥০ | সৌরী। ......... | ০ | ২/৩ | ০ | ১/৩ | ০ | ১/৬ | শতকরা ২॥০ | ০ |
| শতকরা ১০৲ | সম্বুলক্ষার ও মনঃশিলা ও হরিতাল।... | ০ | তিনপোয়া | ০ | অৰ্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ১০৲ | হিঙ্গু। .......... | ০ | তিনপোয়া | ০ | অৰ্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ৭॥০ | আলতা।........ | ০ | ২/৩ | ০ | ১/৩ | ০ | ১/৬ | শতকরা ২॥০ | ০ |
| শতকরা ৭॥০ | আউট। ......... | ০ | ২/৩ | ০ | ১/৩ | ০ | ১/৬ | শতকরা ২॥০ | ০ |
| শতকরা ৭॥০ | গুবাক ... সরকারী মামুল। . . ... | ০ | ২/৩ | ০ | ১/৩ | ০ | ০ | শতকরা ৭॥০ | ০ |
| শতকরা ৫৲ | ঐ ... শহরের মামুল। ... ... | ০ | শহরের মামুল সমুদয় | ০ | সমুদয় | ০ | সমুদয় | ০ | ০ |
| শতকরা ৭॥০ | লোবান। ...... | ০ | ২/৩ | ০ | ১/৩ | ০ | ০ | শতকরা ৭॥০ | ০ |
| শতকরা ২॥০ | নেপালের আমদানী লোবান। .... | ০ | ০ | শতকরা২॥০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ৭॥০ | ০ |
| ০ | মালা ও মালার দানা। ... ... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| শতকরা ৫৲ | কম্বল ও লুই। ... | ০ | অৰ্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ২॥০ | ঐ .... নেপালের আমদানী। .... | ০ | ০ | শতকরা২॥০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ৭॥০ | ০ |
| ০ | শিমুল তুলা। ... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| শতকরা ৫৲ | বুট্ ও জুতাইত্যাদি। | ০ | অৰ্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৫৲ | সোহাগা। ...... | ০ | অৰ্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |

| পশ্চোত্তরার অর্থাৎ দেশের মধ্যে একস্থান হইতে অন্য স্থানে বস্তু লইয়া যাওনের মামুল। | বস্তুর নাম। | বৃটনের সংসৃষ্ট দেশে কিতদ্ভিন্ন ইউরোপের অন্য কোন দেশে কিম্বা আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে রফ্তানী হইতে হইলে। | | | | ইউরোপের ঐ২ স্থানভিন্ন ও আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশভিন্ন অন্য দেশে রফ্তানী হইতে হইলে। | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বৃটনীয় জাহাজে। | | বিদেশি জাহাজে। | | বৃটনীয় জাহাজে। | | বিদেশি জাহাজে। | |
| | | যে মামুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মামুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মামুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মামুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। |
| শতকরা ২॥০ | ঐ...নেপালের আমদানী। ... ... | ০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ৭॥০ | ০ |
| শতকরা ১০৲ | অগড়া পিত্তল। ... | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ২॥০ | নেপালের আমদানী গড়া কি অগড়া পিত্তল। ... ... | ০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ৭॥০ | ০ |
| শতকরা ১০৲ | গন্ধক। ... ... | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ৭॥০ | ব্রোকেড এবং বুটাদার কাপড়। ... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ০ | শতকরা ৭॥০ | ০ |
| শতকরা ২॥০ | ঐ ... নেপালের কি আওধের আমদানী। .... ... | ০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ৭॥০ | ০ |
| শতকরা ৭॥০ | বহড়া। ... .... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২॥০ | ০ |
| শতকরা ৭॥০ | বকমকাষ্ঠ। ... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২॥০ | ০ |
| ০ | বগীগাড়ী ও পাল্‌কী। | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |



রূপা

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কপা ও সোণা ও মুদ্রা। .... .... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| শতকরা ৭॥০ | কালাজীরা। .... | ০ | ১/৩ | ০ | ১/৩ | ০ | ১/৩ | শতকরা ২॥০ | ০ |
| * শতকরা ৭॥০ | কর্পূর। .. ... | ০ | ১/৩ | ০ | ১/৩ | ০ | ১/৩ | শতকরা ২॥০ | ০ |
| ০ | কানবস ও রসারসী ও কানবস ও রসারসী বানাইবার নিমিত্তে এ দেশের উৎপন্ন কন্তা ও গাঞ্জা ও শণ ও অন্য বস্তু। | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| শতকরা ৭॥০ | এলাচি। .... .... | ০ | ১/৩ | ০ | | ০ | ১/৩ | শতকরা ২॥০ | ০ |
| শতকরা ৭॥০ | শতরঞ্জী ও দুলিচা। | ০ | ১/৩ | ০ | [illegible] | ০ | ০ | শতকরা ৭॥০ | ০ |
| ০ | গাড়ী ও বগী ও পাল্কী। .. .... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| শতকরা ২॥০ | নেপালের আমদানী কাসিয়া অর্থাৎ দারুচিনিবিশেষ। | ০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ৭॥০ | ০ |
| শতকরা ৭॥০ | শঙ্খ।... .... | ০ | ১/৩ | ০ | ১/৩ | ০ | ০ | শতকরা ৭॥০ | ০ |
| শতকরা ৭॥০ | চিবতা। ... ... | ০ | ১/৩ | ০ | ১/৩ | ০ | ১/৩ | শতকরা ২॥০ | ০ |
| শতকরা ৫৲ | চামর। ... ... | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ২॥০ | ঐ.. নেপালের আমদানী। ... ... | ০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ৭॥০ | ০ |

* চকরামী

| পক্ষোত্তরার অর্থাৎ দেশের মধ্যে একস্থান হইতে অন্য স্থানে বস্তু লইয়া যাওনের মাসুল। | বস্তুর নাম। | বৃটনের সংসৃষ্ট দেশে কি তদ্ভিন্ন ইউরোপের অন্য কোন দেশে কিম্বা আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে রফ্তানী হইতে হইলে। | | | | ইউরোপের ঐ২ স্থানভিন্ন ও আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশভিন্ন অন্য দেশে রফ্তানী হইতে হইলে। | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বৃটনীয় জাহাজে। | | বিদেশি জাহাজে। | | বৃটনীয় জাহাজে। | | বিদেশি জাহাজে। | |
| | | যে মাসুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মাসুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মাসুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মাসুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। |
| শতকরা ৭৷৷০ | চকরাসী কাষ্ঠ। ... | ০ | ২/৩ | ০ | ২/৩ | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ১০৲ | চূণ। ... ... | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ৫৲ | চাটাই ও পাটী। ... | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৭৷৷০ | খাটাসী। ... ... | ০ | ২/৩ | ০ | ২/৩ | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ২৷৷০ | ঐ..নেপালের আমদানী। ... ... | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ২৷৷০ | নেপালের আমদানী লবঙ্গ। ... ... | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | কৃমিদানা। ...... | ০ | ২/৩ | ০ | ২/৩ | ০ | ২/৩ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ৫৲ | নারিকেল ছোলা কি আছোলা। ... | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৭৷৷০ | কলম্ব মূল। ... | ০ | ২/৩ | ০ | ২/৩ | ০ | ২/৩ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | কুসুমফুল। ...... | ০ | ২/৩ | ০ | ২/৩ | ০ | ২/৩ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | কহরোবা। ...... | ০ | ২/৩ | ০ | ২/৩ | ০ | ২/৩ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ১০৲ | অগড়া তামা। .... | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |



নেপালের

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| শতকরা ২৷৷০ | নেপালের আমদানী গড়া কি অগাড়া তামা। | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ১০৲ | প্রবাল। ...... | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ৭৷৷০ | ধনিয়া। .. ... | ০ | ৵ | ০ | ৵ | ০ | ৵ | শতকরা ২৷৷০ | ০ |
| কলিকাতার ৯৬ সিক্কার ওজনী সেরেব মোনকরা ৶০ বারআনা কিম্বা শতকরা ৫৲ | ধুনা তুলা। ...... | ০ | সমুদয় | ০ | ০ | ০ | ০ | কলিকাতার ৯৬ সিক্কার ও জনী সেরের মোনকরা ৶০ বারআনা কিম্বা শতকরা ৫৲ | ০ |
| ঐ ওজনী সেরের মোনকরা ।০ চারি আনা কিম্বা শতকরা ৫৲ | অধুনা ও কুসিম্র দ্ধা কাপাস। ... | ০ | সমুদয় | ০ | ০ | ০ | ০ | কলিকাতার ৯৬ সিক্কার ও জনী সেরের মোনকরা ।০ চারি আনা কিম্বা শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৭৷৷০ | কাপাসের সূতা। | ০ | ৵ | ০ | ৵ | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ৫৲ | চামর .. ... | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ২৷৷০ | নেপালের আমদানী চামর। ...... | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | কুমিদানা। ...... | ০ | ৵ | ০ | ৵ | ০ | ৵ | শতকরা ২৷।০ | ০ |
| শতকরা ৭৷৷০ | জীরা। .... ... | ০ | ৵ | ০ | ৵ | ০ | ৵ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ৫৲ | ধূনা কি রজিন। ... | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৭৷৷০ | ধাইফুল। ...... | ০ | ৵ | ০ | ৵ | ০ | ৵ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | ধনিয়া। ... ... | ০ | ৵ | ০ | ৵ | ০ | ৵ | শতকরা ২৷৷০ | ০ |

| পঞ্জোত্তরার অর্থাৎ দেশের মধ্যে একস্থান হইতে অন্য স্থানে বস্তু লইয়া যাওনের মাসুল। | বস্তুর নাম। | বৃটনের সংসৃষ্ট দেশে কিম্বা তদ্ভিন্ন ইউরোপের অন্য কোন দেশে কিম্বা আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে রপ্তানী হইতে হইলে। | | | | ইউরোপের ঐ২ স্থান ভিন্ন ও আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশ ভিন্ন অন্য দেশে রপ্তানী হইতে হইলে। | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বৃটনীয় জাহাজে। | | বিদেশি জাহাজে। | | বৃটনীয় জাহাজে। | | বিদেশি জাহাজে। | |
| | | যে মাসুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মাসুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মাসুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মাসুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। |
| শতকরা ৭৷৷০ | শুণ্ঠী। .... .... | ০ | ২/৮ | ০ | ১/৮ | ০ | ১/৮ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | হাতিদাঁত। ...... | ০ | ২/৮ | ০ | ১/৮ | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | বুটাদার কাপড় ও ব্রোকেড। ...... | ০ | ২/৮ | ০ | ১/৮ | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ২৷৷০ | নেপালের ও আওধের আমদানী বুটাদার কাপড় ও ব্রোকেড। ...... ... | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | ফুলেল তৈল কি সুগন্ধি তৈল। ... | ০ | ২/৮ | ০ | — | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ২৷৷০ | ঐ.. নেপালের আমদানী। ... ... | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | গন্ধবিরোজা। ... | ০ | ২/৮ | ০ | · | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ২৷৷০ | ঐ.. নেপালের আমদানী।... ... | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |



ঝালর

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| শতকরা ৭৷৷০ | ঝালর ও ফিতা ও সূতা। ... ... | ০ | ½ | ০ | ½ | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ২৷৷০ | ঐ ... নেপালের কি আওধের আমদানী। .. ... | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ৫৲ | ফর্ .... ... | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ২৷৷০ | ঐ ... নেপালের আমদনী ...... | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | গালবানম। ... | ০ | ½ | ০ | ½ | ০ | ½ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ১০৲ | ঘৃত .. শহরের মাসুল। ... ... | ০ | ০ শহরের মাসুলের তিনপোয়া | ০ | শহরের মাসুলের তিনপোয়া | ০ | শহরের মাসুলের অর্দ্ধেক | ০ | ০ |
| শতকরা ৫৲ | সোণালি ও রূপালি তার ও গোটা। | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৭৷৷০ | গোপীমাটি। ... | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| ০ | সকল প্রকার শস্য। | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| শতকরা ৭৷৷০ | বাবলার গোন্দ। .. | ০ | ½ | ০ | ½ | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ৫৲ | চটী ও তাহার থৈলা। | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৭৷৷০ | গন্ধবিরোজা। ... | ০ | ½ | ০ | ½ | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ২৷৷০ | ঐ ... নেপালের আমদানী। ... | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ৫৲ | কাঁচা চামড়া। ... | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৭৷৷০ | হুঁকা ও হুঁকার নল। | ০ | ½ | ০ | ½ | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | হরীতকী। ... | ০ | ½ | ০ | ½ | ০ | ½ | শতকরা ২৷৷০ | ০ |

| পঞ্চোত্তরার অর্থাৎ দেশের মধ্যে একস্থান হইতে অন্য স্থানে বস্তু লইয়া যাওনের মাশুল । | বস্তুর নাম । | বৃটনের সংসৃষ্ট দেশে কি তদ্ভিন্ন ইউরোপের অন্য কোন দেশে কিম্বা আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে রফ্তানী হইতে হইলে । | | | | ইউরোপের ঐ২ স্থানভিন্ন ও আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশভিন্ন অন্য দেশে রফ্তানী হইতে হইলে । | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বৃটনীয় জাহাজে । | | বিদেশি জাহাজে । | | বৃটনীয় জাহাজে । | | বিদেশি জাহাজে । | |
| | | যে মাসুল লওয়া যাইবেক তাহা । | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা । | যে মাসুল লওয়া যাইবেক তাহা । | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা । | যে মাসুল লওয়া যাইবেক তাহা । | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা । | যে মাসুল লওয়া যাইবেক তাহা । | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা । |
| শতকরা ৭৷৷০ | হরসিঙ্গার ফুল । .. | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ১০৲ | হরিতাল । ...... | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ১০৲ | লাল ও সফেদ জাফুল কাষ্ঠ । ...... | ০ | তিনপোয় | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ৭৷৷০ | জীরা । ... ... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ৫৲ | নীল কুঠীর ওজনের ফি মোন একশত টাকা মূল্য ধরিয়া । | ০ | সমুদয় | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৫৲ | ঐ.. নেপালের কি আওধের আমদানী । | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ১০৲ | রাঙ্গামাটী । ... | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ৭৷৷০ | যোয়ানী । ...... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ১০৲ | লোহা ও লোহার নির্ম্মিত বস্তু । ...... | ০ | তিনপোয় | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| শতকরা ২।।০ ঐ.. নেপালের আমদানী। ...... | ০ | ০ | শতকরা ২।।০ | ০ | শতকরা ২।।০ | ০ | শতকরা ৭।।০ | ০ |
| শতকরা ৭।।০ জটামাংসী। ... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২।।০ | ০ |
| শতকরা ৭।।০ হাতিদাঁত। .... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ০ | শতকরা ৭।।০ | ০ |
| শতকরা ৭।।০ কহরোবা। .... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২।।০ | ০ |
| শতকরা ৭।।০ কেওড়ার আরক। | ০ | ঐ | ০ | ঐ | ০ | ০ | শতকরা ৭।।০ | ০ |
| শতকরা ২।।০ ঐ ... নেপালের আমদানী। | ০ | ০ | শতকরা ২।।০ | ০ | শতকরা ২।।০ | ০ | শতকরা ৭।।০ | ০ |
| শতকরা ৫৲ খদির। ... .... | ০ | অৰ্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৫৲ লাহা কাটিয়া লাহা ও জৌ ও চাপড়া লাঁহা কুরা লাহা। | ০ | অৰ্দ্ধেক | ০ | ০ | ০ | . | ০ | ০ |
| শতকরা ৫৲ সোণালী ও রূপালী গোটা। .... | ০ | অৰ্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৫৲ কস, চামড়া। .... | ০ | শতকরা ২।।০ | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৭।।০ লোধ। ... .... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২।।০ | ০ |
| শতকরা ৭।।০ লোবান। ...... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ০ | শতকরা ৭।।০ | ০ |
| শতকরা ২।।০ ঐ ... নেপালের | | | | | | | | ০ |
| আমদানী। .... | ০ | ০ | শতকরা ২।।০ | ০ | শতকরা ২।।০ | ০ | শতকরা ৭।।০ | ০ |
| শতকরা ৭।।০ পিপ্পলীর ও পিপ্পলীর মূল। .... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২।।০ | ০ |
| শতকরা ৫৲ লুই ও কম্বল। ... | ০ | অৰ্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |

| পঞ্চোত্তরার অর্থাৎ দেশের মধ্যে একস্থান হইতে অন্যস্থানে বস্তু লইয়া যাওনের মাসুল। | বস্তুর নাম। | বৃটনের সংসৃষ্ট দেশে কি তদ্ভিন্ন ইউরোপের অন্য কোন দেশে কিম্বা আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে রপ্তানী হইতে হইলে। | | | | ইউরোপের ঐ২ স্থানভিন্ন ও আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশভিন্ন অন্য দেশে রপ্তানী হইতে হইলে। | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বৃটনীয় জাহাজে। | | বিদেশি জাহাজে। | | বৃটনীয় জাহাজে। | | বিদেশি জাহাজে। | |
| | | যে মাসুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মাসুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মাসুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মাসুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। |
| শতকরা২ ৷৷০ | ঐ ... নেপালের আমদানী। .... | ০ | ০ | শতকরা২ ৷৷০ | ০ | শতকরা২ ৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা২৷৷০ | নেপালের আমদানী জৈত্রী। ...... | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ২ ৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | মঞ্জিষ্ঠা। ....... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | মস্তকী। ... ... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২৷৷০ | ০ |
| ফি বন্দূক ২৲ | তোড়াদার বন্দুক তাহা কেবল ইঙ্গরেজী ১৮১০ সালের ৯ আইনের ৮৫ ধারার হুকুমমত রপ্তানী হইতে পারিবেক। | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ফি বন্দূক ২৲ | ০ |
| শতকরা২৷৷০ | নেপালের আমদানী তেজপত্র। ... | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা১০৲ | মাটিয়া সিন্দূর। .. | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা১০৲ | ০ |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| শতকরা ৭৷৷০ | আউচ। .... | ০ | ১/২ | ০ | ১/২ | ০ | ১/২ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | মৌরী। ... ... | ০ | ১/২ | ০ | ১/২ | ০ | ১/২ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | মঞ্জিষ্ঠা। .. ... | ০ | ১/২ | ০ | ১/২ | ০ | ১/২ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | মৃগনাভি। .... | ০ | ১/২ | ০ | ১/২ | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ২৷৷০ | ঐ..নেপালের আমদানী। ... ... | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | বহড়া ও হরীতকী ও আমলা। .... | ০ | ১/২ | ০ | ১/২ | ০ | ১/২ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | গন্ধরস অর্থাৎ মর্। | | ১/২ | ০ | ১/২ | ০ | ১/২ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ৫৲ | সাজীমাটি। .... | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৭৷৷০ | কালাজীরা। .... | ০ | ১/২ | ০ | ১/২ | ০ | ১/২ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ৫৲ | নিশাদল। ...... | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ২৷৷০ | নেপালের আমদানী জাতিফল। ... | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | তৈলের বীজ...সরকারী মাসুল। ... | ০ | ১/২ | ০ | ১/২ | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ৫৲ | ঐ... শহরের মাসুল। .......... | ০ | শহরের মাসুল সমুদয় | ০ | শহরের মাসুল সমুদয় | ০ | শহরের মাসুল সমুদয় | ০ | শহরের মাসুল সমুদয় |
| শতকরা ৭৷৷০ | বৃক্ষের কি জন্তুর তৈল ...সরকারী মাসুল। | ০ | আমদানীর মাসুলের দুই তৃতীয় | ০ | ১/২ | ০ | ০ | শতকরা ৭৷৷ | ০ |
| শতকরা ৫৲ | ঐ..শহরের মাসুল। | ০ | শহরের মাসুল সমুদয় | ০ | শহরের মাসুল সমুদয় | ০ | শহরের মাসুল সমুদয় | ০ | শহরের মাসুল সমুদয় |
| শতকরা ৭৷৷০ | আতর অর্থাৎ সুগন্ধি তৈল। ... .... | ০ | ১/২ | ০ | ১/২ | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |

| পণ্ডোত্তরার অর্থাৎ দেশের মধ্যে একস্থান হইতে অন্য স্থানে বস্তু লইয়া যাওনের মাসুল। | বস্তুর নাম। | বৃটনের সংসৃষ্ট দেশে কি তদ্ভিন্ন ইউরোপের অন্য কোন দেশে কিম্বা আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে রফ্তানী হইতে হইলে। | | | | ইউরোপের ঐ২ স্থানভিন্ন ও আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশভিন্ন অন্য দেশে রফ্তানী হইতে হইলে। | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বৃটনীয় জাহাজে। | | বিদেশি জাহাজে। | | বৃটনীয় জাহাজে। | | বিদেশি জাহাজে। | |
| | | যে মামুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মামুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মামুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মামুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। |
| শতকরা ২৷৷০ | ঐ .... নেপালের আমদানী। ...... | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| ০ | সরকারী নীলামে ক্রয়করা আফীন।... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| শতকরা ১০৲ | হরিতাল। ...... | ০ | আমদানীর মামুলের তিন পোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ৭৷৷০ | আতর। ...... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ২৷৷০ | ঐ ... নেপালের আমদানী। ...... | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | আমলা। ...... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ৫৲ | বাঙ্গলা কাগজ। ... | ০ | আমদানীর মামুলের অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| ০ | পালকী ও গাড়ী। | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ০ | মুক্তা ও মণি। .... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |



তুরী

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| শতকরা ১০৲ | তূরী। .......... | ০ | আমদানার মামুলের তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ১০৲ | গোলমরিচ ও শ্বেত মরিচ। ...... | ০ | আমদানীর মামুলের তিনপোয় | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ২৷৷০ | কোম্পানির শাসিত দেশে বুনা কাপাসের সূতার কাপড়। ........ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| শতকরা ২৷৷০ | ঐ.. নেপালের ও অওধের আমদানী। .......... | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ২৷৷০ | রেশমের ও রেশমের ও কাপাসের সূতার যোগে প্রস্তুত করা কাপড়। .... | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ২৷৷০ | নেপালের আমদানী আল স্লাইস। .... | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | পীপা বানাইবার তক্তা। .. ...... | ০ | আমদানীর মামুলের দুই তৃতীয় | ০ | ঐ | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | পিপ্পলীর মূল ... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ১০৲ | প্রুসিয়ন বলু। ... | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| ০ | মণি ও মুক্তা। .... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| শতকরা ৭৷৷০ | পচাপাত ...... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |

| পক্ষোন্তরার অর্থাৎ দেশের মধ্যে একস্থান হইতে অন্য স্থানে বস্তু লইয়া যাওনের মামুল। | বস্তুর নাম। | বৃটিনের সংসৃষ্ট দেশে কি তদ্ভিন্ন ইউরোপের অন্য কোন দেশে কিম্বা আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে রফ্তানী হইতে হইলে। | | | | ইউরোপের ঐ২ স্থানভিন্ন ও আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশভিন্ন অন্য দেশে রফ্তানী হইতে হইলে। | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বৃটনীয় জাহাজে। | | বিদেশি জাহাজে। | | বৃটনীয় জাহাজে। | | বিদেশি জাহাজে। | |
| | | যে মামুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মামুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মামুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মামুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। |
| শতকরা ২।।০ | ঐ...নেপালের আমদানী। ...... | ০ | ০ | শতকরা ২।।০ | ০ | শতকরা ২।।০ | ০ | শতকরা ৭।।০ | ০ |
| শতকরা ৫৲ | পাটী ও চাটাই।.. | ০ | অৰ্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ১০৲ | রাঙ্গামাটি। ...... | ০ | তিনপোয়া | ০ | অৰ্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ৭।।০ | ফিলেটরেতে করা কাঁচা রেশম তাহার নিরূপিত মূল্য কলিকাতার ৮০ সিক্কার সেরকরা ৭৲ টাকা ধরিয়া। .. | ০ | ঐ | ০ | ঐ | ০ | ০ | শতকরা ৭।।০ | ০ |
| শতকরা ৭।।০ | চরকায় বুলান রেশম ঐ ওজনের সেরকরা ৬৲ টাকা ধরিয়া। | ০ | ঐ | ০ | ঐ | ০ | ০ | শতকরা ৭।।০ | ০<br>০<br>০ |
| শতকরা ৭।।০ | ঐ...তসর। .... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ০ | শতকরা ৭।।০ | ০ |



কাঁচা

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| শতকরা ৫৲ | কাঁচা চামড়া। .... | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৭৷৷০ | গোলাবের জল। .. | ০ | ঐ | ০ | ঐ | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ২৷৷০ | ঐ...নেপালের আমদানী। ...... | ০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ২৷৷০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ৫৲ | ধুনা কি রজিন। .. | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| ০ | মালা ও মালার দানা। | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| শতকরা ১০৲ | কুঙ্কুম। ......... | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ৭৷৷০ | কুসুম ফুল। ...... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ৫৲ | নিশাদল। ...... | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৭৷৷০ | সোরা। ...... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | রক্ত ও শ্বেত ও পীত চন্দন। ...... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | বকম কাষ্ঠ। ...... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ১০৲ | শাল কাষ্ঠ। ...... | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ৭৷৷০ | শঙ্খ। .......... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| ০ | শিমুলতূলা। .... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| শতকরা ৭৷৷০ | সোণামকী। ... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | শতরঞ্জি ও দুলিচা। | ০ | ঐ | ০ | ঐ | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ১০৲ | শাল। ........ | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| প্রত্যেকে ।০ | ঢাল ইহার রফ্তানী কেবল ইঙ্গরেজী ১৮১০ সালের ৯ আইনের ৮৫ ধারার | ০ | ঐ | | | | | | |



হুকুমমতে

| পঞ্চোত্তরার অর্থাৎ দেশের মধ্যে একস্থান হইতে অন্য স্থানে বস্তু লইয়া যাওনের মাসুল। | বস্তুর নাম। | বৃটনের সংসৃষ্ট দেশে কি তদ্ভিন্ন ইউরোপের অন্য কোন দেশে কিম্বা আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে রফ্তানী হইতে হইলে। | | | | ইউরোপের ঐ২ স্থানভিন্ন ও আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশভিন্ন অন্য দেশে রফ্তানী হইতে হইলে। | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বৃটনীয় জাহাজে। | | বিদেশি জাহাজে | | বৃটনীয় জাহাজে। | | বিদেশি জাহাজে। | |
| | | যে মামুল লও য়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মামুল লও য়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মামুল লও য়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মামুল লও য়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। |
| | হুকুমমতে হইতে পারে। ...... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ফিটাল ।০ | ০ |
| শতকরা ৫৲ | জুতা ও বুট। ... | ০ | আমদানীর মামুলের অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ১০৲ | শিশুকাষ্ঠ। ..... | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ১০৲ | মাটিয়া সিন্দূর। ... | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ৭৷৷০ | সতসারকাষ্ঠ। ... | ০ | ঐ | ০ | - | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| শতকরা ৭৷৷০ | ফিলেটরেতে করা কাচা রেশম ইহার নিরূপিত মূল্য কলিকাতার ৮০ সিক্কার ওজনের সেরকরা ৭৲ সাত টাকা ধরিয়া। ... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ০ | শতকরা ৭৷৷০ | ০ |
| ঐ শতকরা ৭৷৷০ | চরকায় বুনান বাঙ্গ | | | | | | | | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | লা রেশম ইহার নিরূপিত মূল্য ঐ ওজনের সেরকরা ৬৲ টাকা ধরিয়া। | ০ | . | ০ | ঐ | ০ | ০ | শতকরা ৭॥০ | ০ |
| শতকরা ৭॥০ | তসর। ......... | ০ | ঐ | ০ | . | ০ | ০ | শতকরা ৭॥০ | ০ |
| শতকরা ৭॥০ | চন্দন। ... ... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ০ | শতকরা ৭॥০ | ০ |
| শতকরা ৫৲ | শাবন। .... ... | ০ | অর্দ্ধেক | ০ | ঐ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৭॥০ | মৌরী। . ...... | ০ | ঐ | ০ | | ০ | ঐ | শতকরা ২॥০ | ০ |
| শতকরা ৭॥০ | সোনামকী। .... | ০ | . | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২॥০ | ০ |
| শতকরা ১০৲ | সুন্দরী কাষ্ঠ। ... | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ৭॥০ | জটামাংসী। .... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২॥০ | ০ |
| ০ | মদিরা ইউরোপীয় মতে চোয়ান হাজার গ্যালনের অনধিক রপ্তানী হইতে হইলে। .... | শতকরা ২॥০ | ০ | শতকরা ৫৲ | ০ | শতকরা ৫৲ | ০ | শতকরা ১০৲ | ০ |
| ফি গ্যালন পোলীস কি একসৈজের মাসুল ৷৵০ | মদিরা হাজার গ্যালনের অধিক রপ্তানী হইতে হইলে। | ০ | ফি গ্যালন ৵০ | ০ | ফি গ্যালন /১০ | ০ | ফি গ্যালন ৵০ | ০ | ফি গ্যালন /১০ |
| শতকরা ১০৲ | ইস্পাৎ ও ইস্পাতের দ্রব্য। .......... | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ২॥০ | ঐ .... নেপালের আমদানী। ... | ০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ৭॥০ | ০ |



পাথরের

| পঞ্চোত্তরার অর্থাৎ দেশের মধ্যে একস্থান হইতে অন্য স্থানে বস্তু লইয়া যাওনের মাসুল। | বস্তুর নাম। | ব্রিটনের সংসৃষ্ট দেশে কি তদ্ভিন্ন ইউরোপের অন্য কোন দেশে কিম্বা আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে রফ্তানী হইতে হইলে। | | | | ইউরোপের ঐ২ স্থানভিন্ন ও আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশভিন্ন অন্য দেশে রফ্তানী হইতে হইলে। | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ব্রিটনীয় জাহাজে। | | বিদেশি জাহাজে। | | ব্রিটনীয় জাহাজে। | | বিদেশি জাহাজে। | |
| | | যে মাসুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মাসুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মাসুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | যে মাসুল লওয়া যাইবেক তাহা। | যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। |
| শতকরা ৫৲ | পাথরের তক্তা। ... | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৭৷৷০ | ষ্টোরাক্স। ...... | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২৷৷০ | ০ |
| শতকরা ৫৲ | সাজীমাটি। ...... | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৫৲ | চিনি ও সারগুড় ও সাতগুড় সরকারী মাসুল। ...... | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৫৲ | ঐ ... শহরের মাসুল। ... ... | ০ | শহরের মাসুল সমুদয় | ০ | শহরের মাসুল সমুদয় | ০ | শহরের মাসুল সমুদয় | ০ | শহরের মাসুল সমুদয় |
| শতকরা ১০৲ | গন্ধক। ... ... | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| প্রত্যেকে ১৲ | তলওয়ার ইহার রফ্তানী কেবল ইঙ্গরেজী ১৮১০ সালের ৯ আইনের ৮৫ ধারামতে হইতে পারে। ... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | প্রত্যেকে ১৲ | ০ |



ফিতা

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| শতকরা ৭॥০ | ফিতা ও সূতা ও ঝালর। ......... | ০ | ″ | ০ | ″ | ০ | ০ | শতকরা ৭॥০ | ০ |
| শতকরা ২॥০ | ঐ...নেপালের কি আওধের আমদানী। ......... | ০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ৭॥০ | ০ |
| শতকরা ২॥০ | তেজপত্র নেপালের আমদানী। ... | ০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ৭॥০ | ০ |
| ০ | সেগুয়ান কাষ্ঠ। ... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| শতকরা ৭॥০ | সূতা ও ফিতা ও ঝালর। ......... | ০ | ″ | ০ | ″ | ০ | ০ | শতকরা ৭॥০ | ০ |
| শতকরা ২॥০ | ঐ...নেপালের কি আওধের আমদানী। ......... | ০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ৭॥০ | ০ |
| শতকরা ৫৲ | রূপালী ও সোণালী তার অর্থাৎ জরী | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৫৲ | সোহাগা। ...... | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ২॥০ | ঐ...নেপালের আমদানী। ...... | ০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ২॥০ | ০ | শতকরা ৭॥০ | ০ |
| শতকরা ৫৲ | সোণালী ও রূপালী তার অর্থাৎ জরী। | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| তামাকু ফি মোন ।০ | তামাকু সরকারী মামুল ......... | ০ | সরকারী মামুল সমুদয় | ০ | মূল্যের উপর শতকরা ৫৲ টাকার অধিক যাহা থাকে | ০ | মূল্যের উপর শতকরা৫৲ টাকার অধিক যাহা থাকে | ০ | মূল্যের উপর শতকরা দশ টাকার অধিক যাহা থাকে |

| পঞ্চোত্তরার অর্থাৎ দেশের মধ্যে একস্থান হইতে অন্য স্থানে বস্তু লইয়া যাওনের মামুল। | বস্তুর নাম। | বৃটনের সংসৃষ্ট দেশে কি তদ্ভিন্ন ইউরোপের অন্য কোন দেশে কিম্বা আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশে রফ্তানী হইতে হইলে। বৃটনীয় জাহাজে। যে মামুল লওয়া যাইবেক তাহা। | বৃটনের সংসৃষ্ট দেশে … বৃটনীয় জাহাজে। যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | বৃটনের সংসৃষ্ট দেশে … বিদেশি জাহাজে। যে মামুল লওয়া যাইবেক তাহা। | বৃটনের সংসৃষ্ট দেশে … বিদেশি জাহাজে। যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | ইউরোপের ঐ২ স্থানভিন্ন ও আমেরিকার সংসৃষ্ট আধিপত্যের ব্যাপ্য দেশভিন্ন অন্য দেশে রফ্তানী হইতে হইলে। বৃটনীয় জাহাজে। যে মামুল লওয়া যাইবেক তাহা। | ইউরোপের ঐ২ স্থানভিন্ন … বৃটনীয় জাহাজে। যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। | ইউরোপের ঐ২ স্থানভিন্ন … বিদেশি জাহাজে। যে মামুল লওয়া যাইবেক তাহা। | ইউরোপের ঐ২ স্থানভিন্ন … বিদেশি জাহাজে। যাহা ফিরিয়া দেওয়া যাইবেক তাহা। |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| শতকরা ১০৲ | তামাকু শহরের মামুল। …… | ০ | শহরের মামুল সমুদয় | ০ | শহরের মামুল সমুদয় | ০ | শহরের মামুল সমুদয় | ০ | শহরের মামুল সমুদয় |
| শতকরা ৭।।০ | তুন্দকাষ্ঠ। …… | ০ | ঐ | ০ | ঐ | ০ | ০ | শতকরা ৭।।০ | ০ |
| শতকরা ৭।।০ | তুন্দফুল। …… | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২।।০ | ০ |
| শতকরা ৫৲ | তুতিয়া। …… | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ৭।।০ | টগর। …… | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২।।০ | ০ |
| শতকরা ৫৲ | হরিদ্রা … শহরের মামুল। …… | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ১০৲ | চীনের সিন্দূর। … | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ১০৲ | বার্ডীগ্রিস্। … | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ৭।।০ | অগুরু। …… | ০ | ঐ | ০ | ঐ | ০ | ঐ | শতকরা ২।।০ | ০ |
| শতকরা ৭।।০ | বিদরীর দ্রব্য। … | ০ | ঐ | ০ | ঐ | ০ | ০ | শতকরা ৭।।০ | ০ |
| শতকরা ৫৲ | তুতিয়া। …… | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |
| শতকরা ১০৲ | মোম ও মোমবাতী। | ০ | তিনপোয়া | ০ | অর্দ্ধেক | ০ | ০ | শতকরা ১০৲ | ০ |
| শতকরা ৫৲ | লুই ও কম্বল। … | ০ | অর্দ্ধেক | ০ | ০ | ০ | ০ | শতকরা ৫৲ | ০ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| শতকরা ২।।০ ঐ…নেপালের অমদানী। …… | ০ | ০ | শতকরা ১।০ | ০ | শতকরা ১।।০ | | শতকরা ৭।।০ |
| শতকরা ১০৲ গোপীমাটি। … | ০ | [illegible] | ০ | [illegible] | ০ | ০ | শতকরা ১০৲ |
| এই তফসীলের অলিখিত এদেশীয় যে সকল দ্রব্য এই আইনের অনুসারে মসুল রহিত হয় নাহি সে সকল দ্রব্য পঞ্চোত্তরার কি শহরের মাসুলের যোগ্য হইলে রপ্তানীর সময়ে তাহার উপর লওয়া যাইবেক। …… | শতকরা ২।।০ | ০ | শতকরা ৫৲ | ০ | শতকরা ৫৲ | ০ | শতকরা ১০৲ |

মন্তব্য।— যে সকল দ্রব্যের সঙ্গে তাহার উপর পঞ্চোত্তরার কি শহরের মাসুল দেওয়া গিয়া থাকনবোধক রওয়ানা থাকে সেই সকল দ্রব্যের উপর উপরের লিখিত মাসুল লওয়া যাইবেক ও ফিরিয়া দেওয়া যাইবেক ঐ উপরের উক্ত যে কোন দ্রব্য রওয়ানা সঙ্গে থাকনব্যতিরেকে কিম্বা মিয়াদ গতহওয়া রওয়ানা সহিত রপ্তানীর নিমিত্তে আনা যায় তাহার উপর কোন মাসুল ফিরিয়া দেওয়া যাইবেক না কিন্তু ঐ ২ দ্রব্য রপ্তানীহওনের সময়ে তাহার উপর পঞ্চোত্তরার সমুদয় মাসুল ফিরিয়া দিতে হইবার দ্রব্যব্যতিরেকে উপরের তফসীলেতে বিশেষ করিয়া লেখা মাসুলের অতিরিক্ত ঐ ২ দ্রব্য রপ্তানীহওনের সময়ে যত মাসুল ফিরিয়া দেওয়া যায় তাহা বাদ দিয়া ঐ প্রকার দ্রব্যের উপর পঞ্চোত্তরার মাসুল যাহা লওন উপযুক্ত তাহাবি তুল্য রপ্তানীর মাসুল লওয়া যাইবেক।

সমাপ্ত।

A True Translation

W. Carey,

*Bengalee Translator of the Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৫ সাল ১৬ ষোড়শ আইন।

দায়েরসায়েরী আদালতের সাহেবদিগকে ডাকাইতীর কোনং মোকদ্দমা নিজামৎ আদালতে সমর্পণব্যতিরেকে তাহাতে শাস্তির হুকুম দিবার ক্ষমতার্পণকরণের অর্থে পূর্ব্বাপেক্ষা অতিরিক্ত কোনং হুকুম নির্দ্দিষ্ট করিবার নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৫ সালের তারিখ ২১ জুলাই মোতাবেকে বাঙ্গলা ১২৩২ সালের ৭ শ্রাবণ মওয়াফেকে ফসলী ১২৩২ সালের ২১ শ্রাবণ মোতাবেকে বিলায়তী ১২৩২ সালের ৮ শ্রাবণ মওযাফেকে সম্বৎ ১৮৮২ সালের ৬ শ্রাবণ মোতাবেকে হিজরী ১২৪০ সালের ৪ জীহিজ্জাতে জারী করিলেন ইতি।

হেতুবাদ।

যেহেতুক চলিত আইনানুসারে ইঙ্গরেজী ১৮২৫ সালের ৩ আইনেতে যাহাং বর্ণন করা গিয়াছে তাহাব্যতিরেকে ইঙ্গরেজী ১৮০৩ সালের ৫৩ আইনের ৩ ধারার বিবরিয়া লেখা ডাকাইতীকরণাপরাধ যে সকল লোকের প্রতি দায়েরসায়েরী আদালতে প্রমাণ হয় সেই সকল লোকের মোকদ্দমা নিজামৎ আদালতে সমর্পণীয় হয় এবং যেহেতুক ঐ নিজামৎ আদালতে সমর্পণীয় বহুতর মোকদ্দমাজন্য ঐ আদালতের ভার লাঘব করিবার ও ফৌজদারী ন্যায়ের কার্য্যের অবিলম্ব হইবার অভিপ্রায়ে ঐ ১৮২৫ সালের ৩ আইনেতে যেং হুকুম নির্দ্দিষ্ট করা গিয়াছে তাহা ঐ অভিপ্রায় সিদ্ধহওনেতে কুলায় না বোধ হইল এবং অন্য কোনং মোকদ্দমাতে তাহা নিজামৎ আদালতে সমর্পণকরণ বিনা শাস্তির হুকুম দিতে দায়েরসায়েরী আদালতের সাহেবদিগকে ক্ষমতার্পণকরা উপযুক্ত বোধ হইল অতএব শ্রীযুত নওযাব গবর্নর্ জেনরল বাহাদুরের হুজুর কৌন্সেল হইতে নীচের লিখিতব্য হুকুম নির্দ্দিষ্ট হইল ও তাহা এই আইন জারীহওনের তারিখহইতে কলিকাতা রাজধানীর তাবে সমস্ত দেশে প্রবল হইবেক ইতি।

### ২ ধারা।

এই ধারাক্রমে ডাকাইতীর শাস্তি দিবার বিষয়ের কোনং আইন ও কথা রদহওন ও শুধরা যাওনের কথা।

ইঙ্গরেজী ১৮২৫ সালের ৩ আইন এই ধারাক্রমে রদ হইল এবং ইঙ্গরেজী ১৮১৭ সালের ১৭ আইনের ৮ ধারার এবং ঐ ধারার লিখিত ঐ আইনের পূর্ব্ববর্ত্তি যেং আইনের কিম্বা চলিত আর কোন আইনের লিখিত যেং কথাক্রমে এ হুকুম আছে যে ইঙ্গরেজী ১৮০৩ সালের ৫৩ আইনের ৩ ধারার ১ প্রকরণের বিবরিয়া লেখা ডাকাইতীকরণাপরাধ যে সকল মোকদ্দমাতে প্রমাণ হয় তাহাতে নিজামৎ আদালতহইতে চূড়ান্ত হুকুম হইবার নিমিত্তে দায়েরসায়েরী আদালতের সাহেবেরা ঐ অপরাধ প্রমাণহওয়া কয়ে



দীর

দীর কি কয়েদীদিগের মোকদ্দমা ঐ আদালতে পাঠান্ সেইং কথা এই ধারার হুকুমের দ্বারা নীচের লিখিতব্য ধারার লিখনক্রমে স্থধরা যাইতেছে ইতি।

৩ ধারা।

কোনং ডাকাইতীর অপরাধ প্রমাণহওয়া লোকদিগের প্রতি তাহারদিগের মোকদ্দমা নিজামৎ আদালতে সমর্পণকরণবিনা শাস্তির হুকুম দিতে দায়েরসায়েরী আদালতের সাহেবদিগের ক্ষমতার কথা।

১ প্রথম প্রকরণ।— ইঙ্গরেজী ১৮০৩ সালের ৫৩ আইনের ৩ধারার বিবরিয়া লেখা ডাকাইতীকরণাপরাধ কিম্বা তাহা করিতে উদ্যত হওনাপরাধ দায়েরসায়েরী আদালতে প্রমাণ হইলে যদি ঐ ডাকাইতীতে অঙ্গক্ষত কি অঙ্গদাহ কি শ্বাসবদ্ধকরণ কি বিষখাওয়ান কি জলে ডুবান কিম্বা কূপে ফেলিয়া দেওনদ্বারা কি আর কোন প্রকার দ্বারা খুন কি খুনকরণের উপক্রম না হইয়া থাকে এবং যাহাতে প্রাণবিয়োগের শঙ্কা হয় এমত অঙ্গক্ষত কি অঙ্গদাহ কি শারীরিক অন্য হানি কোন জনের কি জনেরদের না হইয়া থাকে কিম্বা তাহাতে অপরাধবর্দ্ধক এমত কোন ক্রিয়া না হইয়া থাকে যে তাহাতে যে দায়েরসায়েরী আদালতে ঐ মোকদ্দমার বিচার হয় সেই আদালতের জজসাহেবের এমত বোধ হয় যে সেই অপরাধের অপরাধী ৩৯ উনচল্লিশ বেত্রাঘাতের এবং আপন নিবাসের জিলাভিন্ন অন্যত্র পরিশ্রমকরণের সহিত ১৪ চতুর্দ্দশ বৎসর মিয়াদে কয়েদ থাকনরূপ শাস্তি হইতে অতিরিক্ত শাস্তির যোগ্য তবে তাহাতেও দায়েরসায়েরী আদালতের জজসাহেবকে ক্ষমতা এবং হুকুম দেওয়া যাইতেছে যে ঐ অপরাধিদিগের অপরাধ প্রমাণহওনের বিষয়ে আপন আদালতের মুফ্তীর সহিত একবাক্য হইয়া ইঙ্গরেজী ১৮১৭ সালের ১৭ আইনের ৮ ধারার ৬ প্রকরণের হুকুমানুসারে তাহার কি তাহারদিগের মোকদ্দমা নিজামৎ আদালতে পাঠানবিনা আপনি অপরাধের সকল ভাব উপযুক্তরূপে বিবেচনা করিয়া উপরের উক্ত বেত্রাঘাতের সংখ্যাহইতে ও আপন নিবাসের জিলাভিন্ন অন্য স্থানে পরিশ্রমের সহিত কয়েদথাকনের মিযাদের সংখ্যাহইতে অধিক না হইয়া যে শাস্তি ঐ অপরাধের উপযুক্ত বোধ হয় তাহার হুকুম দেন্ ইতি।

কোনং মোকদ্দমাতে দায়েরসায়েরী আদালতের সাহেবেরা দেশান্তরে ১৪ বৎসর মিয়াদে কয়েদথাকনের শাস্তিহইতে কম শাস্তির হুকুম দিতে ক্ষমতা না রাখিবার কথা।

কম শাস্তির হুকুম দিবার নিমিত্তে দায়েরসায়েরসাহেব মোকদ্দমা নিজামৎ আদালতে সমর্পণ করিতে পারিবার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— আরো হুকুম দেওয়া যাইতেছে যে যদি ঐ ডাকাইতী বন্দূক কি বর্শা কি তলওয়ার কি লাঠী কি অন্য কোন অস্ত্রধারী তিন কি ততোধিক জনের দ্বারা হইয়া থাকে তবে তাহা প্রমাণ হইলে দায়েরসায়েরী আদালতের জজসাহেবেরা ১৪ চতুর্দ্দশ বৎসর মিয়াদে দেশান্তরে কয়েদথাকনের কোন শাস্তির হুকুম দিতে পারিবেন না ও যদি কোন মোকদ্দমাতে ঐ শাস্তি অতিউৎকট বোধ হয় তবে ঐ মোকদ্দমা নিজামৎ আদালতে সমর্পণ করা যাইবেক ও তাহার সঙ্গে ঐ দায়েরসায়েরী আদালতের সাহেবেরা যেং হেতুতে শাস্তির অল্পতাকরা উপযুক্ত বুঝিয়া তাহার যুক্তি দিতে চাহেন্ তাহা লিখিয়া ঐ আদালতে পাঠাইবেন ইতি।



সমাপ্তঃ।

A TRUE TRANSLATION,

W. CAREY,

*Bengalee Translator of Regulations.*

ইঙ্গরেজী ১৮২৫ সাল ১৭ সপ্তদশ আইন।

জিলা গোরক্ষপুর এলাকা বারাণসের মফঃসল আপীল আদালত ও দায়েরসায়েরী আদালতের অধিকারহইতে খারিজ করিয়া এলাকা পাটনার মফঃসল আপীল আদালত ও দায়েরসায়েরী আদালতের অধিকারের শামিল করিবার ও ভিন্ন২ দওরার মধ্যগত মোকামের কারাগার ছয় মাস অন্তর শূন্যকরণের ক্রমের মতান্তর করিবার ও ইহার পর কোন২ জাইণ্টমাজিষ্ট্রেটের মোকামে দওরার বৈঠক হইবার ও অন্য২ জাইণ্টমাজিষ্ট্রেটের মোকামের বিষয়ে বিশেষ নিয়ম নির্দ্দিষ্ট করিবার এবং এলাকা কলিকাতার প্রথম ও দ্বিতীয় দওরা আরম্ভের নিমিত্তে যে২ নিয়ম নিরূপণ করা গিয়াছে তাহার মতান্তর করণের নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৫ সালের ৪ আগস্ত মোতাবেকে বাঙ্গলা ১২৩২ সালের ২১ শ্রাবণ মওয়াফেকে ফসলী ১২৩২ সালের ৬ শ্রাবণ মোতাবেকে বিলায়তী ১২৩২ সালের ২২ শ্রাবণ মওয়াফেকে সম্বৎ ১৮৮২ সালের ৫ শ্রাবণ মোতাবেকে হিজরী ১২৪০ সালের ১৮ জীহিজ্জাতে জারী করিলেন ইতি।

যেহেতুক জিলা গোরক্ষপুর এলাকা বারাণসের মফঃসল আপীল আদালতের ও দায়েরসায়েরী আদালতের অধিকারহইতে খারিজ করিয়া এলাকা পাটনার মফঃসল আপীল আদালত ও দায়েরসায়েরী আদালতের অধিকারের শামিলকরা উপযুক্ত বোধ হইল এবং যেহেতুক জাইণ্টমাজিষ্ট্রেটসাহেবদিগের যে২ মোকামে দায়েরসায়েরী আদালতের সাহেবের দওরার বৈঠক করাতে সরকারী কার্য্যের ক্ষতি বোধ না হয় তাহার কোন২ মোকামে বৎসরান্তর ও কোন২ মোকামে দওরার নিরূপিত সময়ে ঐ আদালতের সাহেবের দওরার বৈঠকহওয়া উপযুক্ত বোধহইল এবং যেহেতুক সুতরাং সমুদয় দওরার মধ্যগত ভিন্ন২ মোকামেতে কারাগার শূন্যকরণের বৈঠকের নিমিত্তে যে ক্রম চলিত আইনেতে নিরূপণ করা গিয়াছে তাহার মতান্তরকরা আবশ্যক হইল এবং এলাকা কলিকাতার প্রথম ও দ্বিতীয় দওরার আরম্ভের নিমিত্তে ইঙ্গরেজী ১৮০৪ সালের ২ আইনের ৩ ধারাতে যে২ তারিখ নিরূপণ করা গিয়াছে তাহার মতান্তরকরা উপযুক্ত বোধ হইল অতএব শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুরের হুজুর কৌন্সেলহইতে নীচের লিখিতব্য হুকুমসকল নির্দ্দিষ্ট হইল এবং তাহা এই আইন জারীহওনের তারিখঅবধি প্রবল হইবেক কিন্তু জিলা গোরক্ষপুর অন্য এলাকার শামিল হইবার বিষয়ে যাহা এই আইনে লেখা হেতুবাদ।

লেখা যাইবেক তাহা ইঙ্গরেজী ১৮২৫ সালের ২৮ সেপ্তেম্বর মোতাবেকে বাঙ্গলা ১২৩২ সালের ১৪ আশ্বিন মওয়াফেকে ফসলী ১২৩৩ সালের ১ আশ্বিন মোতাবেকে বিলায়তী ১২৩৩ সালের ১৫ আশ্বিন মওয়াফেকে সম্বৎ ১৮৮২ সালের ১ আশ্বিন মোতাবেকে হিজরী ১২৪০ সালের ১৪ সফরে প্রবল হইবেক ইতি।

২ ধারা।

জিলা গোরক্ষপুর এলাকা বারাণসহইতে খারিজ হওনের ও এলাকা পাটনার মফঃসল আপীল ও দায়েরসায়েরী আদালতের অধিকারের শামিল হইবার কথা।

ইঙ্গরেজী ১৮০৪ সালের ৮ আইনের এবং চলিত আর কোন আইনের যেং কথাক্রমে জিলা গোরক্ষপুর এলাকা বারাণসের দায়েরসায়েরী আদালত ও সফঃসল আপীল আদালতের অধিকারের মধ্যগত জানান গিয়াছে সেইং কথা এই ধারার দ্বারা রদ হইল ইহার পরে ঐ জিলা এলাকা পাটনার দায়েরসায়েরী আদালত ও মফঃসল আপীল আদালতের অধিকারের মধ্যগত হইবেক ইতি।

৩ ধারা।

মাজিষ্ট্রেট্ ও জাইণ্ট মাজিষ্ট্রেটের মোকামের কারাগার শূন্যকরণের বৈঠকের নিরূপিত ক্রম খণ্ডনের কথা।

ইঙ্গরেজী ১৭৯৮ সালের ৩ আইনের ৬ ধারার যেং কথাক্রমে এলাকা ঢাকার কারাগার শূন্যকরণের বৈঠকের ক্রমের নিরূপণ হইয়াছে তাহা আর ইঙ্গরেজী ১৮০৪ সালের ২ আইনের ৭ ধারার যেং কথাক্রমে এলাকা পাটনার কারাগার শূন্যকরণের বৈঠকের ক্রমের নিরূপণ হইয়াছে তাহা ও ১৮০৪ সালের ২ আইনের ৭ ধারার ১ প্রকরণ ও ১৮০৬ সালের ১ আইনের ৪ ও ৫ ধারা এই ধারার দ্বারা রদ হইল এবং উপরের রদহওয়া ধারা ও প্রকরণেতে যে ক্রম নিরূপণ করা গিয়াছিল তাহার পরিবর্ত্তে এলাকা বরেলী ও বারাণস ও কলিকাতা ও ঢাকা ও মুরশিদাবাদ ও পাটনার মাজিষ্ট্রেট ও জাইণ্টমাজিষ্ট্রেট্সাহেবদিগের মোকামের কারাগার শূন্যকরণের বৈঠকের ক্রম নীচেতে নিরূপণ করা যাইতেছে।

এলাকা বরেলীর দায়েরসায়েরী আদালত।

১ ফর্‌রোখাবাদ
২ কানপুর
৩ এটাওয়া
৪ ময়নপুর।
৫ আগরা।
৬ আলিগড়।
৭ বুলন্দশহর।
৮ মিরট।
৯ মুজঃফর নগর।
১০ সহারণপুর।
১১ নগীনা।
১২ মুরাদাবাদ।



এলাকা

# ইঙ্গরেজী ১৮২৫ সাল ১৭ সপ্তদশ আইন।

## এলাকা বারাণসের দায়েরসায়েরী আদালত।

১ মিরজাপুর।
২ বান্দা।
৩ হামিরপুর।
৪ ফতেপুর।
৫ আলাহাবাদ।
৬ জোনপুর।
৭ আজিমগড়।
৮ গাজিপুর।

## এলাকা কলিকাতার দায়েরসায়েরী আদালত।

১ যশোহর।
২ নদীয়া।
৩ হুগলী।
৪ বর্দ্ধমান।
৫ জঙ্গলমহাল।
৬ মেদিনীপুর।

## এলাকা ঢাকার দায়েরসায়েরী আদালত।

১ ময়মনসিংহ।
২ শিলহট্ট।
৩ ত্রিপুরা।
৪ চাটিগাঁ।
৫ নওয়াখালী।
৬ বাকরগঞ্জ।
৭ ঢাকাজলালপুর।

## এলাকা মুরশিদাবাদের দায়েরসায়েরী আদালত।

১ ভাগলপুর।
২ পুরণিয়া।
৩ দিনাজপুর।
৪ রঙ্গপুর।



৫ রাজশাহী।

৫ রাজশাহী।
৬ বাগুড়া।
৭ বীরভূম।

এলাকা পাটনার দায়েরসায়েরী আদালত।

১ রামগড়।
২ বেহার।
৩ সাহবাদ।
৪ গোরক্ষপুর।
৫ সারণ।
৬ তির্হুত।

৪ ধারা।

কোন২ মোকামেতে বৈঠককরণের নিয়মের কথা।

সরকারী কার্য্য অনায়াসে নির্ব্বাহহওনের সম্বন্ধীয় কোন২ হেতুপ্রযুক্ত বারাশত ও বালেশ্বর ও মালদহ ও মুঙ্গের ও শাহাজাহাঁপুরের জাইণ্টমাজিষ্ট্রেটের মোকামে দায়েরসায়েরসাহেবের বৈঠকহওনের বিশেষ হুকুম দিবার আবশ্যক হইল অতএব এই ধারাক্রমে নীচের লিখিতব্য হুকুম নির্দ্দিষ্ট হইল।

১ বারাশত।

১ প্রথম।— এলাকা কলিকাতার প্রথম দওরাতে যে জজসাহেব যান তিনি প্রথমতঃ বারাশতের জাইণ্টমাজিষ্ট্রেটের মোকামে যাইবেন এবং ঐ দওরা আরম্ভহওনের পূর্ব্ব মাসে যে লোকেরা কয়েদ করা গিয়া থাকে প্রথমতঃ তাহারদিগের মোকদ্দমার বিচার করিবেন কিন্তু ঐ মাসের পূর্ব্ব২ মাসে যে লোকেরা কয়েদ করা গিয়া থাকে তাহারদিগকে পূর্ব্বমতে তাহারদিগের মোকদ্দমার বিচারার্থে জিলা চব্বিশপরগনার দওরার বৈঠকে পাঠান যাইবেক ও দায়েরসায়েরসাহেবের নগাঁর জাইণ্টমাজিষ্ট্রেটের মোকামে যাওনের আবশ্যক হইবেক না কেননা ঐ মোকামে কয়েদহওয়া লোকদিগের মোকদ্দমার বিচার পূর্ব্বমত জিলা মেদিনীপুরের সদর মোকামের বৈঠকে হইবেক।

২ বালেশ্বর ও খূরদার।

২ দ্বিতীয়।—জিলা কটকের কমিস্যনরসাহেব বালেশ্বরের জাইণ্টমাজিষ্ট্রেট্সাহেবের মোকামে ঐ মোকামের কারাগার শূন্যকরণার্থে বৈঠক করিবেন কিন্তু যদি ঐ কমিস্যনরসাহেব আপন অন্য কর্ত্তব্য কার্য্যপ্রযুক্ত এই হুকুমমতাচরণ করিতে না পারেন্ তবে ঐ জাইণ্টমাজিষ্ট্রেট্সাহেবের কয়েদকরা লোকদিগের মোকদ্দমার বিচারহওনার্থে তাহারদিগ্কে জিলা কটকের সদর মোকামে পূর্ব্বমত পাঠান যাইবেক ও ঐ কমিস্যনরসাহেবের খূরদার জাইণ্টমাজিষ্ট্রেটের মোকামে যাওনের আবশ্যক নাহি কেননা তথাকার কয়েদীদিগের মোকদ্দমার বিচার পূর্ব্বমত জিলা কটকের সদর মোকমের বৈঠকে হইবেক।



৩ তৃতীয়

৩ তৃতীয়।— এলাকা মুরশিদাবাদের দ্বিতীয় দওরাতে যে জজসাহেব যান্‌ তিনি জিলা ভাগলপুরের সদর মোকামের বৈঠকের কার্য্য সারিয়া মালদহে যাইবেন এবং তাহার অব্যবহিতপূর্ব্ব কারাগার শূন্যকরণার্থে হওয়া বৈঠকের পরে যাহারা কয়েদ হইয়া থাকে তাহারদিগের মোকদ্দমার বিচার করিবেন দ্বিতীয় ও প্রথম দওরার বৈঠকের মধ্যগত কালেতে মোকদ্দমার বিচার হইবার নিমিত্তে কয়েদ থাকা লোকেরা জাইণ্টমাজিষ্ট্রেট্‌সাহেবের তাবে থাকা যেং থানা যেং জিলার মধ্যগত হয় সেইং জিলার সদর মোকামে পাঠান যাইবেক। ৩ মালদহ।

৪ চতুর্থ।— এলাকা মুরশিদাবাদের প্রথম দওরায় যে জজসাহেব যাইবেন তিনি জিলা ভাগলপুরের সদর মোকামের বৈঠকের কার্য্য শেষ করিয়া মুঙ্গেরে যাইবেন এবং কারাগার শূন্যকরণার্থে তাহার অব্যবহিতপূর্ব্ব বৈঠকের পরে কয়েদহওয়া লোকদিগের মোকদ্দমার বিচার করিবেন প্রথম ও দ্বিতীয় দওরার বৈঠকের মধ্যবর্ত্তি কালেতে মোকদ্দমার বিচার হইবার নিমিত্তে কয়েদথাকা লোকেরা জাইণ্টমাজিষ্ট্রেটের তাবে থাকা যেং থানা যেং জিলার মধ্যগত হয় সেইং জিলার সদর মোকামে পূর্ব্বমত মোকদ্দমার বিচারের নিমিত্তে পাঠান যাইবেক কিন্তু ঐ জাইণ্টমাজিষ্ট্রেট্‌সাহেবের সরহদ্দের মধ্যে জিলা বেহার ও তির্হুতের কোনং অংশ আছে অতএব ঐং জিলার মধ্যগত যেং থানা ঐ জাইণ্টমাজিষ্ট্রেটের সরহদ্দের মধ্যে থাকে ঐং থানার সীমার মধ্যে করা অপরাধের নিমিত্তে কয়েদহওয়া কয়েদী লোকেরা তাহারা যে সময়ে কয়েদ করা গিয়া থাকুক শহর পাটনার দায়েরসায়েরী আদালতে মোকদ্দমার বিচারহওনার্থে ঐং জিলার সদর মোকামে পাঠান যাইবেক। ৪ মুঙ্গের।

৫ পঞ্চম।— এলাকা বরেলীর প্রথম দওরায় যে জজসাহেব যাইবেন তিনি প্রথমে শাহজাহাঁপুরের জাইণ্টমাজিষ্ট্রেটের মোকামে যাইবেন এবং ঐ দওরা আরম্ভহওনের পূর্ব্ব মাসে কয়েদহওয়া জনেরদের মোকদ্দমার বিচার করিবেন কিন্তু ঐ মাসের পূর্ব্ব মাসে কয়েদহওয়া সকল লোকেরা পূর্ব্বমত বরেলীর মাসং বৈঠকেতে মোকদ্দমার বিচারের নিমিত্তে পাঠান যাইবেক ও দায়েরসায়েরী আদালতের জজসাহেবের দেরাদূন ও শেরপূরার জাইণ্টমাজিষ্ট্রেটের মোকামে যাইবার আবশ্যক নাহি তথাকার জাইণ্টমাজিষ্ট্রেটের হুকুমেতে কয়েদহওয়া লোকেরা তাহারদিগের মোকদ্দমার বিচারহওনার্থে অধিকার বুঝিয়া সহারণপুর কি ফররোখাবাদের সদর মোকামে পূর্ব্বমত পাঠান যাইবেক ইতি। ৫ শাহজাহাঁপুর।

৫ ধারা।

ইঙ্গরেজী ১৮০৪ সালের ২ আইনের ৩ ধারাতে যেং কথাক্রমে এ হুকুম আছে যে এলাকা কলিকাতার দায়েরসায়েরী আদালতের প্রথম দওরার আরম্ভ ১ পহিলা আপ্রিলে

এলাকা কলিকাতার দওরা আরম্ভহওনের নিয়মের কথা।

লে এবং দ্বিতীয় দওরার আরম্ভ পহিলা অক্তোবরে হইবেক ঐ২ কথা এই ধারাক্রমে রদ হইল ইহার পরে ঐ এলাকার প্রথম দওরার আরম্ভ ১ পহিলা মাইতে ও দ্বিতীয় দওরার আরম্ভ ১ পহিলা নবেম্বরে হইবেক ইতি।

৬ ধারা।

ইহার পরে দওরার বৈঠকের ক্রমের মতান্তর আইন নির্দ্দিষ্ট করণবিনা করিতে শ্রীযুতের ক্ষমতার কথা।

ইহার পরে কোন মাজিষ্ট্রেট্ কি জাইণ্টমাজিষ্ট্রেট্সাহেবের মোকামের কারাগার শূন্যকরণের বৈঠকহওনের ক্রমের মতান্তরকরণের আবশ্যক হইলে শ্রীযুত নওয়াব গবর নর্ জেনরল বাহাদুরের হুজুর কৌন্সেলেতে কর্ত্তৃত্ব আছে যে তদর্থে নূতন আইন নির্দ্দিষ্ট করণ বিনা তাহা করিবার হুকুম দেন্ ইতি।



সমাপ্তঃ।

A True Translation,

W. CAREY,

*Bengalee Translator of Regulations.*

ইঙ্গরেজী ১৮২৫ সাল ১৮ অষ্টাদশ আইন।

নেদরলণ্ডের আধিপত্যের কর্ম্মকর্ত্তাদিগের দ্বারা বৃটনীয় আধিপত্যের কর্ম্মকর্ত্তাদিগের দত্ত শহর চুঁচড়া ও অন্য২ স্থান তাহার অতিনিকটবর্ত্তি জিলা ও শহরের অধিকার ভুক্ত করিবার এবং ইহার পরে ঐ স্থানের কার্য্যনির্ব্বাহ করিবার দাঁড়ার কারণ এ আইন শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৫ সালের তারিখ ২৫ আগস্ত মোতাবেকে বাঙ্গলা ১২৩২ সালের ১১ ভাদ্র মওয়াফেকে ফসলী ১২৩২ সালের ২৭ শ্রাবণ মোতাবেকে বিলায়তী ১২৩২ সালের ১২ ভাদ্র মওয়াফেকে সম্বৎ ১৮৮২ সালের ১২ শ্রাবণ মোতাবেকে হিজরী ১২৪০ সালের ১০ মোহরমে জারী করিলেন ইতি।

যেহেতুক ইঙ্গরেজী ১৮২৪ সালের ১৭ মার্চে বৃটনীয় ও নেদরলণ্ডের আধিপত্যের কর্ম্মকর্ত্তাদিগের মধ্যে হওয়া বন্দোবস্তানুসারে শহর চুঁচড়া ও তৎসম্পর্কীয় স্থানসকল এবং সুবে বাঙ্গালা ও বেহার ও উড়িষ্যার মধ্যগত কালিকাপুরের ও ঢাকার ও পল্‌তার ও পাটনার ও বালেশ্বরের যে২ কুঠী ও ভূমি নেদরলণ্ডের কর্ম্মকর্ত্তাদিগের দখলে ছিল তাহা সমস্ত সর্ব্ব কালের নিমিত্তে বৃটনীয় আধিপত্যের কর্ম্মকর্ত্তাদিগেরে দত্ত হইল অত এব ঐ২ শহর ও স্থানের রাজকার্য্যনির্ব্বাহ করিবার এবং ঐ২ শহর ও স্থান তাহার অতিনিকটবর্ত্তি জিলা ও শহরের অধিকারভুক্ত করিবার নিমিত্তে শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হুজুর কৌন্সেলহইতে নীচের লিখিতব্য হুকুম নির্দ্দিষ্ট হইল এবং তাহা এই আইন জারীহওনের তারিখঅবধি প্রবল হইবেক ইতি। হেতুবাদ।

২ ধারা।

১ প্রথম প্রকরণ।— চুঁচড়া শহর জিলা হুগলীর অধিকারের শামিল ও মধ্যগত হইবেক ইতি। চুঁচড়া জিলা হুগলীর শামিল হইবার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— ওলন্দেজের যে২ কুঠী ও তৎসম্পর্কীয় ভূমি কালিকাপুর ও ঢাকাতে ছিল তাহা স্থানানুসারে শহর মুরশিদাবাদের ও শহর ঢাকার অধিকারের শামিল হইবেক কালিকাপুরে ও অন্য২ স্থানে থাকা ওলন্দেজের

কুঠী যেং জিলা ও শহরের মধ্যে আছে তাহা সেইং জিলা কি শহরের আদালতের অধীন করা যাইবার কথা।

হইবেক এবং পল্‌তা ও বালেশ্বরের কুঠী ও তৎসম্পর্কীয় ভূমি স্থানানুসারে জিলা চব্বিশ পরগনা ও জিলা কটকের অধিকারের শামিল হইবেক ও ওলন্দেজের যে কুঠী ও তৎসম্পর্কীয় ভূমি শহর পাটনাতে ছিল তাহা শহর পাটনার অধিকারের শমিল হইবেক ইতি।

৩ ধারা।

চলিত আইনানুসারে উপরের উক্ত শহর ও স্থানে দেওয়ানী ও ফৌজদারী ন্যায়ের ও রাজস্ব তহসীলের কার্য্যনির্ব্বাহ করা যাইবার কথা।

সুবে বাঙ্গালা ও বেহার ও উড়িস্যার মধ্যে দেওয়ানী ও ফৌজদারী ন্যায় ও পোলীসের কর্ম্মনির্ব্বাহকরণের নিমিত্তে এবং ভূমির মালগুজারী ও দ্রব্যের মাসুল ও আবকারীর ও ইষ্টাম্পকাগজের মাসুল তহসীল করিবার নিমিত্তে যেং হুকুম চলিত আছে এবং কটক জিলার নিমিত্তে নির্দ্দিষ্টহওয়া বিশেষ হুকুমব্যতিরিক্ত উপরের লিখিত তিন সুবার সমুদয় কর্ম্মনির্ব্বাহের বিষয়ে সামান্যতঃ যে সকল আইন প্রবল আছে সেই সকল আইন এই আইনের লিখিত নিয়মানুসারে উপরের ধারার বিশেষিয়া লিখিত শহর ও ভূম্যাদির মধ্যে এই আইন জারীহওনের তারিখহইতে সম্পূর্ণরূপে প্রবল ও সফল হইবেক ইতি।

৪ ধারা।

চুঁচড়ায় করা নিষ্পত্তির উপর বাতাবিয়ার আদালতে হওয়া আপীলের যে মোকদ্দমার নিষ্পত্তি না হইয়া থাকে তাহার নিষ্পত্তি করা যাওনের মতের কথা।

১ প্রথম প্রকরণ।— শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলেতে এমত ক্ষমতা আছে যে শহর চুঁচড়ার ইউরোপীয় দেওয়ানী আদালতের করা নিষ্পত্তির উপর ওলন্দেজের বাতাবিয়ার উচ্চতর আদালতে চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে যেং আপীল হইয়া এপর্য্যন্ত তাহার নিষ্পত্তি হয় নাহি তাহা সদর দেওয়ানী আদালতে সমর্পণ করেন এবং ঐ আদালতের সাহেবেরা ঐং আপীলের বিষয় শুনিতে ও নিষ্পত্তি করিতে এই ধারাক্রমে ক্ষমতাপ্রাপ্ত হইলেন ইতি।

ঐ শহর ইঙ্গলণ্ডীয় আধিপত্যভুক্তহওনের পূর্ব্বে নিষ্পত্তিহওয়া অন্য কোনং মোকদ্দমার আপীল সদর দেওয়ানী আদালতে গ্রাহ্য হইবার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।—সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের এ ক্ষমতাও আছে যে চুঁচড়ার ইউরোপীয় আদালতে যে সকল দেওয়ানী মোকদ্দমা ঐ শহর ব্রিটনীয় আধিপত্যভুক্ত হইবার পূর্ব্বে নিষ্পত্তি হইয়া তাহা বাতাবিয়ার উচ্চতর আদালতে আপীলের যোগ্য হইয়াও তাহার আপীলের দরখাস্ত দাখিল না হইয়াছে কি দাখিল হইয়া তাহার কাগজপত্র বাতাবিয়ার আদালতে না পাঠান গিয়াছে ঐ সকল আপীল গ্রাহ্য ও তাহার নিষ্পত্তি করেন্ কিন্তু ইহাও জানান যাইতেছে যে ঐ শহর ইঙ্গরেজ বাহাদুরের সরকারের অধিকারভুক্তহওনের পূর্ব্বে যে সকল আপীলের দরখাস্ত উপস্থিত ও গ্রাহ্য হয় নাহি ঐ আপীলের দরখাস্ত দিতে এত বিলম্বহওনের বিশিষ্ট ও উত্তম হেতু গোচর করণব্যতিরেকে সদর দেওয়ানী আদালতে গ্রাহ্য হইবেক না ইতি।

চুঁচড়ার ইউরোপীয় আ

৩ তৃতীয় প্রকরণ।— আরো হুকুম দেওয়া যাইতেছে যে চুঁচড়ার ইউরোপীয় আদালতের

তের সাহেব যেং হুকুম ও দস্তুর অনুসারে কার্য্য করিতেন ঐ হুকুম এবং দস্তুর অনুসারে সদর দেওয়ানী আদালতের সাহেবেরা এই ধারার হুকুমক্রমে হওয়া আপীলের মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি করিবেন ইতি।

দালতে যেং হুকুম ও দস্তুরমতে মোকদ্দমার নিষ্পত্তি করা যাইত সদরের সাহেবেরা তদনুসারে তাহার আপীলের নিষ্পত্তি করিবার কথা।

৪ চতুর্থ প্রকরণ।—এই ধারার ২ প্রকরণের লিখিত আপীলের কোন মোকদ্দমার বিষয় যদি ইঙ্গরেজী ১৭৯৭ সালের ১৬ আইনানুসারে যে সংখ্যার মোকদ্দমার আপীল শ্রীল শ্রীইঙ্গলণ্ডের সভাস্থ রাজাধিরাজের সন্নিধানে হইতে পারে সেই সংখ্যায় অর্থাৎ ৪৩১০৩ তেতাল্লিশ হাজার একশত তিন টাকার অধিক না হয় তবে সদর দেওয়ানী আদালতের সাহেবেরা কলিকাতার মফঃসল আদালতের সাহেবদিগকে এই ধারার ৩ প্রকরণের হুকুমানুসারে ঐ মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি করিতে হুকুম দিতে ক্ষমতা রাখিবেন এবং দ্বিতীয় কি খাস আপীলের বিষয়ে যেং হুকুম চলন আছে ঐং হুকুমানুসারে ঐ মোকদ্দমা সদর দেওয়ানী আদালতে খাস আপীলহওনের যোগ্য না হইলে তাহাতে ঐ মফঃসল আপীল আদালতের নিষ্পত্তিই চূড়ান্ত হইবেক ইতি।

সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের দ্বারা কলিকাতার মফঃসল আপীল আদালতে নিষ্পত্যর্থে মোকদ্দমা সমর্পণীয় হইবার কথা।

৫ পঞ্চম প্রকরণ।— এই আইন জারীহওনের পরে যে সকল দেওয়ানী মোকদ্দমার নিষ্পত্তি হইবেক তাহার সহিত মফঃসল আপীল আদালতে এবং সদর দেওয়ানী আদালতে আপীলহওনের বিষয়ে যেং সাধারণ হুকুম চলন আছে সেইং হুকুম এবং প্রথম নিষ্পত্তি আদালতের কোন রেজিষ্টরসাহেবের কি সদর আমীনের কি মুনসেফের নিকটে করা গিয়া থাকিলে যেং হুকুমমত তাহার উপর জিলা কি শহরের আদালতে আপীল হইতে পারে সেং হুকুমও সম্পর্ক রাখিবেক ইতি।

এই আইনজারীর পূর্ব্বে নিষ্পত্তিপাওয়া দেওয়ানী মোকদ্দমার আপীল যে রূপে হইবেক তাহার কথা।

## ৫ ধারা।

সমস্ত দেওয়ানী আদালতের সাহেবদিগকে হুকুম করা যাইতেছে যে কোন দাওয়া কি নালিশের মোকদ্দমা পূর্ব্বের কোন ডিক্রী কি কোন আদালতের রোয়দাদের দৃষ্টে পূর্ব্বে কোন জজের কি উপযুক্ত ব্যক্তি বিশিষ্ট কোন আদালতের সুপরিণ্টেণ্ডেণ্টের নিকটে চূড়ান্তরূপে শুনা গিয়াছে ও নিষ্পত্তি পাইয়াছে জানা গেলে সে দাওয়া কি নালিশ গ্রাহ্য না করেন ও পূর্ব্বের আদালতের শক্তির বিষয়ে যদি কোন সন্দেহ জন্মে তবে তাহার রিপোর্ট শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে হুকুমের নিমিত্তে পাঠান যাইবেক এবং ঐ বিষয়ে তাঁহার দেওয়া হুকুম চূড়ান্ত হইবেক ইতি।

দেওয়ানী আদালতের সাহেবদিগের প্রতি উপযুক্ত আদালতে পূর্ব্বে নিষ্পত্তিপাওয়া মোকদ্দমার দাওয়া কি নালিশ গ্রাহ্য না করিতে হুকুম নাহওনের কথা।

## ৬ ধারা।

ইষ্টাম্পকাগজে লিখিত কি তদ্ভিন্ন অন্য কাগজে লিখিত যে কোন নামেতে খ্যাত যে সকল কাগজপত্রে ওলন্দেজের আইনানুসারে কি এই আইন জারীহওনের পূর্ব্বে ঐং

উপযুক্তরূপে দস্তখৎআদিকরা কাগজপত্র দেও



স্থানের

যানী আদালতে সাক্ষিস্বরূপ গ্রাহ্য হইবার কথা।

স্থানের চলিত দস্তুরঅনুসারে দস্তখৎআদি হইয়া থাকে সে সকল কাগজপত্র প্রবল বটে ইহা এই ধারার লিখনক্রমে জানা যাইতেছে এবং ঐ সকল কাগজপত্র প্রমাণার্থে গ্রাহ্য করিতে সকল আদালতের সাহেবদিগেরে ক্ষমতা ও হুকুম দেওয়া যাইতেছে এবং আদালতের যে কোন বিষয়ে ঐ কোন কাগজপত্র সাক্ষিস্বরূপে বোধ হয় সেই বিষয়েতে আদালতের সাহেবেরা ঐ কাগজপত্র যে আইন ও দস্তুর অনুসারে করা ও তাহাতেদস্তখৎআদি হইয়া থাকে তাহার প্রতি দৃষ্টি রাখিয়া সেই বিষয়েতে কার্য্য করিবেন ইতি।

৭ ধারা।

উত্তরাধিকারিত্ব ও পৈতৃকাধিকারিত্ব ও বিবাহ ও বিশেষ নিয়মের বিষয়ের দেওয়ানী মোকদ্দমার নিষ্পত্তি বিবাদির সম্বন্ধীয় আইন ও দস্তুর অনুসারে হইবার কথা।

উত্তরাধিকারিত্বের ও পৈতৃকাধিকারিত্বের ও বিবাহের ও বিশেষ নিয়মের বিষয়ের যে সকল দেওয়ানী মোকদ্দমার বিবাদিরা ইউরোপীয় অথচ পূর্ব্বে নেদরলণ্ডের আধিপত্যের কর্ম্মকর্ত্তাদিগের অধীন ছিলেন তাঁহারা কি তাঁহারদিগের সন্তানেরা হন্ সে সকল মোকদ্দমার এবং সামান্যতঃ যে সকল মোকদ্দমাতে বিবাদিরা ইউরোপীয় কি অন্য কোন বিদেশী কি তাঁহারদিগের বংশজাত হন্ সেসকল মোকদ্দমারো নিষ্পত্তিকরণেতে উত্তরাধিকারিত্ব ও পৈতৃকাধিকারিত্ব ও বিবাহ ও জাত্যংশের ও সকল ধর্ম্মের ক্রিয়া ও ব্যবস্থার বিষয়ের মোকদ্দমার নিষ্পত্তি জজসাহেবদিগের যে মূলবিধির অনুসারে কর্ত্তব্য তাহা মুসলমানেরদিগের বিষয়ে মুসলমানের শরার হুকুম ও হিন্দুদিগের বিষয়ে হিন্দুর ধর্ম্মশাস্ত্রের বিধিই জানা যাইবেক এতদ্বোধক ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৪ আইনের ১৫ ধারার লিখিত হুকুমের তাৎপর্য্যানুসারে আদালতের সাহেবেরা যথাসাধ্য কার্য্য করিবেন ইতি।

৮ ধারা।

এই আইন জারীর পূর্ব্বে করা অপরাধের শাস্তি যেরূপ হইবেক তাহার কথা।

এই আইন জারীহওনের পূর্ব্বে করা সকল অপরাধের মোকদ্দমায় যদি ইহা বোধ হয় যে এই আইনের নিরূপিত শাস্তি এই আইনের লিখিত শহর এবং স্থান যে সময়ে বৃটিনীয় আধিপত্যভুক্ত হইলে তাহার পূর্ব্বে চলিত থাকা আইনানুসারে ঐ অপরাধের নিরূপিত শাস্তিহইতে উৎকট তবে ঐ অপরাধির যে শাস্তির হুকুম দেওয়া যাইবেক তাহা ঐ শহর ও স্থান বৃটিনীয় আধিপত্যভুক্তহওনের সময়ে যেং আইন চলিত ছিল তদনুসারে হইবেক ইতি।

৯ ধারা।

ডচ লা আফিসর কি ফিস্কাল নিযুক্তহওনের ও তাঁহার কর্ত্তব্য কার্য্যের কথা।

১ প্রথম প্রকরণ।— জিলা হুগলীর জজসাহেবের অধীন কার্য্যকারকদিগের মধ্যে ডচ লা আফিসর কি ফিস্কাল অর্থাৎ আদালতসম্পর্কীয় ওলন্দেজ কার্য্যকারক শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হুজুর কৌন্সেলের হুকুমে নিযুক্ত হইবেন এবং তাঁহার



কর্ত্তব্য

কর্ত্তব্য কার্য্য এই যে শহর চুঁচুড়াতে ও পূর্ব্বে তাহার শামিলথাকা সকল স্থানে যেং আইন ও দস্তুর চলিত ছিল দেওয়ানী কি ফৌজদারী আদালতের সাহেবের নিকটহইতে যে সকল বিষয় তাঁহার নিকটে পাঠান যায় সেই সকল বিষয়ে ঐং আইন ও দস্তুরের তাৎপর্য্য জানান্ ইতি।

ফিস্কালসাহেব ওলন্দেজী ভাষার সকল কাগজপত্রের তরজমা করিয়া দিবার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— ঐ ফিস্কালের আরো কর্ত্তব্য কার্য্য এই যে ওলন্দেজী ভাষাতে দাখিলহওয়া সকল কাগজপত্রের তরজমা করিয়া দেন ও ঐং আদালতের সাহেবদিগের নিকটে তাহার প্রকৃত অর্থ জানান এবং অন্য যে কর্ত্তব্য কার্য্য করিতে তাঁহাকে ঐ স্থানের জজ কি মাজিস্ট্রেটসাহেব হুকুম দেন তাহা করেন্ ইতি।

ফিস্কালসাহেবের লিখিত মত মোকদ্দমার রোয়দাদের মধ্যে রাখা যাইবার কথা।

তৃতীয় প্রকরণ।— আরো হুকুম দেওয়া যাইতেছে যে যে বিশেষ আইন কি দস্তুর কি ব্যবহারের দৃষ্টে ঐ আদালতের সাহেবের নিকটহইতে কোন মোকদ্দমাতে চূড়ান্ত হুকুম দেওয়া গিয়া থাকে সেই মোকদ্দমার ডিক্রী কি নিষ্পত্তিপত্র কি হুকুমনামাতে বিশেষরূপে সেই আইন কি দস্তুর কি ব্যবহারের কথা কিম্বা তাহার প্রস্তাব লেখা যাইবেক এবং ফিস্কালসাহেবের লিখিত মত ঐ ডিক্রীইত্যাদির সঙ্গে গাঁথা থাকিবেক ও সর্ব্বদা ঐ মোকদ্দমার রোয়দাদের কাগজপত্রের সহিত রাখা যাইবেক ইতি।

ফিস্কালসাহেব দেওয়ানী ও ফৌজদারী শক্তিবিশিষ্ট সদর আমীন হইবার কথা।

৪ চতুর্থ প্রকরণ।— আরো হুকুম করা যাইতেছে যে ঐ ফিস্কাল কি ডচ লা আফিসর আপন পদক্রমে সদর আমীন জ্ঞান করা যাইবেন এবং ইঙ্গরেজী ১৮২১ সালের ২ ও ৩ আইনের দ্বারা আদালতের ঐ প্রকার কার্য্যকারকদিগকে যে ক্ষমতার্পণ করা গিয়াছে চুচড়া শহরের মধ্যে সম্পূর্ণরূপে ঐ ক্ষমতাপ্রাপ্ত হইবেন ও ঐ সাহেব ঐ পদস্থহওনেতে যে কোন দেওয়ানী কি ফৌজদারী মোকদ্দমা জিলার জজ কি মাজিস্ট্রেটসাহেবের নিকটহইতে তাহার নিকটে সদর আমীনের মতে সমর্পণ করা যায় তাহার বিচার ও নিষ্পত্তি করণেতে আপন পদের কার্য্য করিবেন এবং ঐং মোকদ্দমার বিচার ও নিষ্পত্তিকরণে সদর আমীনদিগের কার্য্যোপদেশের নিমিত্তে যে সকল হুকুম ও নিয়ম নির্দ্দিষ্ট আছে তদনুসারে কার্য্য করিবেন ইতি।

১০ ধারা।

চুঁচড়ার বিষয়ে ইঙ্গরেজী ১৮২০ সালের ২ আইনের কোনং কথা রদহওনের কথা।

ইঙ্গরেজী ১৮২০ সালের ২ আইনের যেং কথা চুঁচড়া শহরের সহিত সম্পর্ক রাখে তাহা এই ধারাক্রমে রদ হইল ইতি।



সমাপ্তঃ।

A True Translation,
W. CAREY,
*Bengalee Translator of Regulations.*

# ইঙ্গরেজী ১৮২৫ সাল ১৯ উনবিংশতি আইন।

সুবে বাঙ্গালার নাজিম শ্রীযুত নওয়াব সাহেব বাহাদুরের মোকদ্দমাসকল যেরূপে দেওয়ানী আদালতে উপস্থিত করা যাইবেক এবং তাঁহার প্রতি যেরূপে মোকদ্দমা উপস্থিত করা যাইবেক তাহা নিরূপণ করিবার নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৫ সালের তারিখ ২৯ সেপ্তেম্বর মোতাবেকে বাঙ্গলা ১২৩২ সালের ১৫ আশ্বিন মওয়াফেকে ফসলী ১২৩৩ সালের ২ আশ্বিন মোতাবেকে বিলায়তী ১২৩৩ সালের ১৬ আশ্বিন মওয়াফেকে সম্বৎ ১৮৮২ সালের ২ আশ্বিন মোতাবেকে হিজরী ১২৪০ সালের ১৫ সফরে জারী করিলেন ইতি।

যেহেতুক চলিত আইনেতে শ্রীযুত নওয়াব নাজিম বাহাদুরের স্বত্বাধিকারের দাওয়ার মোকদ্দমাসকল দেওয়ানী আদালতে উপস্থিত করা যাওনের ও তাহার সওয়ালজওয়াব করণের বিষয়ে যথোপযুক্ত কোন দাঁড়া নির্দ্দিষ্ট হয় নাহি অতএব শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলহইতে নীচের লিখিতব্য হুকুমসকল নির্দ্দিষ্ট হইল এবং তাহা এই আইন জারীহওনের তারিখঅবধি প্রবল হইবেক ইতি।

হেতুবাদ।

## ২ ধারা।

শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর শহর মুরশিদাবাদস্থ এজেণ্টসাহেবের কিম্বা যে কোন নামেতে খ্যাত অন্য যে কার্য্যকারক সাহেব শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের তরফহইতে নিজামতের তৎকালীন কার্য্যের অধ্যক্ষতা করেন্ তাঁহারো ক্ষমতা আছে যে আপনি যেরূপে বিহিত বুঝেন্ সেই রূপে বাঙ্গালার নাজিম শ্রীযুত নওয়াব সাহেব বাহাদুরের তরফহইতে তাহার মোকদ্দমাসকল দেওয়ানী আদালতে উপস্থিত করেন্ এবং তাহার সওয়াল ও জওয়াবআদি কার্য্য করান্ ইতি।

শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের মুরশিদাবাদস্থ এজেণ্ট সাহেব শ্রীযুত নওয়াব নাজিম বাহাদুরের তরফহইতে দেওয়ানী আদালতে মোকদ্দমাসকল উপস্থিত করিবার ও তিনি তাহার জওয়াব দিবার কথা।

## ৩ ধারা।

ঐ প্রকারে যদি বাঙ্গালার নাজিম শ্রীযুত নওয়াব সাহেব বাহাদুরের নামে কোন দেওয়ানী আদালতে কোন মোকদ্দমা উপস্থিত করা যায় তবে শ্রীযুত নওয়াব গবর্নর্ জেন

শ্রীযুত নওয়াব নাজিম বাহাদুরের নামে কোন

মোকদ্দমা উপস্থিত হই লে তাহার সম্বাদপত্র এ জেণ্টসাহেবের প্রতি জা রী হইবার কথা।

রল বাহাদুরের এজেণ্টসাহেবের নিকটে কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক সাহেবের নি কটে তদর্থে সামান্য এক সম্বাদপত্র পাঠান যাইবেক এবং ঐ সাহেব শ্রীযুত নওয়াব না জিম বাহাদুরের তরফহইতে সে মোকদ্দমার জওয়াবআদি দিবেন ইতি।

৪ ধারা।

শ্রীযুত নওয়াব নাজিম বাহাদুর ও সরকারের এ জেণ্টসাহেব জামিন দেও ন ও বস্তু ক্রোকে হুকুম হইতে বহির্ভূত হওনের কথা।

ঐ প্রকার মোকদ্দমা হই লে দেওয়ানী আদালতের হুকুম ও ডিক্রীজারী করা যাওনের মতের কথা।

সর্ব্বদা উচিত যে কোন প্রকারে শ্রীযুত নওয়াব নাজিম বাহাদুর কি শ্রীযুত নওয়াব গবর্ নর্ জেনরল বাহাদুরের এজেণ্টসাহেব কি পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক সাহেবের স্থানে কোন মোকদ্দমাতে জামিনী তলব না করা যায় ও তাঁহারদিগের কাহারু বস্তু ক্রোকের হুকুম জারী করা না যায় কিন্তু যদি আদালতহইতে কোন খরচা কি ক্ষতিপূরণ কি অন্য কোন টাকা দিবার কিম্বা ভূমি ছাড়িয়া দিবার অর্থে হুকুম হয় ও তাহা ঐ এজেণ্টসাহে বের উপর জারীকরণের পরে ঐ কার্য্য করিতে অনুচিত বিলম্ব হয় তবে আদালতের সা হেবদিগের এমত ক্ষমতা থাকিবেক যে ঐ হুকুম কি ডিক্রীর নকল ও তরজমা সরকারের পারসী সিরিশ্তার সেক্রেটারিসাহেবের নিকটে পাঠান্ ও তাহা হইলে শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলহইতে ঐ টাকাআদি দেওয়া যাইবার বিষয়ে যেং হুকুমকরা উচিত তাহা করিবেন ইতি।



সমাপ্তঃ।

A True Translation.

W. CAREY,

*Bengalee Translator of Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৫ সাল ২০ বিংশতি আইন।

অল্প দিনের হওয়া আক্ট পার্লিমেণ্টের দ্বারা নিরূপণকরা সৈন্যসম্পর্কীয় কোর্ট মার্স্যল এবং কোর্ট রিক্কেষ্টের ক্ষমতার সীমানিরূপণের এবং তদনুসারে চলিত আইনের কোন২ অংশ শুধরণের নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৫ সালের তারিখ ৩ নবেম্বর মোতাবেকে বাঙ্গলা ১২৩২ সালের ১৯ কার্ত্তিক মওয়াফেকে ফসলী ১২৩৩ সালের ৮ কার্ত্তিক মোতাবেকে বিলায়তী ১২৩৩ সালের ২০ কার্ত্তিক মওয়াফেকে সম্বৎ ১৮৮২ সালের ৭ কার্ত্তিক মোতাবেকে হিজরী ১২৪১ সালের ২১ রবীঅল্ আউওলে জারী করিলেন ইতি।

হেতুবাদ।

ইষ্টইণ্ডিয়া কোম্পানির অধীন সেনাপতি সাহেবদিগের ও সেনাদিগের সরকারের হুকুমের প্রতিকূলাচরণের ও কর্ম্ম ছাড়িয়া পলায়নকরণের শাস্তি দিবার নিমিত্তে নিরূপিত আইনসকল সংগ্রহ করিবার এবং শুধরিবার বিধি ইতিখ্যাত ইঙ্গলণ্ডের রাজাধিরাজ শ্রীল শ্রীচতুর্থ জর্জের অধিকারের চতুর্থ বৎসরে করা আক্ট পার্লিমেণ্টের দ্বারা এই বিধান করা গেল যে খুন কি বলাৎকার কি ডাকাইতী কি চুরীইত্যাদি অন্য২ অপরাধের ক্রিয়া ফোর্টউলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর অধীনভিন্ন অন্য দেশে কি তাহার মধ্যগত দেশ হইলেও ঐ রাজধানীহইতে এক শত কুড়ি মাইলের অধিক অন্তরে ইউরোপীয় অথচ বৃটনীয় প্রজা যেং সাহেবেরা কোন প্রকার সেনাপতি কি সেনা কিম্বা সৈন্যসম্পর্কীয় অন্য কোন জন হউন তাঁহারা করণের অপবাদগ্রস্ত হইলে তাঁহারদিগের মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি কোর্ট মার্স্যলেতে করা যায় এবং কলিকাতার কোর্ট রিক্কেষ্টের সরহদ্দের বহির্ভূত স্থানে ঐ আক্টপার্লিমেণ্টের তাবে সনদী কি বেসনদী কোন সেনাপতি কি সেনাসম্পর্কীয় অন্য কোন জনের প্রতি ৪০০৲ চারি শত টাকার অধিক না হয় এমত নগদের কি বস্তুর মূল্যের যে দাওয়া উপস্থিত থাকে তাহার বিচার ও নিষ্পত্তির নিমিত্তে ঐ আক্ট পার্লিমেণ্টের হুকুমানুসারে নিরূপিত সৈন্যসম্পর্কীয় কোর্ট রিক্কেষ্টের সাহেবদিগকে ক্ষমতার্পণ করা যায় অতএব অপরাধের অপবাদগ্রস্ত বৃটনীয় প্রজাদিগকে ধরণ ও তাহারদিগের মোকদ্দমার বিচার ও নিষ্পত্তিকরণের এবং তাহারদের ক্ষুদ্র অপরাধের ও দেনার মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি সেনাসম্পর্কীয় আদালতে হইবার বিষয়ে চলিত আইনের যেং কথা সম্পর্ক রাখে তাহার কোন২ কথা রদকরণ ও শুধরণের আবশ্যক হইল একারণ নীচের লিখিতব্য হুকুমসকল নির্দ্দিষ্ট হইল এবং এই আইন জারী

জারীহওনের তারিখঅবধি ঐ সকল হুকুম কলিকাতা রাজধানীর তাবে সমস্ত দেশে প্রবল হইবেক ইতি।

২ ধারা।

কোন সরহদ্দের মধ্যে থানা সৈন্যসম্পর্কীয় অথচ ব্রিটনীয় কোন প্রজা অপরাধের অপবাদগ্রস্ত কোন মাজিষ্ট্রেট্‌সাহেবের দ্বারা ধরা পড়িলে ঐ জন আপনকোরের হুকুমদাতা সাহেবের নিকটে সমর্পণ করা যাইবার কথা।

১ প্রথম প্রকরণ।— ইঙ্গরেজী ১৭৯৬ সালের ২ আইনের এবং ১৮০৩ সালের ৬ আইনের ১৯ ধারার এবং ১৮০৬ সালের ১৫ আইনের লিখিত হুকুম শুধরিবার নিমিত্তে এই ধারাক্রমে হুকুম দেওয়া যাইতেছে যে খুন কি বলাৎকার কি ডাকাইতী কি চুরীইত্যাদি অন্য অপরাধের অপবাদগ্রস্ত হইয়া কোন ইউরোপীয় অথচ ব্রিটনীয় প্রজা ধরা গিয়া কোন মাজিষ্ট্রেট্‌সাহেবের নিকটে আনা গেলে পরে যদি ইহা জানা যায় যে ঐ প্রজা ঐ অপরাধকরণের সময়ে ইঙ্গলণ্ডের রাজাধিরাজের কি ইষ্টইণ্ডিয়া কোম্পানি বাহাদুরের সরকারের সনদী কি বেসনদী কোন প্রকার সেনাপতি কিম্বা ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর অধীনভিন্ন অন্য দেশে কি ঐ রাজধানীর অধীন হইলেও তথাহইতে এক শত বিশ মাইলের অধিক অন্তরে কোন স্থানে ঐ২ সৈন্যসমূহসম্পর্কীয় কোন সেনা ছিল কিম্বা যে সময়ে ঐ অপরাধ করা গেল সে সময়ে ইঙ্গলণ্ডের রাজাধিরাজ শ্রীল শ্রীচতুর্থ জর্জের অধিকারের চতুর্থ বৎসরে করা বিধির ৮১ পর্ব্বের ৪৫ ও ৭০ ধারাতে বিশেষ করিয়া লিখিত ঐ২ সৈন্যসমূহসম্পর্কীয় কোন পদস্থ জন ছিল তবে যে মাজিষ্ট্রেট্‌সাহেবের দ্বারা ঐ প্রকার অপবাদগ্রস্ত জন ধরা যায় সেই মাজিষ্ট্রেট্‌সাহেবের কর্ত্তব্য যে ঐ উপরের লিখিত আইনেতে ঐ২ বিষয়েতে যে২ হুকুম লেখা গিয়াছে ঐ২ হুকুমানুসারে ঐ অপরাধের প্রমাণ না শুনিয়া বরং ঐ অপবাদগ্রস্ত লোক ও তাহার উপর যে২ অপবাদ হইয়া থাকে তাহার কাগজসুদ্ধা ঐ অপবাদগ্রস্ত লোক যে রেজিমেণ্ট কি কোর কি ডিটাচমেণ্টের মধ্যগত হয় তাহার সরদার সাহেবের নিকটে কি অতিনিকটবর্ত্তি সৈন্যসমূহসম্পর্কীয় যে থানা থাকে সেই থানার সরদার সাহেবের নিকটে উপরের উক্ত আক্‌ট পার্লিমেণ্টের হুকুমানুসারে তাহার মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি কোর্ট মার্শ্যলেতে হইবার নিমিত্তে পাঠান্ ইতি।

মাজিষ্ট্রেট্‌সাহেব হুকুমদাতা সাহেবের পত্র পাইয়া অপরাধের অপবাদগ্রস্ত যে লোকদিগের মোকদ্দমা কোর্ট মার্শ্যলের বিচারযোগ্য হয় ঐ সকল লোককে ধরিবার সহায়তা করিবার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— আরো প্রত্যেক মাজিষ্ট্রেট্‌সাহেবের ইহা কর্ত্তব্য যে উপরের প্রকরণের বিশেষ করিয়া লিখিত কোন স্থানে স্থাপিত কি কর্ম্মে নিযুক্ত কোন রেজিমেণ্ট কি কোর কি ডিটাচ্‌মেণ্টের হুকুমদাতা সেনাপতি সাহেবের লিখন পাইলে ঐ কোন ব্রিটনীয় সনদী কি বেসনদী সেনাপতি কি সেনা কিম্বা তাহার বেওরা করিয়া লিখিত যে কোন জন খুন কি বলাৎকার কি ডাকাইতী কি চুরীইত্যাদি অন্য কোন অপরাধের অপবাদগ্রস্ত হয় তাহাকে ধরিবার কারণ আপনার যথাশক্তি যত্ন করিবেন এবং ঐ অপবাদগ্রস্ত জনের দিগ্‌কে ধরিবার নিমিত্তে আপনি এবং আপনার তাবে সকল লোকের দ্বারা সহকারিতা করিবেন ইতি।

মাজিষ্ট্রেট্‌সাহেব পত্র

৩ তৃতীয় প্রকরণ।— এই প্রকরণক্রমে জানান যাইতেছে যে জজ আড্‌বোকেট্ জেনরলের

লের কি ডেপুটি জজ আডবোকেটের কিম্বা ঐ আক্‌ট পার্লিমেণ্টের হুকুমানুসারে কোন কোর্ট মার্স্যলে অপরাধের মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি করিবার নিমিত্তে নিযুক্ত অন্য জনের এ ক্ষমতা আছে যে ঐ কোর্ট মার্স্যলেতে যেং লোকদিগের হাজির হইবার আবশ্যক হয় তাহারদিগের নিবাস যে জিলা কি শহরে হয় সেই জিলা কি শহরের মাজিষ্ট্রেট্‌সাহেবের নিকটে ঐং লোকদিগের হাজির হইবার অর্থে কোন পরওয়ানা কি তলবচিঠী কি অন্য পত্র পাঠান্ এবং যে মাজিষ্ট্রেট্‌সাহেবের নিকটে ঐ পরওয়ানাআদি পাঠান যায় তাঁহার কর্ত্তব্য যে ঐ পরওয়ানাইত্যাদি উপযুক্তরূপে জারী হইবার বিষয়ে আপনি ও আপন আমলার দ্বারা সহকারিতা করেন্ এবং সামান্যতঃ ঐ প্রকার কোর্ট মার্স্যলহইতে যে সকল হুকুমনামা বাহির হয় তাহা জারীকরণেতে সহায়তা করেন ইতি।

পাইলে সাক্ষিদিগকে কোর্ট মার্স্যলে হাজির করাইবার হুকুমের কথা।

৪ চতুর্থ প্রকরণ।—জিলা ও শহরের মাজিষ্ট্রেট্‌সাহেবদিগকে এই ধারার দ্বারা নিষেধ করা যাইতেছে যে বৃটনীয় যে কোন সনদী কি বেসনদী সেনাপতির কি সেনার কি সৈন্যসম্পর্কীয় অন্য কোন জনের মোকদ্দমার বিচার ঐ আক্‌ট পার্লিমেণ্টের হুকুমানুসারে উপযুক্তরূপে কোন কোর্ট মার্স্যলে হইয়া ঐ জন খালাসী পায় কিম্বা তাহার অপরাধ প্রমাণ হয় এমন কোন জনের উপর ইঙ্গলণ্ডের রাজাধিরাজ শ্রীল শ্রীচতুর্থ জর্জের অধিকারের চতুর্থ বৎসরে করা আক্‌ট পার্লিমেণ্টের ৮১ পর্ব্বের ২ ধারার লিখিত কোন অপরাধের নালিশ তাঁহার নিকটে উপস্থিত হইলে তাহা গ্রাহ্য ও তাহার বিবেচনা না করেন্ কিন্তু ইহাও হুকুম করা যাইতেছে যে যদি মাজিষ্ট্রেট্‌সাহেব বিবেচনাকরণের পরে ইহা জানিতে পান্ যে ঐ প্রকার অপরাধের অপবাদগ্রস্ত যে কোন লোকের মোকদ্দমার বিচার কোর্ট মার্স্যলে হওয়া উচিত তাহার মোকদ্দমার বিচার কোন কোর্ট মার্স্যলে হয় নাহি ও তাহা হইবার কোন উপযুক্ত উদ্যোগও হয় নাহি তবে মাজিষ্ট্রেট্‌সাহেবের কর্ত্তব্য যে শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের জ্ঞাপন ও হুকুমহওনার্থে তাহার বেওরা লিখিয়া পাঠান্ এবং যদি ঐ শ্রীযুতের উপযুক্ত বোধ হয় তবে ঐ মোকদ্দমার বিচার আদালতের সাধারণ দাঁড়ামতে করিবার হুকুম দিবেন এবং মাজিষ্ট্রেট্‌সাহেব এ প্রকার ক্ষমতা পাইলে চলিত আইনের হুকুমমতে ঐ প্রকার মোকদ্দমার বিচার করিতে পারিবেন ইতি।

কোনং সরহদ্দের মধ্যে থাকা সৈন্যসম্পর্কীয় বৃটনীয় যে কোন প্রজা অপরাধের অপবাদগ্রস্ত হইয়া তাহার মোকদ্দমার বিচার কোর্ট মার্স্যলে হয় মাজিষ্ট্রেট্‌সাহেবেরা এমন জনের উপর ঐ অপরাধের আপত্তি করিতে নিষেধের কথা।

অপবাদগ্রস্ত কোন লোকের মোকদ্দমার বিচার কোর্ট মার্স্যলে হয় নাহি ও হইবেক না তাহা জানিতে পাইলে যে কর্ত্তব্য তাহার বিশেষ হুকুমের কথা।

৫ পঞ্চম প্রকরণ।— সর্ব্বদা ইহা মানিতে হইবেক এবং এই প্রকরণক্রমে জানানও যাইতেছে যে উপরের লিখিত প্রকরণসকলের লিখিত কোন কথার তাৎপর্য্য ইহা নহে যে জিলার মাজিষ্ট্রেট্‌সাহেবদিগের মাজিষ্ট্রেটী পদক্রমে কি ইঙ্গলণ্ডের রাজাধিরাজের জুষ্টিস পীসের পদক্রমে সৈন্যসম্পর্কীয়ভিন্ন কিম্বা কোর্ট মার্স্যলের বিচারযোগ্য নহে এমত যে বৃটনীয় প্রজারা অপরাধের অপবাদগ্রস্ত হয় তাহারদিগের প্রতি চলিত আইনানুসারে কার্য্যকরণের বাধা হইবেক ইতি।

অপরাধের অপবাদগ্রস্ত বৃটনীয় যে প্রজারা সৈন্যসম্পর্কীয় না হয় ও যাহারদের মোকদ্দমা কোর্ট মার্স্যলের বিচারযোগ্য নহে তাহারদের মোকদ্দমাতে মাজিষ্ট্রেট্‌সাহেব পূর্ব্বমত কার্য্য করিবার কথা।

৬ ষষ্ঠ প্রকরণ।— এই প্রকরণের দ্বারা আরো জানান যাইতেছে যে এই আইনের লিখিত হুকুমের যেপর্য্যন্ত কোন সনদী কি বেসনদী সেনাপতি কি সেনা কি সৈন্যসম্পর্কীয় বৃটনীয়

ফোর্ট উলিয়মে ও কলিকাতা রাজধানীহইতে

একশত বিশ মাইলের অধিক অন্তর কোন স্থানে থাকা কোন সেনার সহিত এই প্রকরণের কথা সম্পর্ক না রাখিবার কথা।

ব্রিটনীয় প্রজা অন্য জনের দ্বারা হওয়া অপরাধের সহিত সম্পর্ক রাখে তাহা ফোর্ট উলিয়ম কি বারাকপুর কি মেদিনীপুর কি দম্‌দমাতে কি ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর অধীন ঐ রাজধানীহইতে এক শত বিশ মাইল অন্তর কোন স্থানে স্থাপিত কোন সৈন্যসমূহের মধ্যগত উপরের বিবরিয়া লিখনমত কোন জনের করা অপরাধের সহিত সম্পর্ক রাখিবেক না ও তদর্থ প্রবল হইবেক না এবং ঐ সকল স্থানেতে মাজিস্ট্রেট্‌ এবং জুষ্টিস্‌ পীস সাহেবদিগেতে আইনের দ্বারা যেং ক্ষমতা ও হুকুম অর্পণ করা যায় তাহা প্রবল থাকিবেক ও সফল হইবেক ইতি।

## ৩ ধারা।

ইঙ্গরেজী ১৮১০ সালের ২০ আইনের এবং চলিত অন্য আইনের হুকুম সেনাসম্পর্কীয় ব্রিটনীয় প্রজারদের দেনার সহিত সম্পর্ক না রাখিবার কথা।

ঐ দেনার এবং অন্য মোকদ্দমার নিষ্পত্তি চতুর্থ জর্জের অধিকারের চতুর্থ বৎসরের আক্‌ট পার্লিমেণ্টের ৮১ পর্ব্বের ৫৭ ধারানুসারে হইবার কথা।

১ প্রথম প্রকরণ।— ইঙ্গরেজী ১৮১০ সালের ২০ আইনে এবং চলিত আর যে কোন আইনেতে এমত হুকুম আছে যে দুই শত টাকার অধিক নগদ দেনার ও অস্থাবর বস্তুর মূল্যের মোকদ্দমার বিচার সেনাসম্পর্কীয় আদালতে হইতে পারে ঐ হুকুম যে মোকদ্দমাতে আসামী ব্রিটনীয় প্রজা অথচ ইঙ্গলণ্ডের রাজাধিরাজ শ্রীল শ্রীচতুর্থ জর্জের অধিকারের চতুর্থ বৎসরের করা আক্‌ট পার্লিমেণ্টের ৮১ পর্ব্বের ৫৭ ধারার বিবরিয়া লিখিত এতাবতা সৈন্যসম্পর্কীয় জন হয় তাহার সহিত সম্পর্ক রাখিবেক না কেননা ঐ আক্‌ট পার্লিমেণ্টের অন্যং কথার মধ্যে ইহা নির্দ্দিষ্ট হইয়াছে যে কলিকাতা শহরের কোর্ট রিকোয়েষ্টের সরহদ্দের বাহিরে যেং স্থানেতে এক্ষণে কোম্পানি বাহাদুরের সরকারী সেনা আছে কি পরে পাঠান যাইবেক কিম্বা যে স্থানে ঐ কোম্পানি বাহাদুরের সেনাদিগের সহিত ইঙ্গলণ্ডের রাজাধিরাজের সেনারা একত্র থাকে ঐ স্থানে সনদী কি বেসনদী যে কোন সেনাপতি কি সেনা কি কোন থানা কি ছাউনিতে থাকা কোন কোর কি ডিটাচ্‌মেণ্টের সহিত দোকান রাখিতে অনুমতিপ্রাপ্ত কোন জনেরদের কিম্বা ঐ আক্‌ট পার্লিমেণ্টের হুকুমের তাবে অন্য কোন জনের কিম্বা সৈন্যের ছাউনির সরহদ্দের মধ্যের নিবাসি অন্য কোন জনের উপর উপস্থিতহওয়া নগদ দেনার ও অস্থাবর বস্তুর মূল্যের যে মোকদ্দমার দাওয়ার সংখ্যা ৪০০৲ চারি শত টাকার অধিক না হয় ও ঐ মোকদ্দমার হেতু হওন কালে আসামী উপরের বিবরিয়া লিখনমত জন ছিল এমত হয় তাহার বিচার ও নিষ্পত্তি সেনাপতিসমূহেতে সংগ্রহহওয়া কোর্ট রিকোয়েষ্টেতে হইবেক অন্য কোন স্থানে হইতে পারিবেক না ইতি।

ব্রিটনীয় প্রজারদের দেনার মোকদ্দমার বিচারের বিষয়ে পূর্ব্বের অর্পিত ক্ষমতা এইঅবধি রহিত হইবার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— ইঙ্গলণ্ডের রাজাধিরাজ তৃতীয় জর্জের অধিকারের ৫৩ বৎসরের করা আক্‌ট পার্লিমেণ্টের ১৫৫ পর্ব্বের ১০৬ ধারাতে হিন্দুস্থানীয় লোকদিগের ব্রিটনীয় প্রজাদিগের স্থানে ৫০ পঞ্চাশ টাকার অধিক না হয় এমত পাওনার মোকদ্দমার বিচার করিতে এবং আসামী ইউরোপীয় অথচ ব্রিটনীয় প্রজা সেনাপতি কি সেনা হইলে তাহার সরাসরী নিষ্পত্তি করিতে জিলার মাজিস্ট্রেটসাহেবদিগেরে যে ক্ষমতা দেওয়া গিয়াছিল তাহা চতুর্থ জর্জের অধিকারের চতুর্থ বৎসরের করা আক্‌ট পার্লিমেণ্টের ৮১ পর্ব্বের ৫৭ ধারার দ্বারা রহিত হইল ইতি।



৩ তৃতীয়

৩ তৃতীয় প্রকরণ।— ৪০০৲ চারি শত টাকার অধিক না হয় এমত নগদ দেনার কি অস্থাবর বস্তুর মূল্যের দাওয়ার মোকদ্দমাব্যতিরেকে অন্যং মোকদ্দমাতে ইউরোপীয় অথচ বৃটনীয় প্রজা সেনাপতি এবং সেনারা তৃতীয় জর্জের অধিকারের ৫৩ বৎসরের করা আকুট পার্লিমেণ্টের ১৫৫ পর্ব্বের ১০৭ ধারার হুকুমানুসারে আপনং থাকিবার স্থানের দেওযানী আদালতের তাবে এখনো থাকিবেন ইতি।

সৈন্যসম্পর্কীয় বৃটনীয় প্রজারা চারি শত টাকার অধিক দেনার মোকদ্দমার বিষয়ে আপনং স্থানের আদালতের তাবে থাকিবার কথা।

৪ চতুর্থ প্রকরণ।—এই ধারার ১ প্রকরণের লিখিত তাৎপর্য্যের বহির্ভূত ইউরোপীয় অথচ বৃটনীয় প্রজাভিন্ন সেনাপতিরদের কি সেনাদিগের কি ইঙ্গরেজী ১৮১০ সালের ২০ আইনেতে বিশেষ করিয়া লিখিত সৈন্যসম্পর্কীয় লোকেরদের উপর নগদ দেনার কি অবস্থার বস্তুর মূল্যের মোকদ্দমার বিষয়ে ঐ ১৮১০ সালের ২০ আইনের ৩২ ধারার হুকুম এখনো প্রবল থাকিবেক ইতি।

ইঙ্গরেজী ১৮১০ সালের ২০ আইনের ২২ ধারার হুকুম যেপর্য্যন্ত এখনো প্রবল থাকিবেক তাহার কথা।

৪ ধারা।

যদি দিব্য করাইবার ক্ষমতাপ্রাপ্ত সাধারণ কোন কোর্ট মার্শ্যালে কি সৈন্যসম্পর্কীয় অন্য কোর্টে কোন সাক্ষী উপস্থিত হইয়া দিব্য করিতে অসম্মত হয় এবং ঐ কোর্টের সাহেবেরদের ঐ সাক্ষির সাক্ষ্য লওয়া আবশ্যক বোধ হয় এবং তাহার দিব্য না করণের কোন উপযুক্ত হেতু নাহি এমত বোধ হয় তবে জজ আডবোকেট্‌ জেনরল কিম্বা ঐ কোর্টের কর্ম্মকারি অন্য সাহেবের এ ক্ষমতা আছে যে ঐ সাক্ষিকে ঐ বিষয়ের লিখিত বেওরাসুদ্ধা যে জিলা কি শহরের মধ্যে ঐ কোর্টের বৈঠক হয় সেই জিলা কি শহরের মাজিষ্ট্রেট্‌সাহেবের নিকটে পাঠাইয়া দেন্‌ এবং এই প্রকরণের দ্বারা ঐ মাজিষ্ট্রেটসাহেবকে কি জাইণ্টমাজিষ্ট্রেট্‌সাহেবকে হুকুম দেওয়া যাইতেছে যে ইঙ্গরেজী ১৮০৩ সালের ৫০ আইনের হুকুমানুসারে ঐ সাক্ষিকে দিব্য করাণ উচিত বটে কি না ইহা আপন হৃৎপ্রত্যযজনক জিজ্ঞাসাদি করিবেন যদি মাজিষ্ট্রেট্‌ কি জাইণ্টমাজিষ্ট্রেটসাহেবের ইহা হৃদ্বোধ হয় যে ঐ সাক্ষিকে নিরূপিত দিব্য করাণ ক্ষমাকরণের কোন উপযুক্ত হেতু নাহি তবে ঐ সাক্ষী তাঁহার নিজ আদালতে দিব্য করিয়া সাক্ষ্য দিতে অসম্মত হইলে যেমন করিতেন সেই মত করিবেন আর যদি তাঁহার ইহা বোধ হয় যে ঐ সাক্ষিকে জোর করিয়া দিব্য করাণ উপযুক্ত নহে তবে তাহা ঐ জজ আড্‌বোকেট্‌ জেনরল সাহেবকে কি উপরের লিখিত কর্ম্মকারি অন্য সাহেবকে লিখিয়া পাঠাইবেন এবং ঐ সাক্ষির উপর কোন জরীমানা কি দণ্ডের হুকুম দিবেন ইতি।

কোন সাক্ষী সৈন্যসম্পর্কীয় কোন কোর্টে দিব্য করিতে অসম্মত হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

মাজিষ্ট্রেট কি জাইণ্ট মাজিষ্ট্রেট্‌সাহেবের অনুসন্ধানের কথা।



সমাপ্তঃ।

A True Translation,

W. CAREY,

*Bengalee Translator of Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৫ সাল ২১ একবিংশতি আইন।

দেরাদূন নামেতে খ্যাত এবং চান্দনী নামে যে পরগনা পূর্ব্বে জিলা সহারণপুর ও জিলা মুরাদাবাদের শামিল ছিল তাহাও এক্ষণে কুমাউ দেশের কমিস্যনরসাহেবের কর্তৃত্ত্বের অধিকারের শামিল করিবার নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৫ সালের তারিখ ৮ দিসেম্বর মোতাবেকে বাঙ্গলা ১২৩২ সালের ২৪ অগ্রহায়ণ মওয়াফেকে ফসলী ১২৩৩ সালের ১৩ অগ্রহায়ণ মোতাবেকে বিলায়তী ১২৩৩ সালের ২৫ অগ্রহায়ণ মওয়াফেকে সম্বৎ ১৮৮২ সালের ১৪ অগ্রহায়ণ মোতাবেকে হিজরী ১২৪১ সালের ২৭ রবীয়ঃসানীতে জারী করিলেন ইতি।

ইঙ্গরেজী ১৮১৭ সালের ৪ আইনের দ্বারা দেরাদূন নামেতে খ্যাত দেশ জিলা সহারণপুরের শামিল করা গিয়াছে এবং ঐ জিলাতে যেং আইন ও হুকুম প্রবল ছিল সেইং আইন ও হুকুম তাহার কিছুং ব্যতিরেকে দেরাদূনেতে চলিত করা গিযাছে তথাকার কোনং বিষয়প্রযুক্ত ঐ দেশ এক্ষণে কুমাউ দেশের কমিস্যনরসাহেবের সরহদ্দের শামিলকরণের প্রযোজন হইল এবং এপর্য্যন্ত চান্দনী নামেতে যে পরগনার কতক জিলা সহারণপুরের ও কতক জিলা মুরাদাবাদের শামিল আছে তাহাও ঐ সরহদ্দের শামিলকরণের প্রয়োজন হইল অতএব শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে নীচের লিখিতব্য দাড়া নির্দ্দিষ্ট করিতে মনস্থ করিলেন ও তাহা এ আইন জারী হওনের তারিখহইতে প্রবল হইবেক ইতি। হেতুবাদ।

২ ধারা।

ইঙ্গরেজী ১৮১৭ সালের ৪ আইনের ২ ধারাতে এ কথা লেখা গিয়াছিল যে দেরাদূন নামেতে খ্যাত দেশ জিলা সহারণপুরের শামিল হইবেক এক্ষণে এই ধারাক্রমে ঐ ধারার ঐ কথা রদ হইল। ঐ আইনের অবশিষ্ট ধারাসকল প্রবল থাকিবেক কিন্তু এই আইন জারীহওনাবধি ও তাহার পরে দেরাদূন কুমাউ দেশের কমিস্যনরসাহেবের কর্তৃত্ত্বের সরহদ্দের শামিল থাকিবেক ইতি।

ইঙ্গরেজী ১৮১৭ সালের ৪ আইনের কোনং কথা রদহওনের এবং ইহার পরে দেরাদূন কুমাউ দেশের কমিস্যনর সাহেবের কর্তৃত্ত্বের সরহদ্দের শামিল হইবার কথা।



৩ ধারা।

৩ ধারা।

চান্দনী পরগনা ইহার পরে কুমাউ দেশের কমিস্যনরসাহেবের কর্তৃত্বতলে থাকিবার কথা।

ঐ মত চান্দনী নামে যে পরগনার কতক জিলা মুরাদাবাদের ও কতক জিলা সহারণপুরের শামিল ছিল তাহা এক্ষণে ঐ দুই জিলাহইতে বহির্ভূত হইয়া কুমাউ দেশের কমিস্যনরসাহেবের কর্তৃত্বের সরহদ্দের মধ্যগত হইল ইহা এই ধারাক্রমে জানান যাইতেছে ইতি।

৪ ধারা।

ইঙ্গরেজী ১৮১৭ সালের ১০ আইনের হুকুম দেরাদূন ও চান্দনী পরগনার সহিত সম্পর্ক রাখিবার ও আর সমস্ত আইন তথাতে অচলন হইবার কথা।

এই আইন জারীহওনাবধি ও তাহার পরে যে২ আইনের হুকুম ঐ২ আইনের লিখিত বিশেষ কথার দ্বারা এই আইনের লিখিত দেশের সহিত সম্পর্ক রাখে না সেই সকল আইনের হুকুম দেরাদূন ও চান্দনী পরগনাতে চলিবেক না এবং ইঙ্গরেজী ১৮১৭ সালের ১০ আইনের দ্বারা কুমাউ দেশের কার্য্যনির্ব্বাহের নিমিত্তে যে২ হুকুম নির্দ্দিষ্ট হইয়াছে সেই২ হুকুমের মতে তাহার মধ্যে যাহা২ ইহার পরে ঐ২ স্থানের গতিক ও প্রকারের দৃষ্টে শুধরণ ও মতান্তরকরণের প্রয়োজন হইবেক তাহার অধীনতায় ঐ২ স্থানের কার্য্যনির্ব্বাহ হইবেক ইতি।

VOL. VII. 434. সমাপ্তঃ।

A TRUE TRANSLATION,

W CAREY,

*Bengalee Translator of Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৫ সালের আইনের খোলাসার মধ্যগত স্থূল২ বিষয়।


চর ও নদীইত্যাদিছাড়া স্থান।
কানুনগোরা।
তেজারতের কুঠীর রেসিডেণ্ট।
কুমাউর কমিস্যনর।
দায়েরসায়েরী আদালত।
মাসুল ও মাসুল ফিরিয়া দেওন।
ডিক্রী জারীকরণ।
জজ ও কালেক্টর সাহেবেরা।
আদালতসম্পর্কীয় কার্য্যকারক সাহেবেরা।
লাখেরাজ ভূমিদখল।
সৈন্যসম্পর্কীয় কোর্ট মার্স্যল।
বাঙ্গালার নাজিম।
এদেশীয় আমলা।
প্রথম উপস্থিত ও আপীলের মোকদ্দমা।
মুচলকা ও জামিন।
ভূমির মালগুজারীর কর্ম্মকর্ত্তারা।
শহর চুঁচড়া ইঙ্গরেজের অধিকারভুক্ত হওন।
সিপাহীদিগের খাদ্যাদি দ্রব্যের আয়োজন।
জিলা গোরক্ষপুর।


### ঐ স্থূল বিষয়ানুগত বিষয়সকল।


| | |
|---|---|
| আপীল। | সিপাহীদিগের খাদ্যাদি দ্রব্যের আয়োজনের বিষয়ান্তর্গত। |
| আলতমগা। | কানুনগোদিগের বিষয়ান্তর্গত। |
| আয়মা। | ঐ। |
| ক্রোক্‌করণ। | ডিক্রী জারীকরণের বিষয়ান্তর্গত। |
| বারাশত। | জিলা গোরক্ষপুরের বিষয়ান্তর্গত। |
| বালেশ্বর ও খোরদা। | ঐ। |
| বোর্ড ত্রেড। | এদেশীয় আমলার বিষয়ান্তর্গত। |
| বোর্ড রেবিনিউ। | ঐ এবং মালগুজারীর কর্ম্মকর্ত্তাদিগের বিষয়ান্তর্গত। |




নৌকা

| | |
|---|---|
| নৌকা। | সিপাহীদিগের খাদ্যাদি দ্রব্যের আয়োজনের বিষয়ান্তর্গত। |
| ব্রিটনীয় প্রজারা। | সৈন্যসম্পর্কীয় কোর্ট মার্শ্যালের বিষয়ান্তর্গত। |
| বারাণস ও জয়করা দেশ। | মালগুজারীর কর্ম্মর্ত্তাদিগের বিষয়ান্তর্গত। |
| কালেক্টরসাহেবেরা। | সিপাহীদিগের খাদ্যাদি দ্রব্যের আয়োজনের এবং ডিক্রী জারীকরণের বিষয়ান্তর্গত। |
| শারীরিক শাস্তি। | দায়েরসায়েরী আদালতের বিষয়ান্তর্গত। |
| কোড়ার শাস্তি। | ঐ। |
| আদালতকে অবজ্ঞাকরণ। | ঐ। |
| চর। | চর ও নদীইত্যাদিছাড়া স্থানের বিষয়ান্তর্গত। |
| কালিকাপুর। | শহর চুঁচড়া ইঙ্গরেজের অধিকাভুক্তহওনের বিষয়ান্তর্গত |
| বাকীদারেরা। | মালগুজারীর কর্ম্মকর্ত্তাদিগের বিষয়ান্তর্গত। |
| মামুল ফিরিয়া দেওন। | মামুল ও মামুল ফিরিয়াদেওনের বিষয়ান্তর্গত। |
| জরীমানা। | প্রথম উপস্থিত ও আপীলের মোকদ্দমার বিষয়ান্তর্গত। |
| ফ্রিস্কাল। | শহর চুঁচড়া ইঙ্গরেজের অধিকারভুক্তহওনের বিষয়ান্তর্গত। |
| ফোর্ট উলিয়ম। | সৈন্যসম্পর্কীয় কোর্ট মার্শ্যালের বিষয়ান্তর্গত। |
| শ্রীযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদরের হজুর কৌন্সেল। | জজ ও কালেক্টরসাহেবদিগের এবং মালগুজারীর কর্ম্মকর্ত্তাদিগের ও লাখেরাজ ভূমিদখলের ও বাঙ্গালার নাজিমের বিষয়ান্তর্গত। |
| ভাগলপুরের পর্ব্বত ভূমি। | মালগুজারীর কর্ম্মকর্ত্তাদিগের বিষয়ান্তর্গত। |
| ইশতিহার। | ঐ। |
| দিল্লীর বাদশাহেরা। | লাখেরাজ ভূমিদখলের বিষয়ান্তর্গত। |
| খাস সরবরাহ। | মালগুজারীর কর্ম্মকর্ত্তাদিগের বিষয়ান্তর্গত। |
| লাখেরাজ ভূমি বাজেয়াপ্ত। | কানুনগোদিগের বিষয়ান্তর্গত। |
| মুচল্কা। | মুচলকা ও জামিনের বিষয়ান্তর্গত। |
| মাজিষ্ট্রেট্ ও জাইণ্টমাজিষ্ট্রেট। | ঐ। |
| মালগুজারীর ভূমি। | ডিক্রী জারীকরণের বিষয়ান্তর্গত। |
| মালিকানা। | মালগুজারীর কর্ম্মকর্ত্তাদিগের বিষয়ান্তর্গত। |
| মালগুজার। | ঐ। |
| মিনাহীদার। | কানুনগোদিগের বিষয়ান্তর্গত। |
| মদদ মাশ। | ঐ। |
| মালদহ। | জিলা গোরক্ষপুরের বিষয়ান্তর্গত। |
| মুঙ্গের। | ঐ। |
| মাজিষ্ট্রেট্সাহেবেরা। | সৈন্যসম্পর্কীয় কোর্ট মার্শ্যালের বিষয়ান্তর্গত। |
| নৌকা গমনাগমনযোগ্য নদী। | চর ও নদীইত্যাদিছাড়া স্থানের বিষয়ান্তর্গত। |
| নিজামৎ আদালত। | দায়েরসায়েরী আদালতের বিষয়ান্তর্গত। |

## ইঙ্গরেজী ১৮২৫ সালের আইনের খোলাসা।


| | |
|---|---|
| পাপর। | প্রথম উপস্থিত ও আপীলের মোকদ্দমার বিষয়ান্তর্গত। |
| পুনর্ব্বিচারার্থে দরখাস্ত। | ঐ। |
| প্রবিন্সাল কোর্ট। | জজ ও কালেক্টর সাহেবদিগের ও ডিক্রী জারীকরণের বিষয়ান্তর্গত। |
| পোলীসের কর্ম্মকর্ত্তারা। | আদালতের সমপর্কীয় কর্ম্মকর্ত্তা সাহেবদিগের বিষয়ান্তর্গত। |
| ঘোষণাকরণ। | ডিক্রী জারীকরণের বিষয়ান্তগত। |
| নিজ চাকর। | এদেশীয় আমলাদিগের বিষয়ান্তর্গত। |
| সরকারী চাকর। | ঐ। |
| ইস্তমরারী বন্দোবস্ত। | মালগুজারীর কর্ম্মকর্ত্তাদিগের বিষয়ান্তর্গত। |
| পরগনা চান্দনী। | কুমাউর কমিস্যনরের বিষয়ান্তর্গত। |
| রেজিষ্টর ও কালেক্টর। | জজ ও কালেক্টর সাহেবদিগের বিষয়ান্তর্গত। |
| সদর দেওয়ানী আদালত। | প্রথম উপস্থিত ও আপীলের মোকদ্দমার ও শহর চুঁচুড়া ইঙ্গরেজের অধিকার ভুক্তহওনের বিষয়ান্তর্গত। |
| সদর দেওয়ানী ও নিজামৎ আদালত। | এদেশীয় আমলার বিষয়ান্তর্গত। |
| ইষ্টাম্পকাগজের মাসুল। | প্রথম উপস্থিত ও আপীলের মোকদ্দমার বিষয়ান্তর্গত। |
| খাস আপীল। | ঐ। |
| জামিনীনামা। | মুচল্কা ও জামিনের বিষয়ান্তর্গত। |
| জামিন। | ঐ। |
| ভূমিবিক্রয়। | ডিক্রী জারীকরণ বিষয়ান্তর্গত। |
| বাটী ও বাগান ও লাখেরাজ ভূমি বিক্রয়। | ঐ। |
| সুন্দরবন। | মালগুজারীর কর্ম্মকর্ত্তাদিগের বিষয়ান্তর্গত। |
| সায়েরের মাসুল। | ঐ। |
| সেওয়াবী তহসীলকরণ। | ঐ। |
| সদর আমীন। | দায়েরসায়েরী আদালতের বিষয়ান্তর্গত। |
| প্রাণদণ্ডের হুকুম। | ঐ। |
| শাহজাহাপুর। | জিলা গোরক্ষপুরের বিষয়ান্তর্গত। |
| পরওয়ানা। | আদালতসমপর্কীয় কর্ম্মকারি সাহেবদিগের বিষয়ান্তর্গত। |
| সাক্ষিরা। | মালগুজারীর কর্ম্মকর্ত্তাদিগের বিষয়ান্তর্গত। |
| জমীদারেরা। | সিপাহীদিগের খাদ্যাদি দ্রব্য আয়োজনের বিষয়ান্তর্গত। |

## ইঙ্গরেজী ১৮২৫ সালের আইনের খোলাসা।

### মতান্তরকরণ ও শুধরণ ও রদ ও বিস্তারকরণইত্যাদি।

| মতান্তরইত্যাদি করা আইন। | | | | | যেং আইনের দ্বারা। | | |
|---|---|---|---|---|---|---|---|
| সন। | আইন। | ধারা। | প্রকরণ। | | আইন। | ধারা। | প্রকরণ। |
| ১৭৯৩ | ৯ | ৫৯ | | রদ। .... .... .... | ১২ | ৫ | ১ |
| | ৩১ | | | স্পষ্টকরণ। .... .... | ১০ | | |
| | ৩৭ | | | শুধরণ। .. .... .... | ১৩ | ৫ | |
| | ৪৫ | | | ঐ। .... .... .... | ৭ | ২ | ১।২।৩ |
| ১৭৯৫ | ২০ | | | ঐ। .... .... .. | ৭ | ২ | ১।২।৩ |
| | ৪২ | | | ঐ। .... .... .... | ১৩ | ৫ | |
| ১৭৯৬ | ২ | ১৯ | | ঐ। .... .... ... | ২০ | ২ | ১ |
| ১৭৯৮ | ৩ | ১ | | একাংশ রদ। .... .... | ১৭ | ৩ | |
| ১৮০৩ | ৬ | | | শুধরণ। .... .... .... | ২০ | ২ | ১ |
| | ৭ | ২৮ | | রদ। .... .... .... | ১২ | ৫ | ১ |
| | ২৬ | | | শুধরণ। .. .... .... | ৭ | ২ | ১।২।৩ |
| | ৩৬ | | | ঐ। ... .... .... | ১৩ | ৫ | |
| | ৩৭ | | | স্পষ্টকরণ। .. .... .... | ১০ | | |
| ১৮০৪ | ২ | ৭ | | একাংশ রদ। .. .... | ১৭ | ৩ | |
| | ৮ | | | ঐ। .... .... .... | ঐ | ২ | |
| ১৮০৬ | ১৫ | | | শুধরণ। .. .... .... | ২০ | ২ | ১ |
| ১৮১০ | ৯ | ৩৯ | | স্পষ্টকরণ। .... .... | ৯ | ৭ | |
| | ঐ | ঐ | | একাংশ রদ। .... .... | ১৫ | ২ | ১ |
| | ২০ | | | স্পষ্টকরণ। .. .... .... | ২০ | ৪ | ১।৪ |
| ১৮১১ | ৩ | | | একাংশ রদ। .... .... | ১৫ | ২ | ১ |
| ১৮১৩ | ১২ | | | ঐ। .... .... .... | ঐ | ঐ | ঐ |

## ইঙ্গরেজী ১৮২৫ সালের আইনের খোলাসা।

| মতান্তরইত্যাদি করা আইন। | | | | | যে২ আইনের দ্বারা। | | |
|---|---|---|---|---|---|---|---|
| সন। | আইন। | ধারা। | প্রকরণ। | | আইন। | ধারা। | প্রকরণ। |
| ১৮১৪ | ২৬ | ৪ | ২ | একাংশ খাটান। .... | ২ | ২ | ১ |
| | ঐ | ১৫ | ৮ | স্পষ্টকরণ। .... .... | ৭ | ৭ | |
| | ২৮ | | | বিস্তারিত। .... .... | ২ | ৫ | |
| | ঐ | | | খাটান। .. .... .... | ঐ | ২ | ১ |
| ১৮১৫ | ৪ | | | একাংশ রদ। . .. .... | ১৫ | ঐ | ঐ |
| ১৮১৬ | ১০ | | | রদ। .... . .. .... | ঐ | ঐ | ২ |
| ১৮১৭ | ৪ | ২ | | রদ। .... .... .... | ২১ | ঐ | |
| | ১০ | | | খাটান। .. .... ... . | ঐ | ৪ | |
| | ১৫ ১৬ ২১ | | | একাংশ রদ। .... .... | ১৫ | ২ | ১ |
| | ২১ | ৫ | | খাটান। .. .... .... | ঐ | ৩ | ঐ |
| | ১৭ | ৮ | | শুধরণ। .. .... .... | ১৬ | ২ | |
| | ঐ | ঐ | | একাংশ শুধরণ। .. .... | ৩ | ঐ | |
| | ২০ | ২৫ | ৭ | খাটান। .... .... .... | ১ | ৩ | ২ |
| ১৮১৮ | ৮ | ৫।৬।৭ | | ঐ। .... .... .... | ৪ | ঐ | |
| | ঐ | ঐ | ঐ১ | স্পষ্টকরণ। .... .... | ঐ | ৫ | |
| ১৮১৯ | ২ | ২৬ | | শুধরণ। .. .... .... | ১৪ | ৬ | |
| | ঐ | ৫।৬ ৮।১০ ১১।১৩।১৫ ২২।৩০ | | ঐ। .... .... .... | ৯ | ৫ | |
| | ৯ | ২ | ২ | রদ। .... .... .... | ২ | ৪ | ১ |
| ১৮২০ | ২ | | | একাংশ রদ। .... .... | ১৮ | ১০ | |
| | ৫ | | | ঐ। .... .... .... | ১৫ | ২ | ১ |



বিস্তারকরণ

## ইঙ্গরেজী ১৮২৫ সালের আইনের খোলাসা।

| মতান্তরইত্যাদি করা আইন। | | | | | যে২ আইনের দ্বারা। | | |
|---|---|---|---|---|---|---|---|
| সন। | আইন। | ধারা। | প্রকরণ। | | আইন। | ধারা। | প্রকরণ। |
| ১৮২২ | ৭ | ২ অবধি ৩৫ পর্য্যন্ত | | বিস্তারকরণ। .... .... | ৯ | ২ | ১ |
| | ঐ | ২৩।২৫।২৮ | | খাটান। .. .... .... | ঐ | ৫ | ৯ |
| ১৮২৩ | ২ | | | একাংশ রদ। .... .... | ১২ | ২ | |
| | ৫ | | | ঐ। . .... .... | ১৫ | ঐ | ১ |
| ১৮২৫ | ৩ | | | রদ। .... .... .... | ১৬ | ঐ | |

| চর ও নদীইত্যাদিছাড়া স্থানের বিষয়। | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| স্মরণসাধ্য কালের ও নিরূপিত ব্যবহার স্পষ্ট ও স্থির থাকিলে তদনুসারে চরপড়া ভূমির বিষয়ের দাওয়া ও বিবাদের নিষ্পত্তি হইবার কথা। .... .... .... .... .... | ১১ | ২ | ০ |
| কোন স্থানে ঐ মত ব্যবহার না থাকিলে ইহার পরের ধারাতে যেমন২ লেখা যাইবেক তদনুসারে ঐ বিবাদের নিষ্পত্তি হইবার কথা। .... .... .... .... .... .... | ঐ | ৩ | ০ |
| নদ নদীর কি সমুদ্রের জল সরিয়া যাওয়াতে ক্রমে২ পাওয়া ভূমি যে জনের জমীদারীর লাগাও হয় ঐ ভূমি সেই জনের জমীদারীর ভূমিবর্দ্ধক বোধ হইবার ও বিশেষ হুকুমের কথা। .... .... | ঐ | ৪ | ১ |
| কোন নদী আপন বহনস্থান ত্যাগ করিয়া হঠাৎ কোন জমীদারী ভাঙ্গিয়া যাইয়া তাহার ভূমি দুই খণ্ড করিলেও ঐ পৃথকহওয়া খণ্ড স্পষ্ট চিনা যাইতে পারিলে তাহাতে পূর্ব্বাধিকারির স্বত্ব থাকিবার কথা। .... .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| বড় ও নৌকা গমনাগমনের যোগ্য নদীতে পড়া চর কি দ্বীপ ঐ দ্বীপ এবং তটের মধ্যবর্ত্তি জল হাঁটিয়া পার না হইতে পারিবার যোগ্য হইলে সরকারের কর্ত্তৃত্বতলে থাকিবার কিন্তু হাঁটিয়া পার হইবার যোগ্য জল হইলে যাহা হইবেক তাহার কথা। .... | ঐ | ঐ | ৩ |
| ক্ষুদ্র ও অগভীর নদীতে পড়া চরের দাওয়ার নিষ্পত্তি যে রূপে হইবেক তাহার কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ৪ |
| কোন নদ নদীর কি সমুদ্রের জল সরিয়া যাওয়াতে উৎপন্নহওয়া যেং ভূমির সহিত এই আইনের হুকুম সম্পর্ক না রাখে তাহার বিষয়ে উপস্থিত বিবাদের নিষ্পত্তি যেরূপে করা যাইবেক তাহার কথা। ..... .... .... .... .... .... | ঐ | ঐ | ৫ |
| নৌকা গমনাগমনের যোগ্য নদীর অন্তর্গত ভূমি আক্রমণের এবং নির্ব্বিঘ্নে নৌকা গমনাগমনের অন্য বাধা জন্মাইবার নিষেধের কথা। .... .... .... .... .... .... | ঐ | ৫ | ০ |
| **কানুনগোদিগের বিষয়।** | | | |
| পূর্ব্বে নিষ্করুরূপে কানুনগোদিগের করা দখলহইতে বাজেয়াপ্ত হওয়া ভূমি কোনং কারণপ্রযুক্ত রাজস্বদেওনের অধীনতায় সরকারের হুকুমের দ্বারা মিনাহ্‌দার ও তাহারদিগের উত্তরাধিকারি | | | |



দিগের

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| দিগের দখলে রাখা যাওনের ও জমীদারী স্বত্বের কি স্বত্বের দাওয়া দারদিগের বিষয়ের হুকুমের ও দাওয়াদারেরা সরকারের অনুমতি ক্রমে মিনাহীদারদিগের পাওয়া দখলের ব্যাঘাত করিতে না পারি বার ও বিশেষ হুকুমের কথা। .... .... .... .... | ১৩ | ২ | ০ |
| মিনাহীদারদিগের বহাল রাখা ভোগদখল ইস্তমরারী ও হস্তান্তর করণীয় হইবার কিন্তু ভূমি সরকারগত হইলে জমীদারী স্বত্বের অধিকারিরা নিরূপণীয় জমাদেওনের অধীনতায় তাহার মালগুজারী করিবার কবুলিয়ৎ দিতে গ্রাহ্য হইবার কথা। .... .... | ঐ | ৩ | ০ |
| উপরের দুই ধারার মূলদাড়া কোন২ নিয়মের অন্তর্গত নিষ্কর ভূমি সকল বাজেয়াফ্তওনের সহিত সম্পর্ক রাখিবার কথা। .... | ঐ | ৪ | ০ |
| বাজেয়াফ্তওয়া জায়গীর ও আলতমগা এবং মদদমাশ ও আয়মা ও বাদশাহদত্ত অন্য ভূমির ও নিষ্কর ভূমির বন্দোবস্তকরণের বিষয়ে পূর্ব্বের যে সকল আইন সম্পর্ক রাখে তাহা শুধরণের কথা। .. | ঐ | ৫ | ০ |
| তেজারতের কুঠীর রেসিডেণ্টের বিষয়। | | | |
| বাণিজ্যব্যাপারের কুঠীর রেসিডেণ্টসাহেবদিগকে ও তাঁহারদিগের আসিষ্টাণ্টসাহেবদিগকে অন্যের সহিত যেথায় কারবার করিতে নিষেধহওনের এবং তাঁহারদিগের যৌথায় করা যে কারবার এক্ষণে আছে তাহা ইঙ্গরেজী ১৮২৬ সালের ৩১ দিসেম্বরে কি তাহার পূর্ব্বে উঠাইতে হইবার কথা। .. .... .... .... .... | ১০ | ২ | ০ |
| কিন্তু বিমা সমাজের এক জন হইতে কি টণ্টিনেতে টাকা রাখিতে কি অন্য কোন জনসমূহের এক জন হইতে নিষেধ না থাকিবার কথা। .... ... .... .... .... .... | ঐ | ৩ | ০ |
| কুমাউর কমিসানরের বিষয়। | | | |
| ইঙ্গরেজী ১৮১৭ সালের ৪ আইনের কোন২ কথা রদহওনের এবং ইহার পরে দেরাদূন কুমাউ দেশের কমিস্যনরসাহেবের কর্ত্তৃত্বের সরহদ্দের শামিল হইবার কথা। .... .... .... | ২১ | ২ | ০ |
| চান্দনী পরগনা ইহার পরে কুমাউ দেশের কমিস্যনরসাহেবের কর্ত্তৃত্বতলে থাকিবার কথা। .... .... .... .... | ঐ | ৩ | ০ |
| ইঙ্গরেজী ১৮১৭ সালের ১০ আইনের হুকুম দেরাদূন ও চান্দনী পরগনার সহিত সম্পর্ক রাখিবার ও আর সমস্ত আইন তথাতে অচলন হইবার কথা। .... .... .... .... .... | ঐ | ৪ | ০ |



দায়েরসায়েরী

## ইঙ্গরেজী ১৮২৫ সালের আইনের খোলাসা।

| দায়েরসায়েরী আদালতের বিষয়। | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| ইঙ্গরেজী ১৮১৭ সালের ১৭ আইনের ৮ ধারার লিখিত কোনং কথা শুধরণের কথা। .... .... .. . .... .... | ৩ | ২ | ০ |
| ডাকাইতী কোনং মোকদ্দমাতে দায়েরসায়েরী আদালতের সাহেবেরা তাহা নিজামৎ আদালতে সমর্পণ করণব্যতিরেকে চূড়ান্ত হুকুম দিবার ক্ষমতারাখণের কথা। .... .... .... .... | ঐ | ৩ | ০ |
| মারিপীটের মোকদ্দমাতে প্রহারদ্বারা শারীরিক শাস্তিদেওনার্থে যে সকল কথাক্রমে দায়েরসায়ের সাহেবদিগেরে ক্ষমতার্পণ হইয়াছে সে সকল কথা রদহওনের কথা। .. .... .... .... | ১২ | ২ | ০ |
| ইহার পরে স্ত্রীলোকদিগকে প্রহারদ্বারা শারীরিক শাস্তি দিবার হুকুম দিতে ফৌজদারী কোন আদালতের সাহেবের ক্ষমতা না থাকিবার কথা। .. . .... .... .... .. . .... | ঐ | ৩ | ০ |
| শাস্তি দিবার নিমিত্তে কোড়ার প্রহার সর্ব্বতোভাবে নিসিদ্ধহওনের ও তাহার পরিবর্ত্তে বেতের আঘাত ব্যবহারকরণের ও চলিত আইনের যেং স্থানে কোড়াশব্দ থাকে সেই স্থানে বেত বোধ করা যাইবার কথা। .. .... .... .... .... .... | ঐ | ৪ | ০ |
| দায়েরসায়েরী আদালতকে অবজ্ঞাকরণহেতুক বেতের আঘাত দ্বারা শারীরিক শাস্তি দিতে নিষেধের কথা। . .... .... | ঐ | ৫ | ১ |
| কোন ফৌজদারী আদালতে ঐ আদালতকে অবজ্ঞাকরণাপরাধের অপরাধি জনেরা জরীমানার যোগ্য হইবার এবং তাহার টাকা না দিলে দেওয়ানী জেলখানাতে কয়েদ থাকিবার কথা। .. ... | ঐ | ঐ | ২ |
| সদর আমীনপ্রভৃতি এদেশীয় আদালতের কার্য্যকারকদিগের আদালতে ঐং আদালতকে ইচ্ছাপূর্ব্বক অবজ্ঞাকরণাপরাধ করা গেলে যাহা করিতে হইবেক তাহার কথা। .... .... .... | ঐ | ঐ | ৩ |
| জরীমানার টাকা না দিলে তাহার পরিবর্ত্তে কয়েদথাকনের বিষয়ের পূর্ব্বোক্ত হুকুমসকল দেওয়ানী আদালতের সহিত সম্পর্ক রাখিবার কথা। .... .... .... .... .... | ঐ | ৬ | ১ |
| এবং বিশেষ কোনং কথাব্যতিরেকে সদর আমীনেরদের ও মুনসেফেরদের দেওয়ানী আদালতের সহিতও সম্পর্ক রাখিবার কথা। | ঐ | ঐ | ২ |
| ইচ্ছাপূর্ব্বকব্যতিরেকে দোষযুক্ত খুনের সকল মোকদ্দমায় দায়েরসায়েরী আদালতের সাহেবদিগের তাহা নিজামৎ আদালতে সমর্পণ | | | |

| | আইন। | ধারা। | প্রকরণ। |
| --- | --- | --- | --- |
| করণব্যতিরেকে চূড়ান্ত হুকুম দিতে ও তাহার মতাচরণ করাইতে ক্ষমতাপন্ন হইবার ও অন্য কোন২ মোকদ্দমাতেও ঐ মত ক্ষমতাপন্ন হইবার কথা। .... .... .... .... .... | ১২ | ৭ | ১ |
| এখনো যে২ মোকদ্দমা নিজামৎ আদালতে সমর্পণীয় তাহার কথা। .... .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| নিজামৎ আদালতে সমর্পণহওয়া মোকদ্দমাতে প্রাণদণ্ডের হুকুম দিতে হইলে তাহা ঐ আদালতের এক জন জজসাহেব না দিয়া দুই কি ততোধিক জজসাহেব একবাক্য হইয়া দিবার কথা। .... | ঐ | ৮ | ০ |
| এই ধারাক্রমে ডাকাইতীর শাস্তি দিবার বিষয়ের কোন২ আইন ও কথা রদহওন ও শুধরা যাওনের কথা। .... .... .... | ১৩ | ২ | ০ |
| কোন২ ডাকাইতীর অপরাধ প্রমাণহওয়া লোকদিগের প্রতি তাহারদিগের মোকদ্দমা নিজামৎ আদালতে সমর্পণ করণবিনা শাস্তির হুকুম দিতে দায়েরসায়েরী আদালতের সাহেবদিগের ক্ষমতার কথা। .. .... .... .... .... .... | ঐ | ৩ | ১ |
| কোন২ মোকদ্দমাতে দায়েরসায়েরী আদালতের সাহেবেরা দেশান্তরে ১৪ বৎসর মিয়াদে কয়েদথাকনের শাস্তিহইতে কম শাস্তির হুকুম দিতে ক্ষমতা না রাখিবার ও কম শাস্তির হুকুম দিবার নিমিত্তে দায়েরসায়েরসাহেব মোকদ্দমা নিজামৎ আদালতে সমর্পণ করিতে পারিবার কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| **মাসুল ও মাসুল ফিরিয়া দেওনের বিষয়।** | | | |
| চলিত কোন২ হুকুম রদহওনের কথা। .... .... .... | ১৫ | ২ | ১ |
| ইঙ্গরেজী ১৮১৬ সালের ১০ আইন রদহওনের কথা। .... | ঐ | ঐ | ২ |
| কোন২ হুকুম রদ্দ করা কি শুধরা থাকনের কথা। .... .... | ঐ | ঐ | ৩ |
| সমুদ্রপথে আমদানীহওয়া বস্তুর উপর এই আইনের শেষের ১ নম্বরের তফসীলের বিশেষ লিখিত মাসুল লওয়া যাইবার ও বিশেষ হুকুমের কথা। .. .... .... .... .... | ঐ | ৩ | ১ |
| পুনর্ব্বার রফ্তানীহওনের বস্তুর উপর ২ নম্বরের তফসীলের লিখন মত মাসুল ফিরিয়া দেওয়া যাইবার কথা। .. .... .... | ঐ | ঐ | ২ |
| এদেশের উৎপন্ন কি প্রস্তুতকরা বস্তু সমুদ্রপথে রফ্তানীহওনের সময়ে তাহার উপর যে মাসুল লওয়া ও ফিরিয়া দেওয়া যায় তাহা ৩ নম্বরের তফসীলের মতে লওয়া ও দেওয়া যাইবার কথা। .... | ঐ | ঐ | ৩ |

| ডিক্রী জারীকরণের বিষয়। | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| আদালতের ডিক্রীর মতাচরণকরণার্থে ভূমি নীলাম করিবার বিষয়ে চলিত আইনের কোনং হুকুমের অর্থ সুস্পষ্টকরণের ও তাহা স্মরণের কথা। .... .... .... .... .... | ৭ | ২ | ১ |
| আদালতের ডিক্রীর মতাচরণার্থে বাটী ঘর কি বাগান কি ফলের বাগান কি নিষ্কর ক্ষুদ্রং ভূমিখণ্ড আদালতসম্পর্কীয় কর্ম্মকারিসাহেবদিগের হুকুমানুসারে নীলাম হইবার কথা। .. .... .... | ঐ | ৭ | ১ |
| আদালতের নিষ্পত্ত্যনুসারে ভূমির নীলাম অস্থাবর বস্তুর নীলামকরণের প্রকারে করা যাইবার কথা। .... .... .... | ঐ | | ২ |
| যাহারদিগকে স্থাবর বস্তু নীলামকরণের ভার দেওয়া যায় তাহারদিগকে বাটীঘরইত্যাদি নীলামকরণের ভার দেওয়া যাইবার কথা। | ঐ | ৩ | ১ |
| নীলামের তারিখের ৩০ ত্রিশ দিন পূর্ব্বে তাহার ঘোষণা দেওয়া যাইবার ও ঘোষণাদেওনের ও প্রচারকরণের প্রকারের কথা। .... | ঐ | ঐ | ১ |
| ক্রোক্ ও নীলামের হুকুম এক সময়ে দেওয়া যাইতে পারিবার ও বিশেষরূপে হুকুমকরা ঘোষণা দেওনব্যতিরেকে কোন নীলাম না হওনের এবং ঐ নীলাম আইনবিরুদ্ধ কোন কর্ম্ম তাহাতে হইয়া থাকিলে অসিদ্ধ হইবার যদি ইষ্টাম্পকাগজে লিখিত দরখাস্ত এক মাসের মধ্যে দেওয়া যায়। .... ... . . . .. | ঐ | ঐ | ৩ |
| নীলাম অসিদ্ধ হইলে এবং কোন চাতুরী প্রকাশ না পাইলে খরীদার আপন খরীদের টাকা যেমন উপযুক্ত বুঝা যায় সুদসমেত কি সুদব্যতিরেকে পাইবার কথা। ... . . .... | ৮ | ৫ | ৪ |
| জজ কি রেজিষ্টরসাহেবের করা নিষ্পত্তির উপর প্রবিন্সাল কোর্টে আপীল হইতে পারিবার কথা। . .... . .. .... | ৮ | | ৫ |
| ইশতিহারদেওয়া বস্তুর উপর দাওয়া কি তাহা নীলামের প্রতিবন্ধক উপস্থিত হইলে আদালতের কার্য্যকারক সাহেবেরা যেরূপ কার্য্য করিবেন তাহার ও ঐ দাওয়া কি প্রতিবন্ধক উপস্থিত করিতে ইচ্ছাপূর্ব্বক বিলম্ব না করা গেলে নীলাম করিতে বিলম্ব করা যাইবার কিন্তু প্রবঞ্চনার্থে দাওয়া উপস্থিত হইলে নীলামে বিলম্ব না করা যাইবার এবং দাওয়াদার দাওয়া বুঝিয়া পাইবার নিমিত্তে দেওয়ানী আদালতে নালিশ করিতে পারিবার কথা। .. .... . .... | ঐ | ঐ | ৬ |

ভূম্যাদি নীলাম হইতে হইলে ডাকনিয়াদিগকে ডিক্রীর লিখিত



টাকার

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| টাকার দায়ি জনের ঐ ভূম্যাদিতে থাকা স্বত্বের ও লভ্যের অতিরিক্ত আর কিছুনা পাইবার কথা সর্ব্বদা জানাইতে হইবার কথা। .... | ৭ | ৩ | ৭ |
| আদালতের ডিক্রীর কি নিষ্পত্তির টাকা উসুলের নিমিত্তে কালেক্টর কি রাজস্বের অন্য কার্য্যকারক সাহেব ভূমি নীলাম করিতে হইলে ঐ নীলামের সহিত উপরের ধারার শেষ প্রকরণের লিখিত হুকুম সম্পর্ক রাখিবার কথা। .... .... ... .... | ঐ | ৪ | ১ |
| রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবদিগের নিকটে সম্বাদদেওনবিনা ভূমি নীলাম হইতে না পারিলে আদালতের সাহেবেরা যে মতাচরণ করিবেন তাহার কথা। .. .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| নীলাম করিতে হইবার ভূমির জিলার কালেক্টরসাহেবকে বোর্ড রেবিনিউর সাহেবেরা নীলামের নিমিত্তে যত ভূমি উপযুক্ত বোধ হয় তাহা স্থির করিতে হুকুম দিবার কথা। .... .... .... | ঐ | ঐ | ৩ |
| নীলামের বিষয়ে কোন দাওয়া কি প্রতিবন্ধক উপস্থিত হইলে কালেক্টরসাহেব আদালতের সাহেবের নিকটে ঐ দাওয়া কি প্রতিবন্ধকের বেওরা লিখিয়া পাঠাইবার ও তাহার উত্তর পাইলে তদনুসারে কার্য্য করিবার কথা। .... .... .. . .... | ঐ | ঐ | ৪ |
| নীলামের হুকুমহওয়া ভূমির বিষয়ে কোন দাওয়া কি প্রতিবন্ধক উপস্থিতহওনের কথা কালেক্টরসাহেবের নিকটহইতে পাঠান গেলে জজইত্যাদি সাহেব তাহার সরাসরী বিবেচনা করিবার এবং আবশ্যক হইলে কালেক্টরসাহেবকে ঐ ভূমি নীলামে বিলম্ব করিতে হুকুম দিবার ও উপযুক্ত মিয়াদের মধ্যে ঐ দাওয়াআদি উপস্থিত না করা গেলে নীলামেতে বিলম্বকরণের আবশ্যক না হইবার কথা। .... .... .... .... .... .... | ঐ | ঐ | ৫ |
| যে সকল আদালতের সাহেবেরা মালগুজারী তহসীলের কার্য্য ভারাক্রান্ত সাহেবদিগের দ্বারা ভূমি নীলাম হইবার হুকুম দিয়া থাকেন সরাসরী বিচারেতে আইনের বিরুদ্ধাচরণ হওয়ার প্রত্যয় যোগ্য প্রমাণ হইলে ঐ সাহেবেরা নীলাম অসিদ্ধ হওনের ও পুনর্ব্বার নীলামকরণের হুকুম দিবার ক্ষমতারাখণের ও বিশেষ হুকুমের ও কোনং প্রকার হইলে খরীদের টাকা সুদমুদ্ধা কি তাহাব্যতিরেকে ফিরিয়া দেওয়া যাইবার কথা। .. .... .... .... | ঐ | ৫ | ১ |
| এই ধারানুসারে হওয়া সরাসরী নিষ্পত্তির উপর প্রবিন্স্যাল কোর্টে আপীল হইবার কথা। .. .... .... .... .... | ঐ | ঐ | ২ |

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| মালগুজারীর ভূমির বিষয়ে ডিক্রীর মতাচরণ করিবার নিমিত্তে কালেক্টরসাহেবদিগের সহায়তা হইলে ঐ ডিক্রীর মতাচরণ পূর্ণ রূপে হইবেক বুঝিলে দেওয়ানী আদালতের সাহেবেরা ঐ সহায়তা চাহিবার কথা। .... .... .... .... .... | ৭ | ৬ | ০ |
| ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ আইনের ১৫ ধারার ৮ প্রকরণের অর্থের এবং আদালতের সাহেবদিগের ডিক্রীর মতাচরণ হওনার্থে জামিন লওনের ও তাহা না দিলে বস্তু ক্রোক্‌করণের ক্ষমতা থাকিবার কথা। .. .... .... .... .... .... | ঐ | ৭ | ০ |
| **জজ ও কালেক্টর সাহেবদিগের বিষয়।** | | | |
| সরকারের যে সকল কার্য্যকারকেরা ইহার পূর্ব্বে উপযুক্ত হুকুমানুসারে জজ ও কালেক্টর কি রেজিস্টর ও কালেক্টর এই উভয়ের পদের কার্য্য নির্ব্বাহ করিয়াছেন তাঁহারদিগের করা ঐ২ পদের কর্ম্ম আইনানুসারী ও প্রবল হইবার কথা। .. . . ... | ৫ | ২ | ০ |
| জজ ও মালগুজারীর কালেক্টর এই উভয়ের পদের সমস্ত কার্য্যের কি তাহার কোন অংশের ভার এক জন সাহেবকে অর্পণ করিতে শ্রীযুতের ক্ষমতা থাকিবার কথা। ... .. .... | ঐ | ৩ | ১ |
| জজসাহেবকে তাঁহার কালেক্টরের পদক্রমে করা কার্য্যের বিষয়ে যাহার উপর হওয়া দাওয়ার বিচার ও নিষ্পত্তি করিতে নিষেধকরণের বিশেষ হুকুমের ও চলিত আইনানুসারে ঐ২ দাওয়ার বিচার প্রবিন্স্যল কোর্টে হইবার কথা।.... .... .... .... | ঐ | ঐ | ২ |
| **আদালতসম্পর্কীয় কার্য্যকারক সাহেবদিগের বিষয়।** | | | |
| আদালতসম্পর্কীয় কার্য্যকারক সাহেবদিগকে আপনারদের করা হুকুম মতাচরণ করাইতে এবং ঐ বিষয়ে অন্য যে২ কর্ম্ম করিবার আবশ্যক হয় তাহা সাক্ষাৎকারে করিতে ক্ষমতার্পণের কথা। .... | ১ | ২ | ০ |
| পোলীসের দারোগার মোহর ও দস্তখৎযুক্ত পরওয়ানা জারী করিবার নিমিত্তে চলিত আইনানুসারে পোলীসের কর্ম্মকারিদিগকে যে ক্ষমতা অর্পণ করা গিয়াছে ঐ ক্ষমতা অপরাধের মোকদ্দমাতে আদালতের কর্ম্মকারি সাহেবদিগের মোহর ও দস্তখৎযুক্ত পরওয়ানা জারীকরণের ভারপ্রাপ্ত সকল কার্য্যকারকদিগের সহিত সম্পর্ক রাখে ইহা সকল লোককে জানাইবার কথা। .... , .... | ঐ | ৩ | ০ |
| পদসম্পর্কীয় কার্য্যকরণে অত্যাচার হইলে ইঙ্গরেজী ১৮১৭ | | | |

| | আইন। | ধারা। | প্রকরণ |
|---|---|---|---|
| সালের ২০ আইনের ২৫ ধারার ৭ প্রকরণের লিখিত দণ্ড পরওয়ানা কি অন্য পত্র জারী করিবার ভারপ্রাপ্ত পোলীসের সকল কর্ম্মকারিদিগের এবং অন্য জনেবদের সহিত সম্পর্ক রাখিবার কথা। | ১ | ৩ | ২ |
| **লাখেরাজ ভূমিদখলের বিষয়।** | | | |
| নিষ্করুরূপে ভূমি ভোগদখলকরণ তাহা সরকারের অনুমতিতে দানকরা কি বহাল রাখা যাওনব্যতিরেকে কিম্বা জাবেতামতে যোগ্য আদালতের বিচার ও নিষ্পত্তির দ্বারা কি বিশেষ হুকুমানুসারে জজের ন্যায় ক্ষমতাবিশিস্ট কোন বোর্ড রেবিনিউর নিষ্পত্তিদ্বারা বহাল রাখা যাওনব্যতিরেকে প্রবল না হইবার ও মূলের লিখিত প্রকারব্যতিরেকে কোন২ কর্ম্মকারি ও ক্ষমতাপন্ন সাহেবদিগের করা প্রতিজ্ঞা কি হুকুমেতে সরকারের নিষ্কর ভূমির উপর জমা নিরূপণ করণের অধিকারের ব্যাঘাত না হইবার কথা। .... .... | ১৪ | ২ | ০ |
| এ দেশ সরকারের অধিকৃতহওনের পূর্ব্বে কোন জনকর্ত্তৃক হওয়া দানের প্রবলতা ও অপ্রবলতা নিশ্চয় করা যাওনের মতের কথা। .. | ঐ | ৩ | ১ |
| নিরূপিত কোন২ তারিখে কি তাহার পরে নিষ্করুরূপে ভোগ দখলকরা ভূমির ভোগদখল প্রবল হইবার এবং তাহা কখন২ উক্ত সাধিকারিগামী হইবার ও নিষ্করুরূপে ভূমি ভোগদখল করিতে পাওয়া কোন জায়গীরদার কি অন্য জনের স্থানে পাওয়া ভোগ দখলের অধিকারের বিষয়ের বিশেষ হুকুমের ও ঐ প্রকার হইলে ঐ প্রকার দখলকরা ভূমি মুখ্য ভোগদখলের নিয়মানুগামী হইবার কথা। | ঐ | ঐ | ২ |
| ভূমিতে নিষ্করুরূপে পুনর্ব্বার ভোগদখল পাওনের দাওয়াকারির শিরে ঐ ভূমিতে আপন স্বত্বাধিকারিত্বের প্রমাণ দিবার ভার থাকিবার কথা। .. .... .... .... .... .... | ঐ | ঐ | ৩ |
| উপরের উক্ত তারিখের পূর্ব্বে এক কি ততোধিক পুরুষ পরম্পরার ভোগদখলেতে ভূমি পৈতৃক না হইলে তাহাতে পৈতৃক অধিকারিত্ব সাব্যস্ত না হইবার কথা। .... .... .... .... | ঐ | ঐ | ৪ |
| আদালতের সাহেবেরা এবং রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবেরা এই প্রকরণের বিশেষিয়া লিখিত ব্যক্তিব্যতিরেকে অন্য কোন অধিপতি কি কর্ত্তৃত্বকারিকে প্রভুত্ববিশিষ্ট ব্যক্তি গ্রাহ্য না করিবার কথা। | ঐ | ঐ | ৫ |
| দিল্লীর বাদশাহদিগের কি অন্য কর্ত্তৃত্বকারিদিগের দান প্রবলহওনের নিয়মের কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ৬ |

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| ফোর্ট উলিয়মের তাবে দেশসকল যেং তারিখে বৃটনীয় প্রভুত্ব ভুক্ত হইল তাহার বেওরার কথা। .... .... .... | ১৪ | ৩ | ৭ |
| প্রভুত্বকারি ব্যক্তিকর্তৃক না করা কি বহাল না রাখা দান প্রবল হওয়ার নিয়মের কথা। .. .... .... .... .... | ঐ | ঐ | ৮ |
| পূর্ব্বোক্ত কোন দেশ বৃটনীয প্রভুত্বভুক্তহওনের পূর্ব্বে নিষ্কর রূপে ভোগদখলকরা ভূমি বাজেয়াপ্তহওনের বিষযে কোনং জিজ্ঞাসার সমাধা শ্রীযুতের হজুর কৌন্সেলেতে হইবার ও অন্যং জিজ্ঞাসাও শ্রীযুতের হজুর কৌন্সেলে পাঠাইতে হইবার কথা। .... | ঐ | ঐ | ৯ |
| দেবার্চ্চনার ও পরোপকারের নিমিত্তে দত্ত দশ বিঘার অনূর্দ্ধ ভূমির সহিত এই আইন সম্পর্ক না রাখিবার কথা। .... .... | ঐ | ৪ | ০ |
| এই আইন জারীহওনের পূর্ব্বে উক্ত মূল দাঁড়ার বিপরীতে যেং নিষ্পত্তি যেং আদালতে করা গিযা থাকে সেইং নিষ্পত্তি সেইং আদালতে পুনর্ব্বিচারের যোগ্য ও আপীলের যোগ্য হইবার ও বিশেষ হুকুমের কথা। .... .... .... .... .... | ঐ | ৫ | ০ |
| ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের ২৬ ধারা শুধরণের কথা। | ঐ | ৬ | ০ |
| সৈন্যসম্পর্কীয় কোর্ট মার্স্যালের বিষয়। | | | |
| কোন সরহদ্দের মধ্যে থাকা সৈন্যসম্পর্কীয অথচ বৃটনীয় কোন প্রজা অপরাধের অপবাদগ্রস্ত কোন মাজিষ্ট্রেট্সাহেবের দ্বারা ধরা পড়িলে ঐ জন আপন কোরের হুকুমদাতা সাহেবের নিকটে সমর্পণ করা যাইবার কথা। .... .... .... .... .... | ১০ | ২ | ১ |
| মাজিষ্ট্রেট্সাহেব হুকুমদাতা সাহেবের পত্র পাইয়া অপরাধের অপবাদগ্রস্ত যে লোকদিগের মোকদ্দমা কোর্ট মার্স্যালের বিচার যোগ্য হয় ঐ সকল লোককে ধরিবার সহায়তা করিবার কথা। .. | ঐ | ঐ | ২ |
| মাজিষ্ট্রেট্সাহেব পত্র পাইলে সাক্ষিরদিগকে কোর্ট মার্স্যালে হাজির করাইবার হুকুমের কথা। .. .... .... .... | ঐ | ঐ | ৩ |
| কোনং সরহদ্দের মধ্যে থাকা সৈন্যসম্পর্কীয় বৃটনীয় যে কোন প্রজা অপরাধের অপবাদগ্রস্ত হইয়া তাহার মোকদ্দমার বিচার কোর্ট মার্স্যালে হয় মাজিষ্ট্রেট্সাহেবেরা এমন জনের উপর ঐ অপরাধের আপত্তি করিতে নিষেধের ও অপবাদগ্রস্ত কোন লোকের মোকদ্দমার বিচার কোর্ট মার্স্যালে হয় নাহি ও হইবেক নাই তাহা জানিতে পারিলে যে কর্ত্তব্য তাহার বিশেষ হুকুমের কথা। .... | ঐ | ঐ | ৪ |



অপরাধের

| | আইন। | ধারা। | প্রকরণ |
|---|---|---|---|
| অপরাধের অপবাদগ্রস্ত বৃটনীয় যে প্রজারা সৈন্যসম্পর্কীয় না হয় ও যাহারদের মোকদ্দমা কোর্ট মার্শ্যলের বিচারযোগ্য নহে তাহারদের মোকদ্দমাতে মাজিষ্ট্রেটসাহেব পূর্ব্বমত কার্য্য করিবার কথা। .... .... .... .... .... .... | ২০ | ২ | ৫ |
| ফোর্ট উলিয়মে ও কলিকাতা রাজধানীহইতে এক শত ২০ মাইলের অধিক অন্তর কোন স্থানে থাকা কোন সেনার সহিত এই প্রকরণের কথা সম্পর্ক না রাখিবার কথা। .... .... .... | ঐ | ঐ | ৬ |
| ইঙ্গরেজী ১৮১০ সালের ২০ আইনের এবং চলিত অন্য আইনের হুকুম সেনাসম্পর্কীয় বৃটনীয় প্রজারদের দেনার সহিত সম্পর্ক না রাখিবার ও ঐ দেনার এবং অন্য মোকদ্দমার নিষ্পত্তি চতুর্থ জর্জের অধিকারের চতুর্থ বৎসরের আক্টপার্লিমেণ্টের ৮১ পর্ব্বের ৫৭ ধারানুসারে হইবার কথা। .. .... .... .... | ঐ | ৩ | ১ |
| বৃটনীয় প্রজারদের দেনার মোকদ্দমার বিচারের বিষয়ে পূর্ব্বের অর্পিত ক্ষমতা এইঅবধি রহিত হইবার কথা। .... .... | ঐ | ঐ | ২ |
| সৈন্যসম্পর্কীয় বৃটনীয় প্রজারা চারি শত টাকার অধিক দেনার মোকদ্দমার বিষয়ে আপন২ স্থানের আদালতের তাবে থাকিবার কথা। .... .... .... .... .... .... | ঐ | ঐ | ৩ |
| ইঙ্গরেজী ১৮১০ সালের ২০ আইনের ২২ ধারার হুকুম যে পর্য্যন্ত এখনো প্রবল থাকিবেক তাহার কথা। .... .... | ঐ | ঐ | ৪ |
| কোন সাক্ষী সৈন্যসম্পর্কীয় কোন কোর্টে দিবা করিতে অসম্মত হইলে যাহা কর্ত্তব্য তাহার ও মাজিষ্ট্রেট কি জাইণ্ট মাজিষ্ট্রেটসাহেবের অনুসন্ধানের কথা। .... .... .... .... | ঐ | ৪ | ০ |
| বাঙ্গালার নাজিমের বিষয়। | | | |
| শ্রীযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদুরের মুরশিদাবাদস্থ এজেণ্ট সাহেব শ্রীযুত নওয়াব নাজিম বাহাদুরের তরফহইতে দেওয়ানী আদালতে মোকদ্দমাসকল উপস্থিত করিবার ও তিনি তাহার জওয়াব দিবার কথা। .... .... .... .... .... | ১১ | ২ | ০ |
| শ্রীযুত নওয়াব নাজিম বাহাদুরের নামে কোন মোকদ্দমা উপস্থিত হইলে তাহার সম্বাদপত্র এজেণ্টসাহেবের প্রতি জারী হইবার কথা। | ঐ | ৩ | ০ |
| শ্রীযুত নওয়াব নাজিম বাহাদুর ও সরকারের এজেণ্টসাহেব জামিনদেওন ও বস্তু ক্রোকের হুকুমহইতে বহির্ভূতহওনের ও ঐ প্রকার | | | |

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| মোকদ্দমা হইলে দেওয়ানী আদালতের হুকুম ও ডিক্রী জারী করা যাওনের মতের কথা। .. .... .... .... ... | ১১ | ৪ | ০ |
| **এদেশীয় আমলার বিষয়।** | | | |
| আদালতের সিরিশ্তার সকল সাহেবদিগকে সরকারী কোন কর্ম্মের ভার নিজের কোন চাকরকে দিতে নিষেধহওনের ও দিলে পদচ্যুত হওনের কথা। .. .... .... .... .... | ৮ | ২ | ১ |
| এবং পেয়াদাইত্যাদি ক্ষুদ্র২ চাকরব্যতিরেকে আপন সিরিশতার কোন আমলাকে নিজের কার্য্যের কি নিজকার্য্যসম্পর্কীয় কোন কর্ম্মের ভার দিতে নিষেধহওনের কথা।.... .... .... .... | ঐ | ঐ | ২ |
| উপরের ধারার নিষেধানুসারে সরকারী কর্ম্মের অযোগ্য আদালতের সিরিশ্তার এদেশীয় কার্য্যকারকেরা তৎক্ষণে পদচ্যুত হইবার ও উপরের হুকুমমতে কার্য্য করিতে ক্রটি হইলে তাহা যিনি করেন্ তিনি উপরের ধারার নিরূপিত দণ্ডেতে দণ্ডনীয় হইবার কথা। .... | ঐ | ৩ | ০ |
| ইহার পরে এদেশীয় আমলা নিযুক্তকরণের কারণ তাহারদিগের নাম লিখিয়া পাঠাইবার সময়ে জজ ও মাজিষ্ট্রেট্সাহেব মফঃসল আপীল আদালতের সাহেবদিগের নিকটে ঐ২ লোক এই আইনের অনুসারে ঐ কর্ম্মের অযোগ্য নহে একথা লিখিবার ও উপরের লিখিত হুকুমের মতাচরণ করাইতে ও ইচ্ছাপূর্ব্বক তাহাতে ক্রটিকরণের রিপোর্ট সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সাহেবদিগের হজুরে করিতে মফঃসল আপীল আদালতের সাহেবদিগের কর্ত্তব্যের কথা। .... .... .... .... .... .... | ঐ | ৪ | ০ |
| সদর দেওয়ানী আদালতের ও বোর্ডের সাহেবদিগের কি অন্য ব্যাপক সাহেবদিগের সরকারের ইউরোপীয় কার্য্যকারক সাহেবদিগের নামে অকারণ ও দ্বেষপ্রযুক্ত নালিশকরণিয়াদিগেরে উপযুক্ত বিচার করিয়া শাস্তি দিতে ক্ষমতা থাকিবার কথা। .... .... | ঐ | ৫ | ১ |
| সদর দেওয়ানী আদালতের সাহেবেরা উপরের প্রকরণানুসারে করা হুকুমের মতাচরণ করিতে উপযুক্ত কর্ম্মকারিকে আবশ্যক হুকুম দিবার ও বোর্ড রেবিনিউর বোর্ড ত্রেডের সাহেবদিগের কি অন্য ব্যাপক সাহেবদিগের তদনুরূপ হুকুমের মতাচরণ যে রূপে করা যাইবেক তাহার কথা। .. .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| সরকারের ইউরোপীয় কার্য্যকারকদিগের নামে অকারণ ও দ্বেষপ্রযুক্ত দিব্যপূর্ব্বক অপবাদ দিলে কি নালিশ করিলে ঐ অপবাদ | | | |

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| দেওনিয়া কি নালিশকরণিয়ার প্রতি যে রূপে নালিশ করা যাইবেক তাহার কথা। .... .... .... .... .... | ১৯ | ৬ | ০ |
| **প্রথম উপস্থিত ও আপীলের মোকদ্দমার বিষয়।** | | | |
| ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ আইনের ৪ ধারার ২ প্রকরণের যে কথাক্রমে নিরূপিত মূল্যের ইষ্টাম্পকাগজে পুনর্ব্বিচারের দরখাস্ত লিখনের হুকুম আছে ঐ কথা নিরূপিত মিয়াদের মধ্যে যে২ দরখাস্ত উপস্থিত করা যায় কেবল তাহার সহিত সম্পর্ক রাখিবার ও ঐ মিয়াদ গত হইলে পর ঐ দরখাস্ত ইঙ্গরেজী ১৮১৪ সালের ১ আইনের ১৩ ধারার নিরূপিত ইষ্টাম্পকাগজে লিখিতে হইবার কিন্তু দরখাস্তকরণিয়া পাপর হইলে তাহার সহিত ঐ সালের ২৮ আইনের লিখিত হুকুম সম্পর্ক রাখিবার কথা। .. .... .... | ২ | ২ | ১ |
| যাহারদিগের দরখাস্ত গ্রাহ্য হয় তাহারা দরখাস্তের কাগজের মূল্য ফিরিয়া পাইতে না পারিবার কিন্তু বিষয়বিশেষে আদালতের সাহেবদিগের ঐ মূল্যের তিন পোয়ার অধিক না হয় এমত কোন অংশ ফিরিয়া দিবার হুকুম দিতে ক্ষমতা থাকিবার কথা। .... .... | ঐ | ঐ | ২ |
| দরখাস্ত অকারণ কি ক্লেশদায়ক বোধ হইলে আদালতের সাহেবেরা উপযুক্ত জরীমানার হুকুম দিতে পারিবার কথা। .. .... | ঐ | ঐ | ৩ |
| কোন দরখাস্তকরণিয়ার মোকদ্দমার পুনর্ব্বিচার করণানন্তর আদালতের সাহেবেরা তাহার দেওয়া ইষ্টাম্পকাগজের মূল্যের বিষয়ের যেমন উপযুক্ত বোধ হয় সেইমত হুকুম দিতে পারিবার কথা। .. | ঐ | ঐ | ৪ |
| জাবেতামতে প্রথমতঃ কি আপীলমতে উপস্থিতহওয়া মোকদ্দমার পুনর্ব্বিচারের দরখাস্তের পূর্ব্বাপেক্ষা অতিরিক্ত কোন২ নিয়মের ও যে জজসাহেব মোকদ্দমার নিষ্পত্তি করিয়া থাকেন জাবেতামতে আপীলহওনের অধীনতায় সাধ্যানুসারে সেই জজসাহেবের দ্বারা ঐ২ দরখাস্ত গ্রাহ্য হইবার ও যে২ মোকদ্দমার নিষ্পত্তিকরণেতে জজসাহেব আপন প্রাপ্ত ক্ষমতার অতিক্রম করিয়া থাকেন তাহাতে ঐ নিয়ম সম্পর্ক না রাখিবার ও ঐ আইনবিরুদ্ধে করা কর্ম্ম শুধরিবার নিমিত্তে জজসাহেবেরা যে২ হুকুমমত কার্য্য করিবেন তাহার কথা। .... | ঐ | ৩ | ০ |
| ইঙ্গরেজী ১৮১৯ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণ রদ হওনের কথা। .... .... .... .... .... | ঐ | ৪ | ১ |

দ্বিতীয় কি খাস আপীলের দরখাস্ত গ্রাহ্যকরণেতে সদর দেওয়ানী



আদালতের

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| আদালতের ও প্রবিন্স্যাল কোর্টের সাহেবেরা যেং হুকুমেতে দৃষ্টি রাখিয়া কার্য্য করিবেন তাহার কথা। .... .... .... | ২ | ৪ | ২ |
| ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৮ আইনের লিখিত হুকুম পাপররূপে যেং দ্বিতীয় কি খাস আপীল চলিত আইনানুসারে ইহার পরে গ্রাহ্য বোধ হইবেক তাহার সহিত সম্পর্ক রাখিবার কথা। .... | ঐ | ৫ | ০ |

মুচলকা ও জামিনের বিষয়।

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| ফৌজদারী আদালতের সাহেবেরা উপযুক্ত বুঝিলে তাঁহারদিগের নিকটে অপরাধ প্রমাণহওয়া লোকদিগের স্থানে নিরূপিত মিয়াদে দেশের শান্তিরক্ষা পাইবার নিমিত্তে মুচলকা লইবার কথা। .... | ৪ | ২ | ১ |
| ভারি অপরাধ হইলে দেশের শান্তিরক্ষার্থে মুচলকার অতিরিক্ত জামিনী লইতে হইবার ও জামিনীপত্রের প্রকারের কথা। ... | ঐ | ঐ | ২ |
| ইঙ্গরেজী ১৮১৮ সালের ৮ আইনের ৫ ও ৬ ও ৭ ধারার লিখিত হুকুম এই আইনানুসারে দেশের শান্তিরক্ষাপাওনের নিমিত্তে জামিন তলবহওয়া সকল কয়েদীর ও তাহারদিগের জামিনেরদের সহিত সম্পর্ক রাখিবার কথা। .... ... .... .... | ঐ | ৩ | ০ |
| বিশেষ কোন অপরাধ প্রমাণ না হইয়া থাকিলেও কোন আইনানুসারে দেশের শান্তিরক্ষা পাইবার অর্থে মুচলকা লইতে মাজিস্ট্রেট্ ও জাইণ্ট মাজিস্ট্রেট্সাহেবদিগকে নিষেধ না হইবার ও মুচলকার নিয়মিত টাকার সংখ্যা তাহা দেওনিয়ার অবস্থানুরূপ হইবার বিশের হুকুমের ও তাহার পরে দায়েরসায়েরী আদালতের হওয়া বৈঠকে অন্যায়বোধক কোন দরখাস্ত উপস্থিত হইলে তৎসম্পর্কীয় মোকদ্দমার সমস্ত রুবকারী ঐ আদালতের দৃষ্টিগোচর করাইবার কথা। .... .... .... ... .... .... | ঐ | ৪ | ০ |
| ইঙ্গরেজী ১৮১৮ সালের ৮ আইনের কোন কথার অর্থ স্পষ্টকরণের কথা।.... .... .... .... .... .... | ঐ | ৫ | ০ |

ভূমির মালগুজারীর কর্ম্মকর্ত্তাদিগের বিষয়।

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনের ২ ধারার ৬ প্রকরণের ও তাহার পরে যে ৩৩ তেত্রিশ ধারা আছে তাহার লিখিত হুকুম ইস্তমরারী বন্দোবস্তহওয়া ভূমির বহির্ভূত সমস্ত ভূমির সহিত সম্পর্ক রাখিবার কথা। .... .... .... .... .... | ৯ | ২ | ১ |

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| ঐ হুকুম খাস তহসীলে থাকা সমস্ত ভূমির সহিত সম্পর্ক রাখিবার কথা। .... .... .... .... .... .... | ৯ | ২ | ২ |
| এবং সুন্দরবনের ভূমির ও ভাগলপুরের নিকটবর্ত্তি পাহাড়িয়া ভূমির সামান্যতঃ বন্দোবস্তের বহীতে লেখা না থাকা ভূমির সহিত উপরের উক্ত হুকুম সম্পর্ক রাখিবার কথা। .. .... .... | ঐ | ঐ | ৩ |
| ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনের ২০ ধারার বিশেষ করিয়া লিখিত ক্ষমতা কোন কালেক্টরসাহেবকে যে সরহদ্দের মধ্যে উপযুক্ত বুঝেন তথাকার কার্য্যের নিমিত্তে দিতে শ্রীযুতের ক্ষমতা থাকিবার ও তাহা হইলে ঐ আইনের ২১ ধারার লিখিত হুকুম ঐ সরহদ্দের মধ্যগত ভূমির সহিত সম্পর্ক রাখিবার কথা। .... .... | ঐ | ৩ | ০ |
| ইস্তমরারী বন্দোবস্ত না হওয়া কোন মহালের মালগুজারীর বাকী পড়িলে ঐ বাকী পড়নের তারিখহইতে এক মাসের মধ্যে তাহা আদায় না হইলে এবং ভূমি নীলামকরণের প্রতিবন্ধক আছে বোধ হইলে যাহা করিতে হইবেক তাহার ও মালগুজারেরদের পাট্টা রদ করা গিয়া মহাল ইজারাবিলিতে রাখা যাইবার ও অধিক উৎপন্ন হইলে তাহাহইতে বাকী আদায় হইবার ও মালিকানা দেওনা যাইবার কথা। .. .... .... .. . . . . | ঐ | ৪ | ০ |
| ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের কোন২ ধারার লিখিত কোন২ কথা শুধরিবার হুকুমের কথা। .... .... .... | ঐ | ৫ | ১ |
| ভূমির বন্দোবস্তকরণের ভারপ্রাপ্ত কালেক্টরইত্যাদি সাহেবেরা নিষ্কররূপে ভূমি দখলকরণিয়া সকল লোকদিগকে ইশতিহারনামার দ্বারা হাজির হইতে হুকুম দিবার এবং তাহারা প্রতিদিন হাজির থাকিবার ও যে সকল সনদ কি অন্য নিদর্শনপত্রের দ্বারা ভূমি নিষ্কররূপে কি মোকররী জমাতে দখলকরণের দাওয়া করে তাহা উপস্থিত করিবার কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| হাল বন্দোবস্তকারি কালেক্টরসাহেবেরা বোর্ড রেবিনিউর সাহেবদিগের নিকটে সম্বাদদেওনব্যতিরেকে ঐ ভূমি জরীব করিতে ক্ষমতা রাখিবার কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ৩ |
| কালেক্টরসাহেবেরা মহালের বন্দোবস্ত করিতে আরম্ভকরণের সময়ে যে কোন বিষয়েতে যে দিনে অনুসন্ধান করিতে মনস্থ করেন্ তাহার পুর্ব্ব দিনে ইশ্‌তিহারনামা দেওনদ্বারা সমাচার দিবার কথা। | ঐ | ঐ | ৪ |
| উপযুক্তরূপে সম্বাদদেওনের পর যাহারা হাজির না হয় তাহারদি | | | |



গের

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| গের হাজিরহওনব্যতিরেকেও কালেক্টরসাহেবেরা তাহারদিগের দাওয়ার বিচার করিতে পারিবার এবং ঐ ভূমির ভোগদখল অযথার্থ বোধ হইলে বোর্ড রেবিনিউর সাহেবলোকের সম্মতি লইয়া তাহা বাজেয়াপ্ত করিতে পারিবার ও হাজির হইতে ও তলব করা প্রমাণাদি দিতে ক্রটিকরণিয়ারা আপনারদিগের ভূমি বাজেয়াপ্ত ও তাহার জমা মোকররহওনের বাধা জন্মাইতে না পারিবার ও বিশেষ হুকুমের কথা। .. .... .... .... .... | ৯ | ৫ | ৫ |
| বন্দোবস্তকারি কালেক্টরসাহেবইত্যাদিরা চলিত আইনানুসারে দাওয়ার বিচার সমাপ্ত করিতে কিম্বা তাহার দুই এক বিষয়ের নিশ্চয় জানিয়া আর২ বিষয়ের বিচার করিতে বিলম্ব করিতে পারিবার ও বিচার করিতে বিলম্ব করা গেলে পুনর্ব্বার বিচার করিবার সম্বাদ উপযুক্ত সময়ে জানাইবার ও হাজির হইতে ক্রটি করিলে হাজির না থাকাতেও মোকদ্দমার বিচার হইতে পারিবার ও বোর্ড রেবিনিউর সম্মতিক্রমে কালেক্টরসাহেব ভূমি বাজেয়াপ্ত করিবার ও তাহার উপর জমা মোকরর করিবার কথা। .... ... .... | ঐ | ঐ | ৬ |
| কালেক্টরইত্যাদি সাহেবেরা নিষ্কর ভূমির দাওয়ার বিচারকরণে ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের ১৫ ইত্যাদি ধারার হুকুমানুসারে কার্য্য করিবার কথা। .... .... .... | ঐ | ঐ | ৭ |
| দখলকরণিয়ারা ভূমি জমা মোকররের যোগ্যহওয়া স্বীকার করিলেও বোর্ড রেবিনিউর সম্মতিব্যতিরেকে তাহা বাজেয়াপ্ত করিতে কালেক্টরসাহেবকে নিষেধহওনের ও তাহা হইলে সরকারের অনুমতিব্যতিরেকে বাজেয়াপ্ত না হইবার যোগ্য মাহিয়ানার পরিবর্ত্তে চাকরদিগের দখলকরা চাকরান ভূমিব্যতিরেকে অন্য ভূমির উপর জমা মোকরর করিবার হুকুম বোর্ডের সাহেবেরা দিবার কথা। | ঐ | ঐ | ৮ |
| কালেক্টরসাহেবদিগের বিচারকরা মোকদ্দমার সহিত যে২ হুকুম সম্পর্ক রাখিবেক তাহার কথা। .. .... .... .... | ঐ | ঐ | ৯ |
| কালেক্টসাহেবের উপস্থিতকরা মোকদ্দমাতে যে সকল কাগজ পত্র দেওয়া যায় তাহার নিমিত্তে ইষ্টাম্পকাগজের আবশ্যক না হইবার ও সাক্ষিদিগের উপযুক্ত খরচ দেওয়া যাইবার এবং ঐ খরচ ও মোকদ্দমার খরচা মালগুজারীর বাকী উসুলকরণের মতে উসুল করা যাইবার কথা। .... .... .... .... | ঐ | ঐ | ১০ |
| নিষ্কররূপে ভূমি দখলকরণের দাওয়াদার লোকেরা কালেক্টরসাহেবের নিকটে যে২ নিদর্শনপত্র ও বেওরা দাখিল করিবেক তাহার | | | |




বিশেষ

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| বিশেষ কথার ও ঐ দাওয়া কেবল সরকারের প্রাপ্তব্য টাকার সহিত সম্পর্ক রাখিলে কালেক্টরসাহেব বিচারের নিরূপিত দিনের আট দিন পূর্ব্বে দাওয়াদারকে সম্বাদ দিয়া তাহার বিচার করিবার কিন্তু ঐ দাওয়া সরকারসহযোগে কোন এক কি কএক ব্যক্তির নামে উপস্থিত হইলে কালেক্টরসাহেব ঐ কি ঐ২ ব্যক্তিকে ঐ দাওয়ার বেওরাযুক্ত আবশ্যক নিদর্শনপত্রাদি ও প্রমাণসহিত হাজির হইবার হুকুমের সম্বাদপত্র পাঠাইবার ও প্রতিবাদির সাত দিনের মধ্যে জওয়াব দাখিল করিতে হইবার ও অন্য সওয়াল জওয়াব লওনের আবশ্যক না হইবার কিন্তু ঐ দাওয়ার মর্ম্ম আরো স্পষ্টরূপে জানাইবার কারণ অন্য যে সওয়াল জওয়াব উপস্থিত করা যায় কালেক্টরসাহেবেরা তাহা গ্রাহ্য করিতে ও বহীতে লেখাইতে পারিবার ও প্রতিবাদির জওয়াব দাখিল হইলে পর মোকদ্দমা শুনা যাইবার নিরূপিত দিনের আট দিন পূর্ব্বে উভয়পক্ষের সমাচার দিতে হইবার ও অবিলম্বে নিষ্পত্তি করা যাইবার আরজী দেওয়া গেলে কর্ত্তব্য কার্য্যের বিশেষ হুকুমের কথা। - .... .... .... | ৯ | ৫ | ১১ |
| কালেক্টরইত্যাদি সাহেবেরা কোন ভূমি সরকারে ও তাহাতে আর কাহারু অধিকার নাহি ইহা বোধ হইলে ঐ ভূমির আর সকল দাওয়াদারদিগকে নিরূপিত মিয়াদের মধ্যে হাজির হইবার অর্থে সম্বাদপত্র পাঠাইবার এবং দাওয়াদারেরা উপস্থিত হইলে ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনের হুকুমমতে তাহারদিগের দাওয়ার বিচার করিবার ও কোন কেহ বাস্তব ঐ ভূমির দখীলকার না হইলে যাহা করিতে হইবেক তাহার বিশেষ হুকুম ও অন্য বিশেষ হুকুমের কথা। .... .... .... .... .... .... | ঐ | ঐ | ১২ |
| কোন বিষয়ের অনুসন্ধানের নিমিত্তে কোন মহালের সরহদ্দের মধ্যে নিযুক্তকরা কোন কালেক্টরইত্যাদি সাহেবকে ঐ মহালের লাগাও সকল গ্রামের মধ্যের নিষ্কর দখলকরা সকল ভূমির বিষয়ে বিশেষ ক্ষমতার্পণ করিতে শ্রীযুতের ক্ষমতা থাকিবার কথা। .... | ঐ | ৬ | ০ |
| ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনের হুকুমানুসারে বন্দোবস্তহওয়া গ্রাম ও মহালের মধ্যে নিষ্কর ভূমির বেওরা কালেক্টরআদি সাহেবের রুবকারীর বহীতে সম্পূর্ণরূপে লিখিতে হইবার কথা। .. | ঐ | ৭ | ০ |
| ইঙ্গরেজী ১৮১৯ সালের ২ আইনআদি চলিত আইনের লিখিত কোন কথাতে নিরূপিত আইনের লিখিত তারিখের পরে আইনবিরুদ্ধে করা ভূমিদানের বিষয়ে বারাণস ও জয়করা দেশসম্পর্কীয় | • | | |



বিশেষ

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| বিশেষ আইনের হুকুমের ক্ষতি বৃদ্ধি না হইবার ও পূর্ব্বে করসমপর্কীয় থাকা ও তাহার পরে ব্যাপক আজ্ঞাদাতার দ্বারা রাজস্ব দেওন হইতে বর্জ্জিত না হওয়া ও এক্ষণে নিষ্কররূপে দখলকরা ভূমি রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবদিগের দ্বারা বাজেযাপ্ত ও তাহার উপর জমা মোকরর হইবার ও যে জমীদারআদির সহিত ইস্তমরারী বন্দোবস্ত হইয়াছে ঐ ভূমির রাজস্বে তাহারদিগের অধিকার হইলে তাহা বর্জ্জিত হইবার কথা। .... .... .... .... .... | ৯ | ৮ | ০ |
| সায়েরের মামুল মৌকুফহওনের বিষয়ের হুকুম ও ইঙ্গরেজী ১৮১০ সালের ৯ আইনের ৩৯ ধারার লিখিত হুকুম মালগুজার ইত্যাদিরা সেওয়াযী নামে কি অন্য বাবসবরে যে টাকা তহসীল করে তাহার কোন বিষয়ের সহিত সমপর্ক না রাখিবার ও কোন মহালের বন্দোবস্ত করা যাওনের পরে উপরের লিখিত হুকুম ১৮২২ সালের ৭ আইনের ৯ ধারার লিখনমত মঞ্জুর না হওয়া সকল বাবসবরের সহিত সমপর্ক রাখিবার কথা। .... .... ... | ঐ | ৯ | ০ |
| শহর চুচড়া ইঙ্গরেজের অধিকার ভুক্তহওনের বিষয়। | | | |
| চুচড়া জিলা হুগলীর শামিল হইবার কথা। .... ... | ১৮ | ২ | ১ |
| কালিকাপুরে ও অন্যং স্থানে থাকা ওলন্দেজের কুঠী যেং জিলা ও শহরের মধ্যে আছে তাহা সেইং জিলা কি শহরের আদালতের অধীন করা যাইবার কথা। .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| চলিত আইনানুসারে উপরের উক্ত শহর ও স্থানে দেওয়ানী ও ফৌজদারী ন্যায়ের ও রাজস্ব তহসীলের কার্য্যনির্ব্বাহ করা যাইবার কথা। .... .... .... .... .... .... | ঐ | ৩ | ০ |
| চুঁচড়ায় করা নিষ্পত্তির উপর বাতাবিয়ার আদালতে হওয়া আপীলের যে মোকদ্দমার নিষ্পত্তি না হইয়া থাকে তাহার নিষ্পত্তি করা যাওনের মতের কথা। .. .... .... .... .... | ঐ | ৪ | ১ |
| ঐ শহর ইঙ্গলণ্ডীয় আধিপত্য ভুক্তহওনের পূর্ব্বে নিষ্পত্তিহওয়া অন্য কোনং মোকদ্দমার আপীল সদর দেওযানী আদালতে গ্রাহ্য হইবার কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| চুঁচড়ার ইউরোপীয় আদালতের যেং হুকুম ও দস্তুরমতে মোকদ্দমার নিষ্পত্তি করা যাইত সদরের সাহেবেরা তদনুসারে তাহার আপীলের নিষ্পত্তি করিবার কথা। .. .... .... .... | ঐ | ঐ | ৩ |

# ইঙ্গরেজী ১৮২৫ সালের আইনের খোলাসা।

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের দ্বারা কলিকাতার মফঃসল আপীল আদালতে নিষ্পত্ত্যর্থে মোকদ্দমা সমর্পণীয় হইবার কথা। .... .... .... .... .... .... | ১৮ | ৪ | ৪ |
| এই আইন জারীর পূর্ব্বে নিষ্পত্তিপাওয়া দেওয়ানী মোকদ্দমার আপীল যেরূপে হইবেক তাহার কথা। .... .... .... | ঐ | ঐ | ৫ |
| দেওয়ানী আদালতের সাহেবদিগের প্রতি উপযুক্ত আদালতে পূর্ব্বে নিষ্পত্তিপাওয়া মোকদ্দমার দাওয়া কি নালিশ গ্রাহ্য না করিতে হুকুমহওনের কথা। .... .... .... .... | ঐ | ৫ | ০ |
| উপযুক্তরূপে দস্তখৎআদি করা কাগজপত্র দেওয়ানী আদালতে সাক্ষ্যস্বরূপ গ্রাহ্য হইবার কথা। .... .... .... .... | ঐ | ৬ | ০ |
| উত্তরাধিকারিত্ব ও পৈতৃকাধিকারিত্ব ও বিবাহ ও বিশেষ নিয়মের বিষয়ের দেওয়ানী মোকদ্দমার নিষ্পত্তি বিবাদির সম্পর্কীয় আইন ও দস্তুর অনুসারে হইবার কথা। ... .... | ঐ | ৭ | ০ |
| এই আইন জারীর পূর্ব্বে করা অপরাধের শাস্তি যেরূপ হইবেক তাহার কথা। .... .... .... .... .... | ঐ | ৮ | ০ |
| চুঁচড়া আফিসর কি ফিস্কাল নিযুক্তহওনের ও তাহার কর্ত্তব্য কার্য্যের কথা। .... .... .... .... .... | ঐ | ৯ | ১ |
| ফিস্কাল সাহেব ওলন্দেজী ভাষার সকল কাগজপত্রের তরজমা করিয়া দিবার কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| ফিস্কাল সাহেবের লিখিত মত মোকদ্দমার রোয়দাদের মধ্যে রাখা যাইবার কথা। .. .... .... .... .... | ঐ | ঐ | ৩ |
| ফিস্কাল সাহেব দেওয়ানী ও ফৌজদারী শক্তিবিশিষ্ট সদর আমীন হইবার কথা। .. .... .... .... .... | ঐ | ঐ | ৬ |
| চুঁচড়ার বিষয়ে ইঙ্গরেজী ১৮২০ সালের ২ আইনের কোন২ কথা রদহওনের কথা। .. .... .... .... .... | ঐ | ১০ | ০ |
| **সিপাহীদিগের খাদ্যাদি দ্রব্যের আয়োজনের বিষয়।** | | | |
| কালেক্টরসাহেবের নিকটহইতে হুকুম পাইয়া জমীদারেরদের সৈন্যের নিমিত্তে দ্রব্য আয়োজন করিতে কিম্বা নদীনালা পারের নিমিত্তে নৌকাইত্যাদি প্রস্তুত করিতে ও তাচ্ছল্য কি আজ্ঞা লঙ্ঘন করা প্রমাণ হইলে তাহারা জরীমানার দ্বারা দণ্ডনীয় হইবার ও ঐ জরীমানা হাজার টাকার অধিক না হইবার কথা। .... .... | ৬ | ২ | |



কালেক্টরসাহেবের

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| কালেক্টরসাহেবের ঐ তাচ্ছল্য কি আজ্ঞা লঙ্ঘনকরণের অপবাদ গ্রস্ত জনের কি তাহার প্রতিনিধির সাক্ষাৎকারে সরাসরী তজবীজ করিবার ও স্বয়ং কি উকীল ইহার এক জনও হাজির না হইলে তাহারদিগের গরহাজিরীতেও কালেক্টরসাহেব মোকদ্দমার তজবীজ করিয়া রুবকারী লেখাইবার কথা। .... .... .... | ৬ | ৩ | ০ |
| জরীমানার টাকা উসুল করা যাওনের মতের ও যথায় আপীল হইতে পারিবেক তাহার কথা। .. .... .... .... | ঐ | ৪ | ০ |
| আপীলের দরখাস্ত ইষ্টাম্পকাগজে লিখিতে হইবার ও আপীলের মিযাদের কথা। ... .... .... .... .... | ঐ | ৫ | ০ |
| জিলা গোরক্ষপুরের বিষয়। | | | |
| জিলা গোরক্ষপুর এলাকা বারাণসহইতে খারিজহওনের ও এলাকা পাটনার মফসল আপীল ও দায়েরসায়েরী আদালতের অধিকারের শামিল হইবার কথা। . .... ... .... | ১৭ | ২ | ০ |
| মাজিষ্ট্রেটের ও জাইণ্ট মাজিষ্ট্রেটের মোকামেতে কারাগার শূন্য করণের বৈঠকের নিরূপিত ক্রম স্থগিতরণের কথা। .. .... | ঐ | ৩ | ০ |
| কোন২ মোকামেতে বৈঠককরণের নিয়মের কথা। .. ... | ঐ | ৪ | ০ |
| বারাশত। ... .... .... .... .. | ঐ | ঐ | ১ |
| বালেশ্বর ও খোরদা। .. .... .... .. .... | ঐ | ঐ | ২ |
| মালদহ।.... ... .. .... .. .... | ঐ | ঐ | ৩ |
| মুঙ্গের। .. .... .... .... .... .... | ঐ | ঐ | ৪ |
| শাহজাহাপুর। .... .... .... .... .... | ঐ | ঐ | ৫ |
| এলাকা কলিকাতার দওরা আরম্ভহওনের নিয়মের কথা। .... | ঐ | ৫ | ০ |
| ইহার পরে দওরার বৈঠকের ক্রমের মতান্তর আইন নির্দ্দিষ্ট করণ বিনা করিতে শ্রীযুতের ক্ষমতার কথা। .. .... .... | ঐ | ৬ | ০ |




সমাপ্তঃ।

A TRUE TRANSLATION.

W. CAREY,

*Bengalee Translator of Regulations.*

শ্রীযুত নওয়াব গবরনর্‌ জেনরল বাহাদুরের হজুর কৌনসেল
হইতে ইঙ্গরেজী ১৮২৬ সালের যেং তারিখে
যেং বিষয়ের যেং আইন জারী
হয় তাহার ফিরিস্তি।

## ইঙ্গরেজী ১৮২৬ সালের আইনের ফিরিস্তি।

১ প্রথম আইন। ২ মার্চ।

আবশ্যক বুঝা গেলে মফঃসল আপীল আদালত ও দায়েরসায়েরী আদালতের জজ সাহেবদিগের সংখ্যা বৃদ্ধিকরণের।

২ দ্বিতীয় আইন। ২৬ আপ্রিল।

শ্রীযুত নওয়াব উজীর বাহাদুর যে সকল দেশ ব্রিটনীয় আধিপত্যোতে অর্পণ করিয়াছেন কোনং বিষয়ব্যতিরেকে ও কোনং নিয়মযুক্তে সেই সকল দেশের হাল বন্দোবস্ত আর পাচ বৎসরপর্য্যন্ত বহাল রাখিবার।

৩ তৃতীয় আইন ১১ মাই।

ইঙ্গরেজী ১৮১৬ সালের ১৪ আইনের কোনং হুকুম দেওয়ানী জেলখানার কয়েদী দিগের সহিত সম্পর্ক রাখিবার।

৪ চতুর্থ আইন। ২২ জুন।

ইঙ্গরেজী ১৮২১ সালের ১ আইনের হুকুমের অধীন কর্ম্মকারি মফঃসল ও সদরের বিশেষ কমিস্যনরসাহেবদিগের কার্য্য অবিলম্বে নির্ব্বাহ হইবার।

৫ পঞ্চম আইন। ২২ জুন।

গোবর্দ্ধন পরগনা আগরা জিলার শামিল করিবার।

৬ ষষ্ঠ আইন। ১৩ জুলাই।

ফতেপুরেতে নিযুক্ত জাইণ্টমাজিস্ট্রেট্‌সাহেবের এলাকা ভিন্ন জিলা করিবার।

৭ সপ্তম আইন। ১৩ জুলাই।

বারাণসের টাকশালের কার্য্যের কর্ত্তৃত্বের ভার মধ্যদেশীয় বোর্ড রেবিনিউহইতে উঠাইয়া তৎস্থানস্থ কমিটির সাহেবদিগেতে অর্পণকরণের।

৮ অষ্টম আইন। ১৩ জুলাই।

নিষিদ্ধ আফীমের বিষয়ে ইঙ্গরেজী ১৮২৪ সালের ৭ আইনে যেং কথা লেখা যায় তাহা শুধরিবার।



৯ নবম

## ইঙ্গরেজী ১৮২৬ সালের আইনের ফিরিস্তি।

### ৯ নবম আইন। ১৩ জুলাই।

পাটনার কস্টমহৌস অর্থাৎ মাসুলের কাছারীর কর্ত্তৃত্বের ভার মধ্যদেশীয় বোর্ড রেবিনিউহইতে উঠাইয়া কলিকাতার কষ্টম বোর্ডে অর্পণকরণের ও ঐ কষ্টম বোর্ডের সহযোগে মধ্য দেশের এবং পশ্চিম দেশের এবং জিলা কটকের মাসুলের কার্য্যের কর্ত্তৃত্ব ভার মধ্যদেশীয় ও পশ্চিমদেশীয় বোর্ড রেবিনিউব এবং কটকের কমিস্যনরসাহেব দিগকে তাহার মধ্যে যে স্থান যাঁহার তাবে হয় তাঁহাকে অর্পণ করা যাইবার।

### ১০ দশম আইন। ১৩ জুলাই।

সরকারের কারণ কিম্বা সরকারের অনুমতি পাওনব্যতিরেকে সুবে বাঙ্গালা কি বেহার কি উড়িষ্যার মধ্যে লোণা ছাই কিম্বা খাদ্য দ্রব্যেতে দিবার কারণ অন্য কোন প্রকার লোণা বস্তু প্রস্তুতকরণের নিষেধের এবং কখনং সরকারের কর্ম্মকারিরা লবণ খুজরা বিক্রয়করণের হুকুম দেওনবিষয়িকা ইঙ্গরেজী ১৮১৯ সালের ১০ আইনের ৫০ ধারা জিলা গোরক্ষপুরের সহিত সম্পর্ক রাখিবার বিষয়ে যে সন্দেহ জন্মিয়াছে তাহা মিটাইবার।

### ১১ একাদশ আইন। ৪ আগস্ত।

সকল আদালতের কারণ উপযুক্তরূপ বিদ্বান্ পণ্ডিত ও মৌলবী পরং পাওয়া যাইবার এবং জিলা ও শহরের আদালতে উকীল নিযুক্তকরণের বিষয়ে অন্য হুকুম নির্দ্দিষ্ট করণের।

### ১২ দ্বাদশ আইন। ১৪ দিসেম্বর।

কলিকাতা শহরের মধ্যে ইষ্টাম্পকাগজের দ্বারা মাসুল উৎপন্ন করিবার এবং বিশেষং কার্য্যেতে যেং ইষ্টাম্পযুক্ত কাগজের আবশ্যক তাহার মূল্য নিরূপণ করিবার।



সমাপ্তঃ।

A True Translation,

W. CAREY,

*Bengalee Translator of the Regulations*

## ইঙ্গরেজী ১৮২৬ সাল ১ প্রথম আইন।

---

আবশ্যক বুঝা গেলে মফঃসল আপীল আদালত ও দায়েরসায়েরী আদালতের জজসাহেবদিগের সংখ্যা বৃদ্ধিকরণের নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৬ সালের তারিখ ২ মার্চ্চ মোতাবেকে বাঙ্গলা ১২৩২ সালের ২০ ফাল্গুণ মওয়াফেকে ফসলী ১২৩২ সালের ৮ ফাল্গুণ মোতাবেকে বিলায়তী ১২৩৩ সালের ২১ ফাল্গুণ মওয়াফেকে সম্বৎ ১৮৮২ সালের ৯ ফাল্গুণ মোতাবেকে হিজরী ১২৪১ সালের ২২ রজবে জারী করিলেন ইতি।

যেহেতুক ইঙ্গরেজী ১৮১৪ সালের ৫ আইনের ২ ধারার ২ প্রকরণে ইহা নির্দ্দিষ্ট হইয়াছে যে এলাকা কলিকাতা ও ঢাকা ও মুরশিদাবাদ ও পাটনা ও বারাণস ও বরেলীর মফঃসল আপীল আদালতের চারি২ জন জজসাহেব হইবেন এবং যেহেতুক ঐ সকল আদালতের কোন আদালতের দেওয়ানীকার্য্যের অতিশয় বাহুল্য হওয়াতে মফঃসল আপীল আদালতের ও দায়েরসায়েরী আদালতের কার্য্যনির্ব্বাহার্থে [illegible]য়ে২ প্রয়োজন হইলে তথাকার জজসাহেবেরদের আধিক্য করা আবশ্যক বোধ হইল অতএব নীচের লিখিতব্য হুকুম নির্দ্দিষ্ট হইল এবং এই আইন জারীহওনের তারিখঅবধি তাহা প্রবল হইবেক ইতি।

হেতুবাদ।

### ২ ধারা।

ইঙ্গরেজী ১৮১৪ সালের ৫ আইনের ২ ধারার ২ প্রকরণের কোন২ কথা রদহওনের কথা।

১ প্রথম প্রকরণ।— ইঙ্গরেজী ১৮১৪ সালের ৫ আইনের ২ ধারার ২ প্রকরণের যে২ কথাক্রমে মফঃসল আপীল আদালতের জজসাহেবদিগের সংখ্যা চারি জনপর্য্যন্ত হওনের নিরূপণ হইয়াছে তাহা এই ধারার দ্বারা রদ হইল ইতি।

আবশ্যক বোধ হইলে মফঃসল আপীল ও দায়েরসায়েরী আদালতের জজের আধিক্য হওনের কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— শ্রীযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলেতে কর্ত্তৃত্ব আছে যে মফঃসল আপীল আদালত ও দায়েরসায়েরী আদালতের কার্য্যনির্ব্বাহার্থে যত জজসাহেবের আবশ্যকতা বোধ হয় ততই নিযুক্ত করিতে পারেন্ ইতি।



সমাপ্তঃ।

A TRUE TRANSLATION,

W. CAREY,

*Bengalee Translator of Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৬ সাল ২ দ্বিতীয় আইন।

শ্রীযুত নওয়াব উজীর বাহাদুর যে সকল দেশ ব্রিটনীয় আধিপত্যেতে অর্পণ করিয়াছেন কোন২ বিষয়ব্যতিরেকে ও কোন২ নিয়মযুক্তে সেই সকল দেশের হাল বন্দোবস্ত আর পাঁচ বৎসরপর্য্যন্ত বহাল রাখিবার নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৬ সালের তারিখ ২৬ আপ্রিল মোতাবেকে বাঙ্গলা ১২৩৩ সালের ১৫ বৈশাখ মওয়াফেকে ফসলী ১২৩৩ সালের ১৪ বৈশাখ মোতাবেকে বিলায়তী ১২৩৩ সালের ১৬ বৈশাখ মওয়াফেকে সম্বৎ ১৮৮৩ সালের ৫ বৈশাখ মোতাবেকে হিজরী ১২৪১ সালের ১৮ রমজানে জারী করিলেন ইতি

যেহেতুক ব্রিটনীয় আধিপত্যেতে শ্রীযুত নওয়াব উজীর বাহাদুর যে সকল দেশ অর্পণ করিয়াছেন কোন২ জিলা ও মহালব্যতিরিক্ত সেই সকল দেশের হাল বন্দোবস্তের শেষ ফসলী ১২৩৪ সালের অবসানে হইবেক এবং যেহেতুক যে২ জমীদার কি অন্য লোকেরা যে জমীদারী কি মহালের কারণ সরকারের সহিত বন্দোবস্ত করিয়াছে তাহারদিগের নাম ঐ জমীদারী কি মহালের অধিকারী কি মৌরুসী দখীলকাররূপে কি তাহারদিগের স্থলাভিষিক্তস্বরূপে লেখা যাওনহেতুক যে বন্দোবস্ত তাহারদিগের সহিত হইয়াছে সেই বন্দোবস্ত কোন২ বিষয়ব্যতিরেকে নিরূপিত অন্য মিয়াদপর্য্যন্ত বহাল রাখা উপযুক্ত বোধ হইল এবং যেহেতুক বন্দোবস্ত যত্ন ও পুনর্দৃষ্টিপূর্ব্বক শুধরা যাবৎ সম্পূর্ণ না হয় নিরূপিত মিয়াদ গত হইলে তাবৎ পূর্ব্বোক্ত জমীদার এবং অন্য২ লোকেরদের বন্দোবস্তী কবুলিয়ৎ বহাল থাকনের উপায়করণ আবশ্যক বোধ হইল এবং যেহেতুক দেশের মঙ্গল বৃদ্ধির কারণ অন্য২ উদ্যোগকরণেচ্ছা আছে অতএব নীচের লিখিতব্য হুকুমসকল নির্দ্দিষ্ট হইল এবং তাহা এই আইন জারীহওনের তারিখঅবধি কলিকাতা রাজধানীর তাবে সমস্ত দেশে প্রবল হইবেক ইতি। হেতুবাদ।

### ২ ধারা।

১ প্রথম প্রকরণ।— ইহার পরে যে২ বিষয় ও নিয়মের কথা লেখা যাইবেক তাহাব্যতিরেকে দত্ত দেশে যে বন্দোবস্ত জমীদারেরদের কি নম্বরদারেরদের কিম্বা যে জন যে মহালের দত্ত দেশের হাল বন্দোবস্ত আর পাঁচ বৎসরপ

র্য্যন্ত বহাল থাকিবার ক থা।

মহালের নিমিত্তে বন্দোবস্ত করিয়াছে ও তাহার নাম ঐ মহালের ভূম্যধিকারী কি মৌক সী দখীলকারস্বরূপ কি তাহারদিগের স্থলাভিষিক্ত জনস্বরূপে বহীতে লেখা গিয়াছে এমত অন্য২ লোকেরদের সহিত হইয়াছে ঐ বন্দোবস্ত তাহারদিগের সহিত আর পাঁচ বৎসর পর্য্যন্ত অর্থাৎ ফসলী ১২৩৫ সালের আরম্ভঅবধি ১২৩৯ সালের শেষপর্য্যন্ত বহাল থা কিবেক ইতি।

জমীদারেরা আর পাঁচ বৎসর মিয়াদপর্য্যন্ত আ পনারদিগের কবুলিয়ৎ ব হাল রাখিতে অসম্মত হ ইলে নিরূপিত সময়ে কা লেক্টরসাহেবকে তাহার সমাচার দিবার কথা।
তাহা না দিলে আগা মি পাঁচ বৎসরের প্রতিবৎ সর সাবেক জমার দায়ী হইবার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— যদি কোন জমীদার কিম্বা পূর্ব্বোক্ত অন্য২ লোক এই আইনের বিশেষ করিয়া লিখিত নিয়মানুসারে আর পাঁচ বৎসরপর্য্যন্ত আপন কবুলিয়ৎ বহাল রাখিতে অসম্মত হয় তবে তাহারা যে কালেক্টরসাহেব কি কালেক্টরের ক্ষমতাপন্ন অন্য সাহেবের তাবে হয় তাঁহার নিকটে আপন অসম্মতির কথা আগামি ৩১ জুলাই তারিখে মোতাবেকে ফসলী ১২৩৩ সালের ১২ শ্রাবণে জানাইবেক এবং যে সকল জমীদার কি পূর্ব্বোক্ত অন্য২ লোকেরা পূর্ব্বোক্ত মিয়াদের মধ্যে আপন অসম্মতিজ্ঞা পক সম্বাদ না দেয় তাহারা এক্ষণে যে বন্দোবস্ত চলিতেছে ইহার পরের পাঁচ বৎসর অর্থাৎ ফসলী ১২৩৫ সালের প্রথমাবধি ১২৩৯ সালের শেষপর্য্যন্ত প্রতিবৎসর ফসলী ১২৩৪ সালের নিমিত্তে তাহারদিগের কবুলিয়ততে যেমন লেখা থাকে সেই মত মাল গুজারী দিবার দায়ী হইবেক ইহা এই প্রকরণদ্বারা জানান যাইতেছে এবং ইহা হই লে ইহার পরে যাহা লেখা যাইবেক তদ্ব্যতিরেকে ঐ পূর্ব্বোক্ত পাঁচ বৎসরের শেষপ র্য্যন্ত ঐ লোকের দখলে থাকা মহালের নিমিত্তে যে জমা সরকারের প্রাপ্তব্য তাহার কিছু মতান্তর হইবেক না ইতি।

পূর্ব্বোক্ত হুকুম গোরক্ষ পুর ও আজীমগড়ের এবং হাল বন্দোবস্তের মিয়া দের পর কোন বৎসরের নিমিত্তে বিশেষরূপে দেও য়া কবুলিয়তের সহিত সম্পর্ক না রাখিবার কথা।

৩ তৃতীয় প্রকরণ।— ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনের ২ দাবার ৪ প্রকরণেতে জিলা গোরক্ষপুর ও আজীমগড়ের নিমিত্তে বিশেষ করিয়া হুকুম লেখা গিয়াছে অত এব উপরের লিখিত হুকুম তাহার সহিত সম্পর্ক রাখিবেক না এবং কোন জিলাতেও এক্ষণে সামান্য যে বন্দোবস্ত চলিতেছে তাহার পরের কোন কিম্বা কএক বৎসরের নিমিত্তে বিশেষরূপে যে কবুলিয়ৎ দেওয়া হইয়া থাকে তাহারো ক্ষতি বৃদ্ধি করিবেক না ইতি।

ইঙ্গরেজী ১৮২২ সা লের ৭ আইনানুসারে যে২ মহালের বন্দোবস্ত পুনর্দৃষ্টিপূর্ব্বক শুধরা গি য়াছে কি তাহা করিবার উদ্যোগ হইতেছে সে সকল মহাল উপরের লি খিত হুকুমের বাহির রা খিতে কালেক্টরসাহেব কে ক্ষমতার্পণ হওনের কথা।

৪ চতুর্থ প্রকরণ।— কালেক্টরসাহেবেরা এবং কালেক্টরের ক্ষমতাপন্ন অন্য সাহে বেরা তাঁহারা যে বোর্ড রেবিনিউর সাহেবদিগের হুকুমের তাবে হন তাঁহারদিগের হুকু মেতে দৃষ্টি রাখিয়া যে কোন মহাল কি যে২ মহালের বন্দোবস্তের পুনর্দৃষ্টি হইয়াছে কিম্বা ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনের অনুসারে তাহা করণের উদ্যোগ হইতেছে কিম্বা ঐ২ ক্ষমতাপ্রাপ্ত সাহেবেরদের বিবেচনানুসারে যে২ মহালের পুনর্ব্বার বন্দোবস্ত অবিলম্বে করণের বিশেষ হেতু বোধ হয় সে সকল মহাল উপরের লিখিত হুকুমসকলের বাহির রাখিতে পারিবেন এবং শেষের উক্ত মহালের বিষয়ে কালেক্টরসাহেবেরদের কি পূর্ব্বোক্ত অন্য কর্ম্মকারি সাহেবদিগের ক্ষমতা আছে যে বোর্ডের সাহেবেরা যেমন হুকুম করেন সেইমত হালের পাট্টার মিয়াদ পূর্ণ হইবামাত্র তাহার বন্দোবস্ত পুনর্ব্বার করেন

করেন্ কিম্বা পাঁচ বৎসরের অধিক না হয় এমত অন্য মিয়াদের নিমিত্তে ঐ কবুলিয়ৎদেওনিয়াদিগ্‌কে নূতন পাট্টা দেন্ কিন্তু ইহাতে দৃষ্টি রাখিতে হইবেক যে কোন মহাল কি মহালাতের বিষয়ে উপরের লিখনানুসারে বিশেষ কার্য্যকরণের কল্প করা গেলে কালেক্টরসাহেব কি পূর্ব্বোক্ত অন্য কর্ম্মকারি সাহেব লিখনের দ্বারা ঐ কল্পের সম্বাদ ঐ কবুলিয়ৎদেওনিয়াকে ইঙ্গরেজী ১৮২৭ সালের ১ মার্চে কিম্বা তাহার পূর্ব্বে দিবেন মালগুজারের বাসস্থানে পরওয়ানা দিলে কি রাখিলে কি কালেক্টরসাহেবের হুকুমেতে মহালের মধ্যে সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে সম্বাদপত্র লট্‌কাইয়া দিলে সম্বাদ দেওয়া সিদ্ধ হইবেক ইতি।

এমত হইলে কালেক্টরসাহেব মালগুজারদিগ্‌কে সমাচার দিবার কথা।

৩ ধারা।

উপরের লিখনমতে যেং জমীদার এবং পূর্ব্বোক্ত অন্যং লোকদিগের কবুলিয়ৎ অন্য পাঁচ বৎসর মিয়াদের কারণ বহাল রাখা যায তাহারা এবং অন্য যে সকল লোকেরা ইহার পরে স্বত্বাধিকারিস্বরূপে কি স্বত্বাধিকারির স্থলাভিষিক্তস্বরূপে বন্দোবস্তের কবুলিয়ৎ লিখিয়া দিবেক তাহারাও ঐ মত বহালরাখা কি দেওয়া পাট্টার মিযাদ পূর্ণ হইলে পর তাহারা যে মহালের নিমিত্তে কবুলিয়ৎ দিযাছে কি ইহার পরে দিবেক সে মহাল তাহারদিগের ভোগদখলে থাকিবেক এবং তাহারা যেপর্য্যন্ত কালেক্টরসাহেব কি কালেক্টরের ক্ষমতাপন্ন অন্য সাহেব ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনের লিখিত হুকুমমতে বিশেষরূপে পুনর্দৃষ্টিপূর্ব্বক বন্দোবস্ত না গুধরেন কিম্বা সরকারহইতে নূতন জমা ধার্য্য করিবার বিশেষ হুকুম না হয সেপর্য্যন্ত তাহারদিগের পাট্টার মিয়াদের শেষ বৎসরের নিমিত্তে যে জমা সরকারে দাতব্য হয বৎসরং তাহার দাযী হইবেক কিন্তু ইহাতেও দৃষ্টি রাখিতে হইবেক যে পূর্ব্বোক্ত কোন জমীদার কি অন্য মালগুজার উপরের লিখিত হুকুমানুসারে যে জমা দেয় তাহার অধিকের দাযী কোন বৎসরে হইবেক না যদি তাহার পূর্ব্ব জ্যৈষ্ঠ মাসে কি তাহার পূর্ব্বে বোর্ডের সাহেবেরদের নূতন জমা ধার্য্যহওয়া মঞ্জুরহওনের সম্বাদ না পায এবং অন্য কোন জন ঐ মহালের অধিকারিত্বের দাওয়া করিলে আদালতহইতে তাহার অধিকারহওয়ার নিষ্পত্তিপত্রের মতাচরণ হওনদ্বারাব্যতিরেকে উপরের উক্ত সম্বাদ না পাইলে কোন জমীদার কি অন্য মালগুজার আপন কবুলিয়ৎ দেওয়া মহালহইতে বেদখল হইবেক না ইতি।

যে জমীদার এবং অন্য লোকেরা অন্য পাঁচ বৎসর মিযাদের নিমিত্তে আপনারদিগের কবুলিয়ৎ বহাল রাখে তাহারা পাট্টার মিযাদ পূরিলে পর তাহার লিখিত শেষ বৎসরে যে জমার দায়ী ছিল সেই জমা ঐ পাচ বৎসরের প্রতিবৎসর দিবার কথা।

বিশেষ হুকুমের কথা।

৪ ধারা।

যেং মহাল এক্ষণে ইজারাবিলিতে আছে তাহার ইজারার হাল পাট্টার মিয়াদ পূর্ণ হইলে শ্রীযুত নওয়াব গবর্‌নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলহইতে যে মিয়াদের হুকুম করেন্ সেই মিয়াদে সেইং মহালের বন্দোবস্ত করা যাইবেক যে জমীদার কি অন্য লোকেরা ঐং মহালেতে মৌরুসী স্বত্বাধিকার রাখে তাহারা যদি উপযুক্ত পরিমাণে সরকারের

এক্ষণে যেং জমীদারী ইজারাবিলিতে আছে তাহার ইজারার পাট্টার মিয়াদ পূর্ণ হইলে তাহার বন্দোবস্তের নিয়মের কথা।

মহাল ইজারাবিলিতে থাকিলে যে নিয়মমত কার্য্য করা যাইবেক তাহার কথা।

উপরের লিখিত হুকুম খাসতহসীলে থাকা জমীদারীর সহিত সম্পর্ক রাখিবার কথা।

আপনারদিগের ভূমির আবাদ কমকরণপ্রযুক্ত জমীদারেরা জমীদারীর কর্ত্তৃত্বহইতে বহিষ্কৃত হইবার কথা।

কারের মালগুজারী আদায় করিবার কবুলিয়ৎ দিতে স্বীকৃত হয় তবে সেই২ মহালের বন্দোবস্তের বিষয়ে তাহারাই সর্ব্বাপেক্ষা গ্রাহ্য হইবেক আরো হুকুম দেওয়া যাইতেছে যে ঐ২ মহাল ইজারাবিলিতে থাকিলে ইহার পরে যে বর্জ্জনের কথা লেখা যাইবেক তদ্ব্যতিরেকে ইজারদারকে যে পাট্টা দেওয়া যায় তাহার মিয়াদ ১২ দ্বাদশ বৎসরের অধিক হইবেক না ও উপরের লিখিত হুকুম খাসতহসীলে থাকা মহালসকলের বিষয়ে এমত সম্পর্ক রাখিবেক যে জমীদারেরা এবং অন্য ভূম্যধিকারিরা উপযুক্ত জমাতে হালের কবুলিযৎ বহাল রাখিতে অসম্মত হইলে রাজস্বের কার্য্যভারাক্রান্ত সাহেবদিগের ক্ষমতা আছে যে এই ধারার বিশেষরূপে লিখিত নিষেধেতে দৃষ্টি রাখিয়া শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলহইতে যে মিয়াদের হুকুম হয় সেই মিযাদে ঐ২ মহাল ইজারাবিলি করেন্ কিম্বা ঐ২ মহাল খাসতহসীলেতে রাখিয়া তাহার সরবরাহ নিজে ঐ মিযাদপর্য্যন্ত কি তাহার কম যে মিয়াদ উপযুক্ত বোধ ও নিরূপণ হয সেই পর্য্যন্ত করেন্ আরো হুকুম দেওয়া যাইতেছে যে যদি জানা যায় যে জমীদারেরা ইচ্ছাপূর্ব্বক আপন জমীদারীর আবাদ কম করাইয়াছে কিম্বা আর কোন প্রকারে আপনারদিগের সরবরাহে কি দখলে থাকা মহালের কিছু হানি করিয়াছে তবে মালগুজারী তহসীলের ভারাক্রান্ত সাহেবদিগের ক্ষমতা আছে যে সেই২ জমীদারী সেই২ দোষি জমীদারদিগের হাতছাড়া করিয়া অন্য ১৫ পঞ্চদশ বৎসর মিযাদের নিমিত্তে ইজারাবিলি করেন্ এবং জঙ্গলা ভূমি আবাদকরণের নিমিত্তে ও কৃষি কর্ম্মবর্দ্ধনার্থে আবশ্যক উপায় করিবার জন্যে অথবা দেশের মঙ্গলবৃদ্ধির কারণ তত্তৎস্থানের বিশেষ কোন কারণপ্রযুক্ত আবশ্যক বোধ হইলে ঐ মিয়াদে জমীদার এবং ইজারদারদিগ্কে পাট্টা দেওয়া যাইতে পারিবেক ইতি।

Vol. VII. 444.

সমাপ্তঃ।

A True Translation,

W. CAREY,

*Bengalee Translator of Regulations.*

# ইঙ্গরেজী ১৮২৬ সাল ৩ তৃতীয় আইন।

ইঙ্গরেজী ১৮১৬ সালের ১৪ আইনের কোন২ হুকুম দেওয়ানী জেলখানার কয়েদীদিগের সহিত সম্পর্ক রাখিবার কারণ এবং ঐ ১৮১৬ সালের ৪ আইনের ৩ ধারার লিখিত কোন২ হুকুম শুধরিবার কারণ এ আইন শ্রীযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৬ সালের তারিখ ১১ মার্চ মোতাবেকে বাঙ্গলা ১২৩৩ সালের ৩০ বৈশাখ মওয়াফেকে ফসলী ১২৩৩ সালের ১৯ বৈশাখ মোতাবেকে বিলায়তী ১২৩৩ সালের ৩১ বৈশাখ মওয়াফেকে সম্বৎ ১৮৮৩ সালের ৪ বৈশাখ মোতাবেকে হিজরী ১২৪১ সালের ৩ রমজানে জারী করিলেন ইতি।

যেহেতুক ইঙ্গরেজী ১৮১৬ সালের ১৪ আইনের লিখিত হুকুম কেবল ফৌজদারী জেলখানার সহিত সম্পর্ক রাখে এবং যেহেতুক দেওয়ানী আদালতের নিষ্পত্তি ও হুকুমের মতাচরণার্থে দেওয়ানী জেলখানার কয়েদীদিগের সহিত তাহার সম্পর্কথাকন আবশ্যক এবং যেহেতুক জজ ও মাজিষ্ট্রেটের পদ কখন২ ভিন্ন২ সাহেবেতে অর্পণহওন প্রযুক্ত ইঙ্গরেজী ১৮১৬ সালের ৪ আইনের ৩ ধারার লিখিত হুকুম শুধরা আবশ্যক হইল অতএব নীচের লিখিতব্য হুকুম নির্দ্দিষ্ট হইল এবং তাহা এই আইন জারীহওনের তারিখঅবধি ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর তাবে সমস্ত দেশে প্রবল হইবেক ইতি। হেতুবাদ।

## ২ ধারা।

ইঙ্গরেজী ১৮১৬ সালের ৪ আইনের ৩ ধারার লিখিত হুকুম শুধরণার্থে এ হুকুম করা যাইতেছে যে প্রত্যেক জিলা ও শহরের সম্পর্কীয় দেওয়ানী জেলখানার কর্তৃত্বভার সেই২ জিলা ও শহরের মাজিষ্ট্রেট্‌সাহেবেতে অর্পণ হইল এবং ইহার পরে মাজিষ্ট্রেট্‌সাহেব ঐ আইনের ঐ ধারার লিখিত সমস্ত কর্ম্ম করিবেন ইতি। ইঙ্গরেজী ১৮১৬ সালের ৪ আইনের ৩ ধারা শুধরণের কথা।

## ৩ ধারা।

এই ধারার লিখনদ্বারা এই আইনেতে ইহার পরে যে ধারা লেখা যাইবেক তাহাতে সরাসরী বিচার করি-



বিশেষ

বার ও শাস্তি দিবার ক্ষমতা মাজিষ্ট্রেট্‌সাহেবকে অর্পণ হইবার কথা।

বিশেষ করিয়া লেখা অপরাধের মোকদ্দমার সরাসরী বিচারকরণের পর অপরাধিকে শাস্তি দিবার ক্ষমতা মাজিষ্ট্রেট্‌সাহেবকে অর্পণ হইল ইতি।

৪ ধারা।

অপরাধের বেওরার কথা।

১ প্রথমতঃ।— দেওয়ানী আদালতের নিষ্পত্তিপত্রের মতাচরণকরণার্থে কোন কয়েদীর দুঁদ্যামীকরণ অর্থাৎ জেলখানার দারোগার কি চৌকীদারদিগের কিম্বা তথাকার অন্য কার্য্যকারকের আপন২ পদসম্বন্ধীয় কর্ম্মকরণেতে তাহার বিপরীতাচরণকরণ কি কটুকহন ও সামান্যতঃ অন্য কোন এমত কুব্যবহার তাহারদিগের সম্বন্ধে করণ যে তাহা এমত ভারী নহে যে মাজিষ্ট্রেট্‌সাহেব তাহার শাস্তি দিতে না পারণহেতুক তাহার মোকদ্দমা দায়েরসায়েরী আদালতের সাহেবের নিকটে উপস্থিতকরণের আবশ্যক হয় ইতি।

২ দ্বিতীয়তঃ।— কোন কয়েদী লোকের অন্য প্রকার আজ্ঞার অতিক্রম অর্থাৎ হঙ্গামা কি দুঁদ্যামী কি পলাইবার উদ্যোগ কিম্বা পলাইবার কি দুঁদ্যামী করিবার কিম্বা আজ্ঞার অন্যমত অথবা নিষিদ্ধ অন্য কোন কর্ম্মকরণের নিমিত্তে অন্য কয়েদীদিগের সহিত একবাক্যহওন কিম্বা অন্য কয়েদীদিগ্‌কে কটুবাক্যকহন কি তাহারদিগের সহিত মারামারিকরণ এবং সামান্যতঃ কয়েদথাকনের সময়ে কয়েদীদিগের অন্য২ এমত কুব্যবহারকরণ যে চলিত আইনানুসারে কিম্বা তাহার গুরুতাপ্রযুক্ত মাজিষ্ট্রেট্‌সাহেবেরা তাহার শাস্তি দিতে ক্ষমতা না রাখণহেতুক দায়েরসায়েরী আদালতে তাহার মোকদ্দমা উপস্থিত করিতে হয় ইতি।

৫ ধারা।

শাস্তির পরিমাণ ও প্রকারের কথা।

১ প্রথম প্রকরণ।—উপরের ধারার বিশেষ করিয়া লেখা যেং অপরাধ সরাসরী বিচার দ্বারা দেওয়ানী আদালতের নিষ্পত্তিপত্রের হুকুমমতাচরণকরণেতে কোন কয়েদীহইতে হইয়াছে জানা যায় সে অপরাধের শাস্তি দিবার নিমিত্তে মাজিষ্ট্রেট্‌সাহেবকে অর্পণহওয়া ক্ষমতার বেওরা নীচে লেখা যাইতেছে কিন্তু ঐ শাস্তি দেওনেতে ঐ অপরাধের প্রকার এবং কয়েদীর অবস্থা এবং ঐ বিষয়েতে বিবেচনাকরণযোগ্য অন্য২ বিষয়েরো বিবেচনা করিতে হইবেক ইতি।

২ দ্বিতীয় প্রকরণ।—উপরের ধারার লিখিত অপরাধের শাস্তিই ২ দুই মাসের অধিক না হয় এমত কোন মিয়াদে নিগূঢ় বন্ধন কিম্বা খোরাকীর কমীকরণ হইবেক কোন প্রকারে খোরাকী এমত কম করা যাইবেক না যে তাহাতে কয়েদীর জীবনধারণহওয়া দুঃসাধ্য হয় এবং কয়েদীর পুরা খোরাকীহইতে তাহা কমকরণার্থে যাহা বাদ দেওয়া যায় তাহা তাহার দণ্ডস্বরূপে সরকারের হিসাবে জমা করা যাইবেক ইতি।



৩ তৃতীয়

## ইঙ্গরেজী ১৮২৬ সাল ৩ তৃতীয় আইন।

৩ তৃতীয় প্রকরণ।— যেং নিয়ম ইঙ্গরেজী ১৮১৬ সালের ১৪ আইনের ৮ ধারাতে ফৌজদারী জেলখানার কয়েদীদিগের বিষয়ে লেখা গিয়াছে সেইং নিয়ম ঐ সরাসরী বিচারকরণের এবং তাহার নিষ্পত্তি রোয়দাদের বহীতে লিখিবার এবং দায়েরসায়ের সাহেব তাহা দৃষ্টিকরণের বিষয়েও সম্পর্ক রাখিবেক ইতি।

বিচারের ও তাহার নিষ্পত্তি রোয়দাদের বহীতে লিখিবার ও তাহা দৃষ্টি করিবার নিয়মের কথা।

### ৬ ধারা।

কিন্তু ইহাতে দৃষ্টি রাখিতে হইবেক যে এই আইনের লিখিত কোন কথার তাৎপর্য্য এমত নহে যে তদ্দ্বারা দেওয়ানী জেলখানার কয়েদী দেওয়ানী আদালতের যে নিষ্পত্তি পত্রের মতাচরণার্থে কয়েদ করা গিয়া থাকে তদ্দৃষ্টে ঐ কয়েদী কয়েদথাকন কি খালাসী পাওনের যোগ্য হওয়ার কিছু বিবেচনা করিবার অধিকার ঐ মাজিস্ট্রেটসাহেবকে অর্পণ হইয়াছে কিম্বা ঐ দেওয়ানী আদালতের জজসাহেবের কি তাঁহার হুকুমেতে ক্ষমতা প্রাপ্ত কিম্বা প্রেরিত ইউরোপীয় কি এদেশীয় তাঁহার তাবে কোন জনের ঐ দেওয়ানী জেলখানা দেখিতে যাওনের নিষেধ আছে কিম্বা ঐ কয়েদী দেওয়ানী আদালতের যে নিষ্পত্তিপত্রের মতাচরণার্থে কয়েদ আছে তাহার সম্পর্কীয় কোন বিষয়ে কিম্বা আদালত সম্পর্কীয় অন্য কোন বিষয়ে জজসাহেবের দেওয়ানী জেলখানার কোন কয়েদীর তলবকরণের নিষেধ আছে ইতি।

বিশেষ হুকুমের কথা।



সমাপ্তঃ।

A True Translation,

W. Carey,

*Bengalee Translator of Regulations.*

ইঙ্গরেজী ১৮২৬ সাল ৪ চতুর্থ আইন।

---

ইঙ্গরেজী ১৮২১ সালের ১ আইনের হুকুমের অধীন কর্ম্মকারি মফঃসল ও সদরের বিশেষ কমিস্যনরসাহেবদিগের কার্য্য অবিলম্বে নির্ব্বাহ হইবার কারণ এ আইন শ্রীযুত নওযাব গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৬ সালের তারিখ ২২ জুন মোতাবেকে বাঙ্গলা ১২৩৩ সালের ৯ আষাঢ় মওয়াফেকে ফসলী ১২৩৩ সালের ৩ আষাঢ় মোতাবেকে বিলায়তী ১২৩৩ সালের ১০ আষাঢ় মওয়াফেকে সম্বৎ ১৮৮৩ সালের ৩ আষাঢ় মোতাবেকে হিজরী ১২৪১ সালের ১৫ জাকাদে জারী করিলেন ইতি।

যেহেতুক ইঙ্গরেজী ১৮২১ সালের ১ আইন এবং ১৮২৩ সালের ১ আইন যেং অভিপ্রায়ে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা অবিলম্বে সিদ্ধ হইবার নিমিত্তে আবশ্যক যে মফঃসল ও সদরের বিশেষ যেং কমিস্যনরসাহেব প্রথমোক্ত আইনের হুকুমের দ্বারা নিযুক্ত হইয়াছেন তাঁহারা পৃথক্ং বৈঠক করিতে এবং ঐ কমিস্যনরসাহেবদিগের বিচারযোগ্য মোকদ্দমাসকলের বিচার ও নিষ্পত্তি কোনং নিষেধবিধিতে দৃষ্টি রাখিয়া পৃথক্ং হইয়া করিতে ক্ষমতাপ্রাপ্ত হন এবং মফঃসলের কমিস্যনরসাহেবেরা বিচার ও নিষ্পত্তির নিমিত্তে কোনং মোকদ্দমা সালিসদিগকে সমর্পণ করিতেও ক্ষমতা পান্ অতএব নীচের লিখিতব্য হুকুম শ্রীযুত নওযাব গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলহইতে নির্দ্দিষ্ট হইল এবং তাহা এই আইন জারীহওনের তারিখহইতে প্রবল হইবেক ইতি। হেতুবাদ।

২ ধারা।

১ প্রথম প্রকরণ।—এই প্রকরণের দ্বারা জানান যাইতেছে যে শ্রীযুত নওযাব গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের কিম্বা ঐ হজুরের সম্মতিক্রমে সদরের বিশেষ কমিস্যনরসাহেবদিগের হুকুমের দ্বারা হওয়া নিষেধবিধিতে দৃষ্টি রাখিয়া মফঃসলের বিশেষ কমিস্যনরসাহেবদিগের মধ্যে কোন এক কমিস্যনরসাহেব চলিত আইনানুসারে তথাকার সকল কমিস্যনরসাহেবেরা একত্র হইয়া যে কার্য্যকরণের ক্ষমতা রাখেন্ একাকী বৈঠক করিয়া তাহা করিতে ক্ষমতাপ্রাপ্ত হইলেন ইতি।

মফঃসলের বিশেষ কমিস্যনরসাহেবদিগের বৈঠক তাঁহারদিগের এক সাহেবের বৈঠকেতে সিদ্ধ হইবার কথা।



২ দ্বিতীয়

মফঃসলের বিশেষ কমিস্যনরসাহেবদিগের একের কৃত হুকুম সকলের হুকুমের ন্যায় প্রবল হইবার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— পূর্ব্বোক্ত হুকুমানুসারে মফঃসলের বিশেষ কমিস্যনরসাহেবদিগের মধ্যের এক কমিস্যনরসাহেবের করা হুকুম ও নিষ্পত্তি তথাকার সমস্ত কমিস্যনর সাহেবেরা একত্র হইয়া যেং হুকুম ও নিষ্পত্তি করেন্ তত্তুল্য প্রবল হইবেক এবং তাহা কেবল সদরের বিশেষ কমিস্যনরসাহেবদিগের নিকটে আপীলহওনের যোগ্য হইবেক ইতি।

৩ ধারা।

মফঃসলের বিশেষ কমিস্যনরসাহেবেরা কোন মোকদ্দমা বিচার ও সমাধার্থে সালিসদিগকে সমর্পণ করিতে পারিবার কথা।

মফঃসলের বিশেষ কমিস্যনরসাহেবদিগের নিকটে উপস্থিতহওয়া যেং মোকদ্দমাতে সাধারণ কোন জমীদারী কি মহালের অনেক পটীদার কি অংশিদিগের বিশেষং স্বত্বের বিবাদ থাকে এবং সালিসের দ্বারাব্যতিরেকে ঐ বিবাদিদিগের বিবাদ মিটান দুষ্কর হয় এমতং মোকদ্দমা তথাকার সকল কমিস্যনরসাহেবের কি তাঁহারদিগের মধ্যের যে এক সাহেবের নিকটে বিচারার্থে উপস্থিত হয় ঐ সাহেবেরা কি সাহেব ঐ বিবাদিরা তাহারদিগের ঐ বিবাদের সমাধা তথাকার তিন কি ততোধিক্ নিকটবর্ত্তি জমীদার কি অন্য বিশিষ্ট লোকেরদের সালিসীর দ্বারাহওনে সম্মত হইলে সেইং মোকদ্দমা তাহারদিগের প্রতি সমর্পণ করিতে এবং তাহারদিগের কৃত সমাধানুসারে নিষ্পত্তি করিতে এই ধারাক্রমে ক্ষমতাপ্রাপ্ত হইলেন ইতি।

৪ ধারা।

সদর কমিস্যনরের বৈঠকে এক কমিস্যনরের বৈঠকেতে সিদ্ধ হইবারকথা।

এই ধারাক্রমে জানান যাইতেছে যে সদরের বিশেষ কমিস্যনরসাহেবদিগের দুই সাহেবের একবাক্যতায় হওয়া কোন চূড়ান্ত হুকুম কি নিষ্পত্তির দ্বারাব্যতিরেকে মফঃসলের বিশেষ কমিস্যনরসাহেবদিগের কি তাঁহারদিগের মধ্যের কোন এক কমিস্যনরসাহেবের কৃত হুকুম কি নিষ্পত্তি রদ কি মতান্তর হইতে পারে না ইহাতে দৃষ্টি রাখিয়া সদরের বিশেষ কমিস্যনরসাহেবদিগের মধ্যের কোন এক সাহেব বৈঠক করিতে এবং চলিত আইনানুসারে তাঁহাতে যেং ক্ষমতা অর্পিত হইযাছে তাহার মতাচরণ করিতে ক্ষমতাপন্ন আছেন ইতি।

Vol. VII. 450.

সমাপ্তঃ।

A True Translation,

W. CAREY,

*Bengalee Translator of Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৬ সাল ৫ পঞ্চম আইন।

গোবর্দ্ধন পরগনা আগরা জিলার শামিল করিবার নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৬ সালের তারিখ ২২ জুন মোতাবেকে বাঙ্গলা ১২৩৩ সালের ৯ আষাঢ় মওয়াফেকে ফসলী ১২৩৩ সালের ৩ আষাঢ় মোতাবেকে বিলায়তী ১২৩৩ সালের ১০ আষাঢ় মওয়াফেকে সম্বৎ ১৮৮৩ সালের ৩ আষাঢ় মোতাবেকে হিজরী ১২৪১ সালের ১৫ জীকাদে জারী করিলেন ইতি।

যেহেতুক যমুনা নদীর দক্ষিণ তীরস্থ দেশের মধ্যগত যে গোবর্দ্ধন পরগনা ইঙ্গরেজী ১৮০৩ সালের ৩০ নবেম্বরে শ্রীযুত দওলৎরাও সিন্ধিয়া বাহাদুরের সহিত শ্রীযুত ইঙ্গরেজ কোম্পানি বাহাদুরের সরকারের হওয়া নিয়মপত্রদ্বারা ঐ সরকারকে দত্ত হইয়া তাহার পরে ভরতপুরের রাজা শ্রীযুত রণজিৎসিংহের পুত্র কুঙর লক্ষ্মণ সিংহকে নিষ্কর রূপে দেওয়া গিয়া ঐ কুঙর লক্ষ্মণ সিংহের মৃত্যুহওনপ্রযুক্ত এ সরকারে বাজেয়াপ্ত হইয়াছে ঐ পরগনা আগরা জিলার শামিলকরা উপযুক্ত বোধ হইল অতএব নীচের লিখিতব্য হুকুম নির্দ্দিষ্ট হইল এবং তাহা এই আইন জারীহওনের তারিখঅবধি প্রবল হইবেক ইতি। হেতুবাদ।

### ২ ধারা।

গোবর্দ্ধন পরগনা জিলা আগরার শামিল হইল এবং ঐ জিলার কর্ত্তৃত্বের নিমিত্তে যেং আইন নির্দ্দিষ্ট হইয়াছে সেইং আইন নীচের লিখিতব্য ধারাসকলেতে যেং হুকুম নির্দ্দিষ্ট হইতেছে তাহাব্যতিরেকে এই আইন জারীহওনের তারিখঅবধি ঐ পরগনাতে প্রবল হইবেক ইতি।

গোবর্দ্ধন পরগনা আগরা জিলার শামিল হইবার এবং নীচের লিখিতব্য হুকুমব্যতিরেকে চলিত আইন তাহাতে চলিবার কথা।

### ৩ ধারা।

যেং দেওয়ানী মোকদ্দমার হেতু ঐ গোবর্দ্ধন পরগনাতে ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৫ জানুআরির পূর্ব্বে অর্থাৎ ঐ পরগনা বাজেয়াপ্তহওনের পূর্ব্বে ১২ দ্বাদশ বৎসর পূর্ব্বে হইয়া থাকে সে সকল মোকদ্দমার বিচার করিতে তথাকার দেওয়ানী আদালতে ক্ষমতা নাহি ইতি।

ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৫ জানুআরির পূর্ব্বে হওয়া হেতুর মোকদ্দমার বিচার তথাকার দেওয়ানী আদালতে করিতে নিষেধের কথা।



৪ ধারা।

## ৪ ধারা।

ইঙ্গরেজী ১৮২৬ সালের ২৫ জানুআরির পূর্ব্বের ফৌজদারী মোকদ্দমার বিচার তথাকার ফৌজদারী আদালতে করিতে নিষেধের কথা।

ঐ পরগনা বাজেয়াপ্তের তারিখ অর্থাৎ ইঙ্গরেজী ১৮২৬ সালের ২৫ জানুআরির পূর্ব্বে ঐ পরগনার যে কোন স্থানে যে কোন অপরাধের ক্রিয়া করা যাইয়া থাকে তথাকার ফৌজদারী আদালতে তাহার মোকদ্দমার বিচার করিতে নিষেধ হইল ইতি।

## ৫ ধারা।

ইষ্টাম্পসম্পর্কীয় আইন এক বৎসর অতীত না হইলে তথায় না চলিবার কথা।

গোবর্দ্ধন পরগনায় ইষ্টাম্পকাগজসম্পর্কীয় কোন আইন ইঙ্গরেজী ১৮২৬ সালের ২৫ জানুআরির পর এক বৎসর গত না হইলে চলিবেক না ইতি।

## ৬ ধারা।

ভূমির জমার বন্দোবস্ত করিবার মিয়াদ নিরূপণকরণের কর্তৃত্ব শ্রীযুত হজুর কৌন্সেলে আপনাতে রাখিবার কথা।

ঐ পরগনার ভূমির মালগুজারীর বন্দোবস্তকরণের মিয়াদ সময়ে২ নিরূপণকরণের কর্তৃত্ব শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলেতে বিষয় বিবেচনা পূর্ব্বক যেমন উচিত বোধ হয় সেই রূপে করিতে আপনাতে রাখিয়াছেন তথাপি দক্ষ এবং জয়করা নামেতে খ্যাত দেশের মধ্যগত ভূমির বন্দোবস্তকরণের নিমিত্তে যেং মূল দাঁড়া নির্দ্দিষ্ট হইয়াছে যথাসাধ্য তদনুসারে ঐ বন্দোবস্ত করা যাইবেক ইতি।



সমাপ্তঃ।

A True Translation,

W. CAREY,

*Bengalee Translator of the Regulations.*

ইঙ্গরেজী ১৮২৬ সাল ৬ ষষ্ঠ আইন।

ফতেপুরেতে নিযুক্ত জাইণ্টমাজিস্ট্রেটসাহেবের এলাকা ভিন্ন জিলা করিবার কারণ এ আইন শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৬ সালের তারিখ ১৩ জুলাই মোতাবেকে বাঙ্গলা ১২৩৩ সালের ৩০ আষাঢ় মওয়াফেকে ফসলী ১২৩৩ সালের ২৪ আষাঢ় মোতাবেকে বিলায়তী ১২৩৩ সালের ৩১ আসাঢ় মওয়াফেকে সম্বৎ ১৮৮৩ সালের ৯ শ্রাবণ মোতাবেকে হিজরী ১২৪১ সালের ৬ জাহিজ্জাতে জারী করিলেন ইতি।

হেতুবাদ।

যেহেতুক দেওয়ানী ও ফৌজদারী আদালতের কর্ম্ম আরো সুন্দররূপে চলিবার নিমিত্তে এবং ভূমির রাজস্ব আরো বিলক্ষণরূপে তহসীল হইবার নিমিত্তে উপযুক্ত বোধ হইল যে জিলা কানপুর ও আলাহাবাদের যেং স্থান এক্ষণে ফতেপুরের জাইণ্টমাজিস্ট্রেটের হুকুমের তাবে আছে সেইং স্থান ইহার পরে তাহার সীমা যেরূপ খুসরা উপযুক্ত বোধ হয় তাহাতে দৃষ্টি রাখিয়া ভিন্ন জিলা নির্দ্দিষ্ট করা যায় অতএব নীচের লিখিতব্য হুকুম নির্দ্দিষ্ট হইল এবং তাহা আগামি ১ পহিলা সেপ্তেম্বরঅবধি প্রবল হইবেক ইতি।

২ ধারা।

জিলা আলাহাবাদ ও কানপুরের যেং পোলীসের থানা ফতেপুর জিলা নামে খ্যাত হইয়া দেওয়ানী ও ফৌজদারীর ভিন্ন এক সরহদ্দ নির্দ্দিষ্ট হইবেক তাহার কথা।

১ প্রথম প্রকরণ।— এই আইনের হেতুবাদের লিখিত তারিখঅবধি জিলা আলাহাবাদের ও কানপুরের যেং স্থান নীচের লিখিতব্য থানার সরহদ্দের মধ্যগত আছে তাহা অর্থাৎ জিলা আলাহাবাদের থানা কড়া ও হৎকড়ি ও হঁসুয়া ও ফতেপুর ও গাজীপুর ও কৃষ্ণপুর এবং জিলা কানপুরের থানা বিন্দকী ও খজুয়া ও কোড়াজাহানাবাদ ও আমৌলী জিলা ফতেপুরনামেতে খ্যাত হইয়া দেওয়ানী ও ফৌজদারীর ভিন্ন এক সরহদ্দ নির্দ্দিষ্ট হইবেক ইতি।

বিশেষ হুকুমের কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— কিন্তু ইহাতে দৃষ্টি রাখিতে হইবেক যে শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে ঐ জিলার কি তাহার নিকটবর্ত্তি অন্য কোন জিলার সরহদ্দের যে কোন ফেরফারকরা কোন সময়ে উপযুক্ত বোধ করেন্ তাহা কৌন্সেলের হুকুমের দ্বারা করিতে পারেন্ ইতি।



৩ ধারা।

৩ ধারা।

জিলা ফতেপুর বারাণসের মফঃসল আপীল আদালতের তাবে হইবার কথা।

জিলা ফতেপুর এলাকা বারাণসের মফঃসল আপীল আদালত এবং দায়েরসায়েরী আদালতের হুকুমের তাবে হইবেক ইতি।

VOL. VII. 454.

সমাপ্তঃ।

A TRUE TRANSLATION,

W. CAREY,

*Bengalee Translator of the Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৬ সাল ৭ সপ্তম আইন।

বারাণসের টাকশালের কার্য্যের কর্ত্তৃত্বের ভার মধ্যদেশীয় বোর্ড রেবিনিউহইতে উঠাইয়া তৎস্থানস্থ কমিটির সাহেবদিগেতে অর্পণকরণের নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৬ সালের তারিখ ১৩ জুলাই মোতাবেকে বাঙ্গলা ১২৩৩ সালের ৩০ আষাঢ় মওয়াফেকে ফসলী ১২৩৩ সালের ২৪ আষাঢ় মোতাবেকে বিলায়তী ১২৩৩ সালের ৩১ আষাঢ় মওয়াফেকে সম্বৎ ১৮৮৩ সালের ৯ শ্রাবণ মোতাবেকে হিজরী ১২৪১ সালের ৬ জাহিজ্জাতে জারী করিলেন ইতি।

যেহেতুক কলিকাতার টাকশালের কর্ম্ম যে দাঁড়ামতে করা যায় তদনুসারে বারাণসের টাকশালের কার্য্যকরণের কর্ত্তৃত্বভার তৎস্থানস্থ কমিটির সাহেবদিগকে অর্পণ করিলে সরকারের কার্য্য আরো সহজে নির্ব্বাহ হইতে পারে অতএব নীচের লিখিতব্য হুকুম নির্দ্দিষ্ট হইল এবং তাহা এই আইন জারীকরণের তারিখঅবধি প্রবল হইবেক ইতি। হেতুবাদ।

### ২ ধারা।

ইঙ্গরেজী ১৮১২ সালের ২ আইনের ১৫ এবং ১৭ ধারা এবং চলিত অন্য কোন আইনের যেং কথাক্রমে বারাণসের টাকশালের কার্য্যের কর্ত্তৃত্বভার মধ্যদেশীয় বোর্ড রেবিনিউতে অর্পণ হইয়াছে সেইং কথা এই ধারাক্রমে রদ হইল ঐ টাকশাল এবং ঐ টাকশালের পরখাইর সাহেবেরা ও তাঁহারদিগের তাবে সকল কার্য্যকারকেরা শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলেতে সময়েং যে সাহেবদিগকে ঐ স্থানের কমিটিভুক্ত করেন্ সেই সাহেবদিগের তাবে হইবেন এবং ঐ শ্রীযুত হজুর কৌন্সেলহইতে যেমতং হুকুম দিবেন তদনুসারে ঐ কমিটির সাহেবেরা কার্য্য করিবেন ইতি। বারাণসের টাকশাল তৎস্থানস্থ কমিটির হুকুমের তাবে হইবার কথা।

 সমাপ্তঃ।

A True Translation,

W. CAREY,

*Bengalee Translator of Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৬ সাল ৮ অষ্টম আইন।

নিষিদ্ধ আফীনের বিষয়ে ইঙ্গরেজী ১৮২৪ সালের ৭ আইনে যে২ কথা লেখা যায় তাহা শুধরিবার নিমিত্তে এ আইন শ্রীযুত নওযাব গবর্নর্ জেনরল বাহাদর হুজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৬ সালের তারিখ ১৩ জুলাই মোতাবেকে বাঙ্গলা ১২৩৩ সালের ৩০ আষাঢ় মওয়াফেকে ফসলী ১২৩৩ সালের ২৪ আষাঢ় মোতাবেকে বিলাযতী ১২৩৩ সালের ৩১ আষাঢ় মওয়াফেকে সম্বৎ ১৮৮৩ সালের ৯ শ্রাবণ মোতাবেকে হিজরী ১২৪১ সালের ৬ জীহিজ্জাতে জারী করিলেন ইতি।

হেতুবাদ।

যেহেতুক নিষিদ্ধ আফীনের বিষয়ে ইঙ্গরেজী ১৮২৪ সালের ৭ আইনের লিখিত কোন২ কথা শুধরা আবশ্যক বোধ হইল অতএব নীচের লিখিতব্য হুকুম নির্দ্দিষ্ট হইল এবং তাহা এই আইন জারীকরণের তারিখহইতে প্রবল হইবেক ইতি।

### ২ ধারা।

ইঙ্গরেজী ১৮২৪ সালের ৭ আইনের ২০ ধারা শুধরণের কথা।

ইঙ্গরেজী ১৮২৪ সালের ৭ আইনের ২০ ধারা শুধরণার্থে এই ধারাক্রমে জানান ও হুকুম করা যাইতেছে যে মার্কিটাবল অর্থাৎ বাণিজ্যযোগ্য আফীন শব্দেতে অন্য বস্তু এক পোয়ার অধিক মিশ্রিত নাহি যে আফীনে তাহাই বোধ হইবেক এবং ইনফেরিয়র অর্থাৎ অধম আফীন শব্দেতে অন্য বস্তু অর্দ্ধেকের অধিক মিশ্রিত নাহি যে আফীনে তাহাই বুঝা যাইবেক এবং যে আফীনেতে অর্দ্ধেকের অধিক অন্য বস্তু মিশ্রিত থাকে সে আফীন অকর্ম্মণ্য বোধ হইবেক ইতি।

### ৩ ধারা।

নিষিদ্ধ আফীনধরণিয়াদিগকে ইনাম দেওয়া যাইবার বিষয়ে ঐ আইনের ২১ ধারা শুধরণের কথা।

নিষিদ্ধ আফীনধরণিয়াদিগকে পুরস্কার দেওয়া যাইবার বিষয়ে ইঙ্গরেজী ১৮২৪ সালের ৭ আইনের ২১ ধারাতে যে২ হুকুম লেখা গিযাছে তাহা শুধরণার্থে এই ধারাতে হুকুম করা যাইতেছে যে শ্রীযুত নওযাব গবর্নর্ জেনরল বাহাদুরের হুজুর কৌন্সেলে এমত কর্ত্তৃত্ব আছে যে কৌন্সেলের হুকুমের দ্বারা ঐ পূর্ব্বোক্ত পুরস্কার সরকারী কোন



কর্ম্মকারিদিগকে

কর্ম্মকারিদিগ্‌কে দেওয়া নিবৃত্ত করেন্ এবং ঐ কর্ম্মকারিদিগের প্রাপ্তব্য পুরস্কার বিলি করিয়া দেওয়ার নিয়ম ঐ আইনের ঐ ধারার ১ প্রকরণে কোম্পানির চিহ্নিত চাকরের বিষয়ে যেমত দাঁড়া লেখা গিয়াছে তদনুসারে করেন্ ইতি।

Vol. VII. 458.

সমাপ্তঃ।

A True Translation,

W. CAREY,

*Bengalee Translator of the Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৬ সাল ৯ নবম আইন।

পাটনার কষ্টমহৌস্ অর্থাৎ মামুলের কাছারীর কর্তৃত্বের ভার মধ্যদেশীয় বোর্ড রেবিনিউহইতে উঠাইয়া কলিকাতার কষ্টম বোর্ডে অর্পণকরণের ও ঐ কষ্টম বোর্ডের সহযোগে মধ্যদেশের এবং পশ্চিমদেশের এবং জিলা কটকের মামুলের কার্য্যের কর্তৃত্ব ভার মধ্যদেশীয় ও পশ্চিমদেশীয় বোর্ড রেবিনিউর এবং কটকের কমিস্যনরসাহেব দিগকে তাহার মধ্যে যে স্থান যাঁহার তাবে হয় তাঁহাকে অর্পণ করা যাইবার নিমিত্তে এ আইন শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৬ সালের তারিখ ১৩ জুলাই মোতাবেকে বাঙ্গলা ১২৩৩ সালের ৩০ আসাঢ় মওয়াফেকে ফসলী ১২৩৩ সালের ২৪ আসাঢ় মোতাবেকে বিলায়তী ১২৩৩ সালের ৩১ আসাঢ় মওয়াফেকে সম্বৎ ১৮৮৩ সালের ৯ শ্রাবণ মোতাবেকে হিজরী ১২৪১ সালের ৬ জীহিজ্জাতে জারী করিলেন ইতি।

যেহেতুক মধ্যদেশীয় বোর্ড রেবিনিউর সদর মোকাম পাটনাছাড়া হইয়া আলাহাবাদে নিরূপণ হইয়াছে এবং পূর্ব্বোক্ত মোকামে যে মামুলের কাছারী হইযাছে তাহার কর্তৃত্বভার কলিকাতার কষ্টম ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবদিগের তাবে সুবে বেহারের নিমকচৌকীর সুপরিণ্টেণ্ডেণ্টসাহেবকে অর্পণ করা গিয়াছে এবং অন্য২ হেতুতে উপযুক্তবোধ হইল যে মধ্যদেশীয় বোর্ড রেবিনিউর সাহেবেরা সরকারী মামুল এবং শহরের মামুলের বিষয়ে এক্ষণে যে ক্ষমতা রাখেন্ ও কর্তৃত্ব করেন সেই ক্ষমতা ও কর্তৃত্বের সহযোগে ঐ মামুলের কাছারীর সুপরিণ্টেণ্ডেণ্টের পদ ঐ পূর্ব্বোক্ত বোর্ডের সাহেবদিগকে অর্পণ হয় এবং যেহেতুক সরকারের আয়ব্যয়ের বিবেচনার সর্ব্বত্র এক সমান ও ফলসাধক দাঁড়া স্থিরকরণের নিমিত্তে উপযুক্ত বোধ হইল যে মামুলতহসীলের বিষযে মধ্যদেশীয় এবং পশ্চিমদেশীয এবং জিলা কটকের মামুলের কাছারীর কর্ম্মের কর্তৃত্ব ও তাহা সুব্যবস্থিতকরণের যে দাঁড়া এক্ষণে চলিতেছে তাহা ঐ২ দেশে যে২ বোর্ড ও কমিস্যনরসাহেবের তাবে যে২ কালেক্টরসাহেব এক্ষণে আছেন তাঁহারদিগের সহযোগে পূর্ব্বোক্ত মামুলের কাছারীসকলের কর্ম্মনির্ব্বাহের কর্তৃত্ব এবং নিয়মকরণের ক্ষমতা কলিকাতার কষ্টম বোর্ডে অর্পণকরণের দ্বারা শুধরা যায় অতএব নীচের লিখিতব্য হুকুম নির্দ্দিষ্ট হইল এবং এই আইন জারীকরণের তারিখঅবধি তাহা প্রবল হইবেক ইতি। হেতুবাদ।



২ ধারা।

২ ধারা।

ইঙ্গরেজী ১৮১০ সালের ৯ ও ১০ আইনের কোনং কথা ও ১৮২২ সালের ৩ আইনের এবং অন্যং আইনের কোনং কথা শুধরণের কথা।

এই ধারাক্রমে জানান যাইতেছে যে ইঙ্গরেজী ১৮১০ সালের ৯ ও ১০ আইনের এবং ১৮২২ সালের ৩ আইনের এবং চলিত অন্য যে কোন আইনের লিখনদ্বারা মধ্যদেশ ও পশ্চিমদেশের বোর্ড রেবিনিউর সাহেবদিগকে এবং কটকের কমিস্যনরদি হেবকে ঐং দেশের মামুলের কাছারীর কার্য্যের কর্তৃত্ব অর্পণ হইয়াছে সেই সকল কথা নীচের লিখিতমতে শুধরা যাইতেছে ইতি।

৩ ধারা।

ইহার পরেও পাটনার সরকারী ও শহরের মামুলের কালেক্টরসাহেব কলিকাতার কষ্টম বোর্ডের তাবে থাকিবার কথা।

এই আইন জারীকরণের তারিখঅবধি মধ্যদেশীয় বোর্ড রেবিনিউর সাহেবদিগের পাটনার সরকারী মামুল ও শহরের মামুল তহসীলের ভারাক্রান্ত সাহেবের উপর কর্তৃত্বকরণ নিবৃত্ত হইল এবং মামুলের ঐ কাছারীর কার্য্যের বিষয়ে এবং ঐ মামুলের কিম্বা তথাকার কালেক্টরের হুকুমের তাবে এবং নালিশযোগ্য সকল লোকের ও দ্রব্যের বিষয়েও মধ্যদেশীয় ঐ বোর্ডের সাহেবেরা যে কর্তৃত্ব এক্ষণে করিতেছেন তাহার কর্ম্মনির্ব্বাহকরণ এবং ক্ষমতা ও হুকুম কলিকাতা রাজধানীর কষ্টম বোর্ডে অর্পণ করা গেল ইতি।

৪ ধারা।

গাজীপুর ও বারাণস ও মিরজাপুর ও আলাহাবাদ ও কানপুর ও ফররোখাবাদ ও বরেলী ও মিরট ও আগরা ও বালেশ্বরের কালেক্টর ও ডেপুটী কালেক্টর সাহেবেরা কলিকাতার কষ্টম বোর্ডের তাবে থাকিবার কথা।

গাজীপুর ও বারাণস ও মিরজাপুর ও আলাহাবাদ ও কানপুর ও ফররোখাবাদ ও বরেলী ও মিরট ও আগরা ও বালেশ্বরের মামুলের কালেক্টরেরা ও নায়েব কালেক্টরেরা যে মামুল লওয়া যাইবেক তাহার হারের বিষয়ে এবং বস্তুর মূল্যনিরূপণের বিষয়ে এবং রওয়ানা ও পাসদেওয়া ও জারীকরণের বিষয়ে এবং তাঁহারদিগের এদেশীয় আমলার নিযোজন ও কর্ম্মচ্যুতহওন ও শাস্তিদেওনের বিষয়ে ও সকল সম্বাদপত্র ও রেজিষ্টরী বহী ও হিসাবকিতাব প্রস্তুতকরণের বিষয়ে এবং চৌকীবসানের বিষয়ে এবং গচ্ছিতকরা কিম্বা জব্দকরা বস্তুর নীলামের বিষয়ে এবং ইহার পরে যাহা বর্জ্জন করা যাইবেক তাহাব্যতিরেকে সরকারী মামুল তহসীলের সকল কার্য্যের বিষয়ে যেমন মধ্যদেশ ও পশ্চিমদেশের বোর্ড রেবিনিউর এবং কটকের কমিস্যনরের হুকুমের তাবে এক্ষণে আছেন সেই মত কলিকাতা রাজধানীর কষ্টম বোর্ডের তাবে থাকিবেন এবং উপরের উক্ত বোর্ডের সাহেবেরা ও কমিস্যনরসাহেব শ্রীযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের বিশেষ হুকুম পাওনব্যতিরেকে ঐং বিষয়ে ঐ কালেক্টরসাহেবদিগের কর্ম্মের বিষয়ে হস্তক্ষেপ করিবেন না এই হুকুমের তাৎপর্য্য ও অর্থের বিষয়ে যদি কোন সন্দেহ জন্মে তবে শ্রীযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে এমত কর্তৃত্ব আছে যে চলিত আইনেতে অন্য মত কোন কথা থাকিলেও তাহার নিশ্চয় করিবেন এবং



ইহার

ইহার পরে যাহা লেখা যাইবেক তাহাব্যতিরেকে সামান্যতঃ পূর্ব্বোক্ত কালেক্টরসাহেবেরা এবং নাযেব কালেক্টরসাহেবেরা আপনং পদের কোন কর্ম্ম নির্ব্বাহকরণে যেং হুকুমব তাবে থাকিয়া কার্য্য করিবেন তাহারো নিশ্চয করিতে পারিবেন ইতি।

৫ ধারা ।

মধ্যদেশীয় ও পশ্চিমদেশীয বোর্ড রেবিনিউর এবং কটকের কমিস্যনর সাহেবের যে ক্ষমতা বহাল থাকিবেক তাহার কথা।

কিন্তু ইহাও জানান যাইতেছে যে মধ্যদেশীয এবং পশ্চিমদেশীয বোর্ড রেবিনিউর সাহেবেরা এবং কটকের কমিস্যনরসাহেব বস্তু জব্দকরণের বিষযে এবং দ্বিগুণ মামুলল ওনের বিষযে এবং মামুলের ব্যবস্থার বিপরীতে কোনং লোকের করা অপরাধের নিমিত্তে যেং দণ্ড নিরূপণ করা গিযাছে তাহাকরণের বিষযে এবং তাহা মাফকরণের বিষযে যে ক্ষমতা ও হুকুমের মতাচরণ এক্ষণে করিতেছেন ইহার পরেও তাঁহারদিগের সেই ক্ষমতা ও হুকুম বহাল থাকিবেক এবং ঐ জব্দকরণ ও দণ্ডের বিষযে যেং মোকদ্দমা হয তাহা ঐ উপরের উক্ত কর্ম্মকারি সাহেবেরা যেং বোর্ডের কি কমিস্যনরসাহেবের তাবে থাকেন্ পূর্ব্বমত তাঁহারদিগের নিকটে সম্বাদ লিখিবেন এবং চলিত আইনানুসারে তাহার নিষ্পত্তি করা যাইবেক ইতি।



সমাপ্তঃ।

A True Translation.

W CAREY,

*Bengalee Translation of the Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৬ সাল ১০ দশম আইন।

সরকারের কারণ কিম্বা সরকারের অনুমতিপত্রব্যতিরেকে সুবে বাঙ্গালা কি বেহার কি উড়িস্যার মধ্যে লোণা ছাই কিম্বা খাদ্য দ্রব্যার্থ দিবার কারণ অন্য কোন প্রকার লোণা বস্তু প্রস্তুতকরণের নিষেধের এবং কখনং সরকারের কর্ম্মকারিরা লবণ খুজরা বিক্রয়করণের হুকুমদেওনবিষয়িকা ইঙ্গরেজী ১৮১৯ সালের ১০ আইনের ৫০ ধারা জিলা গোরক্ষপুরের সহিত সম্পর্ক রাখিবার বিষয়ে যে সন্দেহ জন্মিয়াছে তাহা মিটাই বার কারণ এ আইন শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুর হুজুর কোন্সেলে ইঙ্গরেজী ১৮২৬ সালের তারিখ ১৩ জুলাই মোতাবেকে বাঙ্গলা ১২৩৩ সালের ৩০ আষাঢ় মওযাফেকে ফসলী ১২৩৩ সালের ২৪ আষাঢ় মোতাবেকে বিলায়তী ১২৩৩ সালের ৩১ আষাঢ় মওযাফেকে সম্বৎ ১৮৮৩ সালের ৯ শ্রাবণ মোতাবেকে হিজরী ১২৪১ সালের ৯ জীহিজ্জাতে জারী করিলেন ইতি।

যেহেতুক ইঙ্গরেজী ১৮১৯ সালের ১০ আইনের ৫০ ধারার লিখিত হুকুম জিলা গোরক্ষপুরের সহিত সম্পর্ক রাখণের বিষয়ে এমত সন্দেহ জন্মিয়াছে যে তাহা দূর করা আতিকর্ত্তব্য এবং যেহেতুক জানান যাইতেছে যে লোণা ছাই নামেতে খ্যাত এক লোণা বস্তু অর্থাৎ লোণা জলেতে ভিজান বিচালিইত্যাদির ছাই প্রস্তুত করা যায় এবং তাহা হইতে আইনের অতিস্পষ্ট তাৎপর্য্য এবং অর্থের প্রতিকূলে জিলা চট্টগ্রামে খাদ্য দ্রব্য দিবার নিমিত্তে যথেষ্ট লবণ প্রস্তুত করা যায় এবং যেহেতুক সরকারের মনস্থ আছে যে ঐ জিলায় এবং এ দেশের যে অন্যং স্থানে লোকেরদের উপকারের নিমিত্তে তাহা করণ উপযুক্ত বোধ হয় সেইং স্থানে জিলা কটকের এক্ষণকার চলিত দাঁড়ানুসারে অল্প মূল্যে লবণ খুজরা বিক্রয়ের হুকুম দেন্ অতএব নীচের লিখিতব্য হুকুম নির্দ্দিষ্ট **হইল** এবং তাহা এই আইন জারীকরণের তারিখঅবধি প্রবল হইবেক ইতি। হেতুবাদ।

### ২ ধারা।

**এই ধারাক্রমে জানান ও হুকুম করা যাইতেছে যে ইঙ্গরেজী ১৮১৯ সালের ১০** ইঙ্গরেজী ১৮১৯ সা

লের ১০ আইনের ৫০ ধারার হুকুম জিলা গোর ক্ষপুর ও বেহারের লাগা ও অন্য জিলার সহিত স ম্পর্ক রাখিবার কথা।

আইনের ৫০ ধারার যেং হুকুম জিলা শহাবাদ ও বারণসের সীমার বাহির আট ক্রোশের মধ্যে কোন স্থানে ঐ আইনের ঐ ধারার পূর্ব্ব ধারার বিশেষ করিয়া লিখিত কোন প্রকার লবণ এক ক্ষেপে ১ এক মোনের অধিক আমদানী কি স্থানান্তর করিতে কি রাখিতে নিষেধ করা গিয়াছে এবং ঐ নিষেধের ব্যতিক্রমে আমদানীহওয়া কি স্থানান্তরকরা কি রাখা সকল লবণ ক্রোক ও জব্দকরণের যোগ্য হয় সেইং হুকুম ঐ আইনের লিখিত কোন প্রকার লবণ এক ক্ষেপে ১ এক মোনের অধিক জিলা গোরক্ষপুরের কিম্বা এই রাজধানীর তাবে অন্য যে কোন জিলা সুবে বেহারের লাগাও হয় তাহার বাহির আট ক্রোশের মধ্যে আমদানী কি স্থানান্তরকরণের কি রাখণের সহিত সম্পর্ক রাখিবেক ইতি।

৩ ধারা।

লোণা ছাই ও লোণা অন্য বস্তু সুবে বাঙ্গালা ও বেহার ও উড়িষ্যাতে প্রস্তুতহওয়া ইঙ্গরেজী ১৮১৯ সালের ১০ আইনের ৩০ ধারার ব্যতিক্রম হইবার কথা।

যেং স্থান লবণের কারখানার মধ্যে বোধ করা যাইবেক তাহার কথা।

এই ধারাক্রমে জানান ও হুকুম করা যাইতেছে যে সুবে বাঙ্গালা ও বেহার এবং উড়িষ্যার মধ্যে সরকারের কারণব্যতিরেকে কিম্বা সরকারের অনুমতিপাওনব্যতিরেকে লোণা ছাই কিম্বা খাদ্য দ্রব্যে দিবার নিমিত্তে অন্য কোন প্রকার লোণা দ্রব্য প্রস্তুতকরণ ইঙ্গরেজী ১৮১৯ সালের ১০ আইনের ৩০ ধারার লিখিত হুকুমের ব্যতিক্রম বোধ করা যাইবেক। যে কোন স্থানে লোণা জল ভরিবার কি শুখাইবার কারণ প্রস্তুত করা যায় সেই স্থান কিম্বা লোণা মৃত্তিকা কি লোণা অন্য বস্তুর কাঁড়ী লবণ প্রস্তুত করিবার নিমিত্ত করা যায় তাহা ঐ আইনের ৩১ ধারা এবং তাহার পরের ৪ ধারার তাৎপর্য্যানুসারে লবণ প্রস্তুতকরণের কারখানার মধ্যে বোধ করা যাইবেক এবং পূর্ব্বোক্ত মত কোন লোণা বস্তু প্রস্তুত কি আমদানী কি স্থানান্তরকরণ কি রাখণ কি বিক্রয় কি ক্রয়করণ সামান্য লবণ প্রস্তুত কি আমদানী কি স্থানান্তর করণ কি রাখণ কি বিক্রয় কিম্বা ক্রয়করণের বিষয়ে যেং নিষেধ ও বিধি ও দণ্ড নিরূপণ আছে তাহারি যোগ্য হইবেক ও বোধ করা যাইবেক ইতি।

৪ ধারা।

কোনং কারণপ্রযুক্ত লবণ খুজরা বিক্রয়ের অনুমতি দিবার কথা।

ঐং কারণ হইলে বিশেষ হুকুমের কথা।

যদি শ্রীযুত নওয়াব গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলেতে কোনং স্থানের ভাবগতিকপ্রযুক্ত কিম্বা অন্য উপযুক্ত হেতুপ্রযুক্ত বিশেষ কোন জিলা কি প্রদেশে লবণ খুজরা বিক্রয়ের অনুমতি দেওয়া উপযুক্ত বোধ হয় এবং সুতরাং সরকারের রাজস্বের ঐ প্রকরণের সম্পর্কীয় হুকুম শুধরণ উচিত বোধ হয় তবে শ্রীযুত নওয়াব গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলেতে এ কর্তৃত্ব আছে যে কৌন্সেলের হুকুমের দ্বারা ঐং জিলা কি প্রদেশের মধ্যে সময়েং যে মিয়াদে উপযুক্ত বোধ হয় সেই মিয়াদে ঐং হুকুম কি তাহার মধ্যে কোন হুকুম স্থগিত রাখেন এবং তাহার পরিবর্ত্তে লবণ স্থানান্তর কি ক্রয় কি বিক্রয়করণ কি রাখণের এবং রওয়ানা ও পাস দেওয়া ও জারীকরণের বিষয়ে সময়েং অন্য যেং হুকুম উপযুক্ত বোধ হয় তাহা করেন কিন্তু এ হুকুমো করা যাইতেছে

## ইঙ্গরেজী ১৮২৬ সাল ১০ দশম আইন।

যে বিশেষরূপে দেওয়া এই হুকুমের ব্যতিক্রমকরণেতে যত২ লবণের বিষয়ে যে২ দণ্ড নিরূপণ হয় তাহা তত লবণ আইনবিরুদ্ধে স্থানান্তর কি বিক্রয় কি ক্রয়করণ কি রাখণহেতুক সামান্য আইনানুরে যে দণ্ড নিরূপিত আছে তাহার অধিক কোন প্রকারে হইবেক না ও ঐ২ সকল বিষয়ে নির্দ্ধারিত বিশেষ হুকুম ঐ জিলার চলিত ভাষাতে প্রচার করা যাইবেক এবং ঐ জিলার জজ ও মাজিষ্ট্রেটের ও কালেক্টরের কাছারীতে এবং তৎস্থানেরে সাল্ট এজেণ্ট ও চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্টের কাছারীতে এবং ঐ প্রদেশের মধ্যগত সকল পোলীসের থানা ও নিমকচৌকীতে লটকান যাইবেক ইতি।

ঐ হুকুম প্রচার করিবার কথা।



সমাপ্তঃ।

A True Translation,

W. CAREY,

*Bengalee Translator of Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৬ সাল ১১ একাদশ আইন।

সকল আদালতের কারণ উপযুক্তরূপ বিদ্বান পণ্ডিত ও মৌলবী পর২ পাওয়া যাইবার এবং জিলা ও শহরের আদালতে উকীল নিযুক্তকরণের বিষয়ে অন্য হুকুম নির্দ্দিষ্ট করণের কারণ এ আইন শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮২৬ সালের তারিখ ৪ আগস্ত মোতাবেকে বাঙ্গলা ১২৩৩ সালের ২১ শ্রাবণ মওয়াফেকে ফসলী ১২৩৩ সালের ১৬ শ্রাবণ মোতাবেকে বিলায়তী ১২৩৩ সালের ২২ শ্রাবণ মওয়াফেকে সম্বৎ ১৮৮৩ সালের ১ শ্রাবণ মোতাবেকে হিজরী ১২৪১ সালের ২৮ জীহিজ্জাতে জারী করিলেন ইতি।

হেতুবাদ।

যেহেতুক মফঃসলের ও জিলার ও শহরের আদালতের পণ্ডিত ও মৌলবীর নিয়োজনের মঞ্জুরীতে কৌন্সেলের সভাতে শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর যে কর্তৃত্ব করিতেন তাহা ইঙ্গরেজী ১৮০৯ সালের ৮ আইনের ৪ ধারাক্রমে সদর দেওয়ানী আদালতের সাহেবদিগকে অর্পণ করা গিয়াছে এবং এদেশীয় লোকদিগের বিদ্যাবর্দ্ধনের এবং ঐ২ উচ্চ পদের নিমিত্তে অতিকার্য্যক্ষম ও বিদ্বান্ লোক প্রস্তুত রাখিবার কারণ যে২ উদ্যোগ এক্ষণে সরকারহইতে হইতেছে তাহার অনুকূল কোন২ বিবেচনাকরণেতে আদালতের পণ্ডিত ও মৌলবী লোকের নামকরণ ও নিয়োজনের নিমিত্তে এবং ঐ সকল নিয়োজনের মঞ্জুরীর কর্তৃত্বভার কার্য্যের নিয়ন্তা শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হুজুর কৌন্সেলেতে রাখণ উপযুক্ত বোধ হইল এবং যেহেতুক ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৭ আইনের ৩ ধারার লিখিত হুকুমের অতিরিক্ত বিশেষ হুকুমের দ্বারা এই রাজধানীর তাবে সরকারী কালেজেতে বিদ্যাপ্রাপ্ত ছাত্রেরা জিলা ও শহরের আদালতের ওকালতী কর্ম্ম পাইবার নিমিত্তে বিশেষ হুকুম নির্দ্দিষ্ট করা উপযুক্ত বোধ হইল অতএব নীচের লিখিতব্য হুকুমসকল শ্রীযুত বৈস্ প্রসীডেণ্টসাহেব বাহাদুরের হুজুর কৌন্সেলহইতে নির্দ্দিষ্ট হইল এবং তাহা এই আইন জারীহওনের তারিখহইতে কলিকাতা রাজধানীর তাবে সমস্ত দেশে প্রবল হইবেক ইতি।

### ২ ধারা।

ইঙ্গরেজী ১৮০৪ সা

এই ধারাক্রমে জানান যাইতেছে যে সকল আদালতের পণ্ডিত ও মৌলবী লোকের নাম

লের ৫ আইন ও ১৮০৯ সালের ৮ আইন ও ১৮১৭ সালের ১৮ আইন শুধরণের কথা।

বিশেষ হুকুমের কথা।

করণ ও নিয়োজনের বিষয়ে ইঙ্গরেজী ১৮০৪ সালের ৫ আইনের ও ১৮০৯ সালের ৮ আইনের ও ১৮১৭ সালের ১৮ আইনের কি চলিত আর কোন আইনের লিখিত হুকুম এই ধারার লিখনক্রমে শুধরা যাইতেছে কিন্তু ইহাও নির্দ্দিষ্ট করা যাইতেছে যে এই আইনের লিখিত কোন কথার তাৎপর্য্য এমত নহে যে তাহাতে ইঙ্গরেজী ১৮০৯ সালের ৮ আইনের ৪ ধারাক্রমে সদর দেওয়ানী আদালতে মফঃসলের ও জিলার ও শহরের আদালতের পণ্ডিত ও মৌলবী লোকের কর্ম্মচ্যুতহওনের মঞ্জুরীর বিষয়ে যে ক্ষমতা অর্পণ হইয়াছে তাহার হানি হয় কিম্বা ঐ কোন আদালতের কোন পণ্ডিত কি মৌলবীর কর্ম্মচ্যুতহওনের বিষয়ে এক্ষণে যে২ হুকুম চলন আছে তাহার মতান্তর হয় ইতি।

৩ ধারা।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের পণ্ডিত ও মৌলবীদিগের নিযুক্ত ও কর্ম্মচ্যুতহওনের প্রকারের কথা।

সদর দেওয়ানী আদালতের ও নিজামৎ আদালতের পণ্ডিত ও মৌলবী লোকের নিযোজনের এবং কর্ম্মচ্যুতহওনের সম্বাদ শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের মঞ্জুরের নিমিত্তে এই আইনেতে ইহার পরে যে২ হুকুম লেখা যাইবেক তাহার অধীনতায় তাঁহার হজুরে পাঠান যাইবেক ইতি।

৪ ধারা।

মফঃসল আপীল আদালত ও দায়েরসায়েরী আদালতের এবং জিলা ও শহরের আদালতের পণ্ডিত ও মৌলবী ইহার পরে শ্রীযুতের কৌন্সেলহইতে নিযুক্ত হইবার কথা।

কোন আদালতের পণ্ডিত কি মৌলবী কর্ম্মচ্যুত হইলে কি মরিলে কি কর্ম্ম ত্যাগ করিলে যে কর্ত্তব্য তাহার কথা।

১ প্রথম প্রকরণ।— মফঃসল আপীল আদালত ও দায়েরসায়েরী আদালত এবং জিলা ও শহরের আদালতের পণ্ডিত ও মৌলবীদিগের নিযোজনের কর্ত্তৃত্ব শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলেতে থাকিবেক ইতি।

২ দ্বিতীয় প্রকরণ।— কোন আদালতের মৌলবী কি পণ্ডিত কর্ম্মচ্যুত হইলে কিম্বা মৃত্যু কি কর্ম্মত্যাগ কিম্বা অন্য কোন কারণপ্রযুক্ত কোন আদালতের পণ্ডিত কি মৌলবীর পদ শূন্য হইলে যে আদালতে ইহা হয় সেই আদালতের জজসাহেব কিম্বা জজসাহেবেরা শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের গ্রাহ্যের নিমিত্তে ঐ শূন্য পদে জনেকের নিযোজনহওনার্থে তাহার নাম ও আচার ও ব্যবহার এবং কর্ম্মযোগ্যতা এবং বয়ঃক্রম ও ইহার পরে কর্ম্মযোগ্যতার যে সর্টিফিকটের কথা লেখা যাইবেক সে তাহা পাইয়াছে কি না ইহা সমস্ত শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের গোচরার্থে লিখিয়া পাঠাইবেন ঐ শ্রীযুত কৌন্সেলের সভাতে ঐ সম্বাদপত্র বিবেচনা করিয়া কি অন্য যে বেওরার আবশ্যক হয় তাহা তলব করিয়া ঐ নামলেখা লোককে ঐ শূন্যপদার্পণ করিবেন কিম্বা তাহার বিদ্যার পরীক্ষা করিবার নিমিত্তে হুকুম দিবেন কিম্বা অন্য যে কোন লোককে তাহাহইতে কর্ম্মক্ষম বোধ করেন্ তাহাকে নিযুক্ত করিবেন ইতি।



৫ ধারা।

## ইঙ্গরেজী ১৮২৬ সাল ১১ একাদশ আইন।

### ৫ ধারা।

যোগ্যতার সর্টিফিকট্ না পাইলে পণ্ডিত কি মৌলবীর কর্ম্মে নিযুক্ত না হইবার কথা।

১ প্রথম প্রকরণ।— এই আইন জারীহওনের পরে এই রাজধানীর তাবে কোন আদালতে কোন লোক শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে সময়ে২ কমিটির নিমিত্তে যেং লোক নির্দ্দিষ্ট করেন্ সেইং লোকের দ্বারা হওয়া কমিটিতে বিদ্যার পরীক্ষা করা যাওনের পর এই আইনের পরিশিষ্টের লিখিত A কি B চিহ্নেতে চিহ্নিত সর্টিফিকট্ পাওনব্যতিরেকে পণ্ডিত কি মৌলবীর কর্ম্মে নিযুক্ত হইবেক না ইতি।

পণ্ডিত ও মৌলবীর কর্ম্মের প্রত্যাশাপন্ন লোকদিগের বৎসরং পরীক্ষা কমিটিতে হইবার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— প্রতিবৎসর বৎসরারম্ভের পর অবিলম্বে কিম্বা শ্রীযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে অন্য যেং সময় নিরূপণ করেন সেইং সময়ে যেং লোক পণ্ডিত কি মৌলবীর কর্ম্মের প্রত্যাশা করিয়া আপনং বিদ্যার পরীক্ষার নিমিত্তে উপস্থিত হয় তাহারদিগের বিদ্যার পরীক্ষা কমিটিতে হইবেক এবং সেই পরীক্ষার বেওরা শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে লিখিয়া পাঠান যাইবেক এবং ঐ উপস্থিতহওয়া লোকদিগের মধ্যে যত লোক ঐ পরীক্ষাহওয়াতে পণ্ডিত ও মৌলবীর কর্ম্মের অত্যুপযুক্ত জানা যায় তাহারা এই আইনের পরিশিষ্টের লিখিত A চিহ্নেতে চিহ্নিত যোগ্যতার সর্টিফিকট্ পাইবেক ইতি।

যোগ্যতার সর্টিফিকট্ না পাওয়া লোকদিগের পরীক্ষাহওনের মতের কথা।

৩ তৃতীয় প্রকরণ।— যদি কখন সদর দেওয়ানী আদালতের জজসাহেবেরা কিম্বা মফঃসল আপীল আদালত ও দায়েরসায়েরী আদালতের জজসাহেবেরা অথবা জিলা কি শহরের আদালতের জজসাহেবলোকেরা আদালতের পণ্ডিত কি মৌলবীর কর্ম্ম দেওয়া যাওনের নিমিত্তে পূর্ব্বোক্ত সর্টিফিকট না পাওয়া লোকের নাম লিখিয়া পাঠান তবে শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলহইতে সেই লোকের পরীক্ষা এই রাজধানীতে হওয়া কমিটিতে হওনার্থে যেং হুকুম দেওয়া উচিত হয় তাহা দিবেন কিম্বা যে আদালতে পণ্ডিত কি মৌলবীর পদ শূন্য হইয়া থাকে সেই আদালতের জজসাহেব কি সাহেবদিগের নিকটে ঐ লোকের পরীক্ষা করা যাওনের অর্থে কমিটিহইতে যেং জিজ্ঞাসা লেখা যাইবেক তাহা তথায় পাঠাইবার হুকুম দিবেন এবং ঐ জজসাহেব কি সাহেবদিগের সমক্ষে ঐ শূন্য পদ অর্পণের নিমিত্তে যে লোকের নাম লেখা গিয়া থাকে সেই লোক ঐং জিজ্ঞাসার উত্তর লিখিয়া দিবেক কিম্বা এই রাজধানীতে হওয়া কমিটির লোকেরা ঐ কর্ম্মের প্রত্যাশাপন্ন লোকের পরীক্ষা উত্তমরূপে ও বিনাপক্ষপাতে হইবার নিমিত্তে অন্য যে প্রকার স্থির করেন্ সেই প্রকারে করিতে হুকুম দিবেন ইতি।

কমিটিহইতে পরীক্ষার বেওরার সম্বাদ পত্র পাঠান যাইবার এবং কর্ম্ম যোগ্য প্রত্যাশাপন্ন লোকদিগকে সর্টিফিকট্ দিবার কথা।

৪ চতুর্থ প্রকরণ।—শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের জ্ঞাপনার্থে এই রাজধানীতে হওয়া কমিটির লোকেরা পরীক্ষার বেওরা লিখিয়া পাঠাইবেন এবং ঐ কর্ম্মের প্রত্যাশাপন্ন লোক পণ্ডিত কি মৌলবীর কর্ম্মের যোগ্যতা রাখে ইহা

ইহা জানান গেলে ঐ প্রত্যাশাপন্ন লোক কমিটিহইতে ঐ পরীক্ষা হওয়ার প্রকারানুসারে A কি B চিহ্নেতে চিহ্নিত যোগ্যতার সর্টিফিকট্ পাইবেক ইতি।

৬ ধারা।

এই রাজধানীর অধীন কোন কালেজআদির ছাত্র যোগ্যতার সর্টিফিকট্ পাইলে দরখাস্ত করিয়া জিলা কি শহরের কোন আদালতের ওকালতী কর্ম্মের নিমিত্তে গ্রাহ্য হইবার কথা।

তাহার গ্রাহ্যহওনের দৃঢ় প্রতিবন্ধক থাকনব্যতিরেকে।

সকল জিলা ও শহরের আদালতে ওকালতী কর্ম্মের নিমিত্তে লোকদিগের নামকরণ ও তাহাতে নিয়োজনের বিষয়ে ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৭ আইনের ৩ ধারাতে যেং হুকুম লেখা আছে তাহার অতিরিক্ত এই ধারাতে ইহাও নির্দ্দিষ্ট হইল যে এই আইন জারীহওনের পর এই রাজধানীর অধীন সরকারের কোন কালেজআদিতে এদেশীয় যে কোন ছাত্র বিদ্যাভ্যাস কি অধ্যয়ন করিয়া থাকে এবং আইনেতে উপযুক্তরূপে বিজ্ঞ হওনের ও আপন উত্তম ব্যবহারের অর্থে সরকারের কোন কালেজের অধ্যক্ষতাকারি কমিটিহইতে এই আইনের পরিশিষ্টের লিখিত C চিহ্নেতে চিহ্নিত সর্টিফিকট্ পাইয়া থাকে সে লোক উপরের লিখিত কোন আদালতে দরখাস্ত করিলে যে জিলা কি শহরের আদালতে ঐ দরখাস্ত দেওয়া যায় ইঙ্গরেজী ১৮১৪ সালের ২০ আইনের ১৬ ধারানুসারে রেজিষ্টর এবং সদর আমীনের আদালতের নিয়োজিত উকীললোক সুদ্ধা ঐ আদালতের উকীলদিগের বাহুল্যপ্রযুক্ত তাহার মধ্যে আর উকীলের প্রবেশহওন অনুপযুক্ত জানা যাওনব্যতিরেকে ঐ আদালতে ওকালতী কর্ম্মে নিযুক্তহওনের সনদ পাওনের যোগ্য হইবেক এবং এমত হইলে ঐ দরখাস্তকরণিয়া লোকের ঐ আদালতের ওকালতী কর্ম্মে নিযুক্তহওনের বিষয়ে যে কালপর্য্যন্ত ঐ আদালতের জজসাহেব আবশ্যক বোধ করেন সেইপর্য্যন্ত ঐ জজের হুকুমে প্রতীক্ষা করা যাইবেক কিন্তু সর্ব্বদা ইহাতে দৃষ্টি রাখিতে হইবেক যে প্রত্যেক জন ওকালতী কর্ম্ম করিবার অনুমতি পাইবার পূর্ব্বে ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৭ আইনের ৫ ধারার ২ প্রকরণের লিখিত দিব্য করিবেক কি তাহার পরিবর্ত্তে সুকৃতিপত্র লিখিয়া দিবেক এবং ঐ উকীল তাহার কুক্রিয়াকরণ জানা গেলে ঐ আদালতের দত্ত সনদ ফিরাইয়া লওনের এবং যেং আইন এক্ষণে চলিতেছে কি পরে নির্দ্দিষ্ট হইবেক সেইং আইনের লিখনের দ্বারা আদালতের উকীলেরা যে সকল দণ্ডের যোগ্য হয় তাহার যোগ্য হইবেক ইতি।

বিশেষ হুকুমের কথা।



পরিশিষ্ট।

ইঙ্গরেজী ১৮২৬ সাল ১১ একাদশ আইন।

পরিশিষ্ট।

A

পণ্ডিত কি মৌলবীর সর্টিফিকট।

কমিটির মোহর

এই সর্টিফিকটের দ্বারা জানান যাইতেছে যে ইঙ্গরেজী ১৮২৬ সালের ১১ একাদশ আইনের হুকুমানুসারে নিযুক্ত কমিটির দ্বারা অমুক সনের অমুক তারিখে ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীতে হওয়া পরীক্ষাতে অমুক হিন্দুশাস্ত্রে অতিবিজ্ঞতাপ্রযুক্ত কোন আদালতের পাণ্ডিত্যকর্ম্মযোগ্য কি শরাতে অতিবিজ্ঞতাপ্রযুক্ত অমুক কোন আদালতের মৌলবীর কর্ম্মোপযুক্ত নিশ্চয় হইল এবং জানান যাইতেছে।

পরীক্ষার কমিটির প্রধান সাহেব এবং দুই জনের কম না হয় এমত
অন্য লোকে এই স্থানে দস্তখৎ করিবেন।

ইঙ্গরেজী অমুক সনের অমুক তারিখ মোতাবেকে বাঙ্গলা অমুক সনের তারিখ কি ফসলী অমুক সনের অমুক তারিখ কিম্বা বিলায়তী অমুক সনের অমুক তারিখ কি সম্বৎ অমুক সনের অমুক তারিখ মোতাবেকে হিজরী অমুক সনের অমুক তারিখে কমিটির মোহরযুক্ত এই সর্টিফিকট অমুককে দেওয়া গেল।

দস্তখৎ অমুক কমিটির সেক্রেটারি।

B

বিশেষ পরীক্ষাতে পরীক্ষিত পণ্ডিত কি মৌলবীর সর্টিফিকট।

কমিটির মোহর

এই সর্টিফিকটের দ্বারা জানান যাইতেছে যে ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীতে হওয়া কমিটিতে ইঙ্গরেজী ১৮২৬ সালের ১১ আইনের ৫ ধারার ৩ প্রকরণানু



সারে

সারে অমুকের পরীক্ষার বেওরা উপযুক্তরূপে বিবেচনা করিয়া বুঝিলাম যে ঐ অমুক হিন্দুশাস্ত্রে বিজ্ঞতাপ্রযুক্ত কোন আদালতের পণ্ডিতহওনের যোগ্য অথবা শরাতে বিজ্ঞতা রাখণপ্রযুক্ত মৌলবী হওনের উপযুক্ত।

পরীক্ষার কমিটির প্রধান সাহেবের এবং দুই জনের কম না হয় এমত অন্য লোকের দস্তখৎ এই স্থানে হইবেক।

ইঙ্গরেজী অমুক সনের অমুক তারিখ।

C

সরকারহইতে স্থাপিত ও প্রতিপালিত কোন কালেজের যে কোন ছাত্র জিলা কি শহরের আদালতের ওকালতী কর্ম্মের নিমিত্তে গ্রাহ্য হওনের যোগ্য নিশ্চয়হওনের সর্টিফিকট্।




এই সর্টিফিকটের দ্বারা জানান যাইতেছে যে অমুক সনের অমুক তারিখে অমুক স্থানের কালেজ কিম্বা মদরসার পরীক্ষাতে অমুক হিন্দুশাস্ত্রে অতিবিজ্ঞতাপ্রযুক্ত কি শরাতে বিজ্ঞতম হওনপ্রযুক্ত এবং সরকারের নির্দ্ধারিত আইনেতে জ্ঞান রাখণপ্রযুক্ত জিলা কি শহরের কোন আদালতে উত্তরপ্রত্যুত্তরকরণের কর্ম্মোপযুক্ত নিশ্চয় হইল ও ইহাও আমরা জানাইতেছি কালেজের কর্ম্মকারি জনেরা জানাইয়াছেন যে ঐ অমুক উত্তমাচারী এবং কালেজভুক্ত হওনাবধি উত্তম ব্যবহার করিতেছেন ইতি।

পরীক্ষকেরদের দস্তখৎ।

ইঙ্গরেজী অমুক সনের অমুক তারিখ মোতাবেকে বাঙ্গলা কি ফসলী কি সম্বৎ অমুক সনের এবং মওয়াফেকে হিজরী অমুক সনের অমুক তারিখে কালেজের মোহরযুক্ত এই সর্টিফিকট্ অমুককে দেওয়া গেল।

দস্তখৎ অমুক কালেজের সেক্রেটারি।



সমাপ্তঃ।

A True Translation,

W. CAREY,

*Bengalee Translator of Regulations*

## ইঙ্গরেজী ১৮২৬ সাল ১২ দ্বাদশ আইন।

কলিকাতা শহরের মধ্যে ইষ্টাম্পকাগজের দ্বারা মামুল উৎপন্ন করিবার এবং বিশেষ২ কার্য্যেতে যে২ ইষ্টাম্পযুক্ত কাগজের আবশ্যক তাহার মূল্যনিরূপণ করিবার কারণ এ আইন শ্রীযুত বৈস্ প্রসীডেণ্ট সাহেব বাহাদুর হজুর কৌন্সেলেতে ইঙ্গরেজী ১৮২৬ সালের তারিখ ১৪ দিসেম্বর মোতাবেকে বাঙ্গলা ১২৩৩ সালের ৩০ অগ্রহায়ণ মওয়াফেকে ফসলী ১২৩৪ সালের ৩০ অগ্রহায়ণ মোতাবেকে বিলায়তী ১২৩৪ সালের ১ পৌষ মওয়াফেকে সম্বৎ ১৮৮৩ সালের ১৫ অগ্রহায়ণ মোতাবেকে হিজরী ১২৪২ সালের ১৩ জমাদীয়ল আউওলে জারী করিলেন ইতি।

যেহেতুক এই রাজধানীর তাবে দেশসকলেতে অনেক কালাবধি ইষ্টাম্পকাগজদ্বারা মামুল উৎপন্ন হইতেছে এবং পৃথক২ ইষ্টাম্পকাগজের বিশেষ২ মূল্যনিরূপণ করা গিয়াছে ও ঐ মূল্য লোকদিগের নিকটহইতে লওয়া যাইতেছে এবং যেহেতুক ঐ মামুলের দ্বারা রাজস্ববৃদ্ধির নিমিত্তে ও অন্য২ হেতুপ্রযুক্ত ঐ মত মামুল কলিকাতা শহরেতে লওয়া যাইবার নিমিত্তে নিরূপণ করা উপযুক্ত বোধ হইল অতএব শ্রীযুত বৈস প্রসীডেণ্ট সাহেব বাহাদুর হজুর কৌন্সেলে মহারাজাধিরাজ শ্রীল শ্রী তৃতীয় জর্জের অধিকারের ৫৩ সালের আক্টপার্লিমেণ্টের ১৫৫ বাবের ৯৮ ও ৯৯ ধারার লিখিত হুকুম দ্বারা এবং হিন্দুস্থানে বাণিজ্যব্যবসায়কারি ইঙ্গরেজ কোম্পানি বাহাদুরের কর্ম্মকর্ত্তা সাহেবদিগের সভার অনুমতিক্রমে এবং হিন্দুস্থানের কর্ম্মনির্ব্বাহার্থে নিযুক্ত বোর্ড কমিস্যনরসাহেবদিগের সম্মতিতে আপনাতে অর্পণহওয়া ক্ষমতাক্রমে নীচের লিখিতব্য হুকুম সকল নির্দ্দিষ্ট করিলেন এবং আগামি মাই মাসের ১ পহিলা তারিখহইতে ঐ সকল হুকুম কলিকাতা শহরেতে প্রবল হইবেক ইতি। হেতুবাদ।

### ২ ধারা।

কলিকাতা শহরেতে যে সকল প্রতিজ্ঞাপত্র ও নিদর্শনপত্র ও লেখাপড়া হইবেক তাহার বিষয়ে নীচের লিখিতব্য তফসীলের উক্ত হারে এই আইনের হেতুবাদের লিখিত তারিখঅবধি ইষ্টাম্পকাগজদ্বারা নিরূপিত মামুল লওয়া যাইবেক এবং ঐ তফসীলেতে যাহা

কলিকাতা শহরেতে ইষ্টাম্পকাগজ চালাইবার কথা।

যাহা বর্জ্জনের কথা লেখা যায় তাহাব্যতিরিক্ত তাহাতে বিশেষ করিয়া লেখা কোন প্রকার প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র কি লেখাপড়া এই আইনের হুকুমানুসারে উপযুক্ত ইষ্টাম্প ছাপা না করা কোন বেলম কি পার্চমেণ্ট কি কাগজ কি তালপত্র কি অন্য কোন বস্তুর উপর লেখা কি ছাপা করা যাইবেক না ইতি।

৩ ধারা।

ইষ্টাম্পের মামুল তহসীলের কার্য্য বোর্ড রেবিনিউ কি সরকারহইতে নিযুক্তহওয়া কমিস্যনর সাহেব কি সাহেবদিগের অধীন হইবার কথা।

এই আইনের লিখনক্রমে কলিকাতা শহরেতে যে মামুলের নিরূপণ ও উৎপাদন ও গ্রহণকরণার্থে হুকুম আছে তৎসম্পর্কীয় কার্য্যনির্ব্বাহের কর্ত্তৃত্বভার কলিকাতা রাজধানী স্থিত বোর্ড রেবিনিউর সাহেবদিগের কিম্বা শ্রীযুত নওয়াব গবরনর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলহইতে সময়ে২ তদর্থে অন্য যে কমিস্যনরসাহেব কি সাহেবদিগকে নিযুক্ত করেন তাহারদিগের প্রতি অর্পণ হইবেক এবং গবর্ণমেণ্ট গাজেটে ঐ কমিস্যনরসাহেব কি সাহেবদিগের নিয়োগের সমাচার দেওয়া গেলে এই আইনের কি ইহার পরে এ বিষয়ে যে কোন আইন নির্দ্দিষ্ট হইবেক তাহার লিখনদ্বারা ইষ্টাম্পকাগজের বিষয়ে বোর্ড রেবিনিউর সাহেবদিগকে যে সকল ক্ষমতা অর্পণ হইয়াছে কি হইবেক ঐ কমিস্যনরসাহেব কি সাহেবেরা সেই ক্ষমতাবিশিষ্ট হইবেন ইতি

৪ ধারা।

ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেবের অধীন ইষ্টাম্পআফিস করা যাইবার কথা।

সুপরিণ্টেণ্ডেণ্টসাহেবের কর্ত্তব্য কর্ম্মের কথা।

এই আইনের লিখিত সকল প্রকার ইষ্টাম্পকাগজআদি প্রস্তুত করা ও রাখা যাইবার নিমিত্তে কলিকাতা শহরের মধ্যে শ্রীযুত নওয়াব গবরনর জেনরল বাহাদুর যে স্থান উপযুক্ত বোধ করেন সেই স্থানে ইষ্টাম্পআফিস করা যাইবেক এবং তাহার কর্ম্মনির্ব্বাহ কলিকাতার ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্ট নামেতে খ্যাত এক সাহেবের অধীন হইবেক এবং এই আইনের সম্পর্কীয় সকল কর্ম্মনির্ব্বাহের বিষয়ে ঐ সুপরিণ্টেণ্ডেণ্টসাহেব বোর্ড রেবিনিউর সাহেবদিগের তাবে হইবেন ও যে সকল ইষ্টাম্পকাগজআদি সরকারী কার্য্যকারকদিগের দ্বারা ছাপা ও প্রস্তুত করা যায় এবং তাহার মধ্যহইতে যে সকল ইষ্টাম্প কাগজআদি বাহিরে যায় এবং প্রত্যেক প্রকারের যত ইষ্টাম্পযুক্তকাগজ কি বেলম কি পার্চমেণ্ট ঐ আফিসে মৌজুদ থাকে তাহার প্রকৃত হিসাব ঐ সুপরিণ্টেণ্ডেণ্টসাহেব রাখিবেন এবং বোর্ড রেবিনিউর সাহেবেরা যে সকল রিপোর্ট ও বেওরা তলব করেন তাহা ঐ সাহেব প্রস্তুত করিয়া ঐ বোর্ডের সাহেবদিগের নিকট পাঠাইবেন ইতি।

৫ ধারা।

যে প্রকারে ও যেখানে ইষ্টাম্প ছাপা করা যাইবেক তাহার কথা।

১ প্রথম প্রকরণ।— যে কোন বেলম কি পার্চমেণ্ট কি কাগজ কি অন্য দ্রব্যেতে ইষ্টাম্পের মাসুল নামে যত মূল্য পাওয়া যাইবেক কি উক্ত হইয়াছে ঐ প্রত্যেক কাগজআদির



উপর

উপর ইঙ্গরেজী ও ফারসী ও বাঙ্গলা অক্ষরে ঐ মূল্যের সংখ্যাযুক্ত দুই ইষ্টাম্প ছাপা করা যাইবেক ও তাহার এক ইষ্টাম্প ইষ্টাম্পআফিসেতে ছাপা যাইবেক ও ঐ ইষ্টাম্পেতে তাহার মূল্যবোধক শব্দের অতিরিক্ত ইষ্টাম্প আফিস এই কথা ইঙ্গরেজী অক্ষরেতে এবং বোর্ড রেবিনিউর সাহেবেরা অন্য যে কোন চিহ্নাদি ছাপাকরণের হুকুম দেওয়া উপযুক্ত বুঝেন তাহাও যুক্ত থাকিবেক ও দ্বিতীয় ইষ্টাম্প তদনুরূপ হইবেক ও ঐ দ্বিতীয় ইষ্টাম্প জেনরল্ ত্রেজরিতে ছাপা করা যাইবেক ও সে দ্বিতীয় ইষ্টাম্পে মূল্যের সংখ্যাবোধক শব্দের অতিরিক্ত জেনরল ত্রেজরি এই কথাযুক্ত থাকিবেক ও এই আইনানুসারে যেং কার্য্যের নিমিত্তে ইষ্টাম্পযুক্ত কাগজআদির আবশ্যক হয় তাহাতে উপরের লিখিত দুই ইষ্টাম্পযুক্ত এবং ইহার পরের লিখনানুসারে বিক্রয়াদিকারক কি অনুমতিপ্রাপ্ত অন্য কোন লোকের দস্তখৎযুক্তব্যতিরেকে তদর্থে কোন ইষ্টাম্পযুক্ত কাগজআদি কার্য্যে আসিবেক না ইতি।

২ দ্বিতীয় প্রকরণ।— বোর্ড রেবিনিউর সাহেবদিগের কিম্বা ঐ সাহেবদিগের ক্ষমতাপন্ন অন্য সাহেবদিগের কর্ত্তব্য যে এই আইনের নীচের তফসীলে বিশেষ করিয়া লিখিত নানা মূল্যবোধক অঙ্কেতে অঙ্কিত মুদ্রা প্রস্তুত করান্ এবং বোর্ড রেবিনিউর সাহেবলোকের কিম্বা তৎক্ষমতাপন্ন অন্য সাহেবদিগের ক্ষমতা আছে যে কোন এক ফর্দ্দ বেলম কি পার্চমেণ্ট কি কাগজ কি অন্য দ্রব্যের উপর তাহার মূল্যজ্ঞাপনার্থে দুই কি ততোধিক ইষ্টাম্প ছাপাকরা উপযুক্ত বুঝিলে তাহা করাইতে পারিবেন কিন্তু আবশ্যক যে ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেবের আফিসে কিম্বা তৎকর্ম্মার্থে নিরূপিত অন্য স্থানে ছাপা করা ইষ্টাম্প জেনরল ত্রেজরিতে ছাপাকরা তাহার প্রতিরূপ ইষ্টাম্পের সহিত নম্বরে ও মূল্যেতে মিলে এবং ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেবের আফিসে কিম্বা পূর্ব্বোক্ত অন্য স্থানে ব্যবহার্য্য সকল ইষ্টাম্পের মুদ্রাতে মূল্যবোধক কথার অতিরিক্ত ইষ্টাম্প আফিস এইবাক্য ও জেনরল ত্রেজরিতে থাকিবার তাহার প্রতিরূপ মুদ্রাতে জেনরল ত্রেজরি এই কথা খোদা যাইবেক ইতি।

বোর্ড রেবিনিউর সাহেবেরা ইষ্টাম্পের মুদ্রা প্রস্তুত করাইবার কথা।

৩ তৃতীয় প্রকরণ।— বোর্ড রেবিনিউর সাহেবলোকের কি তৎক্ষমতাপন্ন অন্য সাহেবদিগের ক্ষমতা আছে যে কোন সময়ে ঐ ইষ্টাম্পের মুদ্রার প্রকারান্তর করেন্ এবং তাহার পরিমাণ ও আকৃতি ও প্রকার ও তাহাতে অঙ্কিত করিবার বাক্য আপনারদিগের বিবেচনানুসারে নিরূপণ করেন্ কিন্তু আবশ্যক যে ইষ্টাম্প আফিসে ব্যবহার করা যাইবার মুদ্রাসকলেতে স্পষ্ট ও সুপাঠনীয় অক্ষরেতে তদর্থে পূর্ব্বোক্ত প্রকরণের লিখিত কথা খোদা যায় এবং জেনরল ত্রেজরিতে ব্যবহার্য্য প্রতিমুদ্রাসকলেতেও তদর্থে নিরূপণ করা বাক্য ঐ রূপ অক্ষরেতে খোদা যায় ও ইহাও আবশ্যক যে বোর্ড রেবিনিউর সাহেবলোক কিম্বা পূর্ব্বোক্ত তৎক্ষমতাপন্ন অন্য সাহেবেরা এই আইনের লিখনক্রমে আপনারদিগেতে অর্পিত হওয়া ক্ষমতাচরণেতে শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুর সময়েং যেং হুকুম করেন্ তদনুসারে রাজস্বের বিষয়ে পূর্ব্বে পূর্ব্বে হওয়া হুকুমমতাচরণের মতে কার্য্য করেন্ ইতি।

বোর্ড রেবিনিউর সাহেবেরা সময়ে ২ ইষ্টাম্পের মুদ্রার প্রকারান্তর করাইবার কথা।



৬ ধারা।

৬ ধারা।

কলিকাতার মধ্যে ইষ্টাম্পের মামুলের কালেকটর নিযুক্ত করণের প্রকারের কথা।

ঐ কালেক্টরসাহেব বোর্ড রেবিনিউর সাহেবদিগের হুকুমের অধীন হইবার কথা।

১ প্রথম প্রকরণ।— শ্রীযুত কোম্পানি বাহাদুরের সরকারের চিহ্নিত চাকর সাহেবদিগের মধ্যহইতে এক সাহেবকে শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলহইতে কলিকাতা শহরের ইষ্টাম্পের মামুলের কালেক্টরী কার্য্যেতে নিযুক্ত করিবেন ও ঐ কর্ম্মকারি সাহেব এষ্টাম্পকাগজইত্যাদি বিক্রয়াদি করিবেন ও ঐ সাহেব ইষ্টাম্পযুক্ত যত বেলম কি পার্চমেণ্ট কি কাগজআদি বিক্রয়াদির নিমিত্তে পান সরকারেতে তাহার মূল্যের দায়ী হইবেন ও কলিকাতার ইষ্টাম্পের মামুলের কালেক্টর ঐ সাহেব শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলেতে যত বেতন কি অন্য পরিবর্ত্ত নিরূপণ করেন তাহাই পাইবেন ও ঐ সাহেব ঐ মামুল তহসীলের সম্পর্কীয় সকল বিষয়েতে বোর্ড রেবিনিউর সাহেবদিগের হুকুমের অধীন হইবেন এবং ঐ বোর্ডের সাহেবেরা যে প্রকার হিসাব যে রূপে প্রস্তুত করিতে হুকুম করেন্ সেই প্রকার হিসাব সেই রূপে প্রস্তুত করিবেন ইতি।

ঐ কালেক্টরসাহেবের আফিস যে খানে করা যাইবেক তাহার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।—কলিকাতার ইষ্টাম্পের মামুলের কালেকটরসাহেব ইষ্টাম্প আফিসের বাটীর মধ্যে কিম্বা তাহার যত নিকটে হইতে পারে এমত অন্য কোন বাটীতে আপন আফিস করিবেন ও ঐ সাহেব ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেবের নিকটে যত ইষ্টাম্পকাগজআদির নিমিত্তে লিখেন সর্ব্বদা ততই পাইবেন ও তাহার দোহার রসীদ ঐ সুপরিণ্টেণ্ডেণ্টসাহেবকে দিবেন ইতি।

ইষ্টাম্পকাগজআদি বিক্রয়াদিকারকদিগের নিযুক্তের মতের কথা।

৩ তৃতীয় প্রকরণ।— ইষ্টাম্পের মামুলের কালেক্টরসাহেবের বিশেষরূপে ইহা কর্ত্তব্য যে কলিকাতা শহরের মধ্যগত নানা স্থাননিবাসি লোকদিগকে সরকারের তরফহইতে ইষ্টাম্পকাগজআদি বিক্রয়াদি করিবার কার্য্যের নিমিত্তে ঠাহরাইবেন ও সামান্যতঃ ঐ বিক্রয়কারিরা ঐ কালেক্টরসাহেবের লিখনমতে বোর্ড রেবিনিউর সাহেবলোকের হুকুমে নিযুক্ত ও কর্ম্মচ্যুত হইবেক কিন্তু উপরের লিখিত কোন কথার তৎপর্য্য এমত নহে যে তাহাতে বোর্ড রেবিনিউর সাহেবদিগের কিম্বা শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুরের হুজুর কৌন্সেলহইতে রাজস্বের কর্ম্মসম্পর্কীয় অধীন কার্য্যকারক সাহেবদিগের প্রতি সামান্য যে মত ক্ষমতাচরণ তাঁহারা করেন্ তদনুরূপে ঐ কালেক্টরসাহেবের লিখনব্যতিরেকে বিক্রয়াদির অনুমতিপত্র দিবার হুকুম দেওয়া উপযুক্ত বোধ করিলে তাহা দেওনের বাধা হইবেক ইতি।

বিক্রয়াদিকারকদিগের অনুমতি পত্র পাইবার কথা।

৪ চতুর্থ প্রকরণ।— প্রত্যেক বিক্রয়াদিকারক কালেক্টরসাহেবের মোহর ও দস্তখতে একং অনুমতিপত্র পাইবেক এবং যে বিক্রয়াদিকারক যখন নিযুক্ত হয় কিম্বা তাহার ঐ অনুমতিপত্র ফিরিয়া লওয়া যায় কি তাহার কর্ম্মত্যাগকরণ কি মরণাদির দ্বারা তাহার ঐ কার্য্যের ক্ষমতানিবৃত্তি হয় তখন তাহার কথা সকল লোককে জানাইবার কারণ গবর্ণমেণ্ট গাজেটে ছাপান যাইবেক ইতি।



৫ পঞ্চম

৫ পঞ্চম প্রকরণ।— উপরের প্রকরণের লিখনানুসারে অনুমতিপত্র পাওনব্যতিরেকে কোন জন বোর্ড রেবিনিউর সাহেবেরদের দ্বারা বিশেষ কোন হুকুম না পাইলে ইষ্টাম্পযুক্ত কোন বেলম কি পার্চমেণ্ট কি কাগজ কি অন্য বস্তু বিক্রয়াদি করিবার ক্ষমতা রাখিবেক না ও যদি কোন জন তাহাকরণের অপরাধ করে তবে তাহার প্রথমাপরাধপ্রযুক্ত ৫০০৲ পাঁচ শত টাকা এবং দ্বিতীয়বার কি তাহার পরে যতবার এমত অপরাধ করে তাহার প্রত্যেক বারেতে এক২ হাজার টাকা করিয়া দণ্ডেতে দণ্ডনীয় হইবেক কিন্তু এই প্রকরণের লিখিত কোন কথার তাৎপর্য্য এমত নহে যে তাহাতে কোন জন সরকারের অনুমতিপত্রপ্রাপ্ত কোন বিক্রয়াদিকারকের স্থানে উপযুক্তরূপে তাহা ক্রয় করিয়া কিম্বা ইহার পরের লিখিত মত অন্য কোন প্রকারে ইষ্টাম্প আফিসহইতে পাইয়া তাহার ইষ্টাম্পের অঙ্কিত মূল্যের তুল্য মূল্যে অন্য লোককে দিতেপারিবার বাধা জন্মিবেক ও আবশ্যক যে যে জন ইষ্টাম্পকাগজআদি এই রূপে অন্য জনকে দেয় তাহার কর্ত্তব্য যে এক কি ততোধিক মাতবর লোকের সমক্ষে তাহাতে আপন দস্তখৎ করিয়া দেয় এবং যে জন ইষ্টাম্পকাগজআদি এই রূপে অন্যেরে দেয় ঐ ইষ্টাম্পকাগজআদি পূর্ব্বোক্তমতে ক্রয়করা যাওনের প্রমাণ দিবার দায় সেই জনের প্রতি থাকিবেক ও ইহাও নির্দ্দিষ্ট হইল যে যদি কোন জন সরকারের ইষ্টাম্পযুক্ত কিম্বা সরকারের ইষ্টাম্পবোধক ইষ্টাম্পযুক্ত কোন কাগজ কি অন্য দ্রব্য তাহার ইষ্টাম্পে অঙ্কিত মূল্যের কম মূল্যেতে ক্রয় কি বিক্রয় করে তবে ঐ ক্রয় কি বিক্রয়করা প্রতিফর্দ্দের নিমিত্তে ৫০ পঞ্চাশ টাকা করিয়া দণ্ড সেই জনের দিতে হইবেক ইতি।

অনুমতিপত্র পাওন বিনা কিম্বা বোর্ড রেবিনিউর সাহেবদিগের বিশেষ হুকুম পাওনব্যতিরেকে ইষ্টাম্পকাগআদি বিক্রয় করিতে না পারিবার কথা।

এই হুকুমের অন্যমতকরণের দণ্ডের কথা।

ইষ্টাম্পকাগজআদি ক্রয়কারি জন তাহা হস্তান্তর করিতে পারিবার কথা।

যে২ নিয়মে পারিবেক তাহার কথা।

ইষ্টাম্পে ছাপা মূল্যের কমে বিক্রয় কি ক্রয় করণের দণ্ডের কথা।

## ৭ ধারা।

১ প্রথম প্রকরণ।— যে মহাজনেরা এবং অন্য জনেরা আপনারদিগের যে২ বিষয়ের নিদর্শনপত্রাদি সরকারী ইষ্টাম্পযুক্ত কাগজইত্যাদিতে লেখা যাইবার আবশ্যক হয় তাহার নিমিত্তে আপনারদিগের নিকটে নানা প্রকার ইষ্টাম্প ছাপাহওয়া কাগজ কি পার্চমেণ্টইত্যাদি সর্ব্বদা রাখিতে চাহে তাহারদিগের কর্ম্ম নির্ব্বিঘ্নে চলিবার নিমিত্তে এই প্রকরণেতে হুকুম করা যাইতেছে যে যে কোন জন যত ইষ্টাম্পযুক্ত কাগজ কি অন্য বস্তু লইতে ইচ্ছা করে সেই জন ইষ্টাম্পের কালেক্টরসাহেবের নিকটে দরখাস্ত করিলে ও যে২ ইষ্টাম্পকাগজআদি লইতে চাহে তাহার মূল্য ঐ সাহেবের খাজানাদফ্তরে দাখিল হইলে ঐ দাখিলকরা টাকার সংখ্যা ও বাঞ্ছিত ইষ্টাম্পকাগজআদির সংখ্যা ও তাহার জ্ঞাপক এক সর্টিফিকট্ পূর্ব্বোক্ত ঐ কালেক্টরসাহেবের নিকটহইতে পাইবেক ও ঐ সর্টিফিকট্ ও যত আবশ্যক তত সাদা কাগজ কি পার্চমেণ্ট কি অন্য বস্তু ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেবের নিকটে দিলে ঐ সাহেব তৎক্ষণে ঐ কাগজআদির উপর ঐ সর্টিফিকটে লিখিত মূল্যজ্ঞাপক ইষ্টাম্প ছাপা করিবার হুকুম দিবেন এবং জেনরল ট্রেজরিতে তাহার উপযুক্ত প্রতিমুদ্রা ছাপা করা যাইবার নিমিত্তে ঐ কাগজ কি পার্চমেণ্ট কি অন্য দ্রব্য পাঠাইবেন কিন্তু ইহাও জানান যাইতেছে যে যে কোন জন যে২ ইষ্টাম্পের নিমিত্তে

উত্তর কালের কার্য্যের নিমিত্তে যে লোকেরদের ইষ্টাম্পকাগজআদির আবশ্যক হয় তাহারা তাহা পাইবার মতের কথা।



টাকা

টাকা দিতে উদ্যত হয় ঐ২ ইষ্টাম্পের মূল্য যদি মোটে এক শত টাকার কম হয় এবং যে কাগজ কি বেলম কি অন্য দ্রব্যের উপর ইষ্টাম্প ছাপা করাইতে ইচ্ছা করে তাহা যদি ২০ কুড়িখানের কম হয় তবে তাহার নিমিত্তে কোন জন কালেক্টরসাহেবের নিকটে সর্টিফিকট্ পাইবার দরখাস্ত করিতে পারিবেক না ইতি।

কালেক্টরের নিকটে মূল্য দাখিলহওনের রসীদ না পাইলে সুপরিণ্টেণ্ডেণ্টসাহেব ইষ্টাম্প ছাপা করিবার হুকুম না দিবার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— কোন ব্যক্তির কারণ ইষ্টাম্প ছাপা করাইবার নিমিত্তে যে কোন কাগজ কি বেলম কি পার্চমেণ্ট উপস্থিত হয় তাহাতে যে যে ইষ্টাম্প ছাপা করাইতে হইবেক তাহার মূল্য সমুদয় ঐ কালেক্টরসাহেবের নিকটে দাখিলহওনের রসীদ ঐ কালেক্টরসাহেবের দস্তখৎযুক্ত সঙ্গে থাকনব্যতিরেকে কিম্বা এই আইনানুসারে বোর্ড রেবিনিউর সাহেবদিগকে অর্পণকরা ক্ষমতানুসারে ঐ ঐ সাহেবদিগের নিকটহইতে ইষ্টাম্প ছাপা করাইবার নিমিত্তে পাঠান যাওনব্যতিরেকে ঐ কাগজআদি ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেব কোন প্রকারে লইবেন না ও ঐ কালেক্টরসাহেবের দেওয়া রসীদেতে দাখিলহওয়া টাকার মোট সংখ্যা ও বাঞ্ছিত ইষ্টাম্পের সংখ্যা ও প্রকার এবং তাহা যত ফর্দ্দ কি খণ্ডের উপর ছাপা করিতে হইবেক তাহার ঠিক সংখ্যা লেখা থাকিবেক এবং ঐ সকল রসীদ যাহা কারতে হয় সুপরিণ্টেণ্ডেণ্টসাহেব তাহা বোর্ড রেবিনিউর সাহেবদিগের হুকুমানুসারে করিবেন ইতি।

উপরের প্রকরণের লিখিত হুকুমানুসারে কাগজ আদিতে ইষ্টাম্প ছাপাইয়া দেওয়া যাইবার প্রকারের কথা।

৩ তৃতীয় প্রকরণ।—ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেব আপনার এক কি ততোধিক আমলাকে উপরের উক্তমত ইষ্টাম্প ছাপাকরাইবার নিমিত্তে উপস্থিতকরা সমস্ত কাগজ আদি দ্রব্য লইতে এবং কালেক্টরসাহেবের রসীদের সহিত তাহা মিলাইতে নিযুক্ত করিবেন এবং ঐ কাগজইত্যাদির উপর ইষ্টাম্প ছাপা করা গেলে পর ঐ আমলা পুনর্ব্বার তাহা গণনা করিবেক ও ঐ কাগজ কি অন্য দ্রব্যের প্রত্যেক ফর্দ্দ কি খণ্ডের পৃষ্ঠে আপন নাম দস্তখৎ করিবেক এবং ঐ কাগজআদি ফিরিয়া দিবার নিমিত্তে যে তারিখে প্রস্তুত হয় ঐ তারিখ তাহার প্রত্যেক ফর্দ্দের পৃষ্ঠে লিখিবেক এবং তদ্ব্যতিরিক্তও ঐ কর্ম্মের কারণ আপনার নিকটে রাখা এক বহীতে ঐ সকল করা যাওনবোধক কথা এবং যত২ কাগজইত্যাদিতে যে২ ইষ্টাম্প ছাপা হইযাছে তাহারো কথা তাহাতে লিখিবেক ও ঐ কাগজ কিম্বা অন্য বস্তু উপরের উক্তমতে প্রস্তুত হইলে পর তাহার এক পুলিন্দা করা গিয়া সেই পুলিন্দার উপর ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেবের মোহর করা যাইবেক এবং যে জন ঐ কাগজআদি তাহার উপর ইষ্টাম্প ছাপা হইবার নিমিত্তে পাঠাইয়া থাকে ঐ প্রকারে তাহার নিকটে তৎক্ষণে পাঠাইতে হইবেক কিম্বা সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের ইচ্ছা হইলে এমত খবর দেওয়া যাইবেক যে ঐ কাগজআদি প্রস্তুত হইয়াছে তাহা লইবার নিমিত্তে যখন কোন লোক আসিবেক তখনি দেওয়া যাইবেক ইতি।

কালেক্টরসাহেবের যাহা হইলে ছুট দিতে হইবেক তাহার কথা।

৪ চতুর্থ প্রকরণ।—কোন জন কি জনেরা ইষ্টাম্প ছাপা করাইবার নিমিত্তে কোন কাগজআদি ইষ্টাম্প আফিসে পাঠাইতে চাহিলে এবং সুতরাং পূর্ব্বে তাহার পুরা মূল্য



উপরের

উপরের উক্ত মতে দাখিল করিয়া থাকিলে ইষ্টাম্পের কালেক্টরসাহেব তাহার এক সম যে দাখিলকরা মূল্যের টাকা যদি ৫০০ পাঁচ শতের অধিক হয় তবে তাহার দেওয়া মূল্যের মোটের উপর শতকরা ৪৲ চারি টাকার হিসাবে কিম্বা সময়েং শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলহইতে গবর্ণমেণ্ট গাজেটে খবরদেওনদ্বারা অন্য যে হার নিরূপণ করেন সেই হারে শতকরা ছুট ঐ টাকা দাখিলকরণিয়াকে ফিরিয়া দিবেন এবং ঐ ছুটের মোট টাকা কালেক্টরসাহেবের হিসাবের খাতাতে খরচ লেখা যাইবেক ইতি।

তাহার হারের কথা।

তাহার খরচ লেখা যাইবার প্রকারের কথা।

৫ পঞ্চম প্রকরণ।—বোর্ড রেবিনিউর সাহেবদিগের এ ক্ষমতা থাকিবেক যে অনুমতিপত্রপ্রাপ্ত যে বিক্রয়াদিকরণিয়ারা ইষ্টাম্পকাগজআদি ক্রয় করিতে চাহে এই ধারার লিখিত হুকুমানুসারে তাহারদিগকে ইষ্টাম্পকাগজআদি দিবার হুকুম দিতে পারেন ও তাহা দেওয়াইতে পারেন কিন্তু ঐ সকল লোকেরা আপনারদিগের ঐ মতে পাওয়া ইষ্টাম্পকাগজআদি সরকারের তরফহইতে বিক্রয়করণার্থে সামান্যতঃ দেওয়া ইষ্টাম্পকাগজ বিক্রয়ের বিষয়ে যেং হুকুম করা গিয়াছে সেইং হুকুমের অনুসারে বিক্রয় করিবেক ও আরো হুকুম দেওয়া যাইতেছে যে যদি ঐ বিক্রয়করণিয়া কর্ম্মত্যাগ করে কি কর্ম্মচ্যুত হয় কি আর কোন প্রকারে তাহার অনুমতিপত্র রদ হয় তবে সেই বিক্রয়করণিয়া কি তাহার প্রতিনিধি কি তাহার মোখ্তারকার ইষ্টাম্পের কালেক্টরসাহেবের নিকটে কিম্বা ঐ সাহেবের নিযুক্তকরা অন্য জনের নিকটে এই ধারার হুকুমানুসারে যত ইষ্টাম্পকাগজ কি বেলমইত্যাদি তাহাকে দেওয়া গিয়া থাকে তাহা কিম্বা তাহার মধ্যে যাহা বিক্রয় না হইয়া থাকে তাহা ফিরিয়া দিবেক এবং ঐ কাগজআদির নিমিত্তে ঐ বিক্রয়করণিয়া যত টাকা পূর্ব্বে দিয়া থাকে অর্থাৎ ঐ ইষ্টাম্পকাগজ কি পূর্ব্বোক্ত অন্য বস্তুর মূল্য তাহার মোটের উপর যত টাকা ছুট তাহাকে দেওয়া গিয়া থাকে তাহা বাদে ঐ বিক্রয়করণিয়া কি তাহার প্রতিনিধি কি মোখ্তারকার ফিরিয়া পাইতে পারিবেক ইতি।

অনুমতিপত্র প্রাপ্ত বিক্রয়করণিয়ারা যেং নিয়মে ইষ্টাম্পকাগজআদি ক্রয় করিতে পারে তাহার কথা।

## ৮ ধারা।

১ প্রথম প্রকরণ।—যদি ইষ্টাম্পের কোন সুপরিণ্টেণ্ডেণ্ট কি অন্য কোন কর্ম্মকারি সাহেব ইষ্টাম্প ছাপা কি অঙ্কিত হইবার নিমিত্তে ইষ্টাম্প আফিসেতে উপস্থিতকরা কোন বেলম কি পার্চমেণ্ট কি কাগজ কি অন্য দ্রব্যেতে সম্পূর্ণ মূল্য পাওয়া যাওনের অর্থে কালেক্টরসাহেবের দেওয়া উপযুক্ত সর্টিফিকট্ কিম্বা বোর্ড রেবিনিউর সাহেবদিগের পাঠান বিশেষ হুকুমনামাব্যতিরেকে ইষ্টাম্প ছাপা করান্ তবে ঐপ্রকার প্রত্যেক অপরাধের নিমিত্তে ঐ সাহেবের ১০০০ এক হাজার টাকা করিয়া জরীমানা দিতে হইবেক এবং ঐ মত কোন কালেক্টরসাহেব কি ইষ্টাম্পকাগজআদির মূল্য লইবার নিমিত্তে নিযুক্ত অন্য কোন সাহেব উপযুক্ত মূল্যহইতে হুকুমকরা ছুটবাদে বাকী টাকা না পাইয়া যদি উপরের উক্ত সর্টিফিকট্ দেন্ তবে এমন প্রত্যেক অপরাধের নিমিত্তে ১০০০

কালেক্টরের উপযুক্ত সর্টিফিকট পাওনব্যতিরেকে কোন জনের উপস্থিত করা কাগজে ইষ্টাম্প ছাপা করাইলে সুপরিণ্টেণ্ডেণ্টসাহেবের যে জরীমানা হইবেক তাহার কথা।

কি অন্য বিশেষ হুকুম পাওনব্যতিরেকে পূরা মূল্য না পাইয়া সর্টিফিকট্



এক

দিলে কালেক্টরসাহেবের জরীমানা হইবার কথা।

এক হাজার টাকা করিয়া তাঁহার জরীমানা দিতে হইবেক এবং তদতিরিক্ত ঐ সাহেব ঐ ইষ্টাম্পের মূল্য যত টাকা না পাওয়া গিয়া থাকে তাহাও দেওনের যোগ্য হইবেন ইতি।

হুকুমের অন্যথা ইষ্টাম্প ছাপা করাইলে কি সর্টিফিকট দেওয়াইলে এতদ্দেশীয় আমলা কি অন্য লোকের যে জরীমানা হইবেক তাহার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।—এতদ্দেশজাত কোন কার্য্যকারক কিম্বা অন্য কোন জন পূর্ব্বোক্ত মত হুকুমের অন্যথা কোন ইষ্টাম্প ছাপা কি অঙ্কিত করাইলে কিম্বা দিতে হইবার কোন সর্টিফিকট্ দেওয়াইলে কিম্বা যে কর্ম্মকারী ঐ ইষ্টাম্প ঐ প্রকারে ছাপা কি অঙ্কিত করান্ কি ঐ সর্টিফিকট্ দেন্ তাঁহার সহিত একবাক্য হইলে ঐ প্রকার প্রত্যেক অপরাধের নিমিত্তে ১০০০ এক হাজার টাকা করিয়া জরীমানা তাহার দিতে হইবেক এবং তদতিরিক্ত ঐ সর্টিফিকটে লিখিত মূল্যের মোট টাকা দেওনের যোগ্য হইবেক ইতি।

৯ ধারা।

বিক্রয়াদিকারকদিগের নিমিত্তে করা হুকুমের কথা।

১ প্রথম প্রকরণ।—এই আইনের ৬ ধারানুসারে নিযুক্ত হইবার যোগ্য ইষ্টাম্পকাগজ আদি বিক্রয়াদিকারকদিগের কর্ম্মনির্ব্বাহের নিমিত্তে নীচের লিখিতব্য হুকুমসকল নির্দ্দিষ্ট হইল ইতি।

বিক্রয়াদিকারকেরা আপনারদিগের কর্ত্তব্য কর্ম্ম উপযুক্তরূপে করিবার নিয়মে জামিনী দাখিল করিবার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।—সরকারের তরফহইতে ইষ্টাম্পকাগজআদি বিক্রয়াদিকরণার্থে যে২ জন নিযুক্ত হইবেক তাহারা স্বয়ং বোর্ড রেবিনিউর সাহেবদিগের হজুরে এক কি ততোধিক মাতবর জামিনসুদ্ধা হাজির হইয়া এই আইনে কি ইহার পরে যে কোন আইন নির্দ্দিষ্ট হইবেক তাহাতে ইষ্টাম্পকাগজআদি বিক্রয়াদিকারকদিগের কর্ত্তব্য যে২ কর্ম্ম লেখা যায় তাহা বিশ্বস্তরূপে নির্ব্বাহকরণার্থে এবং তাহাতে ত্রুটি করিলে ঐ বোর্ড হইতে নিরূপণহওয়া দণ্ডের টাকা আদায় করিবার অর্থে ঐ বোর্ডের সাহেবেরা যে প্রকার হুকুম করেন সেই প্রকারে এক জামিনীনামা লেখাইয়া দাখিল করিবেক এবং ঐ জামিনীনামার লিখিত কোন নিয়মের কার্য্যকরণে ত্রুটি হইলে ঐ ত্রুটিকারক ঐ দণ্ডের অতিরিক্ত বোর্ড রেবিনিউর সাহেবদিগের হুকুমে ইষ্টাম্পকাগজআদি বিক্রয়াদির কর্ম্মহইতে তৎক্ষণে ছাড়া হইবেক ইতি।

তাহারদিগের আচরণীয় নিয়মের কথা।

৩ তৃতীয় প্রকরণ।—ইষ্টাম্পকাগজআদি বিক্রয়াদিকারকদিগের নীচের লিখিতব্য হুকুমমতাচরণ করিতে হইবেক এবং তাহারদিগের নিযুক্ত হইবার সময়েতে তাহারা যে জামিনীনামা লেখাইয়া দাখিল করিবেক তাহাতে এমত কথা লেখা যাইবেক যে তাহারা ঐ জামিনীনামার লিখনানুসারে কার্য্য বিনাত্রুটিতে করিতে ও তাহাতে ত্রুটি হইলে নীচের লিখিতব্য দণ্ড দিতে বদ্ধ থাকে ও ইহাও নির্দ্দিষ্ট হইল যে বোর্ড রেবিনিউর সাহেবদিগের এ ক্ষমতা আছে যে ঐ বিক্রয়াদিকারকদিগের স্থানে অন্য যে কোন কবুলিয়ৎ লওয়া আবশ্যক বোধ হয় কি আইনানুসারে লওয়া যাইতে পারে তাহাও লন্ ইতি।

বোর্ডের সাহেবেরা অন্য কবুলিয়ৎও লইতে পারিবার কথা।



৪ চতুর্থ

# ইঙ্গরেজী ১৮২৬ সাল ১২ দ্বাদশ আইন।

৪ চতুর্থ প্রকরণ।— ইষ্টাম্পকাগজআদি বিক্রয়করণার্থে অনুমতিপত্রপ্রাপ্ত সকল লোক ইষ্টাম্পের কালেক্টরসাহেবের দস্তখতী আপনারদিগের অনুমতিপত্র এবং এই আইনের শেষের লিখিত তফসীলের নকল সর্ব্বদা ঐ ইষ্টাম্পকাগজআদি বিক্রয়করণের দোকান কি অন্য স্থানে লট্‌কাইয়া রাখিবেক এবং বোর্ড রেবিনিউর সাহেবেরা যে প্রকার আজ্ঞা করেন্ তদনুসারে আপনারদিগের ঐ অনুমতিপত্র পাইবার কথার ইশ্‌তিহার নামা ঐ দোকান কি অন্য স্থানের বাহির দরওযাজাতে লট্‌কাইয়া রাখিবেক ও এই হুকুমমতাচরণ করিতে গাফিলী কি ত্রুটিকারকের ঐ অপরাধের নিমিত্তে ৫০ পঞ্চাশ টাকা দণ্ড দিতে হইবেক ইতি।

অনুমতিপত্র এবং মাসুলের তফসীলের নকল ইষ্টাম্পকাগজআদি বিক্রয়কারকের দোকানে লট্‌কান যাইবার কথা।

৫ পঞ্চম প্রকরণ।— যে সকল লোক ইষ্টাম্পকাগজ বিক্রয়াদি করিবার নিমিত্তে অনুমতিপত্র পায় তাহারা বোর্ড রেবিনিউর সাহেবদিগের হুকুমমত আপনারদিগের পাওয়া ও বিক্রয়াদিকরা ইষ্টাম্পকাগজআদির হিসাব রাখিবেক এবং কালেক্টরসাহেবের সময়ে২ তলব করানুসারে ঐ হিসাবের কোন আবশ্যক অংশের কি সমুদয়ের নকল ঐ সাহেবের নিকটে পাঠাইবেক ও ঐ পূর্ব্বোক্ত জনেরা সরকারের তরফহইতে বিক্রয়ের নিমিত্তে তাহারদিগকে সমর্পণকরা ইষ্টাম্পকাগজআদি বিক্রয়করণেতে যত টাকা পায় তাহা কালেক্টরসাহেবের হুকুমমতে নিরূপিত সময়ে বিনাকসুরে ঐ সাহেবের নিকটে দাখিল করিবেক এবং যখন হুকুম হয় তখনি কালেক্টরসাহেবকে কিম্বা তাহারদিগের রাখা হিসাব দৃষ্টি করিবার নিমিত্তে ঐ সাহেবের নিযুক্তকরা অন্য কোন জনকে ঐ হিসাব দৃষ্টি করিতে দিবেক এবং যে সে কোন সময়ে তাহারদিগের নিকটে মৌজুদথাকা ইষ্টাম্পকাগজআদি দেখিতে ও তজবীজ করিতে দিবেক ইতি।

বিক্রয়করণিয়াদিগের হিসাব রাখিতে ও কালেক্টরের হুকুম হইলে তাহা উপস্থিত করিতে হইবার কথা।

বিক্রয়করণিয়ারা আপনারদিগের ইষ্টাম্পকাগজআদি বিক্রয়করাতে পাওয়া টাকা বিনাকসুরে দাখিল করিবার কথা।

হুকুম হইলে ইষ্টাম্পকাগজআদি ও তাহার হিসাব দৃষ্টি করাইবার কথা।

৬ ষষ্ঠ প্রকরণ।— ইষ্টাম্পকাগজবিক্রয়াদিকরণিয়া যে কোন জন ইষ্টাম্পের মাসুলের কালেক্টরসাহেবের নিকটহইতে হুকুমনামা কি অনুমতিপত্র পাইয়া তাহার লিখিত সময়ে বোর্ড রেবিনিউর হুকুমহওয়া কোন হিসাব দাখিল করিতে ত্রুটি করে এবং বোর্ড রেবিনিউর কি তৎক্ষমতাপন্ন অন্য সাহেবদিগের নিকটে ঐ হিসাব দাখিল করিতে ত্রুটিকরণের প্রত্যয়জনক হেতু না জানায় সেই জনের ৫০ পঞ্চাশ টাকা জরীমানা দিতে হইবেক এবং তাহার অতিরিক্ত ঐ হিসাব দাখিল করিবার নিমিত্তে কালেক্টরসাহেবের হুকুমনামাতে যে তারিখ নিরূপণ করা গিয়া থাকে সেই তারিখঅবধি ঐ হিসাব দাখিল করণের তারিখপর্য্যন্ত বোর্ড রেবিনিউর সাহেবলোক যেমন হুকুম করেন্ সেই মত প্রতিদিন জরীমানা দেওনের যোগ্য হইবেক ও যদি কোন বিক্রয়াদিকরণিয়া হুকুম পাইবামাত্র কালেক্টরসাহেবকে কিম্বা তাঁহার মোহর ও দস্তখৎযুক্ত হুকুমনামার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত অন্য জনকে ঐ হিসাব দৃষ্টি করিতে এবং ঐ সময়ে তাহার নিকটে মৌজুদ থাকা ইষ্টাম্পকাগজআদি দেখিতে ও যাঁচিতে দিতে অসম্মত হয তবে ঐ বিক্রয়াদিকরণিয়া অসম্মতিসূচকবাক্য যতবার কহে তাহার প্রত্যেক বারের নিমিত্তে সিক্কা ১০০ এক শত টাকা করিয়া জরীমানা ঐ বিক্রয়করণিয়ার দিতে হইবেক এবং তদতিরিক্ত ঐ বিষযেতে

উপরের লিখিত মত কর্ম্ম না করণের জরীমানার কথা।

তাহার সম্মতি না হওনপর্য্যন্ত বোর্ড রেবিনিউর সাহেবেরা যেমন হুকুম করেন্ সেইমত প্রতিদিন জরীমানা দেওনের যোগ্য হইবেক ইতি।

বিক্রয়াদিকরণিয়া মূল্য না পাইয়া ইষ্টাম্পকাগজ আদি না দিবার কথা।

৭ সপ্তম প্রকরণ।—ইষ্টাম্পকাগজবিক্রয়াদিকরণিয়া কোন জন কালেক্টরসাহেবের কি বোর্ড রেবিনিউর সাহেবদিগের বিশেষ হুকুম কি অনুমতিপাওনব্যতিরেকে কোন ইষ্টাম্প কাগজইত্যাদি তাহার ইষ্টাম্পদ্বারা জানান মূল্য সমুদয় না পাইলে কোন জনকে দিবেক না ও সমর্পণ করিবেক না ইতি।

পূর্ণ মূল্য না পাইয়া ইষ্টাম্পকাগজ দিলে যে জরীমানা হইবেক তাহার কথা।

৮ অষ্টম প্রকরণ।—যে কোন বিক্রয়াদিকরণিয়া কালেক্টরসাহেবের কি বোর্ড রেবিনিউর সাহেবদিগের নিকটহইতে বিশেসরূপে লিখিত হুকুম কি অনুমতিপাওনব্যতিরেকে কোন ইষ্টাম্পযুক্ত কাগজ কি বেলম কি পার্চমেণ্টইত্যাদি ঐ কাগজআদিতে ছাপাহওয়া ইষ্টাম্পের দ্বারা জানান মূল্য সমুদয় না পাইয়া যদি দেয় কি অর্পণ করে তবে সেই জন আপনার ঐ দেওয়া কি অর্পণকরা প্রত্যেক ফর্দ্দের কি খণ্ডের নিমিত্তে ৫০ পঞ্চাশ টাকা করিয়া জরীমানা দিবেক এবং তদতিরিক্ত ঐ কাগজের মূল্য সমুদয় না পাওয়া গেলে যত বাকী থাকে তাহাও ঐ জনের দিতে হইবেক ও যে কোন জন পূর্ব্বোক্ত সমুদয় মূল্য না দিয়া কোন ইষ্টাম্পকাগজইত্যাদি লয় কি গ্রহণ করে সেই জনের ঐ মত লওয়া কি গ্রহণকরা প্রত্যেক ফর্দ্দ কি খণ্ড কাগজআদির নিমিত্তে ৫০ পঞ্চাশ টাকা জরীমানা দিতে হইবেক ইতি।

অনুপযুক্ত মূল্য দিয়া ক্রয় করিলে গ্রাহকের যে জরীমানা হইবেক তাহার কথা।

বিক্রয়াদিকরণিয়ারা আপনং বিক্রয়করা কাগজাদির পৃষ্ঠে বিক্রয়ের তারিখ লিখিবার কথা।

৯ নবম প্রকরণ।—ইষ্টাম্পকাগজআদি বিক্রয়াদিকারক সকল লোক আপনারদিগের বিক্রয়করা প্রত্যেক ফর্দ্দ ইষ্টাম্পকাগজ কি অন্য বস্তুর পৃষ্ঠে তাহা বিক্রয় করা যাওনের ও দেওয়া যাওনের তারিখ ও সন লিখিবেক ও তাহার নীচে আপন সামান্য দস্তখতের মত দস্তখৎ করিবেক ইতি।

তাহা না করিলে যে জরীমানা হইবেক তাহার কথা।

১০ দশম প্রকরণ।—ইষ্টাম্পকাগজ বিক্রয়াদিকরণিয়া কোন ব্যক্তি পূর্ব্বোক্তমত আপননাম ও বিক্রয়াদিকরণের তারিখ ঐ কাগজের প্রত্যেক ফর্দ্দের কি খণ্ডের পৃষ্ঠে না লিখিয়া বিক্রয়াদি করিলে যদি সেই বিক্রয়াদিকরা কাগজের মূল্য ১৬ ষোল টাকার অধিক না হয় তবে তাহার প্রত্যেক অপরাধের নিমিত্তে ঐ ব্যক্তির ৫০ পঞ্চাশ টাকা করিয়া জরীমানা দিতে হইবেক কিন্তু যদি ঐ প্রকার দস্তখৎ বিনা ঐ মত বিক্রয়াদিকরা কাগজের মূল্য ১৬ ষোল টাকার অধিক হয় তবে ঐ বিক্রয়করণিয়া আইনের বিরুদ্ধে যেং ইষ্টাম্প কাগজ বিক্রয় করে সেইং কাগজ আইনের অন্যথা বিক্রয়জন্য প্রত্যেক অপরাধের নিমিত্তে ঐং কাগজের মূল্যের তিনগুণ করিয়া জরীমানা তাহার দিতে হইবেক ইতি।

তারিখ মিথ্যা লিখিলে যে জরীমানা হইবেক তাহার কথা।

১১ একাদশ প্রকরণ।—ঐ কাগজের কোন বিক্রয়াদিকরণিয়া আপনার বিক্রয়াদিকরা কাগজ কি বেলম কি পার্চমেণ্টের পৃষ্ঠে মিথ্যা তারিখ লিখিয়া দিলে ঐ প্রকার প্রত্যেক



অপরাধের

অপরাধের নিমিত্তে তাহার ১০০ একশত টাকা করিয়া জরীমানা দিতে হইবেক ও যদি ঐ বিক্রয়করা ইষ্টাম্পকাগজের মূল্য ১৬ ষোল টাকার অধিক হয় তবে সেই ইষ্টাম্পকাগজের মূল্যের ছয়গুণ জরীমানা দিতে হইবেক এবং তদতিরিক্তও আপন কবুলিয়তের লিখিত নিয়মের অন্যথাকরণপ্রযুক্ত যে জরীমানা দিবার কথা লিখিয়া দিয়াছে তাহাও দেওনের যোগ্য হইবেক ইতি।

ইষ্টাম্পকাগজাদি দিতে অসম্মত হইলে কি বিলম্ব করিলে যে জরীমানা হইবেক তাহার কথা।

১২ দ্বাদশ প্রকরণ।— ইষ্টাম্পকাগজবিক্রয়াদিকরণিয়া জনেরা তাহারদিগের স্থানে যে২ লোক যে২ মূল্যের ইষ্টাম্পকাগজআদি ক্রয় করিতে চাহে তাহা সেই২ লোককে অনাবশ্যক বিলম্বকরণবিনা দিবেক এবং কোন জন ইষ্টাম্পকাগজআদি বিক্রয়াদিকরণিয়া কোন জনের স্থানে কোনপ্রকার ইষ্টাম্পকাগজআদি চাহিলে যদি সেই বিক্রয়াদিকরণিয়া তাহার নিকটে তাহা থাকিতে ঐ চাহনিয়া লোক টাকার কি সরকারের রাজস্ব আদায়করণেতে যে নোট চলে সেই নোটের দ্বারা তাহার মূল্য দিতে উদ্যত হইলেও তাহাকে সেই কাগজআদি দিতে অসম্মত হয় কি ইচ্ছাপূর্ব্বক বিলম্ব করে তবে সেই জন এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে ৫০ পঞ্চাশ টাকা করিয়া জরীমানা দিবেক ইতি।

কোন জনের দ্বারা অতিরিক্ত মূল্য লওনের জরীমানার কথা।

১৩ ত্রয়োদশ প্রকরণ।— ইষ্টাম্পকাগজআদি বিক্রয়াদিকরণিয়া কোন জন আপন বিক্রয়াদিকরা ইষ্টাম্পকাগজ কি পার্চমেণ্টইত্যাদির উপর ছাপাকরা ইষ্টাম্পের দ্বারা যে মূল্য জানান গিয়াছে তাহাহইতে অধিকমূল্য কাহারু স্থানে কোন কারণ বলিয়া কি ছল করিয়া লইবেক না ও গ্রহণ করিবেক না ও চাহিবেক না এবং যে লোক ঐ ইষ্টাম্পকাগজআদি ক্রয় করিতে আইসে তাহারদিগের স্থানে কোন ফীস কি ইনাম কি পরিবর্ত্ত লইবেক না ও যে কোন বিক্রয়াদিকরণিয়া কোন কর্ম্মের নিমিত্তে কোন জনের স্থানে ইষ্টাম্পযুক্ত কোন কাগজ কি বেলম কি পার্চমেণ্ট কি অন্য কোন দ্রব্য বিক্রয়াদি করিতে কোন ছলেতে সেই কাগজ কি বেলম কি পার্চমেণ্ট কি অন্য দ্রব্যের উপর ছাপাকরা ইষ্টাম্পের দ্বারা যে মূল্য জানান গিয়াছে তাহার অতিরিক্ত টাকা লয় কি তলব করে সেই বিক্রয়াদিকরণিয়ার এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে সিক্কা ১০০ এক শত টাকা করিয়া জরীমানা দিতে হইবেক ইতি।

কালেক্টরসাহেব বিক্রয়াদিকারকদিগের স্থানে আমানৎ তলব করিতে পারিবার কথা।

১৪ চতুর্দ্দশ প্রকরণ।— ইষ্টাম্পের মাসুলের কালেক্টরসাহেবের ক্ষমতা আছে যে আপন খাতিরজমার কারণ উপরের লিখিত জামিনীনামার অতিরিক্ত বিক্রয়াদিকারকদিগের স্থানে দেওয়া ইষ্টাম্পকাগজআদি অকার্য্যে ব্যবহার করিবার কিম্বা তাহার মূল্যের টাকা তসরুফকরণের নিবারণার্থে জামিনস্বরূপ যত টাকা আমানৎ রাখা উপযুক্ত বোধ করেন তাহা তাহারদিগের স্থানে তলব করিতে পারেন এবং যে সময়ে আবশ্যক বুঝেন তখন নূতন আমানৎ কি জামিনস্বরূপ অন্য কোন বস্তু রাখিতে হুকুম দিতে পারেন এবং যে কোন লোক এমত হুকুম পাইয়া ঐ২ জামিন দিতে না পারে কিংবা অসম্মত হয়

 সে

সে লোক নিযুক্ত হইবেক না কিম্বা নিযুক্ত হইয়া এমত না পারিলে ও অসম্মত হইলে তাহার অনুমতিপত্র তৎক্ষণে ফিরিয়া লওয়া যাইবেক ইতি।

বিক্রয়াদিকারকদিগের কর্ম্ম ত্যাগ করিলে কি কর্ম্ম চ্যুত হইলে ইষ্টাম্পকাগজআদি ও হিসাব কালেক্টরসাহেবের নিকটে দাখিল করিতে হইবার কথা।

১৫ পঞ্চদশ প্রকরণ।— কোন বিক্রয়াদিকরণিয়ার অনুমতিপত্র যখন ফিরিয়া লওয়া যায় কি সে যখন কর্ম্ম ত্যাগ করে সেই সময়ে তাহার নিকটে মৌজুদথাকা সকল ইষ্টাম্প কাগজআদি এবং যে সময়ে যত ইষ্টাম্পকাগজআদি তাহাকে সমর্পণ করা গিয়া থাকে তাহা বিক্রয়াদিকরণের সমস্ত হিসাব এবং তাহার অনুমতিপত্র ফিরিয়া লওনের কি তাহার কর্ম্মত্যাগকরণের তারিখপর্য্যন্ত ঐ কাগজবিক্রয়াদিকরণের দ্বারা পাওয়া টাকার মধ্যে যত টাকা ইষ্টাম্পের কালেক্টরসাহেবের নিকটে দাখিল না করিয়াছে কি তাহার হিসাব না দিয়াছে সে সমস্ত টাকা ও হিসাব এবং ঐ বিক্রয়াদিকরণিয়া ঐ ইষ্টাম্পের কালেক্টরসাহেবের নিকটহইতে যে২ অনুমতি ও পরওয়ানা কিম্বা অন্য২ লেখাপড়া পাইয়া থাকে তাহাও সমস্ত ঐ কালেক্টরসাহেবের নিকটে কি তাহার মোহর ও দস্তখৎযুক্ত হুকুমনামার দ্বারা তাহা লইবার ক্ষমতাপন্ন অন্য জন কি জনেরদিগকে তৎক্ষণে দিবেক এবং এই আইনের ৭ ধারার লিখনানুসারে ঐ বিক্রয়াদিকরণিয়া ঐ ধারার হুকুমমতে তাহাকে দেওয়া ইষ্টাম্পকাগজআদির মূল্য যত টাকা দিয়া থাকে ঐ টাকা তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক ও এই প্রকার কর্ম্মচ্যুত কি কর্ম্মত্যাগকরা কোন বিক্রয়াদিকরণিয়া লোক আপনার নিকটে থাকা উপরের উক্ত হিসাব ও কাগজআদি ও ঐ হিসাবের বাকী রোক টাকা কি তাহার কোন অংশ দাখিল করিতে অসম্মত হয় কি ত্রুটি করে তবে ঐ লোকের ঐ প্রত্যেক ত্রুটি কি অসম্মতিহওনপ্রযুক্ত কালেক্টরসাহেবের সিরিশ্তাতে থাকা হিসাবানুসারে তাহার নিকটে মৌজুদথাকা ইষ্টাম্পকাগজআদির মূল্যের ও রোক টাকার তিনগুণ পরিমাণে জরীমানা দিতে হইবেক এবং তদতিরিক্ত ঐ হিসাবাদি দাখিল করিতে যত দিন বিলম্ব করে বোর্ড রেবিনিউর কি পূর্ব্বোক্ত তৎক্ষমতাপন্ন অন্য সাহেবেরা যেমন হুকুম করেন্ সেইমত ঐ বিলম্বের দিন২ জরীমানা দিতে হইবেক ইতি।

বিক্রয়করণিয়ার মৃত্যু হইলে যাহা করিতে হইবেক তাহার কথা।

১৬ ষোড়শ প্রকরণ।—কোন বিক্রয়াদিকরণিয়ার মৃত্যু হইলে কালেক্টরসাহেব এমত ক্ষমতা রাখেন্ যে তাহার উত্তরাধিকারিকে কি তাহার ধনাধ্যক্ষ জনকে কিম্বা মৃত ব্যক্তির কি তাহার ধনাধ্যক্ষব্যক্তির স্থলাভিষিক্ত জনকে হুকুম দেন্ যে ঐ বিক্রয়াদিকরণিয়ার মরণকালে তাহার নিকটে যে সকল ইষ্টাম্পকাগজ কি বেলম কি পার্চমেণ্টইত্যাদি মৌজুদ ছিল এবং ঐ কাগজআদির বিক্রয়াদিকরণসম্পর্কীয় সকল হিসাব ও পূর্ব্বোক্ত যে সকল অনুমতিপত্র ও পরওয়ানা ও অন্য লেখাপড়া ঐ মৃত ব্যক্তির দ্রব্যজাতের মধ্যে পাওয়া যায় সে সমস্ত তাঁহার নিকটে দাখিল করে এবং ঐ উত্তরাধিকারী কি ধনাধ্যক্ষ কিম্বা অন্য যে কোন জন মৃত ব্যক্তির ধনের রক্ষণাবেক্ষণ করে সে জন যদি ঐ হিসাবাদি দাখিল করিতে না চাহে কিম্বা কালেক্টরসাহেবের হুকুম হইলে ঐ হিসাব ও কাগজআদি [illegible] করিতে দিতে না চাহে তবে ঐ উত্তরাধিকারির কি ধনাধ্যক্ষের কি

 ধনের

ধনের রক্ষণাবেক্ষণকারির এমন প্রত্যেক অপরাধের নিমিত্তে ৫০ পঞ্চাশ টাকা করিয়া জরীমানা দিতে হইবেক এবং তদতিরিক্ত তলবকরা ইষ্টাম্পকাগজইত্যাদি ও হিসাব ও অন্য লেখাপড়া দাখিল করিতে যত দিন বিলম্ব করে তত দিন বোর্ড রেবিনিউর সাহেবেরা যেমন হুকুম করেন্ সেই মত দিনং জরীমানা দিতে হইবেক ইতি।

যাহা হইলে জামিনের স্থানে টাকা তলব হইবেক তাহার কথা।

১৭ সপ্তদশ প্রকরণ।— আরো হুকুম করা যাইতেছে যে কালেক্টরসাহেবের এ ক্ষমতা থাকিবেক যে এই প্রকরণের পূর্ব্বের দুই প্রকরণের উক্ত প্রকার হইলে এবং বিক্রয়াদিকরণিয়া কোন ব্যক্তি সরকারহইতে বিক্রয়াদিকরণের নিমিত্তে তাহার স্থানে দেওয়া কোন ইষ্টাম্পকাগজআদির হিসাব এবং তাহার মূল্যের টাকা দাখিলকরণে কোন প্রকারে ত্রুটি কি বিলম্ব করিলে তৎক্ষণে ঐ বিক্রয়াদিকরণিয়ার জামিন কি জামিনদিগকে ঐ মৌজুদথাকা কাগজআদি কি তাহার মূল্যের বাকী টাকা দাখিল করিতে হুকুম দেন ও ঐ জামিন কি জামিনেরা ইহাতে ত্রুটি করিলে তাহার কি তাহারদিগের নামে ঐ টাকা বুঝিয়া পাইবার কারণ আদালতে নালিশ করেন্ ইতি।

বিক্রয়কারকেরা দিব্য কি মুক্তিপত্রদ্বারা আপনারদিগের হিসাব সত্য বোধ করাইবার কথা।

১৮ অষ্টাদশ প্রকরণ।—ইষ্টাম্পকাগজআদি বিক্রয়াদিকরণের কার্য্যে নিযুক্ত সকল লোকেরা বোর্ড রেবিনিউর সাহেবলোকের হুকুম হইলে আপনং হিসাবের সত্যতার্থে দিব্য করিবেক কি মুক্তিপত্র লিখিয়া দিবেক ও ঐ বোর্ডের সাহেবদিগের কি তাহার মধ্যের কোন সাহেবের হুকুম হইলে ইষ্টাম্পকাগজআদির কোন বিক্রয়াদিকারক আপন হিসাবের সত্যতাবোধক দিব্য করিতে কি মুক্তিপত্র লিখিয়া দিতে অস্বীকার কি তাচ্ছল্য করে তবে সে যতবার তাহাতে অস্বীকার কি তাচ্ছল্য করে তাহার প্রতিবারের নিমিত্তে ৫০০ পাঁচশত টাকা করিয়া তাহার জরীমানা দিতে হইবেক ইতি।

## ১০ ধারা।

দুর্ঘটনাতে নষ্টহওয়া ইষ্টাম্পকাগজআদি পুনর্ব্বার দেওয়া যাওনের কথা।

১ প্রথম প্রকরণ।— অনুমতিপত্রপ্রাপ্ত ইষ্টাম্পকাগজআদি বিক্রয়াদিকরণিয়া কোন জনের নিকটহইতে কিম্বা ইষ্টাম্প আফিসহইতে এই আইনের ৭ ধারার লিখিত হুকুমানুসারে পাওয়া ইষ্টাম্পযুক্ত কাগজ কি পার্চমেণ্ট কি বেলমইত্যাদির গাদী কি তাড়া কি এক ফর্দ্দ অগ্নিতে কি অন্য কোন দুর্ঘটনাতে নষ্ট হইলে বোর্ড রেবিনিউর সাহেবদিগের কি তৎক্ষমতাপন্ন অন্য সাহেবলোকের ক্ষমতা আছে যে ঐ কাগজইত্যাদি উপযুক্ত মতে পাওয়া যাওনের পরে কথিতমত দুর্ঘটনাতে নষ্টহওনের প্রমাণ ঐ বোর্ডের সাহেবদিগের হৃদ্বোধার্থে তাহা রাখণিয়া জন দিতে পারিলে আপনারদিগের সেক্রেটারি সাহেবকে হুকুম দেন্ যে ঐ কাগজইত্যাদির স্বামিকে বোর্ডের মোহর ও আপন দস্তখৎযুক্ত ঐ প্রকারে নষ্টহওয়া কাগজআদির মূল্য ও সংখ্যাবোধক এক সর্টিফিকট্ দেন্ এবং ঐ কাগজআদির স্বামী ঐ সর্টিফিকট্ এবং যত ইষ্টাম্পকাগজআদি নষ্ট হইয়া থাকে তত

ফর্দ্দ সাদা কাগজআদি ইষ্টাম্প আফিসে লইয়া গেলে কোন ফীস কি মামুল কি অন্য কোন খরচ দেওনবিনা ঐ লইয়া যাওয়া কাগজআদিতে সর্টিফিকটের লিখিত মূল্যবো ধক অঙ্কেতে অঙ্কিত ইষ্টাম্প ছাপা করাইয়া পাইবেক এবং এই প্রকরণের দ্বারা ইষ্টা ম্পের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেবকে হুকুম দেওয়া যাইতেছে যে ইষ্টাম্পের মামুলের কালেক্ট রসাহেবের মোহর ও দস্তখৎযুক্ত ঐ কাগজআদির মূল্য পূর্ব্বে পাওনের সর্টিফিকট্ ঐ সা দাকাগজআদির সহিত দাখিল করিলে যেমন করাইতেন সেইমত ঐ সাদা কাগজআদিতে ইষ্টাম্পছাপা করাইয়া তাহার স্বামিকে দেন্ কিন্তু ঐ প্রকার সর্টিফিকট দৃষ্টে যত কাগজ আদিতে ইষ্টাম্পছাপা করা যায় তাহার ভিন্ন হিসাব রাখা যাইবেক ইতি।

মযলাহওয়াতে কি অ ন্যরূপে নষ্টহওয়া ইষ্টাম্প কাগজাদিও পুনর্ব্বার পা ওয়া যাইবার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।—ঐ মত কোন ইষ্টাম্পকাগজ কি বেলম কি পার্চমেণ্টইত্যাদি উপ যুক্তমতে পাওয়া যাওনের পরে ময়লা হইলে কি নষ্ট হইলে কি দৈবঘনাপ্রযুক্ত কিম্বা ঐ কাগজআদিতে যে বিষয়ে লেখা কি নকল করা যায় তাহাতে দস্তখৎহওন ও তাহা দেওয়া যাওনের পূর্ব্বে ঐ লেখা পড়াতে ঐ কাগজ ব্যর্থ হইবার মত কোন ভ্রান্তি প্রকাশ হওনপ্রযুক্ত অকর্ম্মণ্য হইলে কিম্বা ঐ লেখাপড়া সাব্যস্তহওনের নিমিত্তে তাহাতে যা হারদিগের দস্তখতের আবশ্যক তাহারদের মধ্যে কোন জনের কি জনেরদের মরণ কি দস্তখৎ করিতে অসম্মতহওনপ্রযুক্ত ঐ লেখাপড়া অপূর্ণ কি অকর্ম্মণ্য হইলে কিম্বা ঐ লে খাপড়ার দ্বারা অর্পিত কোন পদ কি ভার স্বীকার করিতে কোন জনের অসম্মতিহওন প্রযুক্ত ঐ ইষ্টাম্পকাগজইত্যাদি ঐ অভিপ্রেত কর্ম্মের নিমিত্তে অকর্ম্মণ্য হইলে কিম্বা যে২ করারী তমঃসুক কিম্বা হুণ্ডীইত্যাদি তাহার লিখিত টাকা যাহার স্থানে পাওয়া যাইবেক তাহার কি তাহার মোখ্তারকারের নিকটে ঐ টাকা পাওনিয়া জন উপস্থিত না করণ প্রযুক্ত কিম্বা আর কোন প্রকরণপ্রযুক্ত কখন কার্য্যে না আইলে বোর্ড রেবিনিউর সাহেব দিগের কি পূর্ব্বোক্ত তৎক্ষমতাপন্ন অন্য সাহেবদিগের ক্ষমতা আছে যে ঐ ময়লা কি নষ্ট কি অকর্ম্মণ্যহওয়া ইষ্টাম্পকাগজ কি পার্চমেণ্ট কি বেলমইত্যাদি তাহার মালিকের তরফহইতে দাখিল করা গেলে ও দুই টাকা ফীস্ দেওয়া গেলে তাহাকে কি তাহার মো খ্তারকারকে তত্তুল্য ইষ্টাম্পযুক্ত কাগজইত্যাদি দেন্ কিন্তু যে হুণ্ডী দোকর তেকর পাঠান যায় তাহার মধ্যে কোন হুণ্ডী টাকাদেওনিয়ার নিকট পঁহুছিলে সে হুণ্ডীর সহিত ঐ হুকুম সম্পর্ক রাখিবেক না ইতি।

উপরের লিখিত হুকুম কেবল ১০ দশ টাকা কি ততোধিক মূল্যের যে ই ষ্টাম্পকাগজআদি নষ্ট হয় তাহার সহিত সম্পর্ক রা খিবার কথা।

দরখাস্ত করিবার সময় নিরূপণের কথা।

৩ তৃতীয় প্রকরণ।— ইহাও জানান যাইতেছে যে যে ইষ্টাম্পকাগজআদি দৈবাৎ নষ্ট কি ময়লা হওয়া প্রমাণ হয় সে সমুদয়ের মোট মূল্য কিম্বা লিখনের ভ্রান্তিতে অকর্ম্মণ্য হওয়া কাগজআদির প্রত্যেক ফর্দ্দের মূল্য দশটাকা কি তাহার অধিক না হইলে বোর্ড রেবিনিউর কি তৎক্ষমতাপন্ন অন্য সাহেবেরা উপরের উক্তমত অনুগ্রহ কাহারু প্রতি করি বেন না ও ইহাও নির্দিষ্ট হইল যে ঐ ইষ্টাম্পকাগজআদি যে দুর্ঘটনাতে কি কার্য্যেতে ময় লা কি নষ্ট কি অকর্ম্মণ্য হইয়া থাকে তাহা হওনের তারিখহইতে সর্টিফিকট পাইবার দরখাস্তদেওনের

দরখাস্তদেওনের তারিখপর্য্যন্ত তিন মাস অতীত না হওন প্রমাণকরণব্যতিরেকে ঐ মত কোন সর্টিফিকট কোন জনকে দেওয়া যাইবেক না ও কোন প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্রাদি তদর্থে নিরূপিত ইষ্টাম্পের মূল্যের তুল্য কি অধিক মূল্যের ইষ্টাম্পযুক্ত কাগজআদিতে লেখা যাওনহেতুক তাহার প্রতি কোন আপত্তি হইবেক না ইতি।

১১ ধারা।

উপযুক্ত ইষ্টাম্প ছাপা না হওয়া কাগজআদি কোন বিষয়ে ব্যবহার করিলে যে দণ্ড হইবেক তাহার কথা।

১ প্রথম প্রকরণ।—এই আইনের হেতুবাদের লিখিত তারিখের পরে যদি কোন জন কি জনেরা যে কোন বেলম কি পার্চমেণ্ট কি কাগজ কি অন্য বস্তুর উপর উপযুক্তরূপে ইষ্টাম্পছাপা না হইয়া থাকে তাহাতে এই আইনের কি চলিত আর কোন আইনের অনুসারে যে কোন কথা কি বিষয়ের কথা ইষ্টাম্পকাগজে লেখা আবশ্যক এমন কোন কথা কি বিষয়ের কথা লেখে কি নকল করে কিম্বা লেখায় কি নকল করায় কিম্বা ঐ তারিখের পরে যদি কোন জন ইষ্টাম্পকাগজে লিখিতে হইবার কোন প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র কি লেখাপড়া ইষ্টাম্পযুক্তভিন্ন অন্য কাগজইত্যাদি বস্তুর উপর লেখে কি লেখায় কি দস্তখৎ করে কি তাহা সিদ্ধহওনার্থে অন্য আবশ্যক কার্য্য করে কিম্বা জ্ঞানপূর্ব্বক স্বীকার করে কি ব্যবহার করে ঐ জন কি জনেরা ঐ প্রত্যেক অপরাধের নিমিত্তে ঐ লিখনের উপযুক্ত ইষ্টাম্পকাগজের মূল্যের বিংশতিগুণ টাকা জরীমানা দিবেক ইতি।

যাহারা ইষ্টাম্পযুক্তভিন্ন অন্য কাগজে লেখা প্রতিজ্ঞাপত্রাদি রাখে তাহারা তাহার উপর ইষ্টাম্প ছাপা করাইবার নিয়মের কথা।

২ দ্বিতীয় প্রকরণ।— কিন্তু হুকুম করা যাইতেছে যে যদি কোন জন কি জনেরা ইষ্টাম্পকাগজআদিতে লিখিতে হইবার কোন কথা কি বিষয় ইষ্টাম্প ছাপা না হওয়া কোন কাগজ কি বেলম কি পার্চমেণ্টইত্যাদি দ্রব্যের উপর লেখে কি নকল করে কিম্বা লেখায় কি নকল করায় কিম্বা ইষ্টাম্প ছাপা না হওয়া কাগজআদিতে লেখা কোন প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র লইয়া তাহা চালাইবার কি তাহার দ্বারা লভ্য করিবার ইচ্ছা করে ও ঐ জন কি জনেরা ইচ্ছাপূর্ব্বক কালেক্টরসাহেবের নিকটে ঐ প্রতিজ্ঞাপত্রইত্যাদি লইয়া যাইয়া তাঁহার নিকটে ঐ প্রতিজ্ঞাপত্রইত্যাদি যে মূল্যের ইষ্টাম্পকাগজআদিতে লেখা উপযুক্ত সেই মূল্য সমুদয় এবং ইহার পরে যত টাকা লেখা যাইবেক তাহা ঐ কালেক্টরসাহেবকে দেয় তবে সেই কালেক্টরসাহেব ঐ প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র কি লেখাপড়া তাহার উপর ইষ্টাম্প ছাপা হইবার নিমিত্তে ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেবের নিকটে পাঠাইয়া দিবেন ও ইহা করিলে ঐ জন কি জনেরা উপরের প্রকরণের উক্ত জরীমানা দিবার যোগ্য হইবেক না অর্থাৎ ইষ্টাম্পছাপা না হওয়া যে কাগজআদিতে প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্রাদি প্রথমতঃ লেখা গিয়া থাকে সেই প্রতিজ্ঞাপত্রইত্যাদিতে লেখা থাকা টাকা কি তাহার কোন অংশ দেওয়া যাওনের কি তাহার লিখিত কর্ম্ম করা যাওনের পূর্ব্বে কিন্তু সেই প্রতিজ্ঞাপত্রইত্যাদিতে দস্তখৎহওনের তারিখহইতে ৩০ ত্রিশ দিনের অধিক না হয় এমত মিয়াদেতে ঐ প্রতিজ্ঞাপত্রইত্যাদি উপরের উক্তমতে কালেক্

ত্রিশ দিনের মধ্যে হইলে যাহা হইবেক তাহার কথা।

ত্রিশ দিনের মধ্যে না হইলে যাহা হইবেক তাহার কথা।



টরসাহেবের

টরসাহেবের নিকটে দাখিল করিলে ও নিরূপিত মিয়াদের মধ্যে টাকা দিতে কি বিশেষ কোন কর্ম্ম করিতে হইবার নিয়ম না থাকা প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্রাদি হইলে তাহা ও তাহাতে দস্তখৎহওনের পর ৩০ ত্রিশ দিনের মধ্যে কালেক্টরের নিকটে দাখিল করিলে ঐ প্রতিজ্ঞাপত্রইত্যাদি যে মূল্যের ইষ্টাম্পযুক্ত কাগজে লেখা উপযুক্ত সেই মূল্যের পাচগুণ টাকা দিতে হইবেক ও যদি পূর্ব্বোক্ত ঐ প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্রাদি উপরের উক্ত মিয়াদের মধ্যে উপরের উক্তমতে উপস্থিত না করা যায় তবে যে জন তাহা ঐ মিয়াদের পরে কালেক্টরসাহেবের নিকটে উপস্থিত করে সেই জনের ঐ কাগজের উপযুক্ত ইষ্টাম্পের মূল্যের দশগুণ টাকা দিতে হইবেক ইতি।

উপযুক্ত মূল্যের কম মূল্যের ইষ্টাম্পকাজআদিতে ইষ্টাম্পকাগজে লিখিতে হইবার কোন লেখাপড়া করিলে যে জরীমানা দিতে হইবেক তাহার কথা।

৩ তৃতীয় প্রকরণ।—ইষ্টাম্পকাগজে লিখিতে হইবার কোন প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র তাহা যে মূল্যের ইষ্টাম্পযুক্ত কাগজআদিতে লেখা উপযুক্ত তাহাহইতে কম মূল্যের ইষ্টাম্পযুক্ত কাগজ কি বেলম কি পার্চমেণ্ট কি অন্য কোন দ্রব্যেতে লেখা গেলে এই ধারাতে পূর্ব্বে যে২ প্রকরণ লেখা গেল সেই২ প্রকরণের উক্ত জরীমানা দিতে হইবেক অর্থাৎ ঐ প্রতিজ্ঞাপত্রইত্যাদি যে মূল্যের ইষ্টাম্পযুক্ত কাগজআদিতে লেখা উপযুক্ত সেই মূল্যহইতে যত টাকা কম মূল্যের কাগজআদিতে তাহা লেখা গিয়া থাকে তত টাকার বিংশতিগুণ টাকা জরীমানা যদি ঐ প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র কিম্বা লেখাপড়া উপস্থিতকরণের যোগ্য ব্যক্তি উপরের উক্তমতে ও মিয়াদের মধ্যে আসিয়া তাহা উপস্থিতকরণ দ্বারাব্যতিরেকে ঐ কম মূল্যের কাগজআদিতে তাহা লেখা যাওনের ভ্রান্তি আর কোন প্রকারে জানা যায় তবে দিতে হইবেক এবং ঐ জন যদি উপরের উক্ত মতে ও মিয়াদের মধ্যে ঐ প্রতিজ্ঞাপত্রাদির কাগজেতে উপযুক্ত ইষ্টাম্পছাপা করাইবার নিমিত্তে স্বেচ্ছাপূর্ব্বক আসিয়া তাহা দাখিল করে তবে উপযুক্ত মূল্যহইতে যত কম হইয়া থাকে তাহার পাঁচগুণ দাখিল করিতে হইবেক ও মিয়াদ গত হইলে দশগুণ দিতে হইবেক ইতি।

দৈবঘটনায় কি অনবধানতায় ভ্রান্তি হইলে তাহার বিষয়ের বিশেষ হুকুম।

৪ চতুর্থ প্রকরণ।—কিন্তু ইহাও জানান ও নির্দ্দিষ্ট করা যাইতেছে যে যে কোন প্রতিজ্ঞাপত্র ও নিদর্শনপত্রাদি ইষ্টাম্পকাগজে লিখিতে হয় তাহা যদি ইষ্টাম্পছাপা না হওয়া কাগজ কি অন্য বস্তুতে কিম্বা উপযুক্তহইতে কম মূল্যের ইষ্টাম্পকাগজআদিতে লেখা যায় ও ঐ প্রতিজ্ঞাপত্রইত্যাদি লিখিয়া দেওনিয়া কি তৎসম্পর্কীয় অন্য ব্যক্তি বোর্ড রেবিনিউর সাহেবলোকের কি তৎক্ষমতাপন্ন অন্য সাহেবদিগের প্রত্যয়যোগ্য প্রমাণের দ্বারা ইহা নিশ্চয় জানায় যে ঐ প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র নিয়মের ব্যতিক্রমে ভ্রান্তিতে কি অনবধানতায় কি অনিবার্য অন্য কারণেতে লেখা গিয়াছে তবে উপরের উক্ত কার্য্যকারক সাহেবদিগের ক্ষমতা আছে যে তাঁহারা উপযুক্ত বুঝিলে উপরের নিরূপিত জরীমানার কোন অংশ কি তাহার সমুদয় মাফ করেন্ এবং ঐ ব্যক্তি ঐ প্রতিজ্ঞাপত্রইত্যাদি লিখিবার উপযুক্ত ইষ্টাম্পযুক্ত কাগজআদির মূল্য দিলে ইষ্টাম্প ছাপা না হওয়া কি কম মূল্যের ইষ্টাম্পকাগজআদিতে লেখা যাওয়া ঐ প্রতিজ্ঞাপত্রইত্যাদির উপর উপযুক্ত ইষ্টাম্প ছাপা হইবার হুকুম দেন্ ইতি।



৫ পঞ্চম

৫ পঞ্চম প্রকরণ।—ইহাও নির্দ্দিষ্ট করা গেল যে কোন প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্রাদি কৃত্রিম ইষ্টাম্পযুক্ত কাগজআদিতে লেখা হইযাছে জানা গেলে ঐ প্রতিজ্ঞাপত্রাদির উপর সরকারের প্রকৃত ইষ্টাম্প ছাপাইবার পূর্ব্বে যত মাসুল দেওয়া উচিত ছিল তদতিরিক্ত ঐ পত্রাদি যে কাগজআদিতে লেখা গিযা থাকে তাহার পৃষ্ঠে এই আইনের ৭ কি ৯ ধারার উক্ত দস্তখৎ থাকনব্যতিরেকে এবং ঐ পত্রে দস্তখৎ করণিযা কি তাহা রাখণিযা জন ঐ কৃত্রিম ইষ্টাম্পযুক্ত কাগজআদি তাহার পৃষ্ঠের লিখিত তারিখে তাহার নীচের দস্তখৎকারির স্থানে ক্রয করা কি পাওযা গিয়াছে ইহার প্রমাণ বোর্ড রেবিনিউর সাহেবদিগের কি ঐ সাহেবলোকের ক্ষমতাপন্ন অন্য সাহেবদিগের হুদোপার্থে দেওনব্যতিরেকে ঐ পত্রাদি যে মূল্যের ইষ্টাম্পযুক্ত কাগজআদিতে লেখা উপযুক্ত ছিল তাহার মূল্যের পূরা বিংশতিগুণ টাকা জরীমানা সরপ্রকারে লওয়া যাইবেক যদি ঐ কৃত্রিম ইষ্টাম্প ছাপাকরা কাগজআদির পৃষ্ঠে নিরূপিত বাক্য উপযুক্তমতে লেখা থাকে ও ঐ কাগজআদির ক্রয়ের এবং তাহার ক্রয়ের তারিখের প্রত্য যোগ্য প্রমাণ বোর্ড রেবিনিউর সাহেবদিগের নিকটে দেওয়া যায তবে ঐ প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্রাদি যে ইষ্টাম্পযুক্ত কাগজআদিতে লেখা কর্ত্তব্য তাহার অর্দ্ধেক মূল্য দিলে আইনানুসারে প্রকৃত ইষ্টাম্প তাহার উপর ছাপান যাইবেক এবং বোর্ড রেবিনিউর সাহেবেরা তদর্থে এক সর্টিফিকট্ দিবেন ইতি।

কৃত্রিম ইষ্টাম্পছাপা হওয়া কাগজআদিতে কোন পত্র লেখা গেলে যাহা করা যাইবেক তাহার কথা।

১২ ধারা।

১ প্রথম প্রকরণ।—যদি কোন জন কি জনেরা কোন আদালতে কি সরকারী অন্য কোন কাছারীতে প্রমাণের কি জ্ঞাপনের কি রেজিষ্টরী করাইবার অর্থে কি অন্য কোন কারণে নিরূপিত ইষ্টাম্পযুক্ত কাগজআদিতে লিখিতে হইবার অথচ নিরূপিত ইষ্টাম্পযুক্ত কাগজআদিতে না লেখা কোন প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র কিম্বা অন্য লেখাপড়া দাখিল কি উপস্থিত করে কি রিকার্ড করায় কিম্বা অন্যের দ্বারা দাখিল কি উপস্থিত কি রিকার্ড করায তবে সেই জন কি জনেরা ঐ দাখিল কি উপস্থিত কি রিকার্ড করা প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র কি অন্য লেখাপড়ার বিষযসম্পর্কীয ব্যক্তি হউক কি তাহার আর্টর্নি কি মোখ্তার হউক তাহার কি তাহারদিগের ঐ প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র কি দরখাস্ত কি সওয়াল জওয়াব কি অন্য কোন লেখাপড়া যে মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা উচিত তাহার মূল্যের বিংশতিগুণ টাকা জরীমানা সরকারে দিতে হইবেক ইতি।

উপযুক্ত ইষ্টাম্প ছাপা না হওয়া কাগজআদিতে লেখা কোন পত্র দাখিল কি উপস্থিত কি রিকার্ড করণের কি করাইবার জরীমানার কথা।

২ দ্বিতীয় প্রকরণ।—যদি ইষ্টাম্পকাগজে লিখিতে হইবার কোন প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র কি অন্য লেখাপড়া ইষ্টাম্পকাগজআদি বিক্রয়করণের অনুমতিপত্রপ্রাপ্ত কিম্বা ইষ্টাম্পকাগজআদি বিক্রয়াদি করিতে উপযুক্তরূপে নিযুক্তহওয়া অন্য কোন লোকের দস্তখৎ পৃষ্ঠেতে থাকনবিনা হুকুমানুসারে নিরূপণহওয়া ইষ্টাম্পকাগজআদিতে লেখা গিয়াও

উপযুক্তরূপে পৃষ্ঠে দস্তখৎ না থাকা কাগজ দাখিল করিলে কি বহীতে লেখাইলে যে জরীমানা হইবেক তাহার কথা।

যাও কোন আদালতে কি সরকারের অন্য কোন কাছারীতে উপস্থিত কি দাখিল করা কি বহীতে লেখান যায় তবে যে জন কি জনেরা ঐ প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র কি অন্য লেখাপড়া দাখিল কি উপস্থিত করিয়া কি বহীতে লেখাইয়া থাকে কি অন্যের দ্বারা উপস্থিত কি দাখিল করাইয়া কি বহীতে লেখাইয়া থাকে সেই জনের কি জনেরদের ইষ্টাম্পযুক্ত ঐ কাগজ কি অন্য বস্তুর মূল্যের পাঁচগুণ টাকা জরীমানা দিতে হইবেক ইতি

কৃত্রিম ইষ্টাম্পযুক্ত কাগজআদিতে লিখিত নিদর্শনপত্রাদি দাখিলাদিকরণের জরীমানার কথা।

৩ তৃতীয় প্রকরণ।— কৃত্রিম ইষ্টাম্প কি দস্তখৎযুক্ত কাগজে লেখা কোন প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র কি দরখাস্ত কি অন্য পত্র যদি দাখিল কি উপস্থিত করা কি রিকার্ড করাণ যায় তবে ঐ প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র কি অন্য পত্র যে জন দাখিল কি উপস্থিত করে কি রিকার্ড করায় কি অন্যের দ্বারা দাখিল কি উপস্থিত কি রিকার্ড করায় সে জনের এই আইনের ৭ কি ৯ ধারার লিখিত হুকুমানুসারে দস্তখৎ ঐ পত্রাদির কাগজআদির পৃষ্ঠে থাকনের এবং ঐ কৃত্রিম ইষ্টাম্পযুক্ত কাগজআদি তাহার পৃষ্ঠের লিখিত তারিখে তাহার নীচে দস্তখৎকরণিয়ার স্থানে ক্রয়করণের প্রমাণ দিতে পারণব্যতিরেকে ঐ পত্রাদি যে মূল্যের ইষ্টাম্পকাগজআদিতে লেখা কর্ত্তব্য ছিল তাহার বিংশতিগুণ টাকা জরীমানা সরকারে দিতে হইবেক ও যদি ঐ কৃত্রিম ইষ্টাম্পযুক্ত কাগজআদির পৃষ্ঠে হুকুমানুসারে দস্তখৎ ও তারিখ লেখা থাকে এবং ঐ পত্রাদি যে কার্য্যকারক সাহেবের সিরিশতায় দাখিল কি উপস্থিত কি রিকার্ড করা কি করাণ যায় তাহার নিকটে ঐ পত্রাদির কাগজআদি উপরের উক্তমতে ক্রয়করণের এবং তাহার পৃষ্ঠে উপযুক্তরূপে তারিখ লেখা থাকনের প্রত্যয়যোগ্য প্রমাণ পাওয়া যায় তবে সেই কার্য্যকারক সাহেব ঐ পত্রাদি এবং ঐ বিষয়ে আপন কৃত বিবেচনার কথা লিখিয়া ইষ্টাম্পের মাসুলের কালেক্টরসাহেবের নিকটে পাঠাইবেন এমত হইলে ঐ পত্রাদি রাখণিয়া জন নিদর্শনপত্রাদি যে মূল্যের ইষ্টাম্পযুক্ত কাগজে লেখা উপযুক্ত ছিল তাহার অর্দ্ধেক দিলে কালেক্টরসাহেব তাহার প্রতি প্রকৃত ইষ্টাম্পছাপা হইবার নিমিত্তে ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেবের নিকটে পাঠাইবেন ইতি।

পৃষ্ঠে দস্তখৎ ও তারিখ লেখা না থাকিলে।

কৃত্রিম ইষ্টাম্প ছাপাহওয়া কাগজের পৃষ্ঠে উপযুক্ত দস্তখৎ ও তারিখ লেখা থাকিলে যাহা হইবেক তাহার কথা।

## ১৩ ধারা।

যে লোকেরা জানিতে পায় যে আপনারদিগের নিকটে কৃত্রিম ইষ্টাম্প কাগজে লেখা পত্রাদি আছে তাহারদিগের যাহা করিতে হইবেক তাহার কথা।

কোন ব্যক্তি যদি ইহা জানিতে পায় যে এই আইনের ৭ ও ৯ ধারার উক্ত মত দস্তখৎ ও তারিখযুক্ত কৃত্রিম ইষ্টাম্পছাপাহওয়া কাগজ কি অন্য বস্তুতে লেখা কোন প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র কি অন্য লেখাপড়া আপনার স্থানে আছে এবং বোর্ড রেবিনিউর সাহেবদিগের কি তৎক্ষমতাপন্ন অন্য সাহেবলোকের নিকটে তাহা এত্তেলা করে তবে ঐ জন সেই কাগজ কি অন্য বস্তুর পৃষ্ঠে যাহার নাম দস্তখৎ হইয়া থাকে তাহারি নিকটে তাহা ঐ কাগজআদির পৃষ্ঠের লিখিত তারিখে ক্রয়করণ কি পাওয়া যাওনের প্রত্যয়যোগ্য প্রমাণ ঐ বোর্ড রেবিনিউর সাহেবদিগের কি তৎক্ষমতাপন্ন অন্য সাহেবলোকের নিকটে দিতে পারিলে সেই প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র কি অন্য লেখাপড়ার উপর

উপর কোন ফীস্ কি খরচা লওনব্যতিরেকে প্রকৃত ইষ্টাম্প ছাপাহওনের হুকুম হইবেক ইতি।

১৪ ধারা।

অধিক মূল্যের ইষ্টাম্প কাগজআদিতে লেখা পত্রাদি গ্রাহ্যে আপত্তি না হইবার কথা।

এই আইনের লিখনানুসারে যেং কার্য্যের নিমিত্তে যেং মূল্যের ইষ্টাম্পকাগজআদি নিরূপণ হইয়াছে কোন প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র কি অন্য পত্র তত্তুল্য কি ততোধিক মূল্যের ইষ্টাম্পযুক্তকাগজআদিতে লেখা গেলে সেই পত্রাদি গ্রাহ্যহওনের বিষয়ে কোন আপত্তি হইবেক না ইতি।

১৫ ধারা।

বোর্ড রেবিনিউর সাহেবেরা ও ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেব ও কালেক্টরসাহেব সাক্ষী তলব করিতে ও দিব্যাদি করাইতে পারিবার কথা।

বোর্ড রেবিনিউর সাহেবদিগের এবং ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেবের এবং কালেক্টরসাহেবের কিম্বা ইষ্টাম্পকাগজআদি বিক্রয়করণের নিমিত্তে করা আফিসের কর্তৃত্বকারি অন্য সাহেবের ক্ষমতা আছে যে ইষ্টাম্পকাগজআদির মামুলের বিষয়ে কি তৎসম্পর্কীয় অন্য কোন বিষয়েকোন বিবেচনা কি অনুসন্ধানার্থে সাক্ষিরদিগকে দিব্য করাইবার কি তাহারদিগের স্থানে মুক্তিপত্র লইবার কি তাহারদিগের দ্বারা যথার্থ কথা কহাইবার প্রয়োজন হইলে সাক্ষিদিগকে তলব করিতে ও তাহারদিগকে দিব্য করাইতে কি তাহারদিগের স্থানে মুক্তিপত্র লেখাইয়া লইতে কি তাহারদিগকে দিয়া যথার্থ কথা কহাইতে পারিবেন ইতি।

তফসীল।

হস্তান্তরকরণপত্র কি চুক্তিপত্র কি তমঃসুক কিম্বা জামিনীনামা এবং সামান্যতঃ সকল প্রকার প্রতিজ্ঞাপত্র যেং মূল্যের ইষ্টাম্পকাগজআদিতে লেখা যাইবেক তাহার বিষয়ে এই আইনেতে যে তফসীলের প্রস্তাব করা গিয়াছে সেই তফসীল নীচে লেখা যাইতেছে।

আগ্রীমেণ্ট অর্থাৎ একরারনামা এতাবতা ৫০০ পাঁচ শত কি ততোধিক টাকা নগদের কি মূল্যের বস্তুর বিষয়ে কোন পত্র কিম্বা একরারনামাতে লেখা যাইবার নিমিত্তে স্মরণার্থে যেং পত্র কিম্বা কাগজ লেখা যায় তাহার কাগজের মূল্য এই তফসীলেতে স্পষ্টরূপে অন্য প্রকার লেখা না গেলে কিম্বা তাহা ইষ্টাম্পের নিমিত্তে নিরূপিত সকল মূল্যহইতে বহির্ভূত না হইলে তাহা চুক্তিহওনের প্রমাণমাত্র কি কোন বিষয়েতে একরারকরণিয়ার বদ্ধহওনের নিমিত্তেইবা হউক যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। .... .... .... .... .... .... ....

 বর্জনীয়।

## বর্জনীয়।

কর্ম্মের বেতনের নিমিত্তে একরারনামা।

৫০০ পাঁচ শত টাকার কম মূল্যের দ্রব্য বিক্রয়ের নিমিত্তে যে একরারনামা এবং চল্লিশ মাইল অন্তরনিবসি মহাজন এবং অন্য লোকদিগের পরস্পর পত্রের দ্বারা যে সকল কৌলকরার হয় তাহা।

---

আসাইনমেণ্ট অর্থাৎ অর্পণপত্র হস্তান্তরকরণপত্রের ও নিরূপণপত্রের স্বরূপ না হইলে এবং বিশেষরূপে ইষ্টাম্পহইতে বর্জিত না হইলে তাহা যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। .... .... .... .... .... .... ৮৲

হুণ্ডী অর্থাৎ এক কি তাহাহইতে অধিক সাক্ষির দস্তখৎযুক্ত প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র কি লেখাপড়াব্যতিরেকে দৃষ্টিমাত্র দিতে হইবার কি লেখা যাওনের তারিখহইতে তিন মাসের অধিক না হয় এমত মিয়াদী কিম্বা দর্শনানন্তর নব্বই দিন মিয়াদী বরাৎচিঠী কি করারী তমঃসুক কি হুণ্ডী কি টীপ কি বরাৎ কি টাকা দিবার অনুজ্ঞাপত্র কি অঙ্গীকারপত্র যাহার টাকা এই রাজধানীর তাবে কোন দেশেতে পাওয়া যাইবেক তাহা এবং ঐ সকল দেশের বাহিরে দিতে হইবার টাকার সমস্ত হুণ্ডী তাহার মিয়াদ যাহা হউক ২৫ পঁচিশ টাকার অধিকের না হইলে যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। ... .... .... .... .... .... .... .... ৶০

অধিকের হইলে।

| যাহার উপর | যেপর্য্যন্ত | মূল্য। |
|---|---|---|
| ২৫৲ | ৫০৲ | ৵০ |
| ৫০৲ | ১০০৲ | ।০ |
| ১০০৲ | ২০০৲ | ॥০ |
| ২০০৲ | ৪০০৲ | h০ |
| ৪০০৲ | ৮০০৲ | ১৲ |
| ৮০০৲ | ১৬০০৲ | ১॥০ |
| ১৬০০৲ | ৩০০০৲ | ২৲ |
| ৩০০০৲ | ৫০০০৲ | ২॥০ |
| ৫০০০৲ | ১০০০০৲ | ৪৲ |
| ১০০০০৲ | ২০০০০৲ | ৬৲ |
| ২০০০০৲ | ৩০০০০৲ | ৮৲ |
| ৩০০০০৲ | ৫০০০০৲ | ১২৲ |
| ৫০০০০৲ | ১০০০০০৲ | ১৬৲ |
| ১০০০০০৲ এক লক্ষের উপর যত হউক | | ২০৲ |

## ইঙ্গরেজী ১৮২৬ সাল ১২ দ্বাদশ আইন।

প্রমিসোরিনোট অর্থাৎ উপরের নিরূপিত মূল্যের ইষ্টাম্পকাগজে যে করারী তমঃসুক লেখা যায় তাহার লিখিত টাকা দেওয়া গেলে পর সে করারী তমঃসুক আর চলিবেক না।

যে যে করারীতমঃসুক পরস্পর চলিবার নিমিত্তে প্রকাশ করা যায় তাহা নীচের লিখিতব্য মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক।

| যাহার উপর | যেপর্য্যন্ত | মূল্য। |
|---|---|---|
| ১৲ | ২৫৲ | ৵০ |
| ২৫৲ | ৫০৲ | ।০ |
| ৫০৲ | ১০০৲ | ॥০ |
| ১০০৲ | ২০০৲ | ৸০ |
| ২০০৲ | ৪০০৲ | ১৲ |
| ৪০০৲ | ৮০০৲ | ১॥০ |
| ৮০০৲ | ১৬০০৲ | ২৲ |
| ১৬০০৲ | ৩০০০৲ | ২॥০ |
| ৩০০০৲ | ৫০০০৲ | ৪৲ |
| ৫০০০৲ | ১০০০০৲ | ৬৲ |
| ১০০০০৲ | ২০০০০৲ | ৮৲ |
| ২০০০০৲ | ৩০০০০৲ | ১২৲ |
| ৩০০০০৲ | ৫০০০০৲ | ১৬৲ |
| ৫০০০০৲ | ১০০০০০৲ | ২০৲ |
| ১০০০০০৲ এক লক্ষের উপর যেপর্য্যন্ত হউক। | | ৩২৲ |

মন্তব্য— কোন বাঙ্ক কি সমাজহইতে যে সকল নোট প্রকাশ করা যাইবেক সে সমস্ত নোটের কারণ যে যে মূল্যের ইষ্টাম্পকাগজের আবশ্যক হয় তাহার নিমিত্তে মোটে কতক টাকা লইবার নিয়ম করিতে শ্রীযুত নওয়াব গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলেতে ক্ষমতা থাকিবেক ও এমত নিয়মের সমাচার গবর্ণমেণ্ট গাজেটে ছাপা যাইবেক।

বিদেশি হুণ্ডী অর্থাৎ ভিন্নাধিকারের উপরে যে টাকার নিমিত্তে দোকর তেকর একরূপ হুণ্ডী পাঠান যায় তাহার লিখিত দাতব্য টাকার সংখ্যা ৪০০ চারি শতের অধিক না হইলে তাহার প্রত্যেক হুণ্ডী যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। .... ॥০

অধিক হইলে।

| যাহার উপর | যেপর্য্যন্ত | মূল্য। |
|---|---|---|
| ৪০০৲ | ৮০০৲ | ৸০ |
| ৮০০৲ | ১৬০০৲ | ১৲ |



১৬০০৲

| যাহারউপর | যেপর্য্যন্ত | মূল্য। |
| --- | --- | --- |
| ১৬০০৲ | ৩০০০৲ | ১॥০ |
| ৩০০০৲ | ৫০০০৲ | ২৲ |
| ৫০০০৲ | ১০০০০৲ | ২॥০ |
| ১০০০০৲ | ২০০০০৲ | ৪৲ |
| ২০০০০৲ | ৩০০০০৲ | ৬৲ |
| ৩০০০০৲ | ৫০০০০৲ | ৮৲ |
| ৫০০০০৲ পঞ্চাশ হাজারের উপর যেপর্য্যন্ত হউক। | | ১২৲ |

বর্জ্জনীয়।

হুণ্ডী ও করারী তমঃসুক অর্থাৎ সরকারী কার্য্যের নিমিত্তে সরকারের যেং কার্য্য কারক সাহেবেরা সরকারের খাজানাদফ্তরের উপর হুণ্ডী দিবার ও তথাহইতে টাকা দেওয়া যাইবার অর্থে করারী তমঃসুকইত্যাদি লিখিয়া দিবার ক্ষমতা রাখেন তাঁহারদের দেওয়া হুণ্ডী ও করারী তমঃসুক লিখনের স্থানহইতে কুড়ি মাইলের মধ্যগত কোন বাঙ্কের কি বাঙ্কের কোন মালিকের কি মোখ্তারের নামে চাহিবামাত্র লইয়া যাওনিয়াকে টাকা দিবার নিমিত্তে লিখনের স্থানের নামযুক্ত যে সকল বরাৎ কি অনুজ্ঞাপত্র লেখা যায় তাহা।

বিললেডিং অর্থাৎ রসীদ এতাবতা জাহাজে রফ্তানী হইবার কোন জিনিসের যে রসীদ জাহাজের কাপ্তান ঐ দ্রব্যের স্বামিকে দেয় তাহা যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। .... .... .... .... .... .... .... ১৲

বিক্রয়পত্র অর্থাৎ নিতান্ত বিক্রয়পত্রের ইষ্টাম্পকাগজের মূল্য। —

হস্তান্তরকরণপত্রের প্রকরণ দেখ।

কোন টাকার জামিনবোধক কোন বস্তুর বিক্রয়পত্র যদি ঐ বিক্রয়পত্র মুখ্য হয় কিম্বা তাহার লিখিত বস্তুর অন্য বিক্রয়পত্র না থাকে তাহার ইষ্টাম্পকাগজের মূল্য। —

বন্ধকপত্র দেখ।

বিক্রয়পত্র অর্থাৎ হস্তান্তরকরণপত্রের নিমিত্তে নিরূপণকরা মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা আসল প্রতিজ্ঞাপত্রের কি নিদর্শনপত্রের প্রতিপোষক যে পত্র জামিনস্বরূপে রাখা যায় তাহা লিখিবার ইষ্টাম্পকাগজের মূল্য। .... .... .... .... ৮৲

বণ্ড অর্থাৎ তমঃসুক এতাবতা টাকা আদায়ের কারণ এক কি ততোধিক সাক্ষির দস্তখৎযুক্ত তমঃসুক কি প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র কি অন্য লেখাপড়া এবং পূর্ব্বোক্ত



অন্য

অন্য যে করারী তমঃমুকইত্যাদিতে তাহার তারিখের পর তিন মাসের অধিক কি দর্শনের পর নব্বই দিনের অধিক মিযাদ থাকে তাহা ২৫ পঁচিশ টাকার অধিকের না হইলে যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। ...... ...... ...... ৵০

অধিকের হইলে।

| যাহার উপর | যেপর্য্যন্ত | মূল্য। |
|---|---|---|
| ২৫৲ | ৫০৲ | ।০ |
| ৫০৲ | ১০০৲ | ॥০ |
| ১০০৲ | ২০০৲ | ১৲ |
| ২০০৲ | ৩০০৲ | ২৲ |
| ৩০০৲ | ৫০০৲ | ৪৲ |
| ৫০০৲ | ১০০০৲ | ৬৲ |
| ১০০০৲ | ২০০০৲ | ১০৲ |
| ২০০০৲ | ৩০০০৲ | ১৬৲ |
| ৩০০০৲ | ৫০০০৲ | ২০৲ |
| ৫০০০৲ | ১০০০০৲ | ৩২৲ |
| ১০০০০৲ | ২০০০০৲ | ৪০৲ |
| ২০০০০৲ | ৩০০০০৲ | ৫০৲ |
| ৩০০০০৲ | ৫০০০০৲ | ৬৪৲ |
| ৫০০০০৲ | ৭৫০০০৲ | ৭০৲ |
| ৭৫০০০৲ | ১০০০০০৲ | ৮০৲ |
| ১০০০০০৲ | ১৫০০০০৲ | ১০০৲ |
| ১৫০০০০৲ | ২০০০০০৲ | ১২০৲ |
| ২০০০০০৲ দুই লক্ষের উপর যেপর্য্যন্ত হউক। | | ১৫০৲ |

তমঃমুক অর্থাৎ জাহাজে বোঝাইকরা জিনিসের উপর লওয়া টাকার নিমিত্তে রেস্পণ্ডেন্সিয়া বণ্ড নামে যে তমঃমুক দেওয়া যায় এবং জাহাজের উপর লওয়া টাকার নিমিত্তে বটম্রীবণ্ড নামে যে তমঃমুক দেওয়া যায় তাহা লেখা যাইবার ইষ্টাম্পকাগজের মূল্য। ————————————

দ্রব্যের মূল্যানুসারে উপরের লিখনমত।

তমঃমুক অর্থাৎ কোম্পানির কাগজ হস্তান্তরকরণের কিম্বা নিরূপিত সময়পর্য্যন্ত নালিয়া না সংখ্যানিরূপিত টাকা দিবার অথবা মূল্যনিরূপণকরণযোগ্য কোন বিষয় কি বস্তু অর্পণের কি তাহার হিসাব দেওনের নিমিত্তে জামিনস্বরূপ যে তমঃমুক দেওয়া যায় তাহা। ————————————

যে টাকা দিবার কি তাহার হিসাব দিবার কিম্বা যে দ্রব্য অর্পণকরণের কি হস্তান্তরকরণের



ণের

ণের কথা ঐ তমঃসুকে লেখা যায় সেই টাকার সংখ্যার কি দ্রব্যের মূল্যানুসারে নিরূপিত ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক।

তমঃসুক অর্থাৎ যাবজ্জীবনইত্যাদির ন্যায় অনিরূপিত সময়পর্য্যন্ত সালিয়ানা টাকা দিবার তমঃসুক।

সন২ যত টাকা দিতে হইবেক তাহার দশগুণ সংখ্যার নিমিত্তে নিরূপিত মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক।

তমঃসুক অর্থাৎ যে টাকা রক্ষাপাওনের কি অবশেষে ফিরিয়া পাওয়া যাওনের নিমিত্তে যে তমঃসুক লেখা যায় সেই টাকার সংখ্যা অনিশ্চিত ও অনিরূপিত হইলে ঐ তমঃসুক যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। .... ...... ...... ১৫০৲

সংখ্যার নিশ্চয় ও নিরূপণ থাকিলে। ————————————

তত টাকার তমঃসুকের ইষ্টাম্পকাগজের মূল্যের তুল্য মূল্য।

তমঃসুক অর্থাৎ হস্তান্তরকরণপত্রের কিম্বা টাকার তমঃসুকের নিমিত্তে তাহাতে লেখা যাওয়া টাকার সংখ্যানুসারে নিরূপণহওয়া মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা কোন প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্রের প্রতিপোষকহওনের নিমিত্তে আমানৎরূপে লওয়া তমঃসুক কিম্বা কোন টাকা পরিশোধ করিবার কি কোন বস্তু হস্তান্তরকরণের কি দাতব্য কোন টাকা দিতে হইবার অর্থে লিখিত পত্রব্যতিরেকে অন্য কোন চুক্তির কি নিয়মের কি একরারের কর্ম্ম করিবার নিমিত্তে জামিনস্বরূপ দেওয়া তমঃসুক।

তমঃসুক অর্থাৎ ক্ষতিপূরণের তমঃসুক।

তমঃসুক অর্থাৎ কোন পদের কর্ম্ম কিম্বা অন্য কার্য্য উপযুক্তরূপে করিবার নিমিত্তে যে তমঃসুক লেখা যায় তাহা এবং নিরূপিত অন্য মূল্যের ইষ্টাম্পকাগজে লিখিতে হইবার কি ইষ্টাম্পকাগজে না লিখিতে হইবার তমঃসুকব্যতিরেকে আর সকল তমঃসুক। } ৮৲

বর্জ্জনীয়।

তমঃসুক অর্থাৎ সালিসনামা।

তমঃসুক অর্থাৎ পরস্পর রাজ্যের নীতিবিষয়ক পদসম্পর্কীয় কিম্বা নিজ রাজ্যশাসন কর্তৃত্ব পদসম্পর্কীয় সরকারী কোন কার্য্যের কি বস্তুর নিমিত্তে সরকারের কর্ম্মকারি সাহেবদিগের নিকটে দেওয়া কি তাঁহারদিগের নিকটহইতে দেওয়া তমঃসুক।

 সিকুরিটিবণ্ড

সিকুরিটিবণ্ড অর্থাৎ জামিনীনামা এতাবতা কোন আদালতের সাহেব কি কালেক্টরসাহেব কি আদালত কি রাজস্বসম্পর্কীয় কোন কার্য্যকারক সাহেবের লওয়া কি তাঁহারদিগের হুকুমের দ্বারা লওয়া জামিনীপত্র এবং কোন আদালতে উপস্থিত হওয়া কোন মোকদ্দমাতে দাখিলহওয়া রাজীনামা ও সোলেনামা ও রফানামা তাহার নিমিত্তে এক্ষণকার চলিত আইনে কি ইহার পরে নির্দ্দিষ্টহওয়া আইনেতে যে মূল্যের নিরূপণ হইয়াছে কি হইবেক সেই মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক।

চাতরপার্ত্তি অর্থাৎ কোন জাহাজ কি নৌকার ভাড়ার নিমিত্তে কোন একরারনামা কি চুক্তিপত্র কিম্বা জাহাজ কি নৌকার কাপ্তানের কি কর্ত্তার কি স্বামির অন্য কাহারু সহিত ঐ জাহাজ কি নৌকাযোগে কোন মুদ্রা কি দ্রব্য কি মাল বোঝাই করিবার ও অন্য স্থানে লইয়া যাইবার বিষয়ে যে কোন লেখাপড়া ও পত্রাদি হয় তাহা লিখিবার ইষ্টাম্পকাগজের মূল্য। .... .... .... .... .... .... ৮১

বর্জনীয়।

চাতরপার্ত্তি অর্থাৎ সিপাহীদিগকে কি সৈন্যসম্বন্ধীয় দ্রব্যজাত লইয়া যাইবার কিম্বা পরম্পর রাজ্যসম্পর্কীয় অন্য কোন কার্য্যের নিমিত্তে সরকারেতে ভাড়ালওয়া জাহাজ কি নৌকার বিষয়ে উভয়ের মধ্যে যে একরারনামা কি চুক্তিপত্র লেখা যায়।

কন্ত্রাক্ট অর্থাৎ চুক্তিপত্র কি প্রতিজ্ঞাপত্র তাহার কাগজের অন্য প্রকার মূল্যের নিরূপণ না হইয়া থাকিলে কিম্বা তাহা ইষ্টাম্পহইতে বর্জ্জিত না হইলে। .... .... ....

কোপার্টনর্‌সিপডীড অর্থাৎ প্রতিজ্ঞাপত্র এতাবতা যৌথা কারবারের লেখাপড়া অর্থাৎ সংসৃষ্টিপত্র। ..... ...... ...... ......... .... ......

কম্পোসিসনডীড অর্থাৎ সাধুখাতকী প্রতিজ্ঞাপত্র কিম্বা অশক্ত খাতক কি খাতকদিগের ও তাহার কি তাহারদের মহাজনেরদের মধ্যেতে রফামুরতে দেনা পরিশোধার্থে অন্য যে কোন লেখাপড়া হয় তাহা যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। } ৮১

কনবেয়েন্স অর্থাৎ হস্তান্তরকরণপত্র এতাবতা তাহা দানপত্র হউক কি বিষয়বিশেষে অর্থ ব্যয়ের নিয়মপত্র হউক কি নিরূপণপত্র কি হস্তান্তরকরণপত্র কি ত্যাগপত্রইবা হউক কিম্বা কোন ভূমি কি ঘরবাটী কি খাজানা কি সালিয়ানা প্রাপ্তি কি পৈতৃক কি স্বোপার্জ্জিত স্থাবর কি জঙ্গম অন্য কোন বস্তু বিক্রয়ের বিষয়ে কিম্বা কোন ভূমি কি ঘরবাটী কি খাজানা কি সালিয়ানা লাভ কি অন্য কোন বস্তুতে থাকা কোন স্বত্ব কি অধিকারিত্ব কি প্রাপ্য কিম্বা অন্য কোন প্রকার দাওয়ার বিষয় বিক্রয়ের বিষয়ে যে কোন প্রকার

 লেখাপড়া

লেখাপড়া হয় অর্থাৎ যে মুখ্য কি অদ্বিতীযপত্র কি নিদর্শনপত্র কি লেখাপড়ার দ্বারা বিক্রয়করা বস্তু ক্রয়কর্ত্তা কি ক্রয়কর্ত্তাদিগের কি তাহার কি তাহারদিগের অনুমতিক্রমে অন্য কোন জনের হস্তগত হয় কি অর্পণ করা যায় ঐ২ বিষয়ের পত্র তাহার মধ্যে লেখা ক্রয়ের মূল্য কি তদ্ভিন্ন অন্য বিষয়ের টাকা ৫০ পঞ্চাশের অধিক না হইলে যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। ... ....... ........ ৷৹

পঞ্চাশের অধিক হইলে।

| যাহার উপর | যেপর্য্যন্ত | মূল্য। |
|---|---|---|
| ৫০৲ | ১০০৲ | ১৲ |
| ১০০৲ | ২০০৲ | ২৲ |
| ২০০৲ | ৫০০৲ | ৪৲ |
| ৫০০৲ | ১০০০৲ | ৮৲ |
| ১০০০৲ | ২০০০৲ | ১২৲ |
| ২০০০৲ | ৩০০০৲ | ১৬৲ |
| ৩০০০৲ | ৫০০০৲ | ২০৲ |
| ৫০০০৲ | ৮০০০৲ | ৩২৲ |
| ৮০০০৲ | ১২০০০৲ | ৪০৲ |
| ১২০০০৲ | ২০০০০৲ | ৫০৲ |
| ২০০০০৲ | ৩০০০০৲ | ৬৪৲ |
| ৩০০০০৲ | ৫০০০০৲ | ৮০৲ |
| ৫০০০০৲ | ১০০০০০৲ | ১০০৲ |
| ১০০০০০৲ | ২০০০০০৲ | ১৫০৲ |
| ২০০০০০৲ দুই লক্ষের অধিক প্রত্যেক লক্ষের নিমিত্তে। | | একং শত। |

মন্তব্য—অনেক প্রতিজ্ঞাপত্রের কি নিদর্শনপত্রের কি লেখাপড়ার মধ্যে কোন্ পত্র মুখ্য ইহাতে সন্দেহ হইলে ঐ পত্রাদির কর্ত্তারা তাহার মধ্যে যে পত্র মুখ্য হয় তাহার স্থির করিতে এবং ঐ পত্রেতে লিখিত টাকার সংখ্যার দৃষ্টে উপযুক্ত মূল্যের ইষ্টাম্পযুক্ত কাগজে কি পার্চমেণ্টে কি বেলমে তাহার নকল করাইতে পারে কিন্তু এই হুকুম মানিতে হইবেক যে একহইতে অধিক পত্রাদি থাকিলে ঐ মুখ্য পত্রভিন্ন অন্য অন্য সকল পত্র আট আট টাকা মূল্যের ইষ্টাম্পকাগজআ দিতে লেখা যাইবেক এবং ঐ সকল পত্রেতে বস্তু হস্তান্তরহওনের মুখ্য পত্রের নিরূপণ এবং ঐ মুখ্য পত্র উপযুক্ত মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা গিয়া থাকনের কথা লেখা যাইবেক।



বর্জনীয়।

# ইঙ্গরেজী ১৮২৬ সাল ১২ দ্বাদশ আইন।

বর্জ্জনীয়।

যে সকল দানপত্র কি পাট্টা কি বিক্রয়পত্রাদিতে সরকার পরস্পর রাজ্যের নীতি বিষয়ক পদের কি স্বীয় রাজ্যশাসনকর্তৃত্ব পদের কর্ত্তাভাবে এক পক্ষ হন তাহা।

---

মন্তব্য—মালগুজারী কি খাজানার বাকী উসুল করিবার কিম্বা আদালতের ডিক্রীর লিখনমত কার্য্যকরণের নিমিত্তে যে ভূমি নীলামে বিক্রয় করা যায় তাহার বিক্রয় পত্রেতে ঐ বর্জ্জনের কথা সম্পর্ক রাখিবেক না ও এমত নীলাম হইলে তাহার খরীদারের খরীদের টাকার সহিত ইষ্টাম্পকাগজের মূল্য দিতে হইবেক এবং যে কার্য্যকারক সাহেব ঐ নীলাম করেন তাঁহার নিকটহইতে ঐ খরীদার সেই মূল্যের ইষ্টাম্পকাগজেতে লিখিত বিক্রয়পত্র পাইবেক।

সরকারের লওয়া কর্জ্জের খত কি সরকারের লিখিয়া দেওয়া অন্য প্রকার খত এবং বাঙ্কের অংশ হস্তান্তরকরণের পত্র।

নকল কোন প্রকার প্রমাণযুক্ত কিম্বা ঠিক নকলবোধক দস্তখৎযুক্ত কোন তমঃসুকের কি প্রতিজ্ঞাপত্রের কি একরারনামার কি চুক্তিপত্রের কি হস্তান্তরকরণপত্রের কিম্বা ইষ্টাম্পকাগজে লিখিতে হইবার আর কোন প্রতিজ্ঞাপত্রের কি নিদর্শনপত্রের যে কোন নকল প্রমাণস্বরূপে দাখিল করিবার নিমিত্তে প্রকৃতরূপে করা যায়।

---

ঐ একরারনামা কি চুক্তিপত্র কি তমঃসুক কি প্রতিজ্ঞাপত্র কি অন্য কোন নিদর্শনপত্রের যে নকল উভয়পক্ষের কোন পক্ষের হিতের নিমিত্তে করা যায় তাহার ইষ্টাম্পকাগজের মূল্য। ————

আসল পত্রের কাগজের মূল্যের তুল্য।

ঐ একরারনামা কি চুক্তিপত্র কি তমঃসুক কি প্রতিজ্ঞাপত্র কি অন্য কোন নিদর্শনপত্রের যে নকল উভয়পক্ষব্যতিরেকে অন্য জনের হিতের কি কার্য্যসাধনের নিমিত্তে করা যায় তাহার ইষ্টাম্পকাগজের মূল্য। .... .... .... .... ...... .... ৮৲

এবং পূর্ব্বোক্ত কোন একরারনামা কি চুক্তিপত্র কি তমঃসুক কি প্রতিজ্ঞাপত্র কি অন্য নিদর্শনপত্রের পৃষ্ঠের লেখা কি তাহার সঙ্গে গাঁথা কোন তফসীলের ফর্দ্দের কি রসীদের কি অন্য কোন লিখনের কোন প্রকার প্রমাণযুক্ত কি ঠিক নকলবোধক দস্তখৎযুক্ত কোন নকল লেখা যাইবার ইষ্টাম্পকাগজের মূল্য। ...... ...... .... ৮৲

মন্তব্য— কলিকাতার মধ্যস্থিত সরকারের কোন কাছারীহইতে কোন জনকে কোন রিকার্ডপত্র কি হিসাব কিম্বা বেওরাপত্র কি রিপোর্ট কি অন্য কোন লেখাপড়ার



নকল

নকল দস্তখৎযুক্ত দিতে হইলে তাহা যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার প্রত্যেক ফর্দ্দের মূল্য। ...... ...... ...... .... ......... ...... .... ৷৹

বর্জ্জনীয়।

আসল পত্রাদি যাহার স্থানে থাকে তাহার কিম্বা তাহার উকীলের কি সলিসিটরের নিজ কর্ম্মের নিমিত্তে করা নকল।

কোন আইনের দ্বারা সরকারী কার্য্যকারক সাহেবদিগকে যে কোন কাগজের নকল করিতে কি চাহিতে কি অন্যেরে দিতে হুকুম আছে সেই নকল ইষ্টাম্প কাগজে লিখিবার নিমিত্তে বিশেষরূপে হুকুম না থাকিলে তাহা।

সদর দেওয়ানী আদালতের রুবকারী ও ডিক্রীর যেং নকল ইঙ্গরেজী ১৮১৪ সালের ১ আইনের এবং তাহার পরে নির্দ্দিষ্ট হওয়া অন্য আইনের হুকুমানুসারে দিতে লইতে হয় তাহা।

ডীড অর্থাৎ প্রতিজ্ঞাপত্র এতাবতা এই তফসীলেতে বিশেষরূপে যেং প্রতিজ্ঞাপত্রের প্রসঙ্গ না হইয়া থাকে সে সকল প্রতিজ্ঞাপত্রের ইষ্টাম্পকাগজের মূল্য। .......... ৮৲

একুশ্চেঞ্জ অর্থাৎ এওজনামা এতাবতা অন্য কোন প্রকার বস্তুর পরিবর্ত্তে স্থাবর কোন বস্তু যে প্রতিজ্ঞাপত্রের দ্বারা হস্তান্তর কি ত্যাগ হয়।

যদি ঐ এওজ সমান করিবার নিমিত্তে কিছু টাকা না দেওয়া যায় কি দিবার নিয়ম না হয় তবে যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। .... .... .... .... .... ৮৲

যদি ঐ এওজ সমান করিবার নিমিত্তে কিছু টাকা দেওয়া যায় কি দিবার নিয়ম হয় তবে যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য।

তত টাকার বস্তু হস্তান্তরকরণপত্রের কাগজের মূল্যের তুল্য

এঙ্গেজমেণ্ট অর্থাৎ প্রতিজ্ঞাপত্র এতাবতা দেওয়া দাদনপ্রযুক্ত নীলগাছের কৃষিকার্য্যকরণের কি তাহা যোগাইবার কি দাখিলকরণের কিম্বা বাণিজ্যব্যাপারের অন্য কোন বস্তু জন্মাইবার কি বানাইবার কি যোগাইবার কি দাখিল করিবার অর্থে যে কবুলিয়ৎ লিখিয়া দেওয়া যায় তাহা।

পত্রের তারিখহইতে তিন মাসের অধিক মিয়াদে দাতব্য টাকা পরিশোধনার্থে



নার্থে

লিখিত তমঃসুক কি অন্য খতের ইষ্টাম্পকাগজের মূল্যানুক্রমে দাদনের টাকার সংখ্যানুসারে নিরূপিত মূল্যের কাগজে লেখা যাইবেক।

মীল অর্থাৎ পাট্টা এতাবতা কতক টাকা আগাম পাইয়া ইস্তমরারী পাট্টা কিম্বা এক জনের কি ততোধিক জনের পরমায়ুর সংখ্যাপর্য্যন্ত মিয়াদের কি অনিরূপিত অন্য কতক কাল মিয়াদের নিমিত্তে যে পাট্টা দেওয়া যায় যদি খাজানা দিতে না হয় তবে তাহার ইষ্টাম্পকাগজের মূল্য।

ঐ আগাম দেওয়া টাকার তুল্য মূল্যের বস্তু হস্তান্তর কি বিক্রয়করণের পত্রের কাগজের মূল্যের তুল্য।

আগাম কিছু টাকা পাওনব্যতিরেকে সনং খাজানা পাওনের কারণ ভূমি কি বাটীপ্রভৃতি কি অন্য স্থাবর বস্তুর যে পাট্টা লেখা যায় তাহার ইষ্টাম্পকাগজের মূল্য সালিয়ানা খাজানা ১২ বার টাকার উপর ২৪ টাকাপর্য্যন্ত হইলে। ...... .............. ||০

তাহার অধিক হইলে।

| যাহার উপর | যেপর্য্যন্ত | মূল্য। |
|---|---|---|
| ২৪৲ | ৫০৲ | ৸০ |
| ৫০৲ | ১০০৲ | ১৲ |
| ১০০৲ | ২৫০৲ | ২৲ |
| ২৫০৲ | ৫০০৲ | ৪৲ |
| ৫০০৲ | ১০০০৲ | ৮৲ |
| ১০০০৲ | ২০০০৲ | ১২৲ |
| ২০০০৲ | ৪০০০৲ | ১৬৲ |
| ৪০০০৲ | ৬০০০৲ | ২০৲ |
| ৬০০০৲ | ১০০০০৲ | ৩২৲ |
| ১০০০০৲ | ৫০০০০৲ | ৬৪৲ |
| ৫০০০০৲ পঞ্চাশ হাজার টাকার উপর যত হয়। | | ৮০৲ |

বৎসর বৎসরের খাজানার নিয়ম করিয়া কতক টাকা আগাম পাওনপ্রযুক্ত দেওয়া ভূমি কি বাটী কি অন্য কোন স্থাবর বস্তুর পাট্টা।

পূর্ব্বোক্ত দুই সংখ্যা একুন করিয়া যত হয় তত সংখ্যার নিমিত্তে নিরূপিত মূল্যের ইষ্টাম্পকাগজআদিতে লেখা যাইবেক।

আট টাকার অধিক মূল্যের কাগজআদিতে লিখিত পাট্টার প্রতিরূপ কবুলিয়ৎ।

চারি টাকা মূল্যের ইষ্টাম্পকাগজ কি বেলম কি পার্চমেণ্টে লেখা যাইবেক।

বর্জ্জনীয়।

বৰ্জ্জনীয়।

সালিয়ানা খাজানা ১২ বার টাকার অধিক না হয এমন ভূম্যাদির পাট্টা।

সরকারের কি বোর্ড রেবিনিউর সাহেবদিগের দেওয়া সকল পাট্টা।

ওকালৎনামা অর্থাৎ ওকালৎনামা কি তদ্রূপ মোখ্তারনামা কি তেজারতের কুঠীর কম্মকারিদিগের কর্ম্মের সনদ অর্থাৎ কোন মোকদ্দমা কি বিষয কি কাযাসম্পর্কীয বিশেষ কোন এক কম্ম কি ঐ পত্রেতে বিশেষিযা লিখিত করিতে হইবার অনেক কর্ম্ম করিবার ক্ষমতার্পণের পত্র যে ইষ্টাম্প্‌কাগজে লেখা যাইবেক তাহার মূল্য। ২৲

সামান্য ওকালৎনামাইত্যাদির নিমিত্তে কাগজআদির মূল্য। ...... .... .... ৪৲

বৰ্জ্জনীয়।

সদর দেওযানী আদালতের কি তাহার তাবে কোন আদালতের সিবিশতার উকীল দিগকে ঐ২ আদালতে উপস্থিতহওযা কোন মোকদ্দমার সওযাল জওযাব করি বার নিমিত্তে কিম্বা ইঙ্গরেজী ১৮১৪ সালের ১ আইনানুসারে ইষ্টাম্প্‌কাগজে লিখিতে হইবার মুৎফররকা কোন আরজী কি দরখাস্তইত্যাদি আদালতে দাখিল করিবার নিমিত্তে ক্ষমতাপণের ওকালৎনামা।

বোথক লাইসেন্স লেটর অর্থাৎ অভযপত্র এস্তাবতা খাতকদিগকে মহাজনদিগের দেওয়া অভযপত্র যে ইষ্টাম্প্‌কাগজে লেখা যাইবেক তাহার মূল্য। .... .... .... ..... ৮৲

মটগেজ অর্থাৎ বন্ধকপত্র এস্তাবতা পূর্ব্বের করা কর্জ্জের টাকা কি যে টাকা কর্জ করিতে হইবেক তাহা আদায় করিবার মাতবরীর নিমিত্তে দখলদেওনের সহিত কি তাহাব্য তিরেকে কোন ভূমি কি জমীদারী কি অন্য স্থাবর কিম্বা অস্থাবর বস্তুর বন্ধকপত্র কি সনিয়ম বিক্রয়পত্র। এবং পূর্ব্বের করা কর্জ্জের টাকা কি যে টাকা কর্জ করিতে হইবেক তাহা আদায় হইবার মাতবরীর নিমিত্তে কোন বস্তুর সত্ত্বজ্ঞাপক প্রতিজ্ঞাপত্রের সহিত দেওয়া বন্ধকইত্যাদি পত্রের ইষ্টাম্প্‌কাগজের মূল্য। ———— — -----

বন্ধক না দিয়া কর্জ্জলওয়া টাকার তমঃসুক লেখা যাইবার কাগজের নিরূপিত মূল্যের তুল্য।

বন্ধকপত্র অর্থাৎ কোম্পানির কাগজ হস্তান্তরকরণের কিম্বা নিরূপিত সময়পর্য্যন্ত নালিয়া

ন। টাকা দিবার কিম্বা মূল্যনিরূপণহওনযোগ্য কোন বস্তু উত্তর কালে কোন সময়ে অন্যের হস্তগত করণের মাতবরীর নিমিত্তে দেওয়া বন্ধকপত্রইত্যাদি। ———

ঐ বস্তুর পূর্ণ ও যথার্থ মূল্যানুসারে নিরূপিত ইষ্টাম্পকাগজআদিতে লেখা যাইবেক।

বন্ধকপত্র অর্থাৎ যাবজ্জীবনের ন্যায় অনিরূপিত সময়পর্য্যন্ত সালিয়ানা টাকা আদায় করিবার মাতবরীর নিমিত্তে যে বন্ধকপত্র দেওয়া যায় তাহার ইষ্টাম্পকাগজের মূল্য।

সন২ দিতে হইবার টাকার দশগুণ টাকার খতের নিরূপিত কাগজের মূল্যের তুল্য।

যে বন্ধকপত্রের দ্বারা যে টাকা আদায়হওনের মাতবরী হয় সেই টাকার সংখ্যার নিরূপণ না থাকিলে ঐ বন্ধকপত্র লেখা যাইবার ইষ্টাম্পকাগজের মূল্য। ...... . .. ১৫০৲

য বন্ধকপত্রের দ্বারা যে টাকা আদায় হইবার মাতবরী হয় সেই টাকা নিরূপিত কোন সংখ্যার অধিক না হইবার নিয়ম তাহাতে লেখা থাকিলে ঐ বন্ধকপত্র যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। — — — — — —

ঐ নিরূপিত টাকার নিদর্শনপত্র যে মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা যায় তাহার তুল্য

মন্তব্য— সমুদয় টাকা পাওয়া যাইবার নিমিত্তে পূর্ব্বে কোন তমঃসুক লওয়া গিয়া থাকিলে তাহার কিম্বা অন্য কোন কারণপ্রযুক্ত উপযুক্ত ইষ্টাম্পকাগজে লেখা অন্য পত্রের সহিত কেবল পুষ্টিপোষকের নিমিত্তে বন্ধকপত্র দেওয়া যাইতে হইলে ও ঐ কথা ঐ বন্ধকপত্রে লেখা গেলে ঐ বন্ধকপত্র লেখা যাওনের ইষ্টাম্পকাগজের মূল্য। ... .. ... .. .. ... ...

উভয় পক্ষের ইচ্ছামত বন্ধকপত্র পাকা করিবার নিমিত্তে একহইতে অধিক প্রতিজ্ঞাপত্রের আবশ্যক হইলে কেবল মুখ্য প্রতিজ্ঞাপত্র তাহার লিখিত টাকার সংখ্যার দৃষ্টে নিরূপিত মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা যাইবে এবং ঐ কার্য্যসম্বন্ধীয় অন্য২ প্রতিজ্ঞা পত্রের ইষ্টাম্পকাগজের মূল্য। .... .... .... .... .. .... .... ৮৲

রসীদ কি করারী তমঃসুক অর্থাৎ বাঙ্গাল বাঙ্কের নিমিত্তে তথাকার খাজাঞ্চী সাহেবকে কিম্বা অন্য কর্ম্মকারিকে কিম্বা ঐ বাঙ্কব্যতিরেকে অন্য কোন বাঙ্কের মালিককে কি কর্ম্মকর্ত্তাকে কোম্পানির কাগজ কি ধাতুদ্রব্য কি রূপাইত্যাদির বাসন কি জওয়াহর কি অন্য দ্রব্য বন্ধক রাখিয়া তারিখহইতে তিন মাসের মধ্যে পরিশোধ করিবার নিয়মে লওয়া কর্জ্জ কি আগাম লওয়া টাকার নিমিত্তে দেওয়া রসীদ কি করারী তমঃসুক করারী তমঃসুকের কাগজের মত মূল্যের কাগজে লেখা যাইবেক ও যদি ঐ টাকা তিন মাসের অধিক মিয়াদে পরিশোধকরণের নিয়ম হয় তবে বন্ধকপত্রের মত মূল্যের ইষ্টাম্পকাগজেতে লেখা যাইবেক।



পার্টিস্যন

পার্টিস্যন অর্থাৎ বিভাগপত্র এতাবতা সাধারণ বিষয়ের অধিকারি কি অংশিদিগের পরস্পর একবাক্যতাক্রমে স্থাবর কি অস্থাবর কোন বস্তুর ভাগ নিরূপণহওনের পত্রের ইষ্টাম্পকাগজের মূল্য। .... .... .... .... .... .... ৮৲

ভাগ সমান হইবার নিমিত্তে যদি কিছু টাকা দেওয়া যায় কি দিবার নিয়ম হয় তবে। —
ঐ টাকা দিবার বিষয়ে যে মুখ্য প্রতিজ্ঞাপত্র হয় তাহা তত্তুল্য টাকার বস্তু হস্তান্তরকরণ কি বিক্রয়পত্রের নিমিত্তে নিরূপিত মূল্যের কাগজে লেখা যাইবেক।

লাইফ ইনস্যুরান্স পলিসি অর্থাৎ বিমাপত্র এতাবতা বিমাপত্র কি অন্য যে কোন নামেতে খ্যাত অন্য যে কোন পত্রদ্বারা কোন জনের কি জনেরদের আয়ুর উপর বিমা কিম্বা কোন জন কি জনেরদের আয়ুত আর যে কোন বিষয়ের ঘটনা হইতে পারে তাহার উপর বিমা করা যায় তাহা বিমার নিরূপিত টাকা ৫০০০ পাঁচ হাজারের অধিক না হইলে যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। .... .... .... ৪৲

অধিক হইলে।

| যাহার উপর | যেপর্য্যন্ত | মূল্য। |
|---|---|---|
| ৫০০০৲ | ১০০০০৲ | ৮৲ |
| ১০০০০৲ | ২০০০০৲ | ১২৲ |
| ২০০০০৲ | ৫০০০০৲ | ২৬৲ |
| পঞ্চাশ হাজারের উপর যত হয়। | | ১০৲ |

বিমাপত্র অর্থাৎ কোন জাহাজ কি সুলুপ কি ভড় কি নৌকাইত্যাদির উপর কিম্বা কোন জাহাজ কি সুলুপ কি ভড় কি নৌকাইত্যাদিতে বোঝাইকরা মালের উপর কিম্বা ঐ জাহাজইত্যাদির ভাড়ার উপর কি তৎসম্পর্কীন অন্য কোন বিষয়ের কিম্বা ঐ জাহাজ ইত্যাদি কি তাহাতে বোঝাইহওয়া মাল স্থানান্তরে পঁহুছনসম্পর্কীয় কোন বিষয়ের উপর যে বিমাপত্র হয় সেই পত্র বিমার টাকার উপর শতকরা যাহা দেওয়া যায় তাহা দুই টাকার অধিক না হইলে ও বিমার সমুদয় টাকা ১০০০ এক হাজারের অধিক না হইলে যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। .... .. ।।০

এক হাজার টাকার অধিক হইলে যত অধিক হয় তাহার প্রতিহাজারেতে এবং হাজারের উপর হাজারের ন্যূন যত টাকা থাকে তাহার নিমিত্তেও। .... .... ।।০

বিমার নিমিত্তে শতকরা যাহা দিতে হয় তাহা দুই টাকার অধিক হইলে ও বিমার সমুদয় টাকা ১০০০ এক হাজারের অধিক না হইলে তাহার পত্রের ইষ্টাম্পকাগজের মূল্য। .... .... .... .... .... .... ১৲



এক

এক হাজারের অধিক হইলে যত অধিক হয় তাহার প্রতিহাজারেতে ও হাজারের উপর হাজারের ন্যূন যত থাকে তাহার নিমিত্তেও। .... ... .... ১৲

প্রমিসোরি নোট অর্থাৎ করারী তমঃসুক এতাবতা চাহিবামাত্র কি দেখাইবামাত্র কি তমঃসুকের তারিখের পর তিন মাসের অথবা দেখাইবার পর নব্বই দিনের অধিক না হয় এমত নিরূপিত মিয়াদের মধ্যে তাহা আননিয়াকে টাকা দিতে হইবার করারী তমঃসুক।

হুণ্ডীর কাগজের মত নিরূপিত মূল্য।

করারী তমঃসুক অর্থাৎ তারিখের পর তিন মাসের কি দেখাইবার পর নব্বই দিনের অধিক মিয়াদে টাকা দিতে হইবার করারী তমঃসুক।

তমঃসুকের কাগজের মত নিরূপিত মূল্য।

করারী তমঃসুক অর্থাৎ মোটের সংখ্যা নিরূপণ হওয়া টাকা কিস্তবন্দীমতে কি তারিখ বিশেষে বিশেষ সংখ্যায় আদায় করিবার করারে যে করারী তমঃসুক হয় তাহার ইষ্টাম্পকাগজের মূল্য।

ঐ মোট টাকার তমঃসুক যে মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা যায় সেই মূল্যের তুল্য।

রসীদ অর্থাৎ কোন বাঙ্কের কি কোন বাঙ্কের মালিকের কি মোখ্তারকারের নিকটে রাখা টাকার সকল রসীদ তাহাতে যদি ঐ রাখা টাকার সুদ দিবার করার থাকে তবে ঐ রসীদ করারী তমঃসুকের ন্যায় বোধ করা যাইবেক।

রসীদ অর্থাৎ কোন টাকাপাওনের যে রসীদ ও ফারখতী দেওয়া যায় তাহা ঐ টাকা ৩২ বত্রিশ টাকার অধিক না হইলে যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। ... ... ... ... ... ... ... ... . . ... .. ... ।০

অধিক হইলে।

| যাহার উপর। | যেপর্য্যন্ত। | মূল্য। |
|---|---|---|
| ৩২৲ | ১০০৲ | ৵০ |
| ১০০৲ | ২০০৲ | ।০ |
| ২০০৲ | ৫০০৲ | ॥০ |
| ৫০০৲ | ১০০০৲ | ৸০ |
| ১০০০৲ | ২০০০৲ | ১৲ |
| ২০০০৲ | ৩০০০৲ | ১॥০ |
| ৩০০০৲ | ৫০০০৲ | ২৲ |
| ৫০০০৲ | ৮০০০৲ | ২॥০ |
| ৮০০০৲ আট হাজারের অধিক যত হয়। ... | ... ... ... | ৪৲ |



পাওনা

পাওনা বেবাক টাকার রসীদের ইষ্টাম্প্রকাগজের মূল্য। ... ... ... ... ... ৪৲

এবং টাকা দিবার সময়ে দাতব্য সমুদয় টাকা কি তাহার কোন অংশ আদায়হওন কি পাওয়া যাওনের অন্য উপায় করা যাওন কি অন্য প্রকারে পরিশোধহওন বোধক কথাযুক্ত যে নিদর্শনপত্র কি স্মৃতিজনক পত্র কি অন্য লেখাপড়া দেওয়া যায় তাহা তাহার লিখিত টাকার রসীদস্বরূপ বোধ করা যাইবেক।

যদি ঐ নিদর্শনপত্র কি অন্য লেখাপড়াতে ঋণের টাকা কি হিসাবী টাকা কি আর কোন দেনার টাকার সংখ্যা লেখা না গিয়া ঐ দেনা কি হিসাবী টাকা পাওনের কি পাওনের উপায়ান্তরহওনের সামান্য অঙ্গীকার থাকে তবে ঐ নিদর্শনপত্র কি লেখাপড়া বেবাক টাকা পাওনের রসীদের ন্যায় বোধ করা যাইবেক ও তাহারি মত নিরূপিত মূল্যের ইষ্টাম্প্রকাগজে লেখা যাইবেক।

এবং যদি হুণ্ডী কি বরাৎ কি করারী তমঃসুকইত্যাদি টাকা দিতে হইবার করারী অন্য কোন খতপত্র দেওনদ্বারা দেনা শোধ করা যায় তবে সেই পত্রাদি এই তফসীলের লিখিত রসীদ শব্দের অন্তর্গত বোধ করা যাইবেক।

বর্জনীয়।

সরকারী কার্য্যের নিমিত্তে সরকারের কোন কার্য্যকারক সাহেবের দেওয়া কি লওয়া টাকার রসীদ।

কোম্পানির কোন কাগজ কি বাঙ্গাল বাঙ্কের কোন অংশক্রয়ের টাকা পাওনের রসীদ কি অঙ্গীকারপত্র।

কোন বাঙ্কে কি সওদাগরী কুঠীতে যে টাকা চাহিবামাত্রে পুনর্ব্বার পাইবার নিমিত্তে রাখা যায় তাহার সুদ দিবার নিয়ম না থাকিলে ঐ টাকা পাওনের রসীদ কি অঙ্গীকার পত্র।

যদি সুদ দিবার নিয়ম থাকে তবে ঐ রসীদ করারী তমঃসুকের নিমিত্তে নিরূপিত মূল্যের ইষ্টাম্প্রকাগজে লেখা যাইবেক।

উপযুক্ত ইষ্টাম্প্রকাগজে লেখা করারী তমঃসুক কি হুণ্ডী কি বরাৎ কি টাকা দিবার অন্য কোন অনুমতিপত্রের কোন স্থানে লিখিত রসীদ কি অঙ্গীকার।

কোন করারী তমঃসুক কি হুণ্ডী কি টাকা রক্ষাহওনার্থে অন্য কোন পত্র পাইবার অঙ্গীকারযুক্ত যেং পত্র ডাকে পাঠান যায় তাহা।



উপযুক্ত

## ইঙ্গরেজী ১৮২৬ সাল ১২ দ্বাদশ আইন।

উপযুক্ত ইষ্টাম্পকাগজে লেখা কোন তমঃসুক কি বন্ধকপত্র কি অন্য রক্ষাপত্র কি হস্তান্তরকরণের কোন পত্র কি অন্য প্রতিজ্ঞাপত্রের মধ্যে কি উপরে তাহার লিখিত টাকা কিম্বা কোন আসল কি সুদের টাকা কি সালিয়ানা টাকা পাইবার লিখিত রসীদ কি অঙ্গীকার।

সেটলমেণ্ট অর্থাৎ নিরূপণপত্র এতাবতা যে কোন প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্রেতে সংখ্যা নিরূপিত কোন টাকা কিম্বা কোম্পানির কাগজ কি স্থাবর কি অস্থাবর কোন বস্তু কোন প্রকারে অন্য কোন জন কি জনেরদের হিতের নিমিত্তে সেই জন কি জনেরদিগকে দেওয়া যাওনের কি দিতে হইবার নিরূপণ থাকে তাহা।

তাহাতে টাকার কি বস্তুর মূল্যের যে সংখ্যা লেখা থাকে তত টাকার তমঃসুক যত মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা যায় তত টাকার কাগজে লিখিতে হইবেক কিম্বা টাকার কি মূল্যের নিরূপণ না থাকিলে এক শত টাকা মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক।

দানপত্র কি কাবীননামা তাহা তৎক্ষণেই কি উত্তর কালে নিরূপিত কি অনিরূপিত কোন সময়ে সফল হইবার নিয়মযুক্ত হইলে নিরূপণপত্রের নিমিত্তে নিরূপিত মূল্যের ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক।

### বর্জ্জনীয়।

উইল অর্থাৎ ওসীয়ৎনামাইত্যাদি এবং পূর্ব্বের করা কোন নিরূপণপত্রের কি প্রতিজ্ঞাপত্রের কি ওসীয়ৎনামার অনুসারে তাহার লিখিত কার্য্যনির্ব্বাহক্ত জ্ঞাপক পত্র।

### সাধারণ বর্জ্জনীয়।

সকল প্রকার প্রতিজ্ঞাপত্র এবং নিদর্শনপত্র এবং লেখাপড়াতে সরকার কি কোন বোর্ড কি কমিসান কি আদালত কিম্বা সরকারী কার্য্যকারক কোন জন সরকারের কর্ম্মের নিমিত্তে এক পক্ষ হন তেজারতের সিরিশ্তাসম্পর্কীয় কোন প্রতিজ্ঞাপত্র নিদর্শনপত্র কি লেখাপড়াব্যতিরেকে ঐ প্রতিজ্ঞাপত্রাদি লেখা যাইবার ইষ্টাম্পকাগজের মূল্য লাগিবেক না।



সমাপ্তঃ।

A TRUE TRANSLATION,

W. CAREY,

*Bengalee Translator of Regulations.*

## ইঙ্গরেজী ১৮২৬ সালের আইনের খোলাসার মধ্যগত স্থূলং বিষয়।

দস্তুদেশ।
মাসুল।
দেওয়ানী জেলখানার কয়েদী লোক।
টাক্‌শাল।
এতদ্দেশীয় কার্য্যকারকেরা।
প্রবিন্স্যাল কোর্ট।
লবণ।
বিশেষ কমিস্যনরসাহেবেরা।
ইষ্টাম্পকাগজ।
জিলা।

### ঐ স্থূল বিষয়ান্তর্গত বিষয়সকল।


| | |
|---|---|
| খাতাবহী। | ইষ্টাম্পকাগজের বিষয়ান্তর্গত। |
| আগরা। | মাসুল ও জিলার বিষয়ান্তর্গত। |
| আলাহাবাদ। | ঐ। |
| সদসদ্বিষয়ের বার্ষিক বিবেচনা। | এতদ্দেশীয় কর্ম্মকারকেরদের বিষয়ান্তর্গত। |
| সালিসী। | বিশেষ কমিস্যনরসাহেবেরদের বিষয়ান্তর্গত। |
| আজীমগড়। | দস্তুদেশবিষয়ক বিষয়ান্তর্গত। |
| বালেশ্বর। | মাসুলের বিষয়ান্তর্গত। |
| বরেলি। | ঐ। |
| বারাণস। | মাসুল ও টাক্‌শাল ও জিলার বিষয়ান্তর্গত। |
| বোর্ড রেবিনিউ। | ইষ্টাম্পকাগজের বিষয়ান্তর্গত। |
| মাসুলের বোর্ড। | মাসুলের বিষয়ান্তর্গত। |
| কলিকাতা। | ইষ্টাম্পকাগজের বিষয়ান্তর্গত। |
| কানপুর। | মাসুল ও জিলার বিষয়ান্তর্গত। |
| মধ্যদেশীয় বোর্ড রেবিনিউ। | মাসুলের বিষয়ান্তর্গত। |
| সর্টিফিকট। | এতদ্দেশীয় কর্ম্মকারকের ও ইষ্টাম্পকাগজের বিষয়ান্তর্গত। |
| দেওয়ানী আদালত। | জিলার বিষয়ান্তর্গত। |
| শহরের আদালত। | এতদ্দেশীয় কর্ম্মকারকের বিষয়ান্তর্গত। |
| কালেক্টরসাহেবেরা। | দস্তুদেশের বিষয়ান্তর্গত। |

## ইঙ্গরেজী ১৮২৬ সালের আইনের খোলাসা।


| | |
|---|---|
| মাসুলের কালেক্টরসাহেব। | মাসুলের বিষয়ান্তর্গত। |
| ইষ্টাম্পকাগজের বিক্রয়জাত মাসুলের কালেক্টরসাহেব। | ইষ্টাম্পকাগজের বিষয়ান্তর্গত। |
| সদসদ্বিষয়ের বিবেচনার কমিটি। | এতদ্দেশীয় কর্ম্মকারকের বিষয়ান্তর্গত। |
| কটকের কমিস্যনরসাহেব। | মাসুলের বিষয়ান্তর্গত। |
| মুদ্রা। | ইষ্টাম্পকাগজের বিষয়ান্তর্গত। |
| ছুট। | ঐ। |
| কাগজের পৃষ্ঠে দস্তখৎকরণ। | ঐ। |
| কৃত্রিম ইষ্টাম্পকাগজ। | ইষ্টাম্পকাগজের বিষয়ান্তর্গত। |
| ফররোখাবাদ। | মাসুলের বিষয়ান্তর্গত। |
| ফতেপুর। | জিলার বিষয়ান্তর্গত। |
| গাজীপুর। | মাসুলের বিষয়ান্তগত। |
| গোরক্ষপুর। | দত্তদেশ ও লবণের বিষয়ান্তর্গত। |
| শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হুজুর কৌন্সেলে। | এতদ্দেশীয় কর্ম্মকারকেরদের ও জিলার বিষয়ান্তগত। |
| জজসাহেবেরা। | প্রবিন্স্যল কোর্টের বিষয়ান্তর্গত। |
| জমা। | দত্তদেশের বিষয়ান্তর্গত। |
| খাস। | ঐ। |
| পাট্টা। | ঐ। |
| অনুমতিপত্র। | ইষ্টাম্পকাগজের বিষয়ান্তর্গত। |
| তৎস্থলীয় কমিটি। | টাক্‌শালের বিষয়ান্তর্গত। |
| মাজিষ্ট্রেট্‌সাহেবেরা। | দেওয়ানী জেলখানার কয়েদী লোকের বিষয়ান্তগত। |
| মালগুজারেরা। | দত্তদেশের বিষয়ান্তর্গত। |
| মিরট। | মাসুলের বিষয়ান্তর্গত। |
| মহাল। | দত্তদেশের বিষয়ান্তর্গত। |
| মিরজাপুর। | মাসুলের বিষয়ান্তর্গত। |
| মফঃসলের বিশেষ কমিস্যন। | কমিস্যনরসাহেবেরদের বিষয়ান্তগত। |
| এতদ্দেশীয় পড়ুয়া। | এতদ্দেশীয় কর্ম্মকারকের বিষয়ান্তর্গত। |
| লোণা ছাই। | লবণের বিষয়ান্তর্গত। |
| দিব্য। | ইষ্টাম্পকাগজের বিষয়ান্তর্গত। |
| পাটনা। | মাসুলের বিষয়ান্তর্গত। |
| জরীমানা। | ইষ্টাম্পকাগজের বিষয়ান্তর্গত। |
| গোবর্দ্ধন পরগনা। | জিলার বিষয়ান্তর্গত। |
| পোলীসের থানা। | ঐ। |
| রাজধানীতে দেয় মাসুল। | এতদ্দেশীয় কর্ম্মকারকের বিষয়ান্তর্গত। |
| প্রবিন্স্যল কোর্ট। | প্রবিন্স্যল কোর্টের এতদ্দেশীয় কর্ম্মকারকের বিষয়ান্তর্গত |
| সুবে বেহার ও সুবে বাঙ্গালা ও সুবে উড়িষ্যা। | লবণের বিষয়ান্তর্গত। |
| সরকারী পাঠশালাইত্যাদি। | এতদ্দেশীয় কর্ম্মকারকের বিষয়ান্তর্গত। |

## ইঙ্গরেজী ১৮২৬ সালের আইনের খোলাসা।


দণ্ডকরণ। ........ দেওয়ানী জেলখানার কয়েদী লোকের বিষয়ান্তর্গত।
তফসীল। ........ ইষ্টাম্পকাগজের বিষয়ান্তর্গত।
জামিনীপত্র। ........ ঐ।
বন্দোবস্ত। ........ দন্তদেশের ও জিলার বিষয়ান্তর্গত।
বিশেষ হুকুম। ........ লবণের বিষয়ান্তর্গত।
ইষ্টাম্প আফীস। ........ ইষ্টাম্পকাগজের বিষয়ান্তর্গত।
ইষ্টাম্প আফীসের নিয়ম। ........ জিলার বিষয়ান্তর্গত।
সদর দেওয়ানী ও সদর নিজামৎ আদালত। ........ এতদ্দেশীয় কর্ম্মকারকের বিষয়ান্তর্গত।
সদর বিশেষ কমিসান। ........ বিশেষ কমিসানরসাহেবের বিষয়ান্তর্গত।
সরাসরী অনুসন্ধান। ........ দেওয়ানী জেলখানার কয়েদী লোকের বিষয়ান্তর্গত।
ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেব। ........ ইষ্টাম্পকাগজের বিষয়ান্তর্গত।
জামিনীপত্র। ........ ঐ।
কলিকাতা শহরে দেয় মাসুল। ........ মাসুলের বিষয়ান্তর্গত।
উকীল। ........ এতদ্দেশীয় কর্ম্মকারকের বিষয়ান্তর্গত।
ইষ্টাম্পকাগজের বিক্রয়দানইত্যাদিকারকেরা। ........ ইষ্টাম্পকাগজের বিষয়ান্তর্গত।
পশ্চিমদেশীয় বোর্ড রেবিনিউ। ........ মাসুলের বিষয়ান্তর্গত।
জমীদারেরা। ........ দন্তদেশের বিষয়ান্তর্গত।
জিলা আদালত। ........ এতদ্দেশীয় কর্ম্মকারকের বিষয়ান্তর্গত।

## ইঙ্গরেজী ১৮২৬ সালের আইনের খোলাসা।

### মতান্তরকরণ ও শুধরণ ও রদকরণ ও বৃদ্ধিকরণইত্যাদি।

| যং আইন মতান্তরইত্যাদি করা গেল। | | | | | যেং আইনের দ্বারা। | | |
|---|---|---|---|---|---|---|---|
| সন। | আইন। | ধারা। | প্রকরণ। | | আইন। | ধারা। | প্রকরণ। |
| ১৮০৪ | ৫ | ০ | ০ | শুধরণ। .... .... .... | ১১ | ২ | ০ |
| ১৮০৯ | ৮ | ০ | ০ | | | | |
| ১৮১০ | ৯ | ০ | ০ | কতকং শুধরণ। .... .... | ৯ | ২ | ০ |
| | ১০ | ০ | ০ | | | | |
| ১৮১২ | ২ | ১৫ | ০ | রদ। .... .... .... | ৭ | ২ | ০ |
| | ঐ | ১৮ | ০ | | | | |
| ১৮১৪ | ৫ | ২ | ২ | কতকং রদ। .... .... | ১ | ২ | ১ |
| ১৮১৬ | ৪ | ৩ | ০ | শুধরণ। .. .... .... | ৩ | ২ | ০ |
| ১৮১৯ | ১০ | ৫০ | ০ | অর্থস্পষ্টকরণ। .... .... | ১০ | ২ | ০ |
| | ১৮ | ০ | ০ | শুধরণ। .. .... .... | ১১ | ২ | ০ |
| ১৮২২ | ৩ | ০ | ০ | কতকং শুধরণ। .... .... | ৯ | ২ | ০ |
| ১৮২৪ | ৭ | ২০ | ০ | শুধরণ। .... .... .... | ৮ | ২ | ০ |
| | ঐ | ২১ | ০ | ঐ। .... .... .... | ঐ | ৩ | ০ |

 দণ্ডদেশের

| দত্তদেশের বিষয়। | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| দত্তদেশের হাল বন্দোবস্ত আর পাঁচ বৎসরপর্য্যন্ত বহাল থাকিবার কথা। .... .... .... .... .... .... | ২ | ২ | ১ |
| জমীদারেরা আর পাঁচ বৎসর মিয়াদপর্য্যন্ত আপনারদিগের কবুলিয়ৎ বহাল রাখিতে অসম্মত হইলে নিরূপিত সময়ে কালেক্টর সাহেবকে তাহার সমাচার দিবার ও তাহা না দিলে আগামি পাঁচ বৎসরের প্রতিবৎসর সাবেক জমার দায়ী হইবার কথা। .... | ঐ | ঐ | ২ |
| পূর্ব্বোক্ত হুকুম গোরক্ষপুর ও আজীমগড়ের এবং হাল বন্দোবস্তের মিয়াদের পর কোন বৎসরের নিমিত্তে বিশেষরূপে দেওয়া কবুলিয়তের সহিত সম্পর্ক না রাখিবার কথা। .. .... .... | ঐ | ঐ | ৩ |
| ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনানুসারে যে২ মহালের বন্দোবস্ত পুনর্দৃষ্টিপূর্ব্বক ধরা গিয়াছে কি তাহা করিবার উদ্যোগ হইতেছে সে সকল মহাল উপরের লিখিত হুকুমের বাহির রাখিতে কালেক্টরসাহেবকে ক্ষমতার্পণহওনের ও এমত হইলে কালেক্টর সাহেব মালগুজারদিগকে সমাচার দিবার কথা। .... .... | ঐ | ঐ | ৪ |
| যে জমীদার এবং অন্য লোকেরা অন্য পাঁচ বৎসর মিয়াদের নিমিত্তে আপনারদিগের কবুলিয়ৎ বহাল রাখে তাহারা পাট্টার মিয়াদ পূরিলে পর তাহার লিখিত শেষ বৎসরে যে জমার দায়ী ছিল সেই জমা ঐ পাঁচ বৎসরের প্রতিবৎসর দিবার কথা। .... | ঐ | ৩ | ০ |
| এক্ষণে যে২ জমীদারী ইজারা বিলিতে আছে তাহার ইজারার পাট্টার মিয়াদ পূর্ণ হইলে তাহার বন্দোবস্তের নিয়মের ও মহাল ইজারা বিলিতে থাকিলে যে নিয়মমত কার্য্য করা যাইবেক তাহার ও উপরের লিখিত হুকুম খাসতহসীলে থাকা জমীদারীর সহিত সম্পর্ক না রাখিবার ও আপনারদিগের ভূমির আবাদ কমকরণ প্রযুক্ত জমীদারেরা জমীদারীর কর্তৃত্বহইতে বহিষ্কৃত হইবার কথা। | ঐ | ৪ | ০ |
| মাসুলের বিষয়। | | | |
| ইহার পরেও পাটনার সরকারী ও শহরের মাসুলের কালেক্টর সাহেব কলিকাতার কষ্টম বোর্ডের তাবে থাকিবার কথা। .... | ৯ | ৩ | ০ |
| গাজীপুর ও বারাণস ও মিরজাপুর ও আলাহাবাদ ও কানপুর ও ফরুরোখাবাদ ও বরেলী ও মিরট ও আগরা ও বালেশ্বরের মাসুলের | | | |



কালেক্টর

## ইঙ্গরেজী ১৮২৬ সালের আইনের খোলাসা।

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| কালেক্টর ও ডেপুটী কালেক্টরসাহেবেরা কলিকাতা কষ্টম বোর্ডের তাবে থাকিবার কথা। .... .... .... .... | ৯ | ৪ | ০ |
| মধ্য দেশীয় ও পশ্চিম দেশীয় বোর্ড রেবিনিউর এবং কটকের কমিস্যনরসাহেবের যে ক্ষমতা বহাল থাকিবেক তাহার কথা। .. | ঐ | ৫ | ০ |
| দেওয়ানী জেলখানার কয়েদী লোকের বিষয়। | | | |
| সরাসরী বিচার করিবার ও শাস্তি দিবার ক্ষমতা মাজিষ্ট্রেট্সাহেবকে অর্পণ হইবার কথা। .... .... .... .... | ৩ | ৩ | ০ |
| অপরাধের বেওরার কথা। .... .... .... .... | ঐ | ৪ | ১।২ |
| শাস্তির পরিমাণ ও প্রকারের কথা। .... .... .... | ঐ | ৫ | ১।২ |
| বিচারের ও তাহার নিষ্পত্তি রোয়দাদের বহীতে লিখিবার ও তাহা দৃষ্টি করিবার নিয়মের কথা। .... .... .... | ঐ | ঐ | ৩ |
| বিশেষ হুকুমের কথা। .... .... .... .... | ঐ | ৬ | ০ |
| টাক্শালের বিষয়। | | | |
| বারাণসের টাক্শাল তৎস্থানস্থ কমিটির হুকুমের তাবে হইবার কথা। .... .... .... .... .... .... | ৭ | ২ | ০ |
| এতদ্দেশীয় কর্ম্মকারকেরদের বিষয়। | | | |
| সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের পণ্ডিত ও মৌলবীদিগের নিযুক্ত ও কর্ম্মচ্যুত হওনের প্রকারের কথা। .. .... .... | ১১ | ৩ | ০ |
| মফঃসল আপীল আদালত ও দায়েরসায়েরী আদালতের এবং জিলা ও শহরের আদালতের পণ্ডিত ও মৌলবী ইহার পরে শ্রীযুত নওয়াব গবরনর জেনরল বাহাদুরের কৌন্সেলহইতে নিযুক্ত হইবার কথা। .... .... .... .... .... .... | ঐ | ৪ | ১ |
| কোন আদালতের পণ্ডিত কি মৌলবী কর্ম্মচ্যুত হইলে কি মরিলে কি কর্ম্মত্যাগ করিলে যে কর্ত্তব্য তাহার কথা। .... .... | ঐ | ঐ | ২ |
| যোগ্যতার সর্টিফিকট না পাইলে পণ্ডিত কি মৌলবী কর্ম্মে নিযুক্ত না হইবার কথা। .... .... .... .... .... | ঐ | ৫ | ১ |
| পণ্ডিত কি মৌলবী কর্ম্মের প্রত্যাশাপন্ন লোকদিগের বৎসরং পরীক্ষা কমিটিতে হইবার কথা। .... .... .... | ঐ | ঐ | ২ |

## ইঙ্গরেজী ১৮২৬ সালের আইনের খোলাসা।


| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| যোগ্যতার সর্টিফিকট না পাওয়া লোকদিগের পরীক্ষাহওনের মতের কথা। .. .... .... .... .... .... | ১১ | ৫ | ৩ |
| কমিটিহইতে পরীক্ষার বেওরার সম্বাদপত্র পাঠান যাইবার এবং কর্ম্মযোগ্য প্রত্যাশাপন্ন লোকদিগকে সর্টিফিকট দিবার কথা। .... | ঐ | ঐ | ৪ |
| এই রাজধানীর অধীন কোন কালেজাদির ছাত্র যোগ্যতার সর্টিফিকট পাইলে দরখাস্ত করিয়া তাহার গ্রাহ্যহওনের দৃঢ় প্রতিবন্ধক থাকনব্যতিরেকে জিলা কি শহরের কোন আদালতের ওকালতী কর্ম্মের নিমিত্তে গ্রাহ্য হইবার ও বিশেষ হুকুমের কথা। .. .... | ঐ | ৬ | ০ |
| **প্রবিন্স্যাল কোর্টের বিষয়।** | | | |
| আবশ্যক বোধ হইলে মফঃসল আপীল ও দায়েরসায়েরী আদালতের জজের আধিক্যহওনের কথা। .... .... .... | ১ | ২ | ২ |
| **লবণের বিষয়।** | | | |
| ইঙ্গরেজী ১৮১৯ সালের ১০ আইনের ৫০ ধারার হুকুম জিলা গোরক্ষপুর ও বেহারের লাগাও অন্য জিলার সহিত সম্পর্ক রাখিবার কথা। .... .... .... .... .... .... | ১০ | ২ | ০ |
| লোণা ছাই ও লোণা অন্য বস্তু সূত্রে বাঙ্গালা ও বেহার ও উড়িষ্যাতে প্রস্তুতহওয়া ইঙ্গরেজী ১৮১৯ সালের ১০ আইনের ৩০ ধারার ব্যতিক্রম হইবার ও যেং স্থান লবণের কারখানার মধ্যে বোধ করা যাইবেক তাহার কথা। .... .... .... .... | ঐ | ৩ | ০ |
| কোনং কারণপ্রযুক্ত লবণ খুজরা বিক্রয়ের অনুমতি দিবার ও ঐং কারণ হইলে বিশেষ হুকুমের ও ঐ হুকুম প্রচার করিবার কথা। .. | ঐ | ৪ | ০ |
| **বিশেষ কমিস্যনরসাহেবেরদের বিষয়।** | | | |
| মফঃসলের বিশেষ কমিস্যনরসাহেবদিগের বৈঠক তাঁহারদিগের এক সাহেবের বৈঠকেতে সিদ্ধ হইবার কথা। .... .... | ৪ | ২ | ১ |
| মফঃসলের বিশেষ কমিস্যনরসাহেবদিগের একের কৃত হুকুম সকলের হুকুমের ন্যায় প্রবল হইবার কথা।. .... .... .... | ঐ | ঐ | ২ |
| মফঃসলের বিশেষ কমিস্যনরসাহেবেরা মোকদ্দমার বিচার ও সমাধার্থে সালিসদিগকে সমর্পণ করিতে পারিবার কথা। .... | ঐ | ৩ | ০ |

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| সদর কমিস্যনরের বৈঠক এক কমিস্যনরের বৈঠকেতে সিদ্ধ হইবার কথা। .... .... .... .... .... .... | ৪ | ৪ | ০ |
| ইষ্টাম্পের বিষয়। | | | |
| কলিকাতা শহরেতে ইষ্টাম্পকাগজ চালাইবার কথা। .... | ১২ | ২ | ০ |
| ইষ্টাম্পের মাসুলতহসীলের কার্য্য বোর্ড রেবিনিউ কি সরকারহইতে নিযুক্তহওয়া কমিস্যনরসাহেব কি সাহেবদিগের অধীন হইবার কথা। .... .... .... .... .... .... | ঐ | ৩ | ০ |
| ইষ্টাম্পের সুপরিন্টেণ্ডেণ্টসাহেবের অধীন ইষ্টাম্প আফিস করা যাইবার ও সুপরিন্টেণ্ডেণ্টসাহেবের কর্ত্তব্য কর্ম্মের কথা। .... | ঐ | ৪ | ০ |
| যে প্রকারে ও যেখানে ইষ্টাম্প ছাপা করা যাইবেক তাহার কথা। .. .... .... .... .... .... .... | ঐ | ৫ | ১ |
| বোর্ড রেবিনিউর সাহেবেরা ইষ্টাম্পের মুদ্রা প্রস্তুত করাইবার কথা। .... .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| বোর্ড রেবিনিউর সাহেবেরা সময়েং ইষ্টাম্পের মুদ্রা প্রকারান্তর করাইবার কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ৩ |
| কলিকাতার মধ্যে ইষ্টাম্পের মাসুলের কালেক্টর নিযুক্তকরণের প্রকারের ও ঐ কালেক্টরসাহেব বোর্ড রেবিনিউর সাহেবদিগের হুকুমের অধীন হইবার কথা। .... .... .... .... | ঐ | ৬ | ১ |
| ঐ কালেক্টরসাহেবের আফিস যেখানে করা যাইবেক তাহার কথা। .... .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| ইষ্টাম্পকাগজআদি বিক্রয়াদিকারকদিগের নিয়োজনের মতের কথা। .... .... .... .... .... .... | ঐ | ঐ | ৩ |
| বিক্রয়াদিকারকদিগের অনুমতিপত্র পাইবার কথা। .. .... | ঐ | ঐ | ৪ |
| অনুমতিপত্রপাওন বিনা কিম্বা বোর্ড রেবিনিউর সাহেবদিগের বিশেষ হুকুমপাওনব্যতিরেকে ইষ্টাম্পকাগজআদি বিক্রয় করিতে না পারিবার ও ঐ হুকুমের অন্যমতকরণের দণ্ডের ও ইষ্টাম্পকাগজআদি ক্রয়কারি ব্যক্তি তাহা হস্তান্তর করিতে পারিবার এবং যেং নিয়মে পারিবেক তাহার ও ইষ্টাম্পের ছাপা মূল্যের কমে বিক্রয় কি ক্রয়করণের দণ্ডের কথা। .... .... .... .... | ঐ | ঐ | ৫ |


 উত্তর কালের

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| উত্তরকালের কার্য্যের নিমিত্তে যে লোকেরদের ইষ্টাম্পকাগজআদির আবশ্যক হয় তাহারা তাহা পাইবার মতের কথা। .... | ১২ | ৭ | ১ |
| কালেক্টরের নিকটে মূল্য দাখিলহওনের রসীদ না পাইলে সুপরিণ্টেণ্ডেণ্টসাহেব ইষ্টাম্প ছাপা করিবার হুকুম না দিবার কথা। .. | ঐ | ঐ | ২ |
| উপরের প্রকরণের লিখিত হুকুমানুসারে কাগজআদিতে ইষ্টাম্প ছাপাইয়া দেওয়া যাইবার প্রকারের কথা। .. .... .... | ঐ | ঐ | ৩ |
| কালেক্টরসাহেবের যাহা হইলে ছুট দিতে হইবেক তাহার ও তাহার হারের ও তাহার খরচ লেখা যাইবার প্রকারের কথা। .. | ঐ | ঐ | ৪ |
| অনুমতিপ্রাপ্ত বিক্রয়করণিযারা যেং নিয়মে ইষ্টাম্পকাগজআদি ক্রয় করিতে পারে তাহার কথা। .. .... .... .... | ঐ | ঐ | ৫ |
| কালেক্টরের উপযুক্ত সর্টিফিকট পাওন কি অন্য বিশেষ হুকুম পাওনব্যতিরেকে কোন জনের উপস্থিতকরা কাগজে ইষ্টাম্প ছাপা করাইলে সুপরিণ্টেণ্ডেণ্টসাহেবের যে জরীমানা হইবেক তাহার ও পূরা মূল্য নাপাইয়া সর্টিফিকট দিলে কালেক্টরসাহেবের জরীমানা হইবার কথা। .... .... .... .... .... | ঐ | ৮ | ১ |
| হুকুমের অন্যথায় ইষ্টাম্প ছাপা করাইলে কি সর্টিফিকট দেওয়াইলে এতদ্দেশীয় আমলা কি অন্য লোকের যে জরীমানা হইবেক তাহার কথা। .. .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| বিক্রয়াদিকারকদিগের নিমিত্তে করা হুকুমের কথা। .. .... | ঐ | ৯ | ১ |
| বিক্রয়াদিকারকেরা আপনারদিগের কর্ত্তব্য কর্ম্ম উপযুক্তরূপে করিবার নিয়মে জামিনী দাখিল করিবার ও তাহারদিগের আচরণের নিয়মের কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| বোর্ডের সাহেবেরা অন্য কবুলিয়ৎও লইতে পারিবার কথা। .. | ঐ | ঐ | ৩ |
| অনুমতিপত্র এবং মামুলের তফসীলের নকল ইষ্টাম্পকাগজআদি বিক্রয়কারকের দোকানে লটকান যাইবার কথা। .... .... | ঐ | ঐ | ৪ |
| বিক্রয়করণিয়াদিগের হিসাব রাখিতে ও কালেক্টরের হুকুম হইলে তাহা উপস্থিত করিতে হইবার ও বিক্রয়করণিযারা আপনারদিগের ইষ্টাম্পকাগজআদি বিক্রয়করাতে পাওয়া টাকা বিনাকসুরে দাখিল করিবার ও হুকুম হইলে ইষ্টাম্পকাগজআদি ও তাহার হিসাব দৃষ্টি করাইবার কথা। .... .... .... .... | ঐ | ঐ | ৫ |
| উপরের লিখিত মত কর্ম্ম না করণের জরীমানার কথা। .... | ঐ | ঐ | ৬ |

## ইঙ্গরেজী ১৮২৫ সালের আইনের খোলাসা।


| | আইন। | ধারা। | প্রকরণ। |
| --- | --- | --- | --- |
| বিক্রয়াদিকরণিয়া মূল্য না পাইয়া ইষ্টাম্পকাগজআদি না দিবার কথা। .... .... .... .... .... .... | ১২ | ৯ | ৭ |
| পূর্ণ মূল্য না পাইয়া ইষ্টাম্পকাগজ দিলে যে জরীমানা হইবেক তাহার ও অনুপযুক্ত মূল্য দিয়া ক্রয় করিলে গ্রাহকের যে জরীমানা হইবেক তাহার কথা। .. .... .... .... .... | ঐ | ঐ | ৮ |
| বিক্রয়াদিকরণিয়ারা আপন২ বিক্রয়করা কাগজআদির পৃষ্ঠে বিক্রয়ের তারিখ লিখিবার কথা। .. .... .... .... | ঐ | ঐ | ৯ |
| তাহা না করিলে যে জরীমানা হইবেক তাহার কথা। .... | ঐ | ঐ | ১০ |
| তারিখ মিথ্যা লিখিলে যে জরীমানা হইবেক তাহার কথা। ... | ঐ | ঐ | ১১ |
| ইষ্টাম্পকাগজআদি দিতে অসম্মত হইলে কি বিলম্ব করিলে যে জরীমানা হইবেক তাহার কথা। .. .... .... .... | ঐ | ঐ | ১২ |
| কোন ক্রমের দ্বারা অতিরিক্ত মূল্যলওনের জরীমানার কথা। .... | ঐ | ঐ | ১৩ |
| কালেকটরসাহেব বিক্রয়াদিকারকদিগের স্থানে আমানৎ তলব করিতে পারিবার কথা। .. .... .... .... .... | ঐ | ঐ | ১৪ |
| বিক্রয়াদিকারকদিগের কর্ম্ম ত্যাগ করিলে কি কর্ম্মচ্যুত হইলে ইষ্টাম্পকাগজআদি ও হিসাব কালেকটরসাহেবের নিকটে দাখিল করিতে হইবার কথা। .. .... .... .... .... | ঐ | ঐ | ১৫ |
| বিক্রয়করণিযার মৃত্যু হইলে যাহা করিতে হইবেক তাহার কথা। | ঐ | ঐ | ১৬ |
| যাহা হইলে জামিনের স্থানে টাকা তলব হইবেক তাহার কথা। | ঐ | ঐ | ১৭ |
| বিক্রয়কারকেরা দিব্য কি সুকৃতিপত্রের দ্বারা আপনারদিগের হিসাব সত্য বোধ করাইবার কথা। .... .... .... | ঐ | ঐ | ১৮ |
| দুর্ঘটনাতে নষ্টহওয়া ইষ্টাম্পকাগজআদি পুনর্ব্বার দেওয়া যাওনের কথা। .. .... .... .... .... .... | ঐ | ১০ | ১ |
| ময়লাহওয়াতে কি অন্যরূপে নষ্টহওয়া ইষ্টাম্পকাগজআদিও পুনর্ব্বার পওয়া যাইবার কথা। .... .... .... .... | ঐ | ঐ | ২ |
| উপরের লিখিত হুকুম কেবল ১০ টাকা কি ততোধিক মূল্যের যে ইষ্টাম্পকাগজআদি নষ্ট হয় তাহার সহিত সম্পর্ক রাখিবার ও দরখাস্ত করিবার সময়নিরূপণের কথা। .... .... | ঐ | ঐ | ৩ |

| | আইন। | ধারা। | প্রকরণ। |
|---|---|---|---|
| উপযুক্ত ইষ্টাম্প ছাপা না হওয়া কাগজআদি কোন বিষয়ে ব্যবহার করিলে যে দণ্ড হইবেক তাহার কথা। .... .... | ১২ | ১১ | ১ |
| যাহারা ইষ্টাম্পযুতভিন্ন অন্য কাগজে লেখা প্রতিজ্ঞাপত্রাদি রাখে তাহারা তাহার উপর ইষ্টাম্প ছাপা করাইবার নিয়মের ও ত্রিশ দিনের মধ্যে হইলে যাহা হইবেক তাহার ও ত্রিশ দিনের মধ্যে না হইলে যাহা হইবেক তাহার কথা। .... .... .... | ঐ | ঐ | ২ |
| উপযুক্ত মূল্যের কম মূল্যের ইষ্টাম্পকাগজআদিতে ইষ্টাম্পকাগজে লিখিতে হইবার কোন লেখাপড়া করিলে যে জরীমানা দিতে হইবেক তাহার কথা। .. .... .... .... .... | ঐ | ঐ | ৩ |
| দৈবঘটনায় কি অনবধানতায় ভ্রান্তি হইলে তাহার বিষয়ের বিশেষ হুকুমের কথা। .... .... .... .... .... | ঐ | ঐ | ৪ |
| কৃত্রিম ইষ্টাম্প ছাপাহওয়া কাগজআদিতে কোন পত্র লেখা গেলে যাহা করা যাইবেক তাহার কথা। ... .... .... | ঐ | ঐ | ৫ |
| উপযুক্ত ইষ্টাম্প ছাপা না হওয়া কাগজআদিতে লেখা কোন পত্র দাখিল কি উপস্থিত কি রিকার্ড করণের কি করাইবার জরীমানার কথা। .. .... .... .... .... .... | ঐ | ১২ | ১ |
| উপযুক্তরূপে পৃষ্ঠে দস্তখৎ না থাকা কাগজ দাখিল করিলে কি বহীতে লেখাইলে যে জরীমানা হইবেক তাহার কথা। .. .... | ঐ | ঐ | ২ |
| কৃত্রিম ইষ্টাম্পযুক্তকাগজআদিতে লিখিত নিদর্শনপত্রাদি দাখিলাদি করণের জরীমানা ও পৃষ্ঠে দস্তখৎ ও তারিখ না থাকিলে ও কৃত্রিম ইষ্টাম্প ছাপাহওয়া কাগজের পৃষ্ঠে উপযুক্ত দস্তখৎ ও তারিখ লেখা থাকিলে যাহা হইবেক তাহার কথা। ... .... .... | ঐ | ঐ | ৩ |
| যে লোকেরা জানিতে পায় যে আপনারদিগের নিকটে কৃত্রিম ইষ্টাম্পকাগজে লেখা পত্রাদি আছে তাহারদিগের যাহা করিতে হইবেক তাহার কথা। .. .... .... .... .... | ঐ | ১৩ | ০ |
| অধিক মূল্যের ইষ্টাম্পকাগজআদিতে লেখা পত্রাদি গ্রাহ্যকরণে আপত্তি না হইবার কথা। .... .... .... .... | ঐ | ১৪ | ০ |
| বোর্ড রেবিনিউর সাহেবেরা ও ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্টসাহেব ও কালেক্টরসাহেব সাক্ষি তলব করিতে ও দিব্য করাইতে পারিবার কথা। .. .... ... .... .... .... | ঐ | ১৫ | ০ |



জিলার

## ইঙ্গরেজী ১৮২৬ সালের আইনের খোলাসা।


| জিলার বিষয়। | আইন। | ধারা। | প্রকরণ। |
| --- | --- | --- | --- |
| [illegible] পরগনা আগরা জিলার শামিল [illegible] ও নীচের লি[illegible] হুকুমব্যতিরেকে চলিত আইন তাহাতে [illegible]বার কথা। .... | ৫ | ২ | ০ |
| ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৫ জানুআরির পূর্ব্বে হওয়া হেতুর মোকদ্দমার বিচার তথাকার দেওয়ানী আদালতে করিতে নিষেধের কথা। .... .... .... .... .... | ঐ | ৩ | ০ |
| ইঙ্গরেজী ১৮২৬ সালের ২৫ জানুআরির পূর্ব্বে ফৌজদারী মোকদ্দমার বিচার তথাকার ফৌজদারী আদালতে [illegible] নিষেধের কথা। | ঐ | ৪ | ০ |
| ইষ্টাম্প সম্পর্কীয় আইন এক বৎসর অতীত না হইলে তথায় না চলিবার কথা। .... .... .... .... .... | ১ | ৫ | ০ |
| [illegible] বন্দোবস্ত করিবার মিয়াদ [illegible]গণের কর্ত্তৃত্ব শ্রীযুত হুজুর কৌন্সেলে আপনাতে রাখিবার কথা। .... .... .... | ঐ | ৬ | ০ |
| জিলা আলাহাবাদ ও কানপুরের যেং পোলীসের থানা ফতেপুর জিলা নামে খ্যাত হইয়া দেওয়ানী ও ফৌজদারীর ভিন্ন এক সরহদ্দ নির্দ্দিষ্ট হইবেক তাহার কথা। .... .... .... | ৬ | ২ | ১ |
| বিশেষ হুকুমের কথা। .... .... .... | ঐ | ঐ | ২ |
| জিলা ফতেপুর বারাণসের মফঃস্বল আপীল আদালতের তাবে হইবার কথা। .... .... .... .... | ঐ | ৩ | ০ |




সমাপ্ত।

A TRUE TRANSLATION,
W. CAREY,
*Bengalee Translator of Regulations.*